শুক্ল ইতি শুক্লবর্ণঃ শুক্লনামা চ। কৃষ্ণাজিনং কৃষ্ণসারচর্ম্ম উপবীতং যজ্ঞসূত্রং। অক্ষোঽকারাদি ক্ষকারান্ত বর্ণময়মালা তান্ দণ্ডং

দীপিকাদীপনং।

অত্যায়াসেন অতিশ্রমেণ রচিতাঃ সম্পাদিতা যা গৃহাপত্যসুহৃৎস্ত্রিয় স্তা হিত্বেতি যত্তদোর্গম্যত্বমেবান্যথা স্ত্রিয় ইতি প্রথমান্তমনন্বিতং স্যাৎ ॥ ১৭ ॥

তদেবমভক্তনিন্দয়া ভক্তিমার্গদার্ঢ্যপ্রকারেণ। তত্র ভক্তৌ। যস্য ভক্তিঃ কর্ত্তব্যা স ভগবান্ ইহ জগতি পূজ্যতে তৎকালবর্ণাকারাদি ভবদ্ভিরুচ্যতাং ॥ ১৮ ॥

তত্তৎকালীনযুগাবতারবর্ণপূজাদিজ্ঞানং সংগ্রহকর্ত্তু র্নস্যাৎ করভাজনস্ত করাবেব ভাজনং যস্যেতি তথা পাণিপাত্রোদরামত্রো মক্ষিকেব ন সংগ্রহীতুমেকস্তু করভাজনো ন সংগ্রহীতি তথা ভূতত্বাৎ স এবোবাচেতি জ্ঞেয়ং। ইতি চত্বারি যুগানি সন্তি এষু কৃতাদিষু ॥ ১৯ ॥

তদেব পৃষ্টমেব বর্ণাদিচতুষ্টয়ং বর্ণোনানাকারোঽধিকারীতি চতুষ্টয়ং কৃষ্ণাজিনং কৃষ্ণমৃগচর্ম্ম অক্ষঃ কমলাক্ষং দণ্ডশ্চ কমণ্ডলুশ্চ তং

সেই সকল বাসুদেব পরাঙ্মুখ ব্যক্তি অতিশয় আয়াস রচিত গৃহ, পুত্র, বন্ধু, স্ত্রী, পরিত্যাগ করিয়া ইচ্ছা না থাকিলেও অন্ধতমো মধ্যে প্রবিষ্ট হয় ॥ ১৭ ॥

পূর্ব্বোক্ত উদাহরণ সকলে ভক্তিই কর্ত্তব্য হওয়াতে ভগবদবতার ব্যতিরেকে উদ্ধারের উপায় নাই মনোমধ্যে এই চিন্তা করিয়া রাজা নিমি জিজ্ঞাসা করিলেন, হে ঋষিগণ! সেই ভগবান্ কোন্ কালে কিরূপ বর্ণে, কিরূপ আকারে অবতীর্ণ হয়েন এবং কি কি নামে ও কোন বিধি অনুসারে মনুষ্যেরা তাঁহাকে পূজা করেন, তাহা বলিতে আজ্ঞা হয় ॥ ১৮ ॥

করভাজন কহিলেন, হে রাজন্! সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি এই চারি যুগে কেশব নানা বর্ণ, নানা নাম ও নানা আকারে অবতীর্ণ হইয়া নানা বিধি দ্বারা উপাসিত হয়েন ॥ ১৯ ॥

সত্যযুগে শুক্লবর্ণ, চতুর্ব্বাহু, জটিল, বল্কল বসন, দণ্ড কমণ্ডলু ও কৃষ্ণসারমৃগের চর্ম্ম, যজ্ঞসূত্র,

মনুষ্যাস্তু তদা শান্তা নির্বৈরাঃ সুহৃদঃ সমাঃ। যজন্তি তপসা দেবং শমেন চ দমেন চ।
হংসঃ সুপর্ণো বৈকুণ্ঠো ধর্ম্মো যোগেশ্বরোঽমলঃ। ঈশ্বরঃ পুরুষোঽব্যক্তঃ পরমাত্মেতি গীয়তে॥২১
ত্রেতায়াং রক্তবর্ণোঽসৌ চতুর্ব্বাহুস্ত্রিমেখলঃ। হিরণ্যকেশস্ত্রয্যাত্মা স্রুক্ স্রুবাদ্যুপলক্ষণঃ॥২২॥
তং তদা মনুজা দেবং সর্ব্বদেবময়ং হরিং। যজন্তি বিদ্যয়া ত্রয্যা ধর্ম্মিষ্ঠা ব্রহ্মবাদিনঃ॥ ২৩॥
বিষ্ণুর্যজ্ঞঃ পৃশ্নিগর্ভঃ সর্ব্বদেব উরুক্রমঃ। বৃষাকপি র্জয়ন্তশ্চ উরুগায় ইতীর্য্যতে॥ ২৪॥

শ্রীধরস্বামী।

তপসা ধ্যানেন॥ ২১॥
ত্রিগুণা দীক্ষাঙ্গভূতা মেখলা যস্য সঃ। যজ্ঞমূর্ত্তিঃ। হিরণ্যকেশঃ পিশঙ্গকেশঃ॥ ২২॥
ত্রয্যা বিদ্যয়া বেদত্রয়োক্ত কর্ম্মভিঃ॥ ২৩॥
পৃশ্নিগর্ভ স্তস্যাঃ পুত্রঃ বৃষাকপিঃ স্মৃতঃ সন্ বর্ষতি কামান্ আকম্পয়তি ক্লেশান্ ইতি তথা জয়ত্যেব সর্ব্বদা জয়ন্তঃ॥ ২৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কমণ্ডলুঞ্চ বিভ্রদিতি ব্রহ্মচারিবেশো দর্শিতঃ॥ ২০॥
তপসা ধ্যানেনেতি তদা তদা তেন ধ্যানমেব বিধীয়তে॥
গীয়তে ইতি এতানি নামানি তদা গেয়ানি॥ ২১॥
রক্তবর্ণো রক্তনামা চ॥
ত্রিগুণা দীক্ষাঙ্গভূতমেখলা যস্য সঃ। ত্রয্যাত্মা যজ্ঞস্বরূপঃ ত্রয্যা বিদ্যয়েতি যজ্ঞস্তদা বিধীয়তে॥ ২২॥ ২৩॥
শ্যাম ইতি শ্যামবর্ণঃ শ্যামনামাচ॥ ২৪॥ ২৫॥

দীপিকাদীপনং।

সর্ব্বোঽপি দ্বন্দ্বো বিভাষয়ৈকবদ্ভবতীতি ন্যায়াদেকবদ্ভাবঃ অকালো হ্রস্বদীর্ঘ প্লুত ইতি বৎ দণ্ডেন সহিতং কমণ্ডলুমিতি বা দণ্ডকমণ্ডলূ ইতি পাঠঃ সুগমঃ॥ ২০॥
তদা কৃতযুগে শান্তা নিরুদ্ধান্তঃকরণাঃ তপ আদিনা ব্রহ্মচারিধর্ম্মেণ॥
নামানি আহ হংস ইতি॥ ২১॥
ত্রয়ী তৎ প্রতিপাদ্যো যজ্ঞ আত্মা মূর্ত্তি র্যস্য স তথাচ যজ্ঞমূর্ত্তিরিতি ব্যাখ্যাতং হোমসাধন স্রুক্ স্রুবাদি উপলক্ষণং। জ্ঞাপকং যস্যেতি যাজ্ঞিকবেশো দর্শিতঃ॥ ২২॥
অধিকারিণ আহ তমিতি। তং যজ্ঞমূর্ত্তিং। তদা ত্রেতায়াং॥ ২৩॥
নামানি আহ বিষ্ণুরিতি॥ ২৪॥

মালাধারী, ব্রহ্মচারিবেশে অবতীর্ণ হয়েন॥ ২০॥

তৎকালে মনুষ্য সকল শান্ত, নির্ব্বৈর, সুহৃদ্ ও সমদর্শী হইয়া তপস্যা ও শম দমাদি সাধন দ্বারা তাঁহার আরাধনা করিতেন। এবং হংস, সুপর্ণ, বৈকুণ্ঠ, ধর্ম্ম, যোগেশ্বর, অমল, ঈশ্বর, পুরুষ, অব্যক্ত ও পরমাত্মা তাঁহার এই সকল নামাবলী কীর্ত্তন করিতেন॥ ২১॥

ত্রেতাযুগে রক্তবর্ণ, চতুর্ব্বাহু, মেখলাত্রয়ধারী, পিঙ্গলকেশ, বেদময় শরীর ও স্রুক্ স্রুবাদি উপলক্ষিত যজ্ঞমূর্ত্তি রূপে অবতীর্ণ হয়েন॥ ২২॥

তখন ধর্ম্মিষ্ঠ ব্রহ্মবাদী মনুষ্যেরা সর্ব্বদেবময় সেই হরিকে ত্রয়ী বিদ্যা অর্থাৎ বেদত্রয়োক্ত কর্ম্ম দ্বারা পূজা করিতেন॥ ২৩॥

এবং বিষ্ণু, যজ্ঞ, পৃশ্নিগর্ভ, সর্ব্বদেব, উরুক্রম, বৃষাকপি, জয়ন্ত এবং উরুগায় ইত্যাদি নামে কীর্ত্তন করিতেন॥ ২৪॥

দ্বাপরে ভগবান্ শ্যামঃ পীতবাসা নিজায়ুধঃ। শ্রীবৎসাদিভিরঙ্কৈশ্চ লক্ষণৈরুপলক্ষিতঃ॥ ২৫॥
তং তদা পুরুষং মর্ত্যা মহারাজোপলক্ষণং। যজন্তি বেদতন্ত্রাভ্যাং পরং জিজ্ঞাসবো নৃপ॥ ২৬॥
নমস্তে বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় তুভ্যং ভগবতে নমঃ।
নারায়ণায় ঋষয়ে পুরুষায় মহাত্মনে। বিশ্বেশ্বরায় বিশ্বায় সর্ব্বভূতাত্মনে নমঃ।

শ্রীধরস্বামী।

শ্যামঃ অতসীকুসুমসঙ্কাশঃ। নিজানি চক্রাদীন্যায়ুধানি যস্য সঃ। শ্রীবৎসো নাম বক্ষসো দক্ষিণে ভাগে রোম্নাং প্রদক্ষিণাবর্ত্তঃ স আদির্যেষাং করচরণাদিগতপদ্মাদীনাং তৈরঙ্কৈরাঙ্গিকৈশ্চিহ্নৈর্লক্ষণৈর্বাহ্যৈঃ কৌস্তুভাদিভিঃ পতাকাদিভিশ্চ॥ ২৫॥
মহারাজোপলক্ষণং ছত্র চামরাদি যুক্তং বেদতন্ত্রাভ্যাং বৈদিকেনাগমিকেন চ মার্গেণ যজন্তি পূজয়ন্তি। পরমীশ্বরং জ্ঞাতুমিচ্ছবঃ॥২৬
নামান্যাহ নমস্ত ইতি॥ ২৭॥

ক্রমসন্দর্ভঃ।

দ্বাপরযুগাবতারং কথয়ন্ শ্রীকৃষ্ণাবির্ভাবময়-তদ্যুগবিশেষস্য চ বৈশিষ্ট্যাতিশয়মভিপ্রেত্য তমেব তত্ত্বং সর্ব্বময়মাহ দ্বাপর ইতি। সামান্যতস্তু দ্বাপরে শুকপত্রবর্ণত্বং কলৌ শ্যামত্বং বিষ্ণুধর্ম্মোত্তরে দর্শিতং। দ্বাপরে শুকপত্রাভঃ কলৌ শ্যামঃ প্রকীর্ত্তিত ইতীদৃশেন॥ ২৫॥
মহারাজোপলক্ষণমিতি শ্রীহরিবংশদর্শিত-রাজেন্দ্রাভিষেকাৎ। তাদৃশং পরং পুরুষং যজন্তীত্যন্বয়ঃ। যজনে হেতুঃ জিজ্ঞাসবঃ তমেবানুভবিতুমিচ্ছব ইতি॥ ২৬॥
চতুর্ব্যূহতা লিঙ্গেন শ্রীকৃষ্ণত্বমেব বিশেষতঃ স্পষ্টয়ন্নাহ নমস্ত ইতি॥
নানাবতারময়ত্বেনাপ্যাহ নারায়ণেতি। তত্র নারায়ণায় ঋষয় ইতি দিগ্দর্শনং কৃত্বা তত্তদনন্তাবতারাকর পুরুষাবতারময়ত্বেনাহ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহারাজোপলক্ষণং ছত্রচামরাদিযুক্তং। বেদতন্ত্রাভ্যাং বৈদিকেনাগমিকেনচ মার্গেণ পূজয়ন্তি॥ ২৬॥
নামান্যাহ নমস্ত ইতি॥ ২৭॥

দীপিকাদিপনং।

দ্বাপরযুগাহবতারং শ্রীকৃষ্ণাবির্ভাবময়ং তদ্যুগবিশেষস্য চ বৈশিষ্ট্যাতিশয়মভিপ্রেত্য তমেব তত্ত্বং সর্ব্বময়মাহ দ্বাপর ইতি অঙ্কৈরিত্যস্য ব্যাখ্যাঙ্গৈরিতি হস্তপাদবক্ষ আদি সমবেতৈরিত্যর্থঃ বাহ্যৈঃ শরীরসংযুক্তৈরিত্যর্থঃ কৃষ্ণাবতারবিরহিত দ্বাপরে তু শুকপত্রবর্ণত্বং কলৌ তু শ্যামত্বং বিষ্ণুধর্ম্মোত্তরে দর্শিতং দ্বাপরে শুকপত্রাভঃ কলৌ শ্যামঃ প্রকীর্ত্তিত ইতি॥ ২৫॥
তদা দ্বাপরে ছত্রচামরাদিযুক্তমিতি শ্রীকৃষ্ণস্যৈব বিশেষণং হরিবংশে রাজেন্দ্রাভিষেকাৎ। জ্ঞাতুমিচ্ছবোঽনুভবিতুমিচ্ছন্তঃ॥ ২৬॥
চতুর্ব্যূহতালিঙ্গন শ্রীকৃষ্ণত্বমেব স্পষ্টয়ন্নামান্যাহ নমস্ত ইতি॥
নানাবতারাবতারিত্বমপি তত্র লিঙ্গমিত্যাহ। নারায়ণায়েতি তত্র নারায়ণায়েতি দিগ্দর্শনং কৃত্বা নানাবতারনিধান পুরুষাবতার-

---

দ্বাপরযুগে ভগবান্ অতসী কুসুমবৎ শ্যামবর্ণ, পীতবাস, চক্রাদি আয়ুধধারী, শ্রীবৎস চিহ্নে চিহ্নিত এবং কৌস্তুভ ভূষিত হইয়া অবতীর্ণ হয়েন॥ ২৫॥

হে নৃপ! সে সময়ে ঈশ্বরতত্ত্বজ্ঞানেচ্ছু মনুষ্যেরা বেদ ও তন্ত্রোক্ত কর্ম্মদ্বারা ছত্র চামরযুক্ত মহারাজোপলক্ষিত পুরুষের উপাসনা করিতেন॥ ২৬॥

এবং বাসুদেবকে নমস্কার, সঙ্কর্ষণকে নমস্কার এবং ভগবান্ প্রদ্যুম্ন ও অনিরুদ্ধকে নমস্কার। নারায়ণ, ঋষি, মহাত্মা, পুরুষ, বিশ্বব্যাপী বিশ্বেশ্বর ও সর্ব্বভূতাত্মাকে নমস্কার। হে পৃথ্বীনাথ! এই বলিয়া

ইতি দ্বাপর উর্ব্বীশ স্তুবন্তি জগদীশ্বরং ॥ ২৭ ॥

নানা তন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ॥ ২৮ ॥

কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদং। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

নানাতন্ত্রবিধানেনেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শয়তি ॥ ২৮ ॥

কৃষ্ণতাং ব্যাবর্ত্তয়তি ত্বিষা কান্ত্যাঽকৃষ্ণং ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলং। যদ্বা। ত্বিষা কৃষ্ণং কৃষ্ণাবতারং অনেন কলৌ কৃষ্ণাবতারস্য প্রাধান্যং দর্শয়তি। অঙ্গানি হৃদয়াদীনি উপাঙ্গানি কৌস্তুভাদীনি অস্ত্রাণি সুদর্শনাদীনি পার্ষদাঃ সুনন্দাদয়স্তৎ সহিতং যজ্ঞৈরর্চ্চনৈঃ সঙ্কীর্ত্তনং নামোচ্চারণং স্তুতিশ্চ তৎ প্রধানৈঃ। সুমেধসো বিবেকিনঃ ॥ ২৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুরুষায় মহাত্মন ইতি। অতএব বিশ্বেষামীশ্বরায়। বিশ্বায় তত্তদ্রূপায় চেত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বভূতরূপায় সর্ব্বাত্মরূপায় চেতি ॥ ২৭ ॥

স্তুতিশ্চেয়ং তদাবির্ভাবাস্পদ দ্বাপরারম্ভত এব তজ্জ্ঞৈর্ঋষিভিঃ ক্রিয়ত ইতি সৈবানুদিতা ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণাবতারানন্তর কলিযুগাবতারং পূর্ব্ববদাহ কৃষ্ণেতি। ত্বিষা কান্ত্যা যোঽকৃষ্ণো গৌরস্তং সুমেধসো যজন্তি। গৌরত্বঞ্চাস্য আসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনূঃ। শুক্লোরক্তস্তথাপীত ইদানীং কৃষ্ণতাংগত ইত্যত্র পারিশেষ্য প্রমাণলব্ধং। ইদানীমেতদ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ইত্থং নৃতির্যগৃষিদেব ঝষাবতারৈর্লোকান্ বিভাবয়সি হংসি জগৎ প্রতীপান্। ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগানুবৃত্তশ্ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বমিতি প্রহ্লাদবচনাৎ কলিযুগীয়াবতারশ্ছন্নত্বেন সর্ব্বলোকদুর্ব্বোধোঽবগম্যতে। অতস্তৎ প্রমাপকবচনমপি সোপক্রমমর্থান্তরেণাচ্ছন্নতয়ৈবাহ নানেতি কলৌ তন্ত্রমার্গস্য প্রাধান্যং দর্শিতমিত্যাচ্ছাদকোঽর্থঃ তেনাচ্ছন্নোঽর্থো যথা নানা কলৌ অপিকারাদাসন্ বর্ণাস্ত্রয়োহ্যস্য গৃহ্ণতোঽনুযুগস্তনূরিতি গর্গোক্তি প্রাপ্তবৈবস্বতাষ্টাবিংশ চতুর্যুগীয় দ্বাপরোত্তর-কলাবপি তন্ত্রবিধানেন তন্ত্রাখ্যন্যায়বিধিনা শ্বেতোধাবতীতিবদেকপ্রযত্নোচ্চার্য্যেণ একদেশার্থদ্বয়বোধকেন শব্দেনেত্যর্থঃ। অতএব শৃণ্বিতি শৃণ্বন্তমপি রাজানং প্রতি পুনঃ প্রেরণং রহস্যত্বেন তন্ত্রেণোচ্যমানমর্থং বিশিষ্যাবধাপয়িতুং ॥ ২৮ ॥

কৃষ্ণেতি নানা কলিযুগপক্ষে কৃষ্ণবর্ণদেহং কৃষ্ণত্বং ব্যাবর্ত্তয়তি ত্বিষা কান্ত্যা অকৃষ্ণং ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলমিত্যর্থঃ। একতঃ কলিযুগপক্ষে কৃষ্ণবর্ণং কিন্তু ত্বিষা বহিস্ফুরন্ত্যা কান্ত্যা অকৃষ্ণঃ শুক্লরক্তশ্যামানামুক্তত্বাৎ পারিশেষ্যেণ পীতমপ্যকৃষ্ণং বহির্গৌরমিত্যর্থঃ। যদ্বা।

দীপিকাদীপনং।

ময়ত্বেনাগ পুরুষায় মহাত্মন ইতি অতএব বিশ্বেষামবতারাণামপীশ্বরায় বিশ্বায় তত্তদ্রূপায় চেত্যর্থঃ কিং বহুনা সর্ব্বভূতরূপায়। সর্ব্বাত্মরূপায় চেতি ॥ ২৭ ॥ ২৮ ॥

শুক্লোরক্তস্তথাপীত ইতি পূর্ব্বোক্তাভিপ্রায়েণ কৃষ্ণতাং ব্যাবর্ত্তয়তি ইন্দ্রনীলমণিবদুজ্জ্বলমিতি ইন্দ্রনীলমণেঃ ভাস্বররূপত্বাদস্যাবতারসূচনং তথাপি ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোথ স ত্বমিতি প্রহ্লাদবাক্যানুসারাদ্গোপনমেব যুক্তং অতিরহস্যত্বাদিত্যভিপ্রায়েণ যদ্বেতি ন কেবলং বর্ণতঃ কৃষ্ণং অপি তু কান্ত্যাপি কৃষ্ণবর্ণাবতারমিত্যর্থঃ অনেন শ্লোকেন কৃষ্ণাবতারস্য প্রাধান্যমিত্যুক্ত্যা দ্বাপরে ভগবান শ্যাম ইত্যত্র কৃষ্ণ শ্যামবর্ণঃ কশ্চন শ্রীকৃষ্ণাদন্য এবাবতার ইতি স্বাম্যভিপ্রায়ঃ গুপ্তত্বা তু তদিষ্টিরপি তত্র প্রথমং সূচিতৈব ব্যক্ত গৌরাবতার পক্ষস্তু সন্দর্ভাদৌ দৃশ্য ইতি ॥ ২৯ ॥

দ্বাপরযুগের লোকেরা জগদীশ্বরের স্তব করিতেন ॥ ২৭ ॥

কলিযুগে অবতীর্ণ হইয়া যে রূপে নানাতন্ত্র বিধানে পূজিত হয়েন বলি শ্রবণ কর ॥ ২৮ ॥

কৃষ্ণবর্ণ ও ইন্দ্রনীলমণি জ্যোতিঃ বিশিষ্ট এবং সাঙ্গ, উপাঙ্গ, অস্ত্র ও পার্ষদ সহিত অবতীর্ণ হয়েন। তখন বিবেকী মনুষ্যেরা সঙ্কীর্ত্তন রূপ যজ্ঞদ্বারা তাঁহার অর্চ্চনা করেন ॥ ২৯ ॥

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং তীর্থাস্পদং শিববিরিঞ্চিনুতং শরণ্যং ।
ভৃত্যার্ত্তিহং প্রণতপালভবাব্ধিপোতং বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী ।

স্তুতিমাহ ধ্যেয়মিতি । হে প্রণতপাল হে মহাপুরুষ তব চরণারবিন্দং বন্দে । কথম্ভূতং । ধ্যেয়ং ধ্যাতুং যোগ্যং । সদেতি সর্ব্বত্র সম্বধ্যতে । ধ্যেয়ত্বে হেতবঃ । ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারস্তং হন্তীতি তথা তৎ । কিঞ্চাভীষ্টদোহং মনোরথপূরকং । কিঞ্চ তীর্থাস্পদং গঙ্গাদ্যাশ্রয়ত্বেন পরমপাবনং শিববিরিঞ্চিভ্যাং নুতং স্তুতং মহত্তমং । ননু তৌ কৃতার্থাবেব কিমর্থং তাভ্যাং নুতং তত্রাহ । শরণ্যং আশ্রয়যোগ্যং সুখাত্মকমিত্যর্থঃ । তর্হি ব্রহ্মাদিস্তুত্যং কথং প্রাকৃতস্য গোচরঃ স্যান্ন ভৃত্যার্ত্তিহং যস্য কস্যাপি ভৃত্যমাত্রস্যার্ত্তিহন্তৃ ন কেবলমাগন্তুকার্ত্তিমাত্রং হন্তি কিন্তু ভবাব্ধিপোতং সংসারার্ণবতারকঞ্চ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ ।

বতারাস্পদত্বেনাভিধ্যাতে দ্বাপরে কৃষ্ণতাং গতঃ ইত্যুক্তে শুক্লরক্তয়োঃ সত্যত্রেতাগতত্বেন দর্শিতং । পীতস্যাতীতত্বং প্রাচীনাবতারাপেক্ষয়া অত্র শ্রীকৃষ্ণস্য পরিপূর্ণরূপেণ বক্ষ্যমাণত্বাদযুগাবতারত্বং তস্মিন্ সর্ব্বেঽপ্যবতারা অন্তর্ভূতা ইতি তত্তৎপ্রয়োজনং তস্মিন্নেকস্মিন্নেব সিদ্ধ্যতীত্যপেক্ষয়া । তদেবং যদ্ দ্বাপরে কৃষ্ণোঽবতরতি তদৈব কলৌ শ্রীগৌরোঽপ্যবতরতীতি স্বারস্যলব্ধেঃ শ্রীকৃষ্ণাবির্ভাববিশেষ এবায়ং গৌর ইত্যায়াতি । তদব্যভিচারাৎ । তদেতদাবির্ভাবত্বং তস্য স্বয়মেব বিশেষণদ্বারা ব্যনক্তি । কৃষ্ণবর্ণং কৃষ্ণেত্যেতৌ বর্ণৌ চ যত্র । যস্মিন্ শ্রীকৃষ্ণচৈতন্যদেবনাম্নি কৃষ্ণত্বাভিব্যঞ্জকং কৃষ্ণেতি বর্ণযুগলং প্রযুক্তমস্তীত্যর্থঃ । তৃতীয়ে শ্রীমদুদ্ধববাক্যে সমাহূতা ইত্যাদি পদ্যে শ্রিয়ঃ সবর্ণেনেত্যত্র টীকায়াং শ্রিয়ো রুক্মিণ্যাঃ সমানবর্ণদ্বয়ং বাচকং যস্য সঃ । শ্রিয়ঃ সবর্ণো রুক্মীত্যপি দৃশ্যতে । যদ্বা । কৃষ্ণং বর্ণয়তি তাদৃশস্বপরমানন্দবিলাসস্মরণোল্লাসবশতয়া স্বয়ং গায়তি পরমকারুণিকতয়াচ সর্ব্বেভ্যোঽপি লোকেভ্যস্তমেবোপদিশতি যস্তং । অথবা স্বয়মকৃষ্ণং গৌরং ত্বিষা স্বশোভা বিশেষেণৈব কৃষ্ণোপদেষ্টারঞ্চ । যদ্দর্শনেনৈব সর্ব্বেষাং কৃষ্ণঃ স্ফুরতী-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

কৃষ্ণাবতারলীলাদিবর্ণনাৎ কৃষ্ণবর্ণং সাঙ্গোপাঙ্গেত্যাদিকমুভয়পক্ষেঽপি স্পষ্টপ্রচ্ছন্নত্বাভ্যাং তুল্য এবার্থঃ । যজ্ঞৈঃ পরিচর্য্যামার্গৈঃ সঙ্কীর্ত্তনপ্রধানৈর্যে সুমেধসঃ । শুক্লোরক্তস্তথাপীত ইদানীং কৃষ্ণতাং গত ইতি ছন্নঃ কলাবিতি কলাবপি তথা শ্রুত্যাদীনাং তাৎপর্য্যার্থধারণাবতী যেষাং বুদ্ধিঃ শোভমানা ভবেত্ত এব নান্যে ইত্যর্থঃ ॥ ২৯ ॥

অয়মবতারঃ কলিযুগবর্ত্তিনো জনান্ প্রায়ঃ কৃষ্ণরামযোর্ভজনমার্গমুপদিশত্যতস্তয়োঃ স্তুতিনতী আহ দ্বাভ্যাং ধ্যাতুমর্হঃ সদেতি নাত্র কালদেশনিয়ম ইতি ভাবঃ । ইন্দ্রিয়কুটুম্বাদিভির্যঃ পরিভবস্তিরস্কারস্তং হন্তীত্যনুসংহিতং ফলং । অভীষ্টদোহমিত্যনুসংহিতং তীর্থাস্পদমিতি ধ্যানমাত্রেণ গঙ্গাদিসর্ব্বতীর্থস্নানসিদ্ধেঃ । কলৌ দ্রব্যদেশক্রিয়াদিজনিতং দুর্ব্বারমপাবিত্র্যমপি নাশঙ্কনীয়মিতি ভাবঃ । তত্র সদাচারমাহ শিববিরিঞ্চীতি । সুখসেব্যত্বমাহ শরণ্যমিতি । ভক্তবাৎসল্যমাহ ভৃত্যার্ত্তিহমিতি । নচ ভৃত্যানাং পরিচর্য্যাদিকমপ্যপেক্ষত ইত্যাহ হে প্রণতপালেতি । ভক্ত্যাভিমানবন্তং প্রণতিমাত্রেণৈব পালয়তীতি ভাবঃ । ভবাব্ধিপোতমিতি । তৎপাদপোতেন মহৎকৃতেন কুর্ব্বন্তি গোবৎসপদং ভবাব্ধিমিতি ব্রহ্মাদ্যুক্তের্ভবাব্ধিঃ কদা নিস্তীর্ণ ইত্যপি স্বভৃত্যো ন জানাতীতি ভাবঃ । শ্লেষেণ তস্যাঽপ্যবতারস্যাপ্যনেনৈব স্তুতিনতী যথা হে মহাপুরুষ হে পরমহংস মহামুনীন্দ্র শিববিরিঞ্চিনুতং আচার্য্যহরিদাসাভ্যাং স্তুতং । অন্যৎ সমানং ॥ ৩০ ॥

দীপিকাদীপনং ।

তাবপি শিববিরিঞ্চৌ অপি আশ্রয়যোগ্যমিতি কৃতার্থয়োরপি অত্যধিকসুখাবাপ্তিরেব তয়োঃ হেতুরিত্যভিপ্রেত্য সুখাত্মকমিত্যার্থিকোঽর্থঃ । তীর্থেন মূর্দ্ধ্নাধিকৃতেন শিবঃ শিবোঽভূদিত্যুক্তেঃ যথা কস্যাপীত্যনেন বর্ণাশ্রমাচারাদিনিয়মো ব্যাবৃত্তঃ । আগন্তুকার্ত্তিঃ জ্বরাদিপীড়া ॥ ৩০ ॥

এবং এইরূপে স্তব করেন, যথা—হে প্রণতপাল ! হে মহাপুরুষ ! ধ্যানযোগ্য, ইন্দ্রিয় কুটুম্বাদির তিরস্কার নাশক, অভীষ্টপূরক, গঙ্গাদি তীর্থের আশ্রয়, শিব ব্রহ্মা কর্ত্তৃক স্তুত, আশ্রয়যোগ্য সুখাত্মক, ভক্তজনের দুঃখনাশন এবং ভবসমুদ্রের তরণী স্বরূপ, আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ৩০ ॥

ত্যক্ত্বা সুদুস্ত্যজসুরেপ্সিতরাজ্যলক্ষ্মীং ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যং।
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দং ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ইদানীং স্বয়মাপ্তকামত্বাৎ নৈরপেক্ষ্যং। ভক্তার্থঞ্চ সাপেক্ষতাং দর্শয়ন্ শ্রীরামচন্দ্রং স্তৌতি ত্যক্ত্বেতি। অন্বয়ঃ সুদুস্ত্যজা যা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীঃ তাং ত্যক্ত্বা। যদিতি য ইত্যর্থঃ। যো হরণ্যমগাৎ কিং রাজ্যবৈকল্যদর্শনেন ন ধর্ম্মিষ্ঠঃ কুত আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা। কিঞ্চ এবং রাজ্যং ত্যক্ত্বাপি ভক্তবাৎসল্যেন দয়িতয়া সীতয়া ঈপ্সিতং মায়ামৃগং স্বর্ণাকারং যোঽন্বধাবৎ। তস্য ভগবতশ্চরণারবিন্দং বন্দে। যদ্বা। হে ধর্ম্মিষ্ঠেতি সম্বোধনং তথাপ্যবিবক্ষিতত্বাৎ আর্য্যপদেন সঙ্কীর্ণত্বাৎ। তথা যদগাদিতি চরণারবিন্দমেবোচ্যতে। যচ্চ মায়ামৃগমন্বধাবৎ। তত্তে পদারবিন্দং বন্দে ইত্যন্বয়ঃ। অন্যৎ সমানং। ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্যর্থঃ। কিম্বা সর্ব্বলোকদ্রষ্টারং কৃষ্ণং গৌরমপি ভক্তবিশেষদৃষ্টৌ ত্বিষা প্রকাশবিশেষেণ কৃষ্ণবর্ণং। তাদৃশশ্যামসুন্দরমেব সন্তমিত্যর্থঃ। তস্মাত্তস্মিন্ শ্রীকৃষ্ণরূপস্যৈব প্রকাশাৎ তস্যৈবাবির্ভাববিশেষঃ স ইতি ভাবঃ। তস্য ভগবত্ত্বমেব স্পষ্টয়তি সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদং। অঙ্গান্যেব পরমমনোহরত্বাদুপাঙ্গানি ভূষণাদীনি। মহাপ্রভাবত্বাত্তান্যেবাস্ত্রাণি। সর্ব্বদৈবৈকান্তবাসিত্বাত্তান্যেব পার্ষদাঃ। বহুভি র্মহানুভাবৈ রসকৃদেব তথা দৃষ্টোঽসাবিতি গৌড়বরেন্দ্রবঙ্গোৎকলাদিদেশীয়ানাং মহাপ্রসিদ্ধেঃ। যদ্বা। অত্যন্তপ্রেমাস্পদত্বাত্তত্তুল্যা এব পার্ষদাঃ। শ্রীমদদ্বৈতাচার্য্যমহানুভাবচরণপ্রভৃতয়স্তৈঃ সহ বর্ত্তমানান্তু চার্থান্তরেণ ব্যক্তং। তদেবম্ভূতং কৈর্যজন্তি। যজ্ঞৈঃ পূজাসম্ভারৈঃ। ন যত্র যজ্ঞেশমখা মহোৎসবা ইত্যুক্তেঃ। তত্র বিশেষেণ তমেবাভিধেয়ং ব্যনক্তি। সঙ্কীর্ত্তনং বহুভির্মিলিত্বা তদ্গানসুখং শ্রীকৃষ্ণগানং তৎপ্রধানৈঃ। তথা সঙ্কীর্ত্তনপ্রাধান্যস্য তদাশ্রিতেষ্বেব দর্শনাৎ স এবাত্রাভিধেয় ইতি স্পষ্টং। অতএব সহস্রনাম্নি তদবতারসূচকানি নামানি কথিতানি। সুবর্ণবর্ণো হেমাঙ্গো বরাঙ্গশ্চন্দনাঙ্গদী। সন্ন্যাসকৃচ্ছমঃ শান্ত ইত্যেতানি। দর্শিতঞ্চৈতৎ পরমবিদ্বচ্ছিরোমণিনা শ্রীসার্ব্বভৌমভট্টাচার্য্যেণ। কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ প্রাদুষ্কর্ত্তুং কৃষ্ণচৈতন্যনামা। আবির্ভূতস্তস্য পাদারবিন্দে গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গ ইতি ॥ ২৯ ॥ ৩০ ॥

তত্র সদাচারপালকত্বং কারুণ্যঞ্চ তব নাধুনিকমেবেত্যাহ। ত্যক্ত্বেতি ॥ ৩১ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্বয়ঃ সুদুস্ত্যজা যা সুরেপ্সিতা রাজ্যলক্ষ্মীস্তাং ত্যক্ত্বা যদিতি য ইত্যর্থঃ। অরণ্যমগাৎ। কিং রাজ্যবৈকল্যদর্শনেন ন ধর্ম্মিষ্ঠঃ। আর্য্যস্য গুরোর্দশরথস্য বচসা অনেন পিতৃভক্তত্বমুক্তং প্রেয়সীপ্রেমবশত্বঞ্চাহ দয়িতয়া সীতয়া ঈপ্সিতং মায়ামৃগং স্বর্ণাকারমৃগং যোঽন্বধাবৎ তস্য বন্দে। শ্লেষপক্ষে অয়ং ভাবঃ প্রপেদে। ভাঽপি দুস্ত্যজা চ। সুরৈরপি ঈপ্সিতং রাজ্যং স্বকান্তেন বিরাজমানত্বং যস্যাঃ সা চ যা লক্ষ্মীস্তাং ত্যক্ত্বা যৎ যঃ অরণ্যমগাৎ তব হেতুঃ। আর্য্যস্য বিপ্রস্য বচসা তব সর্ব্বদা গার্হস্থ্যসুখং ধ্বস্তং ভবত্বিতি যজ্ঞোপবীতত্রোটনপূর্ব্বকং যৎ শাপবচস্তেন। ধর্ম্মিষ্ঠঃ ধর্ম্মবতাং মধ্যে অতিশয়েন শ্রেষ্ঠঃ। বিপ্রবাক্যং মা অন্যথা ভবত্বিতি কৃতশাপ স্বীকার ইত্যর্থঃ। গত্বা কিমকরোদিত্যত আহ মাযাং কলত্রপুত্রবিত্তাদিরূপাং মৃগ্যাতি অন্বেষয়তীতি মায়ামৃগঃ সংসারাবিষ্টোজনস্তমন্বধাবৎ। কীদৃশঃ দয়া অতিশয়েনাস্ত্যস্যেতি দয়িতঃ তস্য ভাবো দয়িতা তয়া হেতুনা ঈপ্সিতং স্বাভীপ্সিতং আলিঙ্গনমিষেণ স্বস্পর্শং দত্ত্বা সংসারাব্ধৌ পতিতমপি তং প্রেমাব্ধৌ পাতয়ামীতি নিরুপাধি মহাকারুণ্যং দ্যোতিতং ॥ ৩১ ॥

দীপিকাদীপনং।

নৈরপেক্ষ্যং রাজ্যাপেক্ষারাহিত্যং তেন সদাচারপালকত্বং লক্ষ্যতে পিত্রাজ্ঞাপালনাৎ। ভক্তার্থং চ সাপেক্ষতামিতি কারুণ্যং লক্ষ্যতে রামচন্দ্রং স্তৌতীত্যুক্তেঽপি বস্তুতঃ কৃষ্ণাবতারপ্রসঙ্গাৎ তত্রৈব তাৎপর্য্যাবসানং সদাচারপালকত্বকারুণ্যে তব নাধুনিকে তবৈব শ্রীরামাখ্যাবতারে তথা দৃষ্টত্বাদিতি বচনভঙ্গ্যা তথা প্রতিপত্তেঃ রাজ্যবৈকল্যং স রাজ্যব্যভিচারঃ তং দৃষ্ট্বা কিমরণ্যমগাদিতি সমাধানং। পূর্ব্বার্থে নপুংসকযৎপদস্যাব্যয়ত্বমুপেত্য য ইতি পুংস্ত্বপরিণামগৌরবমতো যদ্বেতি ॥ ৩১ ॥

হে মহাপুরুষ! হে ধর্ম্মিষ্ঠ! আপনি দেববাঞ্ছিত দুস্ত্যজ রাজ্যলক্ষ্মী পরিত্যাগ করিয়া পিতার বাক্যানুসারে অরণ্যগমন করিয়াছিলেন এবং প্রিয়তমা সীতার অভিলষিত মায়ামৃগের পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইয়াছিলেন অতএব আপনার চরণারবিন্দ বন্দনা করি ॥ ৩১ ॥

এবং যুগানুরূপাভ্যাং ভগবান্ যুগবর্ত্তিভিঃ। মনুজৈরিজ্যতে রাজন্ শ্রেয়সামীশ্বরো হরিঃ॥ ৩২॥
কলিং সভাজয়ন্ত্যার্য্যা গুণজ্ঞাঃ সারভাগিনঃ। যত্র সঙ্কীর্ত্তনেনৈব সর্ব্বস্বার্থোঽপি লভ্যতে॥ ৩৩॥
নহ্যতঃ পরমো লাভো দেহিনাং ভ্রাম্যতামিহ। যতো বিন্দেত পরমাং শান্তিং নশ্যতি সংসৃতিঃ॥ ৩৪

শ্রীধরস্বামী।

যুগানুরূপাভ্যাং নামরূপাভ্যাং॥ ৩২॥

এতেষু চতুর্ষু যুগেষু কলিরেব শ্রেষ্ঠ ইত্যাহ কলিমিতি। গুণজ্ঞাঃ কলের্গুণং জানন্তি যে তে। ননু দোষাণাং বহুত্বাৎ কথং সভাজয়ন্তি তত্রাহ সারভাগিনঃ গুণাংশগ্রাহিণঃ। কোঽসৌ গুণস্তমাহ যত্রেতি। তদুক্তং। ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্। যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সংকীর্ত্য কেশবমিতি॥ ৩৩॥

তস্মাৎ কলৌ। অতঃ অস্মাৎ সঙ্কীর্ত্তনাৎ পরমোলাভো নাস্তি যতঃ সঙ্কীর্ত্তনাৎ॥ ৩৪॥

ক্রমসন্দর্ভঃ।

গুণজ্ঞাঃ কীর্ত্তনাখ্যোচ্চারণরূপং তদ্গুণং জানন্তঃ অতএব তদ্দোষাগ্রহণাৎ সারভাগিনঃ সারমাত্রগ্রাহিণঃ। কলিং সভাজয়ন্তি গুণমেব দর্শয়ন্তি। যত্র প্রচরিতেন সঙ্কীর্ত্তনেনৈব সাধনান্তরনিরপেক্ষেণ তেনেত্যর্থঃ। সর্ব্বধ্যানাদিভিঃ কৃতাদিষু সাধনসাহস্রৈঃ সাধ্যঃ॥ ৩৩॥

কীর্ত্তনস্যৈব মহিমানমাহ নহ্যত ইতি। অতঃ কীর্ত্তনাৎ যতো যস্মাৎ কীর্ত্তনাৎ পরমাং শান্তিং। শমো মন্নিষ্ঠতাবুদ্ধেরিত্যনুসারেণ ধ্যানাদিভিরপ্যসাধ্যাং সর্ব্বোৎকৃষ্টাং ভগবন্নিষ্ঠাং প্রাপ্নোতি অনুষঙ্গেন সংসারশ্চ নশ্যতি॥ ৩৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যুগানুরূপাভ্যাং রূপনামাভ্যাং। যদুক্তং ভগবতামৃতে। কথ্যতে বর্ণনামভ্যাং শুক্লঃ সত্যযুগে হরিঃ। রক্তঃ শ্যামঃ ক্রমাৎ কৃষ্ণস্ত্রেতায়াং দ্বাপরে কলাবিতি অত্র সত্যত্রেতাদ্বাপরেষু হংসসুপর্ণেতি বিষ্ণুর্যজ্ঞেত বাসুদেবসঙ্কর্ষণেত্যাদি কীর্ত্তনীয়া ভগবন্নামাবলী যথোক্তা তথা কলৌ সা বর্ত্তমানাপি নোক্তা রহস্যোদ্ঘাটনাভাবাপত্তেরিতি জ্ঞেয়ং॥ ৩২॥

চতুর্ষু সত্যাদিষু মধ্যে কঃ শ্রেষ্ঠ ইত্যপেক্ষায়াং কলিরেব ইত্যাহ কলিমিতি। গুণজ্ঞাঃ কীর্ত্তনপ্রচাররূপং তদ্গুণং জানন্তস্তদ্দোষাগ্রহণাৎ সারভাগিনঃ তথা সারভাগ এব গ্রাহ্যো বর্ত্ততে যেষাং তে। ননু কলেরপারদোষবত্ত্বাৎ কথং তে সারভাগমেব গৃহ্নন্তি সত্যং যথা অপারদোষবত্ত্বং তথা অপারগুণবত্ত্বমপীত্যাহ যত্রেতি সর্ব্বঃ সর্ব্বযুগপ্রাপ্যঃ। যদুক্তং। ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্। যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্য কেশবমিতি॥ ৩৩॥

সর্ব্বলাভসারমাহ। নহ্যত ইতি ইহ শ্রেয়ঃ প্রাপ্ত্যুপায়েষু ভ্রাম্যতাং শ্রমং প্রাপ্নুবতাং পরমাং শান্তিং ভক্তিং পরমামিতি বিশেষণোপন্যাসাৎ॥ ৩৪॥

দীপিকাদীপনং।

শ্রেয়সাং সর্ব্বপুরুষার্থানামীশ্বরো দাতা। হরিঃ প্রেম্না মনোহরশ্চ॥ ৩২॥

সঙ্কীর্ত্তনেনৈব সাধনান্তরনিরপেক্ষেণ তেনেত্যর্থঃ। সর্ব্বঃ কৃতাদিষু ধ্যানাদিসাধনসাহস্রৈঃ সাধ্যঃ॥ ৩৩॥

কীর্ত্তনমাহাত্ম্যমাহ নহ্যত ইতি। তস্মাৎ কীর্ত্তনস্য সর্ব্বার্থোপলম্ভকত্বাৎ কলেঃ প্রশংসা কলাবিত্যধ্যাহৃতং। পরমাং সর্ব্বোৎকৃষ্টাং শান্তিং ভগবন্নিষ্ঠাং প্রাপ্নোতি। শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিতি ভগবদ্বাক্যাৎ অনুষঙ্গেন সংসৃতিশ্চ নশ্যতি॥ ৩৪॥

হে রাজন্! এই প্রকার যুগের অনুরূপ নামরূপ দ্বারা যুগানুবর্ত্তী মনুষ্যেরা সর্ব্বকল্যাণের ঈশ্বর হরিকে পূজা করিয়া থাকেন॥ ৩২॥

সারগ্রাহী, গুণজ্ঞ ও শ্রেষ্ঠ লোকেরাই কলিকে আশ্রয় করিয়া থাকেন, কারণ যে কলিযুগে কেবল নাম সঙ্কীর্ত্তন মাত্রেই সমুদায় স্বার্থ লাভ হয়॥ ৩৩॥

সংসারে ভ্রমণকারি দেহিদিগের ইহা হইতে পরম লাভ আর কিছু নাই, যে হেতু এই যুগে সঙ্কীর্ত্তন মাত্রে পরম শান্তি লাভ হয় ও সংসার দুঃখ বিনষ্ট হয়॥ ৩৪॥

কৃতাদিষু প্রজা রাজন্ কলাবিচ্ছন্তি সম্ভবং। কলৌ কিল ভবিষ্যন্তি নারায়ণপরায়ণাঃ।
কচিৎ কচিন্মহারাজ দ্রবিড়েষু চ ভূরিশঃ। তাম্রপর্ণী নদী যত্র কৃতমালা পয়স্বিনী।

শ্রীধরস্বামী।

কিঞ্চ কৃতাদিষ্বিতি ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতএব ধ্যানাদিনিষ্ঠা অপি কৃতাদিপ্রজা এতাদৃশীং ভগবন্নিষ্ঠাং ন প্রাপ্তবত্যঃ মহাভাগবতা নিত্যং কলৌ কুর্ব্বন্তি কীর্ত্তনমিতি স্কান্দাদ্যনুসারেণ তাদৃশনিষ্ঠাকারণং কীর্ত্তনমাহাত্ম্যঞ্চ দীনৈককৃপাতিশয়শালিনা ভগবতা তদানীং তত্তৎসামর্থ্যাবসরে যস্মান্ন প্রকাশিতং তস্মাৎ। ধ্যানাদিনা সমর্থাস্তু জিহ্বৌষ্ঠস্পন্দনমাত্রস্য নাতিসাধনত্বং ভবেদিতি মত্বা তস্ম শ্রদ্ধিতবত্যশ্চ। ততঃ কলিপ্রজানাং পরমভগবন্নিষ্ঠতাং শ্রুত্বা তদর্থং কলাবেব কেবলং নিজজন্ম প্রার্থয়ন্ত ইত্যাহ কৃতাদিষ্বিতি সার্দ্ধকেন। তত্র হেতুঃ কলাবিতি। তদ্ভক্তীচ্ছায়ামপি তদ্ভক্তসঙ্গং বিনা ন সম্পদ্যেতেতি বিভাবোতি ভাবঃ। তৎপরায়ণত্বমত্র তদীয়প্রেমাতিশয়বত্ত্বং। এতদেব পরমাং শান্তিমিত্যনেন কার্য্যদ্বারা ব্যঞ্জিতং। মুক্তানামপি সিদ্ধানামিত্যাদেঃ। কচিৎ কচিৎ গৌড়াদৌ শ্রীকৃষ্ণচৈতন্যদেবাবতারেণ। দ্রবিড়েষুচ ভূরিশ ইতি শ্রীবৈষ্ণবাদ্যপেক্ষয়া। অত্র কলিসঙ্গেন কীর্ত্তনস্য গুণোৎকর্ষ ইতি ন বাচ্যং। ভক্তিমাত্রে কালদেশাদিনিয়মস্য নিষিদ্ধত্বাৎ। বিশেষতো নামোপলক্ষ্য চ বিষ্ণুধর্ম্মে ক্ষত্রবন্ধূপাখ্যানে। ন দেশনিয়মস্তত্র ন কালনিয়মস্তথা। নোচ্ছিষ্টাদৌ নিষেধশ্চ শ্রীহরের্নাম্নি লুব্ধকেতি। স্কান্দে পাদ্মবৈশাখমাহাত্ম্যে বিষ্ণুধর্ম্মে চ। চক্রায়ুধস্য নামানি সদা সর্ব্বত্র কীর্ত্তয়েৎ ইতি। স্কান্দ এব চ। ন দেশকালাবস্থাত্মশুদ্ধ্যাদিকমপেক্ষতে। কিন্তু স্বতন্ত্রমেবৈতন্নাম কামিতকামদমিতি। নচ কলাবন্যসাধনাসমর্থত্বাদেব তেনাল্পেনাপি মহৎ ফলং ভবতি নতু তস্য গরীয়স্ত্বেনেতি মন্তব্যং। যস্মিন্ন্যস্তমতি র্ন যাতি নরকং স্বর্গোঽপি যচ্চিন্তনে। বিঘ্নো যত্র নিবেশিতাত্মমনসাং ব্রাহ্মোঽপি লোকোঽল্পকঃ। মুক্তিং চেতসি যঃ স্থিতোঽমলধিয়াং পুংসাং দদাত্যব্যয়ঃ। কিং চিত্রং যদঘং প্রযাতি বিলয়ং তত্রাচ্যুতে কীর্ত্তিতে ইতি সমাধিপর্য্যন্তাদপি তৎস্মরণাৎ কৈমুত্যেন কীর্ত্তনস্যৈব গরীয়স্ত্বং শ্রীবিষ্ণুপুরাণে দর্শিতং। অতএবোক্তং। এতন্নির্ব্বিদ্যমানানামিত্যাদি। তথাচ। অঘচ্ছিৎ স্মরণং বিষ্ণো র্বহ্বায়াসেন সাধ্যতে। ওষ্ঠস্পন্দনমাত্রেণ কীর্ত্তনস্তু ততো বরমিতি বৈষ্ণবচিন্তামণৌ। যেন জন্মশতৈঃ পূর্ব্বং বাসুদেবঃ সমর্চ্চিতঃ। তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত। অন্যত্র। সর্ব্বাপরাধকৃদপীত্যাদি নামাপরাধভঞ্জনস্তোত্রে চ। তস্মাৎ সর্ব্বত্রৈব যুগে শ্রীমৎকীর্ত্তনস্য সমানমেব সামর্থ্যং। কলৌতু শ্রীভগবতা কৃপয়া তদ্গ্রাহ্যত ইত্যপেক্ষয়ৈব তত্র তৎপ্রশংসেতি স্থিতিঃ। অতএব যদ্যন্যাপি ভক্তিঃ কর্ত্তব্যা তদা তৎসংযোগেনৈবেত্যুক্তং। যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈ-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সাধুসঙ্গজনিতা কেবলা ভক্তিঃ কলাবেব প্রায়েণ লভ্যত ইত্যাহ কৃতাদিষ্বিতি। যত্র বহবো নারায়ণপরায়ণাস্তদ্ভক্তিমাত্রার্থিনস্ত ত্রাবশ্যং তেষাং সঙ্গতো ভক্তিস্ততঃ প্রেমভক্তিশ্চ সম্ভবেদিত্যাকাঙ্ক্ষয়েতি ভাবঃ। চকারাদ্গৌড়োড্রয়োঃ ॥ ৩৫ ॥ ৩৬ ॥

দীপিকাদীপনং।

কিঞ্চ অন্যদপি কলের্ব্বৈশিষ্ট্যমুচ্যত ইত্যর্থঃ কৃতাদিষ্বিতি সার্দ্ধকং। নারায়ণপরায়ণাস্তদীয়প্রেমাতিশয়বন্তঃ কচিৎ কচিদ্গৌড়াদাবিতি শ্রীকৃষ্ণচৈতন্যাবতারাভিপ্রায়েণ। দ্রবিড়েষু চ ভূরিশ ইতি শ্রীবৈষ্ণবাদ্যপেক্ষয়া। অত্র যদ্যপি। ন দেশনিয়মস্তত্র ন কালনিয়মস্তথা। নোচ্ছিষ্টাদৌ নিষেধশ্চ শ্রীহরের্নাম্নি লুব্ধকেতি স্কান্দাদ্যুক্তেঃ। কলের্ন নামসঙ্কীর্ত্তনগুণোৎকর্ষপ্রয়োজকত্বং কিন্তু সর্ব্বযুগেষু সঙ্কীর্ত্তনস্য সমানমেব সামর্থ্যং তথাপি কৃতাদিষু সামর্থ্যাদিসম্ভবাত্তৎসংযোগেনান্যান্যপি সাধনানি তত্রহস্যত্বরক্ষণায় ঋষিভিঃ স্পর্দ্ধ্যন্তে অত্র স্বনায়ত্ত্যা স্বতন্ত্রমেব তদতি প্রশস্যতে নারদাদৌ। হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথেত্যাদিভিরিতি সর্ব্বমনবদ্যং ॥

যত্র দ্রবিড়েষু ॥ ৩৫ ॥

হে রাজন্! সত্য প্রভৃতি যুগে উৎপন্ন প্রজারা কলিযুগে জন্মগ্রহণ করিবার নিমিত্ত বাঞ্ছা করেন। কলিতে উৎপন্ন লোক সকল কোন কোন স্থানে অবশ্যই নারায়ণপর হইবেন, কিন্তু মহারাজ! দ্রবিড়-দেশে ভূরি ভূরি নারায়ণপর লোক জন্মগ্রহণ করিবেন। যে দ্রবিড়ে তাম্রপর্ণী, কৃতমালা, পয়স্বিনী,

কাবেরীচ মহাপুণ্যা প্রতীচী চ মহানদী॥ ৩৫॥
যে পিবন্তি জলং তাসাং মনুজা মনুজেশ্বর। প্রায়ো ভক্তা ভগবতি বাসুদেবেঽমলাশয়াঃ॥ ৩৬॥
দেবর্ষিভূতাপ্তনৃণাং পিতৃণাং ন কিঙ্করো নায়মৃণী চ রাজন্।

শ্রীধরস্বামী।

অমলাশয়াঃ সন্তঃ প্রায়শো ভগবতি ভক্তা ভবন্তি॥ ৩৬॥

ভক্তস্ত বিধিনিষেধনিবৃত্তেঃ কৃতকৃত্যতামাহ দেবর্ষীতি। আপ্তাঃ পোষ্যাঃ কুটুম্বিনঃ ইতরে দেবাদয়ঃ পঞ্চযজ্ঞদেবতা এতেষাং যথাঽভক্তঋণী অতএব তেষাং কিঙ্করঃ তদর্থং নিত্যং পঞ্চযজ্ঞাদিকর্ত্তা। তথা চ স্মৃতিঃ। হীনজাতিং পরিক্ষীণমৃণার্থং কর্ম্ম কারয়েদিতি।

ক্রমসন্দর্ভঃ।

রিতি। অত্র চ স্বতন্ত্রমেব নামকীর্ত্তনমত্যন্তপ্রশস্তং। হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলং। কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথেত্যাদৌ। তস্মাৎ সাধূক্তং কলিং সভাজয়ন্ত্যার্য্যা ইত্যাদি ত্রয়ং॥ ৩৫॥

প্রায় ইতি তেষু ভক্তেষপরাধিনো বিনেত্যর্থঃ॥ ৩৬॥

তেষাং ন কিঙ্করঃ কিন্তু ভগবত এবেত্যনধিকারিত্বং কর্ত্তুং ভেদমিত্যর্থে ততো দেবতাদীনাং স্বাতন্ত্র্যমিতি যাবৎ। এবমেবোক্তং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তস্য নিত্য-নৈমিত্তিক-শ্রাদ্ধ-তর্পণাদি-কর্ম্ম-যন্ত্রণারাহিত্যমাহ দেবর্ষীতি। দেবাদয়ঃ পঞ্চযজ্ঞদেবতা আপ্তাঃ নরপোষ্যা পিতৃমাতৃভার্য্যাদয়ঃ এতেষাং কর্ম্মী যথা ঋণী অতএব তেষাং কিঙ্করশ্চ তদর্থং নিত্যং পঞ্চযজ্ঞকর্ত্তা। তথাচ স্মৃতিঃ। হীনজাতিং পরিক্ষীণমৃণার্থং কর্ম্ম কারয়েদিতি। অয়ন্তু ন তথা কোঽসৌ যঃ সর্ব্বভাবেন মুকুন্দং শরণং গতঃ। যদ্বা। পৃথ্বীপতিনা স্বকিঙ্করত্বেন গৃহীতস্য জনস্য

দীপিকাদীপনং।

প্রায়শ ইতি ভক্তেষপরাধিনো বিনেত্যর্থঃ॥ ৩৬॥

ইতরে পোষ্যব্যতিরিক্তাঃ। পঞ্চযজ্ঞাশ্চ। পাঠো হোমশ্চাতিথীনাং সপর্য্যা তর্পণং বলিঃ। এতে পঞ্চ মহাযজ্ঞা দেবযজ্ঞাদিসংজ্ঞকা ইত্যুক্তাঃ। অতএব ঋণিত্বাদেব তেষাং দেবাদীনাং। তদর্থং ঋণাপকরণার্থং। তথাচ কর্ম্মানুষ্ঠানে ঋণক্ষয়ে প্রমাণং স্মৃতিঃ। হীনজাতিঃ হীনা উত্তমর্ণেঃ সকাশান্নিকৃষ্টা জাতির্যস্য তং পরিক্ষীণং দাতুমসমর্থং ঋণার্থং ঋণনিবৃত্ত্যর্থং কর্ম্মৈব কারয়েদিতি মশকার্থো ধূম ইতিবদর্থশব্দোঽত্র নিবৃত্তিপরঃ। অয়ং বক্ষ্যমাণস্তু ন তথা ন ঋণীকর্ত্তশব্দস্য কৃত্যবাচকত্বমপ্রযুক্তমতো যদ্বেতি ভেদং মুকুন্দাদ্দেবতাদীনাং স্বাতন্ত্র্যং পরিহৃত্য ত্যক্ত্বা। ইত্থমুক্তং গারুড়ে। অয়ং দেবো মুনির্বন্দ্য এষ ব্রহ্মা বৃহস্পতিঃ। ইত্যাথ্যা জায়তে তাবদ্যাবন্নার্চ্চয়তে হরিমিতি অতএব বাসুদেবঃ সর্ব্বমিতি বুদ্ধ্যেত্যর্থ ইত্যুক্তং তথৈবোক্তং শ্রীমদর্জ্জুনেন সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্ব ইতি। তথাচ সর্ব্বস্য তদ্ব্যাপ্যত্বাত্তদা যত্তদ্বৃত্তিকত্বাত্তদভেদানির্দ্দেশঃ। যথা প্রাণায়ত্তবৃত্তিকত্বেনেন্দ্রিয়াণামপি প্রাণত্বনির্দ্দেশঃ। তথাচ ছান্দোগ্যে পঠ্যতে। ন বৈ বাচো ন চক্ষূংষি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে প্রাণো হ্যেবৈতানি সর্ব্বাণি ভবন্তীতি। যত্তু কৈশ্চিদ্বাধিতসামানাধিকরণ্যং স্বীকৃত্য তচ্ছরণং গত ইতি ভক্তিপ্রকরণানুপযোগিত্বাৎ ক্ষোদাসহত্বাচ্চ ত্যক্তং বিশ্বস্য মিথ্যাত্বে হি তৎ সঙ্গচ্ছতে তদেব তু ন সম্ভবতি। তদেতদক্ষরং নিত্যং জগন্মুনিবরাখিলং। ব্রহ্ম সত্যং তপঃ সত্যং সত্যং চৈব প্রজাপতিঃ। সত্যাদ্ভূতানি জাতানি সত্যং ভূতময়ং জগদিতি তৎ সত্য-

কাবেরী এবং মহাপুণ্যা প্রতীচী নদী বিদ্যমান রহিয়াছে॥ ৩৫॥

হে মনুজেশ্বর! যাঁহারা সেই সকল নদীর জল পান করেন, তাঁহারা নির্ম্মলচিত্ত হইয়া প্রায় ভগবান্ বাসুদেবের ভক্ত হয়েন॥ ৩৬॥

হে রাজন্! যে ব্যক্তি কৃত্যাকৃত্য পরিহার পূর্ব্বক সম্যক্ প্রযত্নে শরণ্য মুকুন্দকে শরণ গ্রহণ করেন, তিনি আর দেবতা, ঋষি, ভূত, মনুষ্য বা পিতৃলোকের কিঙ্কর হয়েন না ও তাঁহাদের নিকট অঋণী

সর্ব্বাত্মনা যঃ শরণং শরণ্যং গতো মুকুন্দং পরিহৃত্য কর্ত্তং ॥ ৩৭ ॥
স্বপাদমূলং ভজতঃ প্রিয়স্য ত্যক্তান্যভাবস্য হরিঃ পরেশঃ।
বিকর্ম্ম যচ্চোৎপতিতং কথঞ্চিদ্ধুনোতি সর্ব্বং হৃদি সন্নিবিষ্টঃ ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

অয়ন্তু ন তথা। কোঽসৌ যঃ সর্ব্বভাবেন মুকুন্দং শরণং গতঃ। কর্ত্তং কৃত্যং পরিহৃত্য যদ্বা কর্ত্তং ভেদং পরিহৃত্য। কৃতী চ্ছেদনে ইত্যস্মাৎ। বাসুদেবঃ সর্ব্বমিতি বুদ্ধ্যেত্যর্থঃ ॥ ৩৭ ॥

বিহিতকর্ম্মনিবৃত্তিমুক্ত্বা নিষেধনিমিত্তপ্রায়শ্চিত্তনিবৃত্তমাহ স্বপাদমূলমিতি। ত্যক্তোঽন্যস্মিন্ দেহাদৌ দেবতান্তরে বা ভাবো যেন অতএব তস্য বিকর্ম্মণি প্রবৃত্তি র্ন সম্ভবতি যচ্চ কথঞ্চিৎ প্রমাদাদিনা উৎপতিতং ভবেৎ তদপি হরির্ধুনোতি। নন্বু যমস্তং ন মন্যেত তত্রাহ পরেশঃ। নন্বু চ। "শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে ইতি ভগবদ্বচনাৎ স্বাজ্ঞাভঙ্গং কথং সহেত তত্রাহ প্রিয়স্য। নন্বু নায়ং পাপক্ষয়ার্থং ভজতে তত্রাহ হৃদি সন্নিবিষ্টঃ। নহি বস্তুশক্তিরর্থিতামপেক্ষতে ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

গারুড়ে। অয়ং দেবো মুনির্ব্বন্দ্য এষ ব্রহ্মা বৃহস্পতিঃ। ইত্যাখ্যা জায়তে তাবদ্যাবন্নার্চ্চয়তে হরিমিতি ॥ ৩৭ ॥

ন চ বিকর্ম্ম প্রায়শ্চিত্তরূপং কর্ম্মান্তরং কর্ত্তব্যং। তস্য তচ্ছরণস্য বিকর্ম্মপ্রবৃত্ত্যভাবাৎ। কথঞ্চিদাপতিতেঽপি বিকর্ম্মণি তদনুস্মরণেনৈব প্রায়শ্চিত্তস্যাপ্যানুষঙ্গিকত্বসিদ্ধেরিত্যাহ স্বপাদমূলমিতি। হৃদি সন্নিবিষ্টত্বে হেতুঃ। ত্যক্তান্যভাবস্যেতি। ত্যক্তোঽন্যত্র দেবতান্তরে ভাবো ভগবতীব ভক্তির্যেন। বিকর্ম্মধুননে হেতুঃ। হরিঃ স্বভাবত এব সর্ব্বদোষহরঃ পরেশঃ শক্তিতশ্চেত্যর্থঃ। তত্রাপি প্রিয়স্যেত্যাগ্রহতশ্চেত্যর্থঃ ॥ ৩৮—৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মণ্ডলেশ্বরাদ্যনুবর্ত্তির্ন সম্ভবেৎ। কৃত্যং বর্ণাশ্রমবিহিতং কর্ম্ম ত্যক্ত্বা। যদ্বা। কর্ত্তং ভেদং ত্যক্ত্বেতি। যথা তরোর্মূলনিষেচনেনেতি ন্যায়েন বিষ্ণুপূজনে সংপ্রবৃত্তে দেবর্ষ্যাদয়ঃ সাধুপূজিতা এবেত্যতএব মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধাযাবন্নজায়েত ইতি বদতা ভগবতা স্বভক্তস্য কর্ম্মাধিকারো দূরীকৃতঃ ॥ ৩৭ ॥

বিহিতকর্ম্ম-নিবৃত্তিমুক্ত্বা নিষেধনিমিত্তপ্রায়শ্চিত্তনিবৃত্তিমাহ স্বপাদমূলমিতি। ত্যক্তোঽন্যস্মিন্ দেবতান্তরে ভাবঃ সেবাবুদ্ধির্যেন তস্য বিকর্ম্মণি প্রবৃত্তিরেব ন ভবেৎ কথঞ্চিৎ প্রমাদাদিনা উৎপতিতঞ্চেৎ তদপি হরির্ধুনোতি নন্বু বিকর্ম্মবতি ভৃত্যে দণ্ড্যস্য এব প্রভবো দৃশ্যন্তে ইতি হরিরেব তং দণ্ডয়তু ন প্রিয়স্য ভক্তস্য প্রিয়ত্বাদেবাদণ্ড্যত্বং। পরেশ ইতি এতদেব তস্য পারমৈশ্বর্য্যমিতি ভাবঃ। নন্বু নায়ং পাপক্ষয়ার্থং ভজতে তত্রাহ হৃদি সন্নিবিষ্ট ইতি। নহি বস্তুশক্তিরর্থিতামপেক্ষত ইতি ভাবঃ ॥ ৩৮ ॥

দীপিকাদীপনং।

মাচক্ষত ইতি নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামিতি সত্যস্য সত্যমিতি চ বিষ্ণুপুরাণভারতাদিস্মৃতিশ্রুতিভিঃ। কণ্ঠোক্ত্যা তৎসত্যত্বপ্রতিপাদনাৎ কচিত্তথা বর্ণনং তু জ্ঞানপ্রকরণে যুক্তমেব বৈরাগ্যার্থত্বাদিতি সুধীভির্বিভাব্যং ॥ ৩৭ ॥

অতএব অনন্যভাবত্বাদেব। তস্যানন্যশরণস্য। কথঞ্চিদিত্যস্যাভিপ্রায়ঃ বিকর্ম্মণীত্যাদিঃ। প্রমাদোঽনবধানতা। আদিনা উৎকণ্ঠয়া ভক্তিবর্দ্ধিষ্ণোর্বিষ্ণোরিচ্ছা গৃহ্যতে যথা চিত্রকেতৌ। তৎ হরিকর্ত্তৃক-বিকর্ম্মধুননং। পরেশঃ পরেষাং ব্রহ্মাদীনামপীশো নিয়ন্তা তদাজ্ঞামননে যমস্য কা শক্তিরিতি ভাবঃ। "শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে যস্তে উল্লঙ্ঘ্য বর্ত্ততে। আজ্ঞাচ্ছেদী মম দ্বেষী মদ্ভক্তোঽপি ন বৈষ্ণব ইতি সকলং বাক্যং গম্যং। অয়ং ভক্তঃ। অর্থিতাং পাপক্ষয়ার্থিত্বং ॥ ৩৮ ॥

হয়েন অতএব হরিভক্তিপরায়ণ ব্যক্তিদিগের বিধি ও নিষেধ-নিবৃত্তি নিমিত্ত ভক্তিদ্বারাই তাঁহারা কৃতকৃত্য হইয়া থাকেন ॥ ৩৭ ॥

পূর্ব্বশ্লোকে বিহিত কর্ম্মের নিবৃত্তি উল্লেখ করিয়া এক্ষণে নিষিদ্ধ কর্ম্মাচরণ নিমিত্ত প্রায়শ্চিত্তের নিবৃত্তি কহিতেছেন, মহারাজ! স্বীয় পাদমূলভজনাকারী অন্যভাব-রহিত প্রিয়ভক্ত, যদি কখন প্রমাদবশতঃ নিষিদ্ধ কর্ম্মে পতিত হয়েন, তাহা হইলে তাঁহার হৃদয়প্রবিষ্ট হরি তদীয় সমুদায় পাপ বিনষ্ট করিয়া থাকেন ॥ ৩৮ ॥

শ্রীনারদ উবাচ ॥

ধর্ম্মান্ ভাগবতানিত্থং শ্রুত্বা স মিথিলেশ্বরঃ। জায়ন্তেয়ান্ মুনীন্ প্রীতঃ সোপাধ্যায়ো হ্যপূজয়ৎ॥৩৯

ততোঽন্তর্দ্দধিরে সিদ্ধাঃ সর্ব্বলোকস্য পশ্যতঃ। রাজা ধর্ম্মানুপাতিষ্ঠন্নবাপ পরমাং গতিং ॥ ৪০ ॥

ত্বমপ্যেতান্ মহাভাগ ধর্ম্মান্ ভাগবতান্ শুভান্। আস্থিতঃ শ্রদ্ধয়াযুক্তো নিঃসঙ্গো যাস্যসে পরং॥৪১

যুবয়োঃ খলু দম্পত্যোর্যশসা পূরিতং জগৎ। পুত্রতামগমদ্যদ্বাং ভগবানীশ্বরো হরিঃ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

জায়ন্তেয়ান্ জয়ন্ত্যাঃ পুত্রান্ ॥ ৩৯ ॥

উপাতিষ্ঠন্ অনুতিষ্ঠন্ ॥ ৪০ ॥

নিঃসঙ্গো ভূত্বা ॥ ৪১ ॥

শাস্ত্রপ্রক্রিয়েয়মুক্তা যুবাস্তু স্বতএব কৃতার্থাবিত্যাহ যুবয়োরিতি। বাং যুবয়োঃ ॥ ৪২ ॥

ক্রমসন্দর্ভঃ।

এবং তৎপ্রশ্নানুরূপমন্তর্হিতান্ ভাগবতধর্ম্মানুক্ত্বা তদীয়স্বপ্রয়োজনান্তরমাহ ত্বমপীতি। ত্বমপি পরং যাস্যসে। কাকা ত্বং তু নেত্যর্থঃ। সর্ব্বতঃ পরস্য শ্রীকৃষ্ণস্য নিত্যপ্রাপ্তত্বাদিতি ভাবঃ ॥ ৪১ ॥

কিন্তু যুবয়োরিতি। জগদপি পূরিতং কৃতার্থতামাপাদিতমিত্যর্থঃ। তত্র হেতুঃ প্রকটলীলয়াপি যদ্বাং যুবয়োঃ পুত্রতামগাৎ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জায়ন্তেয়ান্ জয়ন্ত্যাঃ পুত্রান্ ॥ ৩৯ ॥ ৪০ ॥

শ্রীবসুদেবস্য নিত্যসিদ্ধভগবৎপিতৃভাবস্যাপি ভগবত ইব নিত্যমূর্ত্তেরপি ভবদিচ্ছয়ৈব ভক্তিরসৌৎকণ্ঠ্যনিমগ্নস্য স্বস্মিন্ প্রাকৃতনরত্বাভিমানমাশঙ্ক্য তং প্রাকৃতনরমিবোপদিদেশ ভাগ্যশ্লাঘাদিভিরানন্দয়তি ত্বমপীতি ষড্‌ভিঃ। পরং পরমেশ্বরং প্রাপ্স্যসি ॥ ৪১ ॥

দীপিকাদীপনং।

জয়ন্ত্যাঃ পুত্রান্ নবযোগেশ্বরান্ প্রীতঃ অনন্যশরণস্য মাহাত্ম্যশ্রুত্যা হৃষ্টঃ সোপাধ্যায় ইতি তৎসঙ্গিনামপি কৃতার্থত্বোক্ত্যা সাধুসঙ্গমহিমাতিশয়ো ব্যঞ্জিতঃ। অপূজয়দিতি বৈষ্ণবানাং বিষ্ণুবৎ পূজনমভিপ্রেতং নতু সৎকৃতিমাত্রং। অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়েত্তু যঃ। ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং দাম্ভিকঃ স্মৃত ইত্যাদি স্মৃতেঃ ॥ ৩৯ ॥

ততঃ পূজনানন্তরং। ধর্ম্মান্ ভাগবতধর্ম্মান্ শ্রবণকীর্ত্তনাদীন্ পরমাং গতিং শ্রীবৈকুণ্ঠং ॥ ৪০ ॥

ত্বমপি পরং যাস্যসে কিং সাধকত্বক্রবৎ কাকা নেত্যর্থঃ। সর্ব্বতঃ পরস্য শ্রীকৃষ্ণস্য নিত্যপ্রাপ্তত্বাদিতি ভাবঃ ॥ ৪১ ॥

তথৈব শ্রীস্বামিচরণানামুখানিকা শাস্ত্রপ্রক্রিয়েত্যাদি পূরিতং কৃতার্থতামাপাদিতং পুত্রতামগমদিতি প্রকটলীলাভিপ্রায়েণ নিত্যলীলায়াং জয়তি জননিবাস ইত্যাদ্যনুসারেণ নিত্যপুত্রত্বাৎ ॥ ৪২ ॥

নারদ কহিলেন, মিথিলাধিপতি নিমিরাজ এইরূপ ভাগবতধর্ম্ম শ্রবণ করিয়া প্রীতচিত্তে উপাধ্যায়ের সহিত জয়ন্তীনন্দন নবযোগেন্দ্রদিগকে যথোচিত পূজা করিলেন ॥ ৩৯ ॥

অনন্তর সিদ্ধ ঋষিগণ দর্শনকারি সর্ব্বলোক সমক্ষে অন্তর্হিত হইলেন এবং রাজাও ভাগবতধর্ম্মের অনুষ্ঠান করিয়া যথাকালে পরম গতি লাভ করিলেন ॥ ৪০ ॥

হে মহাভাগ বসুদেব! তুমিও বাসনাশূন্য চিত্তে শ্রদ্ধাযুক্ত হইয়া এই শুভজনক ভাগবতধর্ম্ম যাজন করিলে পরম গতি প্রাপ্ত হইবে ॥ ৪১ ॥

যেহেতু ভগবান্ ঈশ্বর হরি তোমাদিগের পুত্ররূপে অবতীর্ণ হইয়াছেন অতএব তোমাদের দুই স্ত্রী পুরুষের যশে এই জগৎ পরিপূর্ণ হইবে ॥ ৪২ ॥

দর্শনালিঙ্গনালাপৈঃ শয়নাসনভোজনৈঃ। আত্মা বাং পাবিতঃ কৃষ্ণে পুত্রস্নেহং প্রকুর্ব্বতোঃ ॥৪৩॥
বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপালপৌণ্ড্রশাল্বাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ।
ধ্যায়ন্ত আকৃতিধিয়ঃ শয়নাসনাদৌ তৎসাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিং ॥ ৪৪ ॥
মাপত্যবুদ্ধিমকৃথাঃ কৃষ্ণে সর্ব্বাত্মনীশ্বরে। মায়ামনুষ্যভাবেন গূঢ়ৈশ্বর্য্যে পরেঽব্যয়ে ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

ন চ সর্ব্বকর্ম্মার্পণাদি ভাগবতধর্ম্মৈরন্যেষামিব যুবযোঃ সত্ত্বশুদ্ধিরাপাদনীয়া পুত্রোপলালনেনৈব ভাগবতধর্ম্মসর্ব্বস্বনিষ্পত্তেরিত্যাহ দর্শনেতি। কৃষ্ণে পুত্র ইতি স্নেহং প্রকুর্ব্বতোর্ব্বাং। তস্য দর্শনাদিভিরাত্মা পাবিতঃ শোধিতঃ ॥ ৪৩ ॥

এতদেব কৈমুত্যন্যায়েন স্ফুটয়তি বৈরেণেতি। যং শয়নাসনাদৌ বৈরেণাপি ধ্যায়ন্তঃ তস্য গতিবিলাসাদ্যৈরাকৃতিধিয়ঃ তত্তদাকারা ধীর্যেষাং তে তৎসারূপ্যমাপুঃ, কিং পুনর্ব্বক্তব্যমনুরক্তধিয়াং সাম্যং ভবতীতি ॥ ৪৪ ॥

নম্ন পুত্রস্নেহশ্চেন্মোক্ষহেতুস্তর্হি সর্ব্বে মুচ্যেরন্ তত্রাহ মাপত্যবুদ্ধিমিতি। অপত্যমিতি বুদ্ধিং মা কৃথাঃ। অড়াগম আর্ষঃ ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

নমু তথাপি জয়বিজয়বদ্ব্রাহ্মণাপরাধাদ্বিভেমি তত্রাহ দর্শনেতি। পাবিতঃ দোষাভাসাদপি দূরে রক্ষিতঃ। তত্র হেতুঃ। কৃষ্ণ ইতি। তত্রাপি পুত্রস্নেহং প্রকুর্ব্বতোরিতি। তাভ্যাং যুবয়োর্মহদেবান্তরমিতি ভাবঃ ॥ ৪৩ ॥

আস্তাং যুবয়োর্ব্বার্ত্তা শ্রীকৃষ্ণস্য সর্ব্বোৎকৃষ্টভগবৎস্বভাবত্বাৎ সাধারণানুরক্তজনানামপি সুতরাং তত্তুল্যা গতিঃ কিং পুনর্যদূনামিতি তান্ প্রতি শোচন্তঃ কৈমুত্যেনাহ বৈরেণেতি ॥ ৪৪ ॥

সর্ব্বত্র হেতুঃ মাপত্যেতি। অপত্যসাধারণবুদ্ধিং মা কুরু। যতঃ কৃষ্ণে কৃষিভূর্ব্বাচক ইত্যাদি লক্ষণে। অতএব সর্ব্বাত্মনি সর্ব্বা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু পরমেশ্বরে পুত্রবুদ্ধিরেবানর্থকারিণ্যাবয়োরপরাধোৎপাদনাদিতি চেন্নৈবং প্রাতিকূল্যভাবেনাপি কৃষ্ণেঽর্পিতমনসঃ কৃতার্থীভবন্তি কিং পুনরানুকূল্যভাবেন যুষ্মদাদয় ইত্যাহ বৈরেণেতি। গতিবিলাসাদ্যৌ যা আকৃতিঃ কৃষ্ণস্যাকারস্তন্মাত্র এব নতু তন্মাধুর্য্যে ধীর্যেষাং তে স্বীয়শয়নাসনাদিকর্ম্মণি ধ্যায়ন্তঃ সন্তঃ সাম্যং সারূপ্যং সাযুজ্যং কিং পুনস্তৎ ততোঽপ্যধিকং প্রাপ্যং স্যাদপরাধস্য তু সম্ভাবনৈব নাস্তীতি ভাবঃ ॥ ৪২—৪৪ ॥

তস্মাত্বয়া অনুরক্তধিয়ৈব ভাব্যং নতূদাসিতব্যমিত্যাহ মেতি। সর্ব্বাত্মনীশ্বরে মদপত্যত্বমারোপিতমেব ন বস্তুত ইত্যসম্ভাবনয়া

দীপিকাদীপনং।

তথৈব টীকাকৃতামিষ্টিঃ নচেত্যাদি ভাগবতধর্ম্মাণাং যৎ সর্ব্বস্বং সারভাগো বাৎসল্যমিতি যাবৎ তস্য নিষ্পত্তের্নিত্যসিদ্ধেঃ শোধিতঃ ব্রাহ্মণাদ্যপরাধাভাসাদপি দূরে রক্ষিত ইত্যুক্ত্যা ভবিষ্যত্তদপরাধস্য তৎকার্য্যস্য চ মায়িকলীলাময়ত্বমভিব্যঞ্জিতং ॥ ৪৩ ॥

এতদেব কৃতার্থত্বমেব তৎসাম্যং সচ্চিদানন্দরূপত্বং ভবতি নিত্যমেবাস্তীতি মোক্ষেঽপি সাম্যোক্ত্যা ঐক্যমনাদৃতং ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ। সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চেতি শ্রীগীতোক্তেঃ যথোদকং শুদ্ধে শুদ্ধমাসিক্তং তাদৃগেব ভবতি এবং মুনের্ব্বিজানত আত্মা ভবতি গৌতম নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতীতি মোক্ষেঽপি ভেদপ্রতিপাদকশ্রুতেশ্চেতি ॥ ৪৪ ॥

অপত্যবুদ্ধিং পুত্রসামান্যমতিং মা কুরু। মায়েতি কৃপাপ্রধানমনুষ্যলীলাপ্রকটনেন গূঢ়ং দুর্বিজ্ঞেয়মৈশ্বর্য্যং যস্য তস্মিন্ ॥ ৪৫ ॥

দর্শন, আলিঙ্গন, আলাপ, শয়ন, উপবেশন ও ভোজনাদি দ্বারা তোমরা যে শ্রীকৃষ্ণে পুত্রস্নেহ করিতেছ, তাহাতেই তোমাদিগের আত্মা পবিত্র হইয়াছে ॥ ৪৩ ॥

শিশুপাল, শাল্ব ও পৌণ্ড্রকাদি নৃপতিগণ শত্রু ভাবেই যখন শয়নাসনাদি কালে গতি বিলাস বিলোকনাদি সহকারে যাঁহার আকৃতি ধ্যান করত সারূপ্য মুক্তি লাভ করিয়াছেন, তখন তাঁহার অনুরক্ত ভক্তদিগের কথা আর কি বলিব ॥ ৪৪ ॥

অতএব হে বসুদেব! সর্ব্বাত্মা, মায়ামনুষ্য ভাব প্রাপ্ত, গূঢ় ঐশ্বর্য্য, অব্যয়, পরমেশ্বর, শ্রীকৃষ্ণকে পুত্র জ্ঞান করিও না ॥ ৪৫ ॥

ভূভারাসুররাজন্যহন্তবে গুপ্তয়ে সতাং। অবতীর্ণস্য নির্বৃত্যৈ যশো লোকে বিতন্যতে॥

শ্রীশুক উবাচ॥

এতচ্ছ্রুত্বা মহাভাগো বসুদেবোঽতিবিস্মিতঃ। দেবকী চ মহাভাগা জহতুর্মোহমাত্মনঃ।

ইতিহাসমিমং পুণ্যং ধারয়েদ্যঃ সমাহিতঃ। স বিধূয়েহ শমলং ব্রহ্মভূয়ায় কল্পতে॥ ৪৬॥

শ্রীধরস্বামী।

নমু কথমীশ্বরো মানুষঃ স্যাৎ কথং বা তস্য বিশ্বসৃষ্ট্যাদিকর্তুঃ পুতনানাশাদিকর্ম্মাশ্চর্য্যমিব নিরূপ্যতে তত্রাহ ভূভাররূপা অসুরা এব যে রাজন্যাস্তেষাং হন্তবে তান্ হন্তুং নির্বৃত্যৈ মোক্ষায়॥

ইহাস্মিন্নেব দেহে শমলং মোহং বিধূয় ব্রহ্মত্বায় কল্পতে॥ ৪৬॥

ক্রমসন্দর্ভঃ।

বতারিণি অতএবেশ্বরে সর্ব্বকর্তরি। অতএব সর্ব্বাত্মনি সর্ব্বাবতারিণি। অতএবেশ্বরে সর্ব্ববশীকর্তরি। অতএব পরে। তথাপি মায়েতি কৃপাপ্রধান মনুষ্যলীলাপ্রকটনেন গূঢ়ং জ্ঞাতুমশক্যমৈশ্বর্য্যং যস্য তস্মিন্। অতএবাব্যয় ইতি। যদ্বা। নমু তর্হি পুত্রস্নেহং প্রকুর্ব্বতোরিতি কথং পুত্রোচিতঃ স্নেহস্তস্মিন্ শ্লাঘিত স্তত্রাহ মেতি। অপত্যবুদ্ধিং মা অকৃথাঃ। কিন্তু কুরুথেবেত্যর্থঃ। তত্র হেতুঃ কৃষ্ণ ইত্যাদি লক্ষণেঽপি। মায়েত্যাদি রূপ ইতি পূর্ব্ববৎ॥ ৪৫॥

কৃপাপ্রধানত্বমেবাহ ভূভারেতি॥

শুতশ্চ এতদিতি। মোহং ব্রহ্মশাপময়ভয়ং॥

ব্রহ্মভূয়ায় সর্ব্ববৃহত্তমত্বায় কল্পতে পরমভক্তত্বাপত্তেঃ॥ ৪৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কৃষ্ণে বা অপত্যমদেব বুদ্ধিস্তাং মা কৃথা মদপত্যমেবায়মিতি কৃষ্ণে পুত্রভাবং কুর্ব্বিতি ভাবঃ। নমু মনুষ্যস্য মম পরমেশ্বরঃ কথং পুত্রঃ স্যাত্তত্রাহ মায়েতি। মদপত্যত্বপ্রাপ্ত্যর্থং মায়য়া মনুষ্যত্বেন গূঢ়ং গুপ্তীকৃতমৈশ্বর্য্যং যেন তস্মিন্। অতো মনুষ্যস্য তব মনুষ্যঃ কৃষ্ণঃ পুত্রো ভবেদেবেতি ভাবঃ। পরেঽব্যয়ে ইতি তদপি তস্য শ্রেষ্ঠত্বং ঐশ্বর্য্যব্যয়রাহিত্যং চ ভবেদেবেতি ভাবঃ। অত্র বসুদেব প্রবোধনার্থমেব মায়াশব্দঃ প্রযুক্তঃ। বস্তুতস্তু কৃষ্ণো মনুষ্যস্বরূপেণৈব। তথাপি মায়াশব্দঃ স্বরূপবাচী॥ ৪৫॥

ভূভাররূপা অসুরা এব যে রাজন্যাস্তেষাং হন্তবে তান্ হন্তুং সতাং গুপ্তয়ে। উভয়েষামেব তেষাং নির্বৃত্যৈ সাযুজ্য প্রেমদানাদিভিরিতি বৈষম্যনৈর্ঘৃণ্যে পরাহতে॥

মোহং অসুয়েত্যোঽপি কৃষ্ণস্য মোক্ষপ্রদত্বাজ্ঞানং জহতুঃ॥

শমলমবিদ্যাং বিধূয় মোক্ষং প্রাপ্নোতি॥ ৪৬॥

দীপিকাদীপনং।

অবতীর্ণস্যাপ্রপঞ্চগোলোকাদিতি শেষঃ। তথাচাপ্রসিদ্ধনরাকৃতিপরব্রহ্মত্বং নতু পার্থিবমনুষ্যত্বমিতি ভাবঃ॥

এতদ্ভক্তিপকাধ্যায়ীবর্ণিতত্বং মোহং প্রকটলীলাবেশেন প্রাকৃতাপত্যমতিং ব্রহ্মশাপভয়ঞ্চ॥

ব্রহ্মত্বায় কল্পতে যোগ্যো ভবতি জীবন্মুক্তঃ স্যাদিত্যর্থঃ॥ ৪৬॥

যদি বল কি প্রকারে ঈশ্বর মনুষ্য হইলেন, তাহার কারণ এই যে, ভূমির ভারস্বরূপ অসুর তুল্য ক্ষত্রিয়গণের বধ নিমিত্ত এবং সাধুগণের রক্ষা ও মোক্ষবিধানার্থ অবতীর্ণ শ্রীকৃষ্ণের যশ লোকে বিস্তীর্ণ হইতেছে।

শুকদেব কহিলেন, মহাভাগ বসুদেব ও ভাগ্যবতী দেবকীদেবী ইহা শ্রবণ করিয়া বিস্মিত চিত্তে আপন আপন মোহ পরিত্যাগ করিলেন॥

যে ব্যক্তি সমাহিত হইয়া এই পুণ্যজনক ইতিহাস মনোমধ্যে ধারণ করেন তিনি মোহ বিনির্ম্মুক্ত হইয়া এই দেহেই মোক্ষ প্রাপ্ত হয়েন॥ ৪৬॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে জায়ন্তেয়োপাখ্যানং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

অথ ব্রহ্মাত্মজৈর্দেবৈঃ প্রজেশৈরাবৃতোঽভ্যগাৎ। ভবশ্চ ভূতভব্যেশো যযৌ ভূতগণৈর্বৃতঃ।
ইন্দ্রো মরুদ্ভির্ভগবানাদিত্যাবসবোঽশ্বিনৌ। ঋভবোঽঙ্গিরসো রুদ্রা বিশ্বে সাধ্যাশ্চ দেবতাঃ।
গন্ধর্ব্বাপ্সরসো নাগাঃ সিদ্ধচারণগুহ্যকাঃ। ঋষয়ঃ পিতরশ্চৈব সবিদ্যাধরকিন্নরাঃ।
দ্বারকামুপসংজগ্মুঃ সর্ব্বে কৃষ্ণং দিদৃক্ষবঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যেকাদশে পঞ্চমঃ ॥ * ॥

ষষ্ঠে ব্রহ্মাদিভিঃ স্তুত্বা গন্তুং বিজ্ঞাপিতং হরিং। উদ্ধবঃ প্রার্থয়ামাস স্বধাম নয় মামিতি ॥ * ॥

অতঃপরমতিবিস্তরেণাত্মবিদ্যাং নিরূপয়িতুং তৎপ্রস্তাবমাহ অথেতি। আত্মজৈঃ সনকাদিভিরভ্যগাৎ দ্বারকামিতি চতুর্থেনান্বয়ঃ ॥১॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥

অতঃপরমতিবিস্তরেণ ভগবদ্বিদ্যাং নিরূপয়িতুং তৎপ্রস্তাবমাহ অথেতি ॥

তদেব বিবৃণোতীন্দ্র ইত্যাদিনা। তত্রেন্দ্র ইতি সার্দ্ধযুগ্মকং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ব্রহ্মাদিভিঃ স্তুতং সংহৃত্যাত্মর্ধিংসুং কুলং প্রভুং। জ্ঞাত্বা ন্যবেদয়ৎ প্রেষ্ঠঃ ষষ্ঠে স্বাভীষ্টমুদ্ধবঃ ॥ * ॥

আত্মজৈঃ সনকাদিভিঃ অভ্যগাৎ। দ্বারকামিতি কর্ম্মপদেন চতুর্থশ্লোকস্থেনান্বয়ঃ। যেন বপুষা নরলোকমনোরমস্তৎকৃষ্ণং দিদৃক্ষব ইত্যভেদোক্ত্যা বপুষঃ সকাসাজ্জীবস্ত যথা ভেদস্তথানেশ্বরস্তেতি জ্ঞাপিতং। যদুক্তং দেহদেহিবিভাগশ্চ নেশ্বরে বিদ্যতে ক্বচিদিতি ॥ ১ ॥ ২ ॥

দীপিকাদীপনং।

॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥

মাং স্বধাম বৈকুণ্ঠং নয়েতি প্রার্থয়ামাস অতঃ পঞ্চাধ্যায়ীতঃ আত্মবিদ্যাং পরমাত্মজ্ঞানং। তৎপ্রস্তাবং আত্মবিদ্যাপ্রসঙ্গং। অথ নারদোপদেশানন্তরং ॥

তদেব বিবৃণোতি ইন্দ্র ইত্যাদিনা। তত্রেন্দ্র ইতি সার্দ্ধযুগ্মকং। কৃষ্ণেতি লুপ্তদ্বিতীয়াক্তং পৃথক্ পদং সুপাংসুপঃ সুলোপশ্চেতি স্মৃতেঃ অতএব বপুর্দিদৃক্ষব ইত্যগ্রে যোজয়িষ্যতি ॥ ১ ॥

॥ * ॥ ইতি একাদশে পঞ্চম ॥ * ॥

ষষ্ঠাধ্যায়ে ব্রহ্মাদি দেবগণ স্তব করত স্বধাম গমনের নিমিত্ত অনুরোধ করিলে উদ্ধবও তদ্ধামে যাইবার জন্য শ্রীকৃষ্ণের নিকট প্রার্থনা করেন ॥ ০ ॥

শুকদেব কহিলেন, অনন্তর একদা সনকাদি পুত্রগণ, দেববৃন্দ ও প্রজাপতিদিগের সহিত ব্রহ্মা, ভূতগণ সহিত ভূতভব্যেশ ভব, মরুদ্গণ সহিত ভগবান্ ইন্দ্র; আদিত্য, বসু, অশ্বিনীকুমার, ঋভুগণ, অঙ্গিরা, রুদ্রগণ, বিশ্বে ও সাধ্য, দেবতা, গন্ধর্ব্ব, অপ্সরা, নাগ, সিদ্ধ, চারণ, গুহ্যক, ঋষিগণ, পিতৃগণ, বিদ্যাধর ও কিন্নর ইহারা সকলে কৃষ্ণ দর্শনার্থ দ্বারকায় গমন করিলেন ॥ ১ ॥

বপুষা যেন ভগবান্ নরলোকমনোরমঃ। যশো বিতেনে লোকেষু সর্ব্বলোকমলাপহং ॥ ২ ॥
তস্যাং বিভ্রাজমানায়াং সমৃদ্ধায়াং মহর্দ্ধিভিঃ। ব্যচক্ষতাবিতৃপ্তাক্ষাঃ কৃষ্ণমদ্ভুতদর্শনং ॥ ৩ ॥
স্বর্গোদ্যানোপগৈর্মাল্যৈশ্ছাদয়ন্তো যদূত্তমং। গীর্ভিশ্চিত্রপদার্থাভিস্তুষ্টুবুর্জগদীশ্বরং ॥ ৪ ॥
দেবা উচুঃ ॥
নতাঃ স্ম তে নাথ পদারবিন্দং বুদ্ধীন্দ্রিয়প্রাণমনোবচোভিঃ।

শ্রীধরস্বামী।

ননু তেষামুপেন্দ্রাদিরূপং ভগবন্তং নিত্যং পশ্যতাং কেয়মতিদিদৃক্ষা ইত্যত আহ বপুষেতি। যেন বপুষা নরলোকমনোরমঃ সন্ সর্ব্বলোকেষু যশো বিতেনে তৎ অতিসুন্দরং বপুর্দিদৃক্ষবঃ ॥ ২ ॥
ব্যচক্ষত অপশ্যন্ ॥ ৩ ॥
স্বর্গোদ্যানস্থৈর্মাল্যৈশ্চিত্রাণি শৃঙ্খলবন্ধপ্রায়াণি পদানি অর্থাশ্চ যাসু তাভির্গীর্ভিঃ ॥ ৪ ॥
বুদ্ধীন্দ্রিয়াদিভি র্দর্শনাদিনা প্রাণেন চ বলহেতুনা দণ্ডবৎ প্রণিপাতেন নতা বয়ং নমস্কৃতবন্তঃ স্মেতি বিস্ময়ে। যথাহুঃ। দোর্ভ্যাং পদাভ্যাং জানুভ্যাং উরসা শিরসা দৃশা। মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিত ইতি। স্ম শব্দোক্তবিস্ময়ে বিশেষণং। কর্ম্মময়াশুক-

ক্রমসন্দর্ভঃ।

যেন কৃষ্ণাখ্যেন অন্তর্ভূতোপেন্দ্রাদি রূপেণ ॥ ২ ॥
কৃষ্ণমদ্ভুতদর্শনমিতি স্বস্যাপি বিস্মাপনমিত্যুক্তেঃ ॥ ৩—৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্যাং দ্বারকায়াং ব্যচক্ষত অপশ্যন্ ॥ ৩ ॥
স্বর্গোদ্যান এবোপগৈরুপগতৈঃ। চিত্রাণি শৃঙ্খলাবন্ধপ্রায়াণি পদানি অর্থাশ্চ যাসু তাভির্গীর্ভিঃ ॥ ৪ ॥
বুদ্ধ্যা বুদ্ধ্যধিষ্ঠানেন হৃদয়েনেন্দ্রিয়েণেতি দৃগ্‌ভ্যাং পদ্ভ্যাং দোর্ভ্যাঞ্চেত্যর্থঃ। প্রাণেন প্রাণবতা দেহেনেতি জান্বাদ্যান্যপি লব্ধানি। যথাহুঃ। দোর্ভ্যাং পদ্ভ্যাঞ্চ জানুভ্যামুরসা শিরসা দৃশা। মনসা বচসা চেতি প্রণামোঽষ্টাঙ্গ ঈরিত ইতি। যচ্চরণারবিন্দং কেবল-

দীপিকাদীপনং।

যেনান্তর্ভূতোপেন্দ্রাদিরূপেণ শ্রীকৃষ্ণাখ্যবপুষা ॥ ২ ॥
অদ্ভুতং দর্শনং দৃশ্যত ইতি দর্শনং শ্রীবিগ্রহো যস্য তং বিস্মাপনং স্বস্য চেত্যুক্তেঃ ॥ ৩ ॥
শৃঙ্খলবন্ধোহ্যেকং চিত্রকাব্যং চকারাদ্বর্ণাশ্চ গ্রাহ্যাস্তদত্র পূর্ব্বপূর্ব্বপদান্যচরমস্থবর্ণপদ তদর্থৈকস্তরোত্তরাদিমবর্ণপদপদার্থানাং সাদৃশ্যেন শৃঙ্খলবন্ধো বিচারণীয়ঃ ॥ ৪ ॥
বুদ্ধীন্দ্রিয়াণি জ্ঞানেন্দ্রিয়াণি। ভাবযুক্তৈরেব মুমুক্ষুভির্যৎপদারবিন্দং চিন্ত্যতে নতু ভাববিরহিতৈরিতি শুকমুমুক্ষূনাং। তচ্চিন্তনেঽযোগ্যতা দর্শিতা। অস্মিন্ পদ্যেঽন্তিমবর্ণস্য তকারস্যোত্তরপদাদ্য-তকারেণ শৃঙ্খলবন্ধঃ নচ তত্র স্বকারো ন তকার ইতি বাচ্যং

ভগবান্ শ্রীকৃষ্ণ যে বপুঃ প্রকটন দ্বারা সর্ব্বলোক মনোরম হইয়া লোক সকলে সর্ব্বলোক মলাপহ যশ বিস্তার করিয়াছেন ব্রহ্মাদির তাহাই দর্শন করিবার ইচ্ছা ॥ ২ ॥
ব্রহ্মাদি দেববৃন্দ মহা ঐশ্বর্য্যে সমৃদ্ধ ও বিভ্রাজমান দ্বারকাতে গিয়া অদ্ভুত দর্শন শ্রীকৃষ্ণকে অতৃপ্ত নয়নে দর্শন করিতে লাগিলেন ॥ ৩ ॥
এবং স্বর্গোদ্যান সম্ভূত মাল্য সমূহে যদুপতি শ্রীকৃষ্ণকে বিভূষিত করিয়া শৃঙ্খলবদ্ধ বিচিত্রার্থ বাক্য দ্বারা জগদীশ্বরকে স্তব করিতে লাগিলেন ॥ ৪ ॥
দেবগণ কহিলেন, হে নাথ! বুদ্ধি, ইন্দ্রিয়, প্রাণ, মনঃ ও বাক্য দ্বারা আমরা আপনার পদারবিন্দে

যচ্চিন্ত্যতেঽন্তর্হৃদি ভাবযুক্তৈর্মুমুক্ষুভিঃ কর্ম্মময়োরুপাশাৎ ॥ ৫ ॥
ত্বং মায়য়া ত্রিগুণয়াত্মনি দুর্ব্বিভাব্যং ব্যক্তং সৃজস্যবসি লুম্পসি তদ্গুণস্থঃ।
নৈতৈর্ভবানজিত কর্ম্মভিরজ্যতে বৈ যঃ স্বে সুখেঽব্যবহিতেঽভিরতোঽনবদ্যঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

পাশাৎ মুমুক্ষুভির্ভাবযুক্তৈরপি যৎ কেবলমন্তর্হৃদি চিন্ত্যতে নতু দৃশ্যতে তৎ বয়ং নতাঃ অহো ভাগ্যমিত্যর্থঃ ॥ ৫ ॥

নন্বু মমাপি দৃষ্টাদৃষ্টকর্ম্মকরণাৎ কুতো মৎপদারবিন্দচিন্তনং কর্ম্মপাশাৎ মুমুক্ষুভিঃ ক্রিয়তে তত্রাহুস্ত্বমিতি। হে অজিত আত্মামিদানীন্তনমিদমল্পং কর্ম্মত্বং ব্যক্তং মহদাদিপ্রপঞ্চং সৃজসি পালয়সি সংহরসিচ তদপ্যাত্মন্যেব ন পৃথক্ দুর্ব্বিভাব্যং মনসাপ্যন্তৈ দুর্ব্বিতর্ক্যং। তদ্গুণস্থঃ তস্যা মায়ায়া গুণেষু নিয়ন্তৃত্বেন স্থিতঃ অথচ এতৈঃ কর্ম্মভির্ভবান্ ন অজ্যতে ন লিপ্যতে কুতো যো ভবান্ অনবদ্যঃ রাগাদিদোষরহিতঃ যতঃ স্বে আত্মরূপে সুখেঽব্যবহিতেঽনাবৃতেঽভিরতঃ অতস্ত্বং কর্ম্ম কুর্ব্বন্নপ্যাত্মারামঃ পরমেশ্বর ইতি মুমুক্ষুভিশ্চিন্ত্যস ইতি ভাবঃ ॥ ৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্বমিতি স্বে স্বরূপভূতহ্লাদিনী শক্তিপ্রকাশিতে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মন্তর্হৃদি চিন্ত্যতে ন তু দৃশ্যতে। তৎ বয়ং দৃষ্ট্বা নতাঃ স্ম ইত্যহো ভাগ্যমিতি ভাবঃ ॥ ৫ ॥

অস্মদাদিভিরীশ্বরৈরপি নমস্তস্থে তব দুর্ব্বিতর্ক্যং পরমপরমেশ্বরত্বমেব হেতুরিত্যাহুস্ত্বমিতি। ব্যক্তং বিশ্বং তদ্গুণস্থঃ তস্যা মায়ায়া গুণেষু নিয়ন্তৃত্বেন স্থিতঃ। সৃষ্ট্যাদিকং কুর্ব্বন্নপি এতৈঃ কর্ম্মভির্ভবান্ নাজ্যতে ন লিপ্যতে। তত্র হেতুঃ। যঃ স্বীয়ে সুখে অব্যবহিতে অনাবৃতেঽভিরতঃ। ন তু জীব ইব স্বসুখে অবিদ্যয়া আবৃতে সতি রমণাভাবাদ্দীনঃ অতএব স কর্ম্মভির্লিপ্তঃ। এবঞ্চ ত্বমনবদ্যঃ স তু সাবদ্যঃ ॥ ৬ ॥

দীপিকাদীপনং।

"কাব্যমার্গে স্বরো ন গণ্যত" ইতি ন্যায়াৎ সংযুক্ত বকারানুস্বারয়োরবিবক্ষিতত্বাদিতি এবং পরত্রাপি জ্ঞেয়ং ॥ ৫ ॥

দৃষ্টমৈহিকং পুত্রপৌত্রাদিবিবাহরূপং কর্ম্ম অদৃষ্টং পারলৌকিকং যজ্ঞাদি কর্ম্ম তয়োর্মমকরণাৎ মৎকর্ত্তৃকানুষ্ঠানাৎ দৃষ্টাদৃষ্টকর্ত্তৃভ্যো জীবেভ্যো মম বিশেষাভাবাৎ কুতো মমেত্যাদি যোজনীয়ং ইদানীন্তনং অবতারকালীনং ইদং মানুষ্যনাট্যাহ্বরূপং দৃষ্টাদৃষ্টকর্ম্ম আস্তাং। তদপি সৃষ্ট্যাদিকমপি আত্মনি স্বরূপভূতাধিষ্ঠান এব ন পৃথক্ কুলালাদিবদিতি অভিন্ননিমিত্তোপাদানত্বমভ্যুপগতং তত্র বিবর্ত্তাধিষ্ঠানত্বেনোপাদানত্বমিতি ভগবান্ শঙ্করঃ স্বরূপশক্তিবেশতয়া নিমিত্তত্বং প্রধানশক্তিবেশতয়োপাদানত্বমিতি তত্ত্ববাদিগুরবঃ সূক্ষ্মচিদচিচ্ছরীরবিশিষ্টস্য সদ্বারকমুপাদানত্বং স্থূলতদ্দ্বয়শরীরবিশিষ্টস্য কার্য্যত্বমিতি হি শ্রীবৈষ্ণবাঃ আত্মন্যেব নতু পৃথগিতি স্বামিব্যাখ্যানং তু তত্রয়ানুকূলমিতি সুধীভির্বিভাব্যং। এতৈঃ সৃষ্ট্যাদিকর্ম্মভিঃ রাগাদিদোষরহিতঃ ইদং ময়া সম্যক্ কৃতমিদমসম্যগিতি কর্ত্তৃত্বাভিনিবেশশূন্য ইত্যর্থঃ। আত্মরূপে স্বস্বরূপভূতে সুখে অনাবৃতে উপাধ্যাবরণরহিতে অতঃ সৃষ্ট্যাদিমহৎকর্ম্মভিরপ্যলিপ্তত্বাৎ। ইতি হেত্বোঃ ভাবঃ বাচোত্থো বাচ্যঃ ॥ ৬ ॥

প্রণাম করি, যে হেতু অন্তরে ভাবযুক্ত ও কর্ম্মপাশবন্ধন মুক্তীচ্ছু ঋষিরাও আপনাকে হৃদয়ে চিন্তা করেন ॥ ৫ ॥

যদি বলেন আমারও দৃষ্ট কর্ম্ম করণ প্রযুক্ত কর্ম্মপাশ মুমুক্ষু ঋষিগণ কেন আমার পদারবিন্দ চিন্তা করিবেন, তাহার উত্তর এই যে, হে অজিত! আপনার এ কর্ম্ম থাকুক ইহা ত অতি অল্প, আপনি মায়াগুণে বর্ত্তমান হইয়া ত্রিগুণময়ী মায়া দ্বারা এই দুর্ব্বিভাব্য মহদাদি প্রপঞ্চকে আপনাতে সৃজন পালন সংহার করিতেছেন, অথচ আপনি সে সকল কর্ম্মে লিপ্ত হয়েন না, যে হেতু আপনি অব্যবহিত স্বীয় সুখে সর্ব্বদা সম্যক্ প্রকারে রত এবং আসক্তি শূন্য ॥ ৬ ॥

শুদ্ধির্নৃণাং নতু তথেড্যদুরাশয়ানাং বিদ্যাশ্রুতাধ্যয়নদানতপঃক্রিয়াভিঃ।
সত্ত্বাত্মনামৃষভ তে যশসি প্রবৃদ্ধসচ্ছ্রদ্ধয়া শ্রবণসম্ভৃতয়া যথা স্যাৎ॥ ৭॥
স্যান্নস্তবাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ ক্ষেমায় যো মুনিভিরার্দ্রহৃদোহ্যমানঃ।
যঃ সাত্বতৈঃ সমবিভূতয় আত্মবদ্ভির্ব্যূহেঽর্চ্চিতঃ সবনশঃ স্বরতিক্রমায়॥ ৮॥

শ্রীধরস্বামী।

নন্বাত্মারামস্য কিং কর্ম্ম করণেনাত আহুঃ শুদ্ধিরিতি। হে ঈড্য হে ঋষভ দুরাশয়ানাং রাগিণাং বিদ্যা উপাসনা বিদ্যাদিভি স্তথা শুদ্ধি র্ন ভবতি সত্ত্বাত্মনাং সতাং তে যশসি শ্রবণেন সংভৃতয়া পরিপুষ্টয়া অতিবৃদ্ধয়া সচ্ছ্রদ্ধয়া যথা স্যাৎ পরমপাবনস্য যশসো বিতানায় তব কর্ম্মাচরণমিতি ভাবঃ॥ ৭॥

তদেবং ত্বদ্যশঃ শ্রদ্ধৈব শুদ্ধিহেতুঃ। অস্মাভিস্তু তবাঙ্ঘ্রি দৃষ্টঃ অতস্তবাঙ্ঘ্রির্নোঽস্মাকং অশুভাশয়ানাং বিষয়বাসনানাং ধূমকেতু র্দাহকঃ স্যাৎ। কথম্ভূতো যঃ ক্ষেমায় মোক্ষায় মুনিভি র্মুমুক্ষুভিঃ প্রেমার্দ্র হৃদা উহ্যমান শ্চিন্ত্যমানঃ। যশ্চ সাত্বতৈ র্ভক্তৈঃ সমবিভূতয়ে

ক্রমসন্দর্ভঃ।

বিদ্যাদিসদ্ভাবেঽপি। দুরাশয়ানামিতি শুদ্ধভক্তি শ্রদ্ধায়া অভাবাৎ। বিদ্যাদ্যসদ্ভাবেঽপি সত্ত্বাত্মনামিতি তদ্ভাবাৎ। তদেবং শৃণ্বতামপি তথাত্বে কিমুত পশ্যতামিতি। ভক্তসুখার্থমেব স্বলীলেতি ভাবঃ॥ ৭॥

মুনিভিরাত্মারামৈরপি ক্ষেমায় পরম সুখায়। সাত্বতৈর্ভক্তৈঃ। আত্মা ত্বমেব নাথত্বেন বিদ্যতে যেষাং তাদৃশৈঃ। সমানাং স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনাং। নারায়ণপরায়ণানাং বিভূতয়ে পরমসুখরূপায়ৈ। স্বরতিক্রমায় ইতরসুখভোগাতিক্রমায় চার্চ্চিতঃ॥ ৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতো যথা ত্বচ্চরণমেব নমসাং তথৈব ত্বদ্যশ এব শ্রবণস্মরণাদিবিষয়ী কর্ত্তব্যমিত্যাহুঃ শুদ্ধিরিতি। হে ঈড্য স্তু ভো বিদ্যাদিভি স্তথা শুদ্ধি র্ন ভবতি। যতস্তাভিরেব দুরাশয়ানাং বিদ্যাদিভির্গর্ব্বেণ দুষ্টএব আশয়ঃ প্রায়ঃ স্যাদিত্যর্থঃ। সত্ত্বাত্মনাং শুদ্ধসত্ত্ববপুষাং অবতারাণাং মধ্যে ঋষভ হে শ্রেষ্ঠ। তে তব যশসি শ্রোতুং স্মর্ত্তুং কীর্ত্তয়িতুঞ্চ প্রবৃদ্ধা সতী শ্রেষ্ঠা যা শ্রদ্ধা তয়া যথা শুদ্ধিঃ স্যাৎ কীদৃশ্যা শ্রবণেন শাস্ত্রাদিশ্রবণেন সম্ভৃতয়া পরিপুষ্টয়া॥ ৭॥

তথৈব ত্বচ্চরণ এব ধ্যেয়োঽর্চ্চনীয়শ্চ যঃ স চাস্মাভি দৃষ্ট ইত্যত ইদমাশাস্মহে ইত্যাহুঃ। স্যাদিতি অশুভাশয়ানাং বিষয়বাসনানাং ধূমকেতু র্দাহকঃ স্যাদস্ত। প্রেমার্দ্র হৃদা উহ্যমানশ্চিন্ত্যমানঃ। যশ্চ সাত্বতৈর্ভক্তৈঃ সমবিভূতয়ে সার্ষ্টিলক্ষণমোক্ষায়। যদ্বা। সমানাং

দীপিকাদীপনং।

অনবদ্যঃ শুদ্ধ ইত্যত্র প্রকৃতার্থমাদায়ার্থ শৃঙ্খলবন্ধঃ শুদ্ধিরিতি উপাসনা ওং ব্রহ্মোপাসীতেত্যাদি প্রতীকোপাসনা নতু ভক্তিকত্তরার্দ্ধে তদাদেশ্যন্তা উৎকর্ষয়িষ্যমাণত্বাং সতী চাসৌ শ্রদ্ধাচেতি তয়া সতী নির্গুণা। আভাসোক্ত শঙ্কা সমাধানায় ভাবার্থমাহ পরম পাবনায়েতি তথাচ ভক্তসুখার্থমেব তব লীলেতি ফলিতং মদ্ভক্তানাং বিনোদায় করোমি বিবিধাঃ ক্রিয়া ইতি ভগবদ্রুক্তেবেবেতি॥ ৭॥

পূর্ব্বপদ্যেন সঙ্গতিমাহ তদেবমিতি। তেষু চ ভক্তেষ্বেব মধ্যে। আত্মবদ্ভিঃ আত্মা ত্বমেব নাথো যেষাং তথাচ চিন্তাশূন্যত্বাদ্ধীরৈ-

যদি বলেন, আত্মারামের কর্ম্ম করণের প্রয়োজন কি? তাহার কারণ এই, হে স্তবনীয়! হে ঋষভ! আপনার যশোরাশি শ্রবণে প্রবৃদ্ধ শ্রদ্ধা দ্বারা সাধুদিগের যেরূপ চিত্তশুদ্ধি হয়, বিদ্যা, বেদাধ্যয়ন, দান ও তপস্যাদি ক্রিয়া দ্বারাও সংসারিদিগের তদ্রূপ হয় না॥ ৭॥

অতএব শ্রদ্ধান্বিত হইয়া আপনার যশ শ্রবণ করিলে শুদ্ধি লাভ হয়, কিন্তু আমরা সাক্ষাৎ আপনার চরণ দর্শন করিলাম, ঐ চরণ আমাদিগের বিষয়বাসনা নাশের ধূমকেতু অর্থাৎ দাহক স্বরূপ হউন, মুমুক্ষু মুনিগণ মুক্তি নিমিত্ত যাঁহাকে প্রেমার্দ্রহৃদয়ে চিন্তা করেন ও ভক্তেরা সমান ঐশ্বর্য্যের নিমিত্ত যাঁহাকে বাসুদেবাদি ব্যূহে অর্চ্চনা করেন এবং জ্ঞানিরা স্বর্গমার্গ অতিক্রম করিয়া বৈকুণ্ঠ প্রাপ্তির নিমিত্ত যাঁহাকে ত্রিকালে অর্চ্চনা করেন॥ ৮॥

যশ্চিন্ত্যতে প্রযতপাণিভিরধ্বরাগ্নৌ ত্রয্যা নিরুক্তবিধিনেশ হবির্গৃহীত্বা।
অধ্যাত্মযোগ উতযোগিভিরাত্মমায়াং জিজ্ঞাসুভিঃ পরমভাগবতৈঃ পরীষ্টঃ ॥ ৯ ॥
পর্য্যুষ্টয়া তব বিভো বনমালয়েয়ং সংস্পর্দ্ধিনী ভগবতী প্রতিপত্নিবৎ শ্রীঃ।

শ্রীধরস্বামী।

সমানৈশ্বর্য্যায় বাসুদেবাদি ব্যূহেহর্চ্চিতঃ তেষু চ কৈশ্চিদাত্মবস্তির্ধীরৈঃ স্বরতিক্রমায় স্বর্গমতিক্রম্য বৈকুণ্ঠপ্রাপ্তয়ে সবনশস্ত্রিকালমর্চ্চিতঃ॥৮

কিঞ্চ প্রযতপাণিভিঃ সংযতহস্তৈর্হবি গৃহীত্বাঽধ্বরাগ্নৌ আহবনীয়াদৌ যাজ্ঞিকৈ র্যশ্চিন্ত্যতে। নহ যস্যৈ দেবতায়ৈ হবির্গৃহীতং স্যাৎ তাং ধ্যায়েৎ বষট্ করিষ্যন্নিতি বচনাৎ তত্তদ্দেবতাশ্চিন্ত্যন্তে অত আহুঃ ত্রয্যা নিরুক্তেন বিধিনেন্দ্রাদিরূপেণৈব যজ্ঞপুরুষ শ্চিন্ত্যত ইত্যর্থঃ। উত কিঞ্চ অধ্যাত্মযোগে আত্মাধিকারে যোগে যোগিভিরপ্যাত্মনস্তব মায়া অণিমাদিস্তাং জিজ্ঞাসুভি স্তৎ কামৈ র্য শ্চিন্ত্যতে পরম ভাগবতৈস্তু মুক্তৈ র্যঃ পরীষ্টঃ সর্ব্বতঃ পূজিতঃ। স ত্বদাঙ্ঘ্রি র্নোঽশুভাশয়ধূমকেতুঃ স্যাৎ ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৯ ॥

এষোং মুনি সাত্বতাদীনাং ষণ্ণাং সেবকানাং মধ্যে পরমভাগবতেষু লক্ষ্যা অপি তব প্রীতিরধিকেতি স্তবন্তি পর্য্যুষ্টয়েতি ইড়ভাব শ্ছান্দসঃ। অহং যত্র বসামি তত্রৈব বক্ষসি পর্য্যুষিতাপীয়ং বসতীতি প্রতিপত্নিবৎ সপত্নীবৎ শ্রীঃ সংস্পর্দ্ধমানা ভবতি তথাপি তাঃ

ক্রমসন্দর্ভঃ।

যশ্চিন্ত্যত ইত্যুত্তমাধিকারি পরং। অতএব ত্রয্যানিরুক্তবিধিনেতি ত্রয়ী তাৎপর্য্যপর্য্যবসিতবিধিনেত্যর্থঃ। এতদজ্ঞানিনঃ প্রত্যেব সা সা দেবতা পৃথগ্বিধীয়ত ইতি ভাবঃ তথাচ সর্ব্বার্থদত্বেন চরণস্য চরণোপনিষদুদাহরিষ্যতে। চরণং পবিত্রমিত্যাদিকা ॥ ৯ ॥

তাদৃশস্যাপি চরণস্য স্বেষু পরমানুগ্রহং দর্শয়িতুমাহুঃ পর্য্যুষ্টয়েত্যর্দ্ধেন। তদেবং পর্য্যুষ্টাপি লক্ষ্মীদুঃখসহাঽপি কথং সা ন ত্যজ্যত

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনাং নারায়ণপরাণাং যা বিভূতিঃ প্রেমসম্পত্তিস্তস্যৈ। আত্মা ত্বমেব নাথত্বেন বর্ত্তসে যেষাং তৈঃ। স্বরতিক্রমায় স্বর্গাদি বাসনা ত্যাগায় চার্চ্চিতঃ। যদুক্তং প্রহ্লাদেন কামানাং হৃদ্যসংরোহং ভবতস্তু বৃণে বরমিতি। ৮ ॥

ন কেবলং সাত্বতৈরেব ত্বমিষ্টঃ কিন্তু কর্ম্মি জ্ঞানিভিরপীত্যাহুঃ। য ইতি প্রযতপাণিভিঃ সংযতহস্তৈঃ হবির্গৃহীত্বা অধ্বরাগ্নৌ আহবনীয়াদৌ যাজ্ঞিকৈর্যশ্চিন্ত্যতে ত্বত্তুল্যাদিবিভূতয় এবেন্দ্রাদয়ো ন তে ত্বদন্যে ইতি ভাব্যত ইত্যর্থঃ। উত তথা অধ্যাত্মযোগে আত্মা ধিকারে যোগে যোগিভিরপি আত্মনস্তব মায়াতরণার্থং জিজ্ঞাসুভিশ্চিন্ত্যতে। যত্তিতীর্ষিতং ভবতি তৎপ্রথমং জিজ্ঞাস্যত এবেতি ভাবঃ। পরমভাগবতৈস্তু পরি সর্ব্বতোভাবেন নিষ্কামতয়ৈব ইষ্টঃ স তবাঙ্ঘ্রি রস্মাকমশুভাশয়ধূমকেতুঃ স্যাদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৯ ॥

ঐকান্তিকস্বভক্তনিবেদিতং পত্রপুষ্পাদিকং পর্য্যুষিতমপি সর্ব্বোৎকৃষ্টায়া লক্ষ্ম্যাঃ সকাশাদপ্যুৎকৃষ্টং করোষীত্যেবং তব ভক্তবাৎ-

দীপিকাদীপনং।

রিতি ব্যাখ্যাতং বৈকুণ্ঠপ্রাপ্তয়ে ইতি এবং চৈশ্বর্য্যেচ্ছুত্বাভাবাদ্দিদৃক্ষয়ৈব বৈকুণ্ঠপ্রাপ্তিরভিপ্রেতেতি পূর্ব্বতো বৈশিষ্ট্যং ॥ ৮ ॥

যাজ্ঞিকৈঃ শ্রীভরতাদ্যৈরিতি সিদ্ধপদপ্রত্যাসত্তেরধ্যাহৃতং যস্যৈ দেবতায়ৈ যাং দেবতামুদ্দিশ্য বষট্ করিষ্যন্ বষড়িতি মন্ত্রমুচ্চারয়ন্ ইন্দ্রাদিরূপেণেতি বাহ্যাদিরূপতয়া ধ্যাতেন এবং চ তৈষাং ত্রয়ী তাৎপর্য্যবেত্তৃত্বং সিদ্ধং এতদজ্ঞাতৄন্ প্রত্যেব পৃথক্ তত্তদ্দেবতা বিধীয়ন্ত ইতি ভাবঃ আত্মাধিকার ইতি আত্মনঃ পরমাত্মনোঽধিকারঃ ফলত্বেন [illegible]র্যস্মিংস্তস্মিন্ যোগে চিত্তস্যৈকাগ্র্যাবস্থায়াং বহির্বৃত্তি-নিরাসাৎ কারণে লয়ো যোগস্তস্মিন্ যোগিভিরপি চিন্ত্যতে। পরমভাগবতৈ[illegible]ত্যমুক্তৈঃ ॥ ৯ ॥

মুনিসাত্বতাদীনাং ষণ্ণামিতি তত্র মুনয়ো মুমুক্ষবঃ। ১। সাত্বতাঃ সাধকভক্তাঃ। ২। ধীরাস্ত্রাপ্যেকান্তিনঃ। ৩। যাজ্ঞিকাঃ। ৪।

হে ঈশ! যাজ্ঞিকেরা প্রযতপাণি হইয়া হবিগ্রহণ পূর্ব্বক ত্রয়ীনিরুক্ত বিধি দ্বারা যাঁহাকে যজ্ঞাগ্নিতে চিন্তা করেন ও যোগিরা আত্মমায়া বিষয় জিজ্ঞাসু হইয়া অধ্যাত্মযোগ বিষয়ে যাঁহাকে ধ্যান করেন এবং মুক্তপুরুষ পরম ভাগবতদিগের যিনি পূজনীয় ॥ ৯ ॥

হে বিভো! মুনি সাত্বত প্রভৃতি ছয় জন সেবকের মধ্যে পরম ভাগবত সকলে লক্ষ্মী অপেক্ষাও আপনার অধিক প্রীতি, কারণ সপত্নীর ন্যায় স্পর্দ্ধমানা এই ভগবতী লক্ষ্মীকেও অনাদর করিয়া যে

যঃ সুপ্রণীতমমুয়া র্হণমাদদন্নো ভূয়াৎ সদাঙ্ঘ্রিরশুভাশয়ধূমকেতুঃ ॥ ১০ ॥
কেতুস্ত্রিবিক্রমযুতস্ত্রিপতৎপতাকো যস্তে ভয়াভয়করোঽসুরদেবচম্বোঃ।

শ্রীধরস্বামী।

স্পর্দ্ধমানাং শ্রিয়মনাদৃত্য যো ভবান্ পর্য্যুষিতয়াপি অমুয়া বনমালয়া ভক্তৈরর্পিতেয়মিতি প্রীত্যা সুপ্রণীতং সুষ্ঠু সম্পাদিতং যথা ভবতি তথার্হণং পূজামাদদৎ স্বীকৃতবান্ সুপ্রণীতমিত্যর্হণবিশেষণং বা তস্য তবাঙ্ঘ্রির্নোঽশুভাশয়ধূমকেতুর্ভূয়াৎ। যদ্বা। যোঽঙ্ঘ্রিরমুয়া সুপ্রণীত মর্হণমাদদৎ স নোঽশুভাশয়ধূমকেতুর্ভূয়াৎ অথবা এবং সম্বন্ধঃ। এতেভ্যো ধ্যানার্চ্চনাদিনিষ্ঠেভ্যোঽপি তদযশসি প্রবৃদ্ধ সৎ শ্রদ্ধাবন্ত এব কৃতার্থাঃ ভগবতো যশঃ প্রিয়ত্বাৎ ইত্যাহুঃ। পর্য্যুষ্টয়া বশকান্তাবিত্যস্মাৎ পরিতঃ সর্ব্বাঙ্গে উষ্টয়া কান্তয়া শোভিতয়া বনমালয়া বক্ষসি একদেশে বর্ত্তমানা শ্রীঃ সংস্পর্দ্ধমানা ভবতি। তথাপ্যমুয়া আম্নায় মধুব্রতৈ র্বহুধা বর্ণিতয়া কীর্ত্তিময্যা বৈজয়ন্ত্যা বনমালয়ৈব যো ভবান্ সুপ্রণীতমর্হণমাদদদিত্যাদি পূর্ব্ববৎ ॥ ১০ ॥

ত্বচ্চরণস্য ভক্তপক্ষপাতঃ প্রসিদ্ধ এবেতি স্তুবন্তঃ প্রার্থয়ন্তে কেতুরিতি। বলিবন্ধনে ত্রিভির্বিক্রমৈর্যুতস্তত্র দ্বিতীয়বিক্রমে সত্যলোকং গতঃ তব পাদকেতুরত্যুচ্ছ্রিতো বিজয়ধ্বজ ইব তৎসম্পাদয়তি ত্রিপতৎপতাকঃ ত্রিধা পতন্তী ত্রিষু লোকেষু বা পতন্তী গঙ্গা পতাকা যস্য সঃ তথাঽসুরদেবচম্বোস্তং সেনয়ো ক্রমেণ ভয়াভয়করঃ সাধুষু সুরেষু স্বর্গায় খলেষু অসুরেষু ইতরায় অধো গমনায় য এবং কেতুরূপস্তে পাদঃ স ভজতাং নোঽঘং পুনাতু শোধয়তু অঘাদিতি পাঠে ভজতাং ন ইতি কর্ম্মণি ষষ্ঠ্যা অঘাদ্ভজতোঽস্মান্ পুনা-

ক্রমসন্দর্ভঃ।

ইতি পূর্ব্বপক্ষমুত্থাপ্য তমেব সিদ্ধান্তেন দর্শয়ন্তি য ইত্যর্দ্ধেন যোঽঙ্ঘ্রির্নোঽস্মৎকর্তৃকমমুয়া বনমালয়া করণ ভূতয়া অর্হণং সুষ্ঠু প্রণয়যুক্তং যথা স্যাৎ তথাদদৎ স্বীকৃতবানসি। অনেন বৈঃ কদাচিৎ যদ্দত্তাসীত্তামেব তদা শ্রীভগবান্ ধৃতবানিতি জ্ঞাপিতং। যদ্যপি তস্যা মালায়া দিব্যত্বাৎ পর্য্যুষ্টত্বং ন সম্ভবতি। লক্ষ্ম্যাশ্চতত্রৈর্য্যা শ্রেষ্ঠভূষণত্বান্ন সম্ভবতি তথাপি প্রণয়বিনোদোক্তিমাত্রমিদং ॥ ১০—১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সত্যমিত্যাহুঃ। পর্য্যুষ্টয়েতি ইড়ভাব আর্ষঃ। অহং যত্র বসামি তত্রৈব বক্ষসি পর্য্যুষিতাপীয়ং বসতীতি প্রতিপত্তিবৎ সপত্নীবৎ শ্রী স্পর্দ্ধমানা ভবতি। তথাপি তাং স্পর্দ্ধমানাং শ্রিয়মনাদৃত্য যো ভবান্ পর্য্যুষিতয়াপি অমুয়া মদেকান্তিকভক্তেনার্পিতেয়ং তদিয়ং ত্যক্তুমনর্হেতি বুদ্ধ্যাবাধ্রিয়মাণয়া সুপ্রণীতং সুষ্ঠু সম্পাদিতং অর্হণং পূজামাদদৎ স্বীকৃতবান্ তস্য তবাঙ্ঘ্রিঃ অত্র স্পর্দ্ধিনীত্বাৎপ্রেক্ষেব দ্রষ্টৃলোককৃতা নতু শ্রিয়ঃ কয়াচিৎকাপি স্পর্দ্ধা দৃষ্টা ॥ ১০ ॥

সচ তবাঙ্ঘ্রিঃ প্রায়ঃ সর্ব্বলোকানুভব প্রসিদ্ধ এবেত্যাহুঃ। কেতুরত্যুচ্ছ্রিতো বিজয়ধ্বজ ইব তব পাদঃ পুনাতু ত্রিবিক্রমেঽবতারে যুতঃ মহাবিভূতিযুক্ত ইত্যর্থঃ। ত্রিধা পতন্তী ত্রিষু লোকেষু বা পতন্তী গঙ্গৈব পতাকা যস্য সঃ। অসুরদেবচম্বোস্তৎসেনয়ো ক্রমেণ-

দীপিকাদীপনং।

যোগিনঃ। ৫। পরমভাগবতাশ্চেতি। ৬। যে বট্ সেবকাস্তেষাং মধ্যে বস নিবাস ইতি ধাতুঃ সেট্ অত ইড়ভাবশ্ছান্দসঃ পর্য্যুষিতয়েতি তু সাধুঃ যদ্যপি স্পর্দ্ধতে তথাপি পূর্ব্বার্থে অঙ্ঘ্রি বর্ণনস্য ক্রমভঙ্গোজাতঃ পর্য্যুষ্টয়েত্যর্থকল্পনক্লাতো যদ্বেতি দ্বিতীয়েঽপার্থে আর্ষত্ব কল্পনং তদবস্থমেবেতি যশসি শ্রদ্ধাবতাং সপ্তমাধিকারিণ[illegible]াদিষড়্ভ্যোঽপি শ্রৈষ্ঠ্যং বদন্তস্তদ্যশ এব মালারূপকত্বেন বর্ণয়ন্তি অথ বেতি ॥ ১০ ॥

তৎ ধ্বজত্বং সম্পাদয়ন্তি। ত্রিষু লোকেষ্বিতি তত্র দিবি মন্দাকিনী। পাতালে ভোগবতী। ভুবি তু গঙ্গেতি জ্ঞেয়ং চরণমিতি পবিত্রং শুদ্ধং বিস্তৃতং ব্যাপকং পুরাণং অনাদি। নিত্যানূতনং বা যেন পূতঃ পবিত্রীকৃতঃ তেন পবিত্রেণ পাপপর্ব্বতাত্রায়কেণ শুদ্ধেন

আপনি এই ভক্তার্পিত বনমালা পর্য্যুষিতা হইলেও আমার ভক্তের অর্পিত ত্যাগ যোগ্য নয় এই বলিয়া সুন্দর অর্হণ জ্ঞানে গ্রহণ করেন, সেই আপনার পাদপদ্ম আমাদিগের অশুভ নাশের নিমিত্ত ধূমকেতু স্বরূপ হউক ॥ ১০ ॥

হে ভূমন্! আপনার চরণপদ্মের ভক্তপক্ষপাতিত্ব প্রসিদ্ধই আছে, কারণ আপনার যে পাদপদ্ম বলিরাজকে বন্ধনের সময় ত্রিবিক্রম যুক্ত কেতু স্বরূপ হইয়াছিল, ত্রিপথগামিনী গঙ্গা তাহার পতাকা

স্বর্গায় সাধুষু খলেষ্বিতরায় ভূমন্ পাদঃ পুনাতু ভগবন্ ভজতামঘং নঃ ॥ ১১ ॥
নস্যোত গাব ইব যস্য বশে ভবন্তি ব্রহ্মাদয়স্তনুভৃতো মিথুরর্দ্যমানাঃ।
কালস্য তে প্রকৃতিপূরুষয়োঃ পরস্য শং নস্তনোতু চরণঃ পুরুষোত্তমস্য ॥ ১২ ॥
অস্যাসি হেতুরুদয়স্থিতিসংযমানামব্যক্তজীবমহতামপি কালমাহুঃ।

শ্রীধরস্বামী।

স্থিতি তথাচ শ্রুতিঃ চরণং পবিত্রং বিততং পুরাণং যেন পূতস্তরতি দুষ্কৃতানি ইত্যাদি তেন পবিত্রেণ শুদ্ধেন পূতা অতিপাপ্মান মরাতিং তরেম লোকস্য দ্বারমর্চ্চিমৎ পবিত্রং জ্যোতিষ্মদ্ভ্রাজমানং মহস্বদমৃতস্য ধারা বহুধা দোহমানং চরণং নো লোকে সুধিতাং দধাত্বিতি ॥ ১১ ॥

নন্বু যুদ্ধে দেবাসুরাদয়ঃ পরস্পরং জয়ন্তি জীয়ন্তে বা কিমহং তত্রেত্যত আহুঃ নসীতি। মিথু র্মিথোঽর্দ্যমানা যুদ্ধাদিভিঃ পীড্যমানা ব্রহ্মাদয়োঽপি যস্য তব বশে ভবন্তি নতু জয়ে পরাজয়ে বা স্বতন্ত্রাঃ ক ইব নসি নাসিকায়াং ওতা নাসিকামাবিধ্য বদ্ধা গাবো বলীবর্দ্দা ইব কুতঃ কালস্য কলয়িতুঃ প্রবর্ত্তকস্য তদেব কুতঃ প্রকৃতিপুরুষয়োরপি পরস্য তস্য তে পুরুষোত্তমস্য পাদো নঃ শং তনোতু ॥ ১২ ॥

প্রকৃতিপুরুষাভ্যাং পরত্বমুপপাদয়ন্তঃ কালত্বেন পুরুষোত্তমত্বমাহুঃ অস্যেতি। অস্য জগত উদয়াদীনাং হেতুরসি কুতোঽব্যক্তং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

র্ভয়াভয়করঃ। সাধুষু সুরেষু স্বর্গায় খলেষসুরেষু ইতরায় অধোগমনায় এবম্ভূতস্তে পাদঃ ভজতাং নোঽঘং পুনাতু শোধয়তু। অঘা-দিতি পাঠে ষষ্ঠী আর্ষী। অঘাদ্ভজতোঽস্মান্ পুনাতু। তথাচ শ্রুতিঃ। চরণং পবিত্রং বিততং পুরাণং। যেন পূতস্তরতি দুষ্কৃতা-নীতি ॥ ১১ ॥

নন্বু যূয়ং ব্রহ্মাদয় ঈশ্বরালোকৈর্ভজনীয়া ভূত্বাপি কিমিতি মাং ভজধ্বে তত্রাহুঃ। নসি নাসিকায়াং ওতা আবিধ্য বদ্ধা বলিবর্দ্দা ইব যস্য তব বশে ভবন্তি। মিথুর্মিথো মৎসরাদিদোষৈঃ পীড্যমানা ইত্যনৈশ্বর্য্যমুক্তং যতঃ কালস্য তেষাং কলয়িতুর্নিয়ন্তুর্নচ তথা তব কোঽপি নিয়ন্তেত্যাহুঃ। প্রকৃতিপুরুষয়োরপি পরস্য শ্রেষ্ঠস্য ॥ ১২ ॥

উক্তমেব পুরুষোত্তমত্বমুপপাদয়ন্তি। অস্য জগত উদয়াদীনাং হেতুরসি তথা অব্যক্তং মায়াকারণোপাধিঃ জীব উপহিতঃ মহান্

দীপিকাদীপনং।

স্বয়ঞ্চ পবিত্রেণ অরাতিং সংসারলক্ষণং লোকস্য বৈকুণ্ঠস্য স্বোপাসনয়া দ্বারং প্রাপকং অর্চ্চিষ্মতঃ পবিত্রাদন্যেষ্বপি পবিত্রং জ্যোতিষ্মৎসু সূর্য্যাদিষ্বপি ভ্রাজমানং। মহস্বৎ স্বস্মৈ স্বয়ং প্রকাশং অমৃতস্য প্রেমানন্দস্য ধারাঃ প্রবাহান্ বহুধা বৈচিত্র্যেণ পূরয়ৎ চরণং লোকে স্বভক্তজনে সুধিতাং সুধিততাং সুধাবদাহরণীয়তাং দধাতু ॥ ১১ ॥

তত্র দেবাসুরাদীনাং পরস্পর জয়পরাজয়য়োঃ অহং কিং করোমীতি শেষঃ তদেব কালত্বমেব। পরস্য কারণস্য ॥ ১২ ॥

প্রকৃতিপুরুষাভ্যাং প্রধানজীবাভ্যাং পরত্বং উপপাদয়ন্তঃ যুক্ত্যা প্রতিপাদয়ন্তঃ অনুমানার্থাপত্ত্যাস্তমত্বং হি যুক্তিরত্রহি প্রকৃত্যাদি

স্বরূপ এবং তাহা অসুর ও দেবতাগণের সৈন্যদিগের অভয় ও ভয়জনক, আর সাধুদিগের স্বর্গ ও অসা-ধুদিগের অধোগমনের নিমিত্ত। হে ভগবন্! আমরা [illegible] পাদপদ্মের সেবা করিতেছি, তিনি আমা-দিগকে পাপ হইতে মুক্ত করুন ॥ ১১ ॥

হে ভগবন্! যদি বলেন, যুদ্ধে দেব ও অসুর সকল পরস্পর জিত ও পরাজিত হইতেছে, তাহাতে আমার কি, তাহার সমাধান এই যে, কালরূপী প্রকৃতিপুরুষের পর পুরুষোত্তম যে আপনি, ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত প্রাণিগণ বিদ্ধনাসিক রজ্জুবদ্ধ বলীবর্দ্দের ন্যায় আপনার বশতাপন্ন হইয়া যুদ্ধাদি দ্বারা পর-স্পর পীড়িত হইতেছে অতএব আপনার পাদপদ্ম আমাদিগের মঙ্গল বিধান করুন ॥ ১২ ॥

হে ভগবন্! কাল প্রযুক্ত আপনাকেই পুরুষোত্তম বলা যায়, যে হেতু শাস্ত্রে আপনাকে অব্যক্ত জীব ও মহতেরও নিয়ন্তা বলিয়াছেন অতএব আপনিই এই জগতের উৎপত্তি, স্থিতি ও বিনাশের হেতু

সোঽয়ং ত্রিনাভিরখিলাপচয়ে প্রবৃত্তঃ কালোগভীররয় উত্তমপূরুষস্ত্বং ॥ ১৩ ॥
ত্বত্তঃ পুমান্ সমধিকৃত্য যয়াস্য বীর্য্যং ধত্তে মহান্তমিব গর্ভমমোঘবীর্য্যঃ।
সোঽয়ং তয়ানুগত আত্মন অণ্ডকোষং হৈমং সসর্জ বহিরাবরণৈরুপেতং ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

প্রকৃতিঃ জীবঃ পুরুষঃ মহান্ মহত্তত্বং তেষাং কালং নিয়ন্তারং ত্বামাহুঃ অক্ষরাৎ পরতঃ পরঃ মহতঃ পরমব্যক্তমব্যক্তাৎপুরুষঃ পরঃ পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরাগতিরিত্যাদ্যাঃ শ্রুতয়ঃ। কিঞ্চায়ং সংবৎসরাত্মকো যঃ কালঃ ত্রিনাভিস্ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ো যস্য সোঽপি ত্বমেব অতস্ত্বং উত্তমপুরুষ ইতি। তথাচ গীতাসু। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ। অতোঽস্মি লোকে বেদেচ প্রথিতঃ পুরুষোত্তম ইতি ॥ ১৩ ॥

ত্বমেব চ প্রকৃত্যাদি দ্বারা জগৎ সৃষ্ট্যাদি হেতুরিত্যুক্তং। তৎ কেন প্রকারেণ তদাহুঃ ত্বত্ত ইতি। ত্বত্তঃ পুরুষো বীর্য্যং শক্তিং সমধিকৃত্য প্রাপ্য যয়া মায়য়া সহ মহান্তং ধত্তে কমিবাস্য বিশ্বস্য গর্ভমিব সোঽয়ং মহান্ তয়ৈব মায়য়ানুগতঃ সন্ আত্মনঃ সকাশাৎ অণ্ডকোষং সসর্জ। ত্বয়ানুগত ইতি পাঠেঽপি তয়া মায়য়া সহ ত্বয়াধিষ্ঠিতঃ সন্নিতি ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

জীবাৎ পুরুষাদুত্তমত্বেন পুরুষোত্তমত্বং ব্যজ্য প্রকৃতিদ্রষ্টৃতোঽপ্যুত্তমত্বেন ব্যঞ্জয়ন্তি ত্বত্ত ইতি। যয়েতি যস্যাঃ মায়য়ামিত্যর্থঃ অন্বৈতঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মহত্তত্ত্বাদিঃ কার্য্যোপাধিস্তেষামপি কালং কলয়িতারং নিয়ন্তারং ত্বামাহুঃ। তথা অয়ং সম্বৎসরাত্মকো যঃ কালঃ। ত্রিনাভিঃ ত্রীণি চাতুর্ম্মাস্যানি নাভয়ো যস্য স তব গভীর-রয়ঃ গম্ভীরবেগশ্চেষ্টা। অতঃ কার্য্যকারণাতীতত্বাৎ জীবাদুত্তমত্বাচ্চ ত্বমেবোত্তমঃ পুরুষঃ। যদুক্তং গীতাসু। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ। অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তম ইতি ॥ ১৩ ॥

জীবাৎ পুরুষাদুত্তমত্বমুক্ত্বা প্রকৃতি দ্রষ্টুঃ পুরুষাদপ্যুত্তমত্বমভিব্যঞ্জয়ন্তি। ত্বত্তঃ সকাশাৎ পুমান্ আদিপুরুষঃ। সমধিগম্য শক্তিং প্রাপ্য যয়া মায়য়া দ্বারা বীর্য্যং বীর্য্যরূপং মহান্তং ধত্তে। কমিব অস্য বিশ্বস্য গর্ভমিব। সোঽয়ং মহান্ তয়ৈব মায়য়া অনুগতঃ সন্ আত্মনঃ সকাশাদণ্ডকোষং সসর্জ ॥ ১৪ ॥

দীপিকাদীপনং।

নিষক্ত্বান্যথানুপপত্ত্যা তৎপরত্বং সিদ্ধং প্রকৃতেঃ পরতোঽক্ষরাজ্জীবাৎ পর ইতি জীবপরত্বং। মহত্তত্বাৎ পরমব্যক্তং প্রধানং প্রধানাৎ পরস্তৎ-প্রবর্ত্তকঃ পুরুষঃ পরমেশ্বরঃ পুরুষাৎ পরমেশ্বরাৎ পরং কিঞ্চিদপ্যস্তি সা পুরুষরূপা অত্র তচ্ছব্দস্য বিধেয়-ধীহেতুত্বাৎ স্ত্রীত্বং স হি পুরুষঃ পরমোঽবধিরিত্যর্থঃ পরা গতিঃ পরমপুরুষার্থ ইতি শ্রুতিপদার্থঃ। অতঃ কালত্বাৎ গীতাবাক্যোঽক্ষরং প্রধানাদিবর্গং অক্ষরাজ্জীবাৎ ॥ ১৩ ॥

তৎ সদ্বারকহেতুত্বং। যয়া মায়য়া সহ যস্যাঃ মায়ায়ামিত্যর্থঃ অনুগতঃ ব্যাপ্তঃ সন্। আত্মনঃ স্বস্মাৎ সকাশাৎ। হৈমং প্রকাশ বহুলং পাঠান্তরে তয়া মায়য়ৈব ত্বয়াধিষ্ঠিতঃ নতু শুদ্ধস্বরূপেণান্যথা বিকারপ্রসঙ্গঃ স্যাদিতি ॥ ১৪ ॥

এবং অখিলের অপচয়ের নিমিত্ত গভীর বেগবান্, চাতুর্মাস্যত্রয় রূপ নাভিত্রয় বিশিষ্ট কালচক্ররূপে আপনিই প্রবৃত্ত হইয়া থাকেন অতএব আপনিই উত্তম পুরুষ ॥ ১৩ ॥

আপনি কি প্রকারে প্রকৃতি প্রভৃতি দ্বারা জগৎ সৃষ্ট্যাদির হেতু হইলেন, তাহার প্রকার এই, অমোঘবীর্য্য পুরুষ আপনা হইতে শক্তি প্রাপ্ত হইয়া যে মায়া দ্বারা গর্ভধারণের ন্যায় মহৎকে ধারণ করেন, সেই মহত্তত্ত্ব আপনাতে অনুগত হইয়া সেই মায়া দ্বারা আত্মা হইতে বহিরাবরণযুক্ত হেমময় অণ্ড সৃষ্টি করেন ॥ ১৪ ॥

তত্তস্থুষশ্চ জগতশ্চ ভবানধীশো যন্মায়য়োত্থগুণবিক্রিয়য়োপনীতান্।
অর্থান্ জুষন্নপি হৃষীকপতে ন লিপ্তো যেঽন্যে স্বতঃ পরিহৃতাদপি বিভ্যতি স্ম ॥ ১৫ ॥
স্মায়াবলোক লবদর্শিত ভাবহারিভ্রূমণ্ডলপ্রহিতসৌরতমন্ত্রশৌণ্ডৈঃ।

শ্রীধরস্বামী।

নন্বেবম্ভূতমীশ্বরত্বং মম কুতোঽবগতং তত্রাহঃ তদিতি তত্তস্মাৎ তস্থুষঃ স্থাবরস্য জগতো জঙ্গমস্য চ ভবান্ অধীশঃ যদ্যস্মাত্মায়য়া উত্থা উচ্ছ্রিতা যা গুণবিক্রিয়া ইন্দ্রিয়বৃত্তিঃ তয়োপনীতানর্থান্ বিষয়ান্ জুষন্ জুষমাণোঽপি হে হৃষীকপতে ন লিপ্তস্ত্বং যেত্বন্যে জীবা যোগিনো বা স্বতঃ পরিহৃতাদপি অবিদ্যমানাৎ ত্যক্তাদ্বা বিষয়জোষণাদ্বিভ্যতি বাসনা মাত্রেণ বধ্যন্ত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

অলিপ্তত্বমাহঃ স্মায়েতি। স্মায়াবলোকো মন্দহসিতবিলসিতোঽবলোকস্তস্য লবঃ কটাক্ষস্তেন দর্শিতো যো ভাবোঽভিপ্রায়স্তেন মনোহারি যদ্ভ্রূমণ্ডলং তেন প্রহিতা যে সৌরতমন্ত্রাস্তৈঃ শৌণ্ডৈঃ প্রগল্ভৈরনঙ্গবাণৈঃ কামস্য বাণৈঃ সম্মোহনৈঃ করণৈঃ কাম-

ক্রমসন্দর্ভঃ।

তদেব দর্শয়তি যদিতি যস্মাদেবং তবাংশঃ পুরুষঃ স্রষ্টৃত্বাদীশঃ। তত্র চেশরূপেণ জুষন্ জোষয়ন্নপীত্যর্থঃ। ন লিপ্তঃ কর্ম্মফলং প্রয়োক্তরীতি ন্যায়েনেতি ভাবঃ ॥ ১৫ ॥

নত্বহমত্র তু কামীব লক্ষ্যতে নেত্যাহঃ। স্মায়েতি অনঙ্গবাণরূপৈঃ করণৈঃ স্বাধিকপ্রেমবতী স্পর্দ্ধয়া কৃত্রিমৈর্জীব হাবাদিভির্বিশে-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবঞ্চ মূলভূতঃ পরম পরমেশ্বরত্বমেবেত্যাহঃ। তদিতি। যস্মাদেবং তত্তস্মাৎ তস্থুষঃ স্থাবরস্য চ জগতো জঙ্গমস্য চ ভবানধীশঃ। স্রষ্টা পুরুষ ঈশস্তস্য তমপ্যধিকরোতীত্যর্থঃ। যদ্যস্মাত্মায়য়া উত্থা উত্থিতা যা গুণবিক্রিয়া ইন্দ্রিয়বৃত্তিস্তয়োপনীতানর্থান্ বিষয়ান্ জুষন্ মর্ত্ত্যাদিশরীরেষু জীবদ্বারা পরমাত্মৈব ত্বং জুষমাণঃ সন্নপি হৃষীকপতে হে ইন্দ্রিয়নিয়ন্তঃ ন লিপ্তঃ। যে ত্বন্যে যোগিনস্তে স্বতঃ স্বেন পরিহৃতাদপি বিষয়জোষণাদ্বিভ্যতি বাসনামাত্রেণ বধ্যন্তে ইত্যর্থঃ ॥ ১৫ ॥

স্বয়ং ভগবদ্রূপঃ সাক্ষাৎ স্বস্বপ্রাকৃতবিষয়েষ্বপি ন লিপ্ত ইত্যাহঃ। স্মায়াবলোকো মন্দস্মিতবিলসিতোঽবলোকস্তস্য লবঃ কটাক্ষস্তেন দর্শিতো যো ভাবোঽভিপ্রায়স্তেন মনোহারি যদ্ভ্রূমণ্ডলং তেন প্রহিতা যে সৌরতা মন্ত্রাস্তৈঃ শৌণ্ডৈঃ প্রগল্ভৈঃ অনঙ্গস্য বাণৈর্বাণতুল্যৈঃ করণৈঃ কামকলাভিঃ ষোড়শসহস্রং পত্ন্যঃ বিমথিতুং ক্ষোভয়িতুং ন শেকুঃ। পত্নীনাং কিঞ্চিৎক্রিবৃত্তিস্তাসাং কামকলা অপ্য-

দীপিকাদীপনং।

এবং সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বেন মায়য়েতি অত্র সর্ব্বাবতারাবতারিশিরোমণেঃ শ্রীকৃষ্ণস্য স্তোতব্যত্বেন প্রকৃতত্বাৎ স্বাংশেন প্রকৃতিপ্রবর্ত্তক পুরুষরূপেণ বর্ণনমিদং জ্ঞেয়ং কর্ম্মফলং প্রযোক্তরীতি ন্যায়েন জুষমাণত্বেঽপি স্বরূপভূতচিচ্ছক্ত্যাঽলিপ্তত্বং মায়াং বুদস্য চিচ্ছক্ত্যা কৈবল্যে স্থিত আত্মনীতি শ্রীমদর্জ্জুনোক্তেঃ ॥ ১৫ ॥

সাক্ষাদ্রূপেঽপ্যলিপ্তত্বমাহঃ স্মায়েতি অভিপ্রায়োঽত্র রমণরূপঃ। প্রহিতাঃ প্রযুক্তাঃ সৌরতাঃ সম্ভোগাঙ্গরূপা মন্ত্রবৎ সম্মোহকা ভাবহাবহেলাদয়স্তে চ তে শৌণ্ডাশ্চ প্রগল্ভাস্তৈরনঙ্গবাণরূপৈঃ। করণৈঃ ক্রিয়তে বশীক্রিয়তে নায়ক এভিরিতি করণানি তৈ স্তথাচ কামকলাভিরিতি ব্যাখ্যাতং কামস্য সম্ভোগ শৃঙ্গারস্য কলা অলঙ্কারশব্দবাচ্যাঃ ভাবহাবহেলালীলাবিলাসবিচ্ছিত্তিবিব্বোক-কিলকিঞ্চি-

যদি বলেন এতাদৃশ ঈশ্বর কি প্রকারে অবগত হইলা, তাহার উত্তর এই যে, হে ইন্দ্রিয়াধীশ! যে হেতু মায়া হইতে উৎপন্ন গুণ বিকার দ্বারা উপনীত অর্থ সকলেতে যুক্ত হইয়াও আপনি তাহাতে লিপ্ত নহেন সেই কারণে আপনিই স্থাবর জঙ্গমের অধীশ্বর, কিন্তু আপনা ভিন্ন অন্য লোকে স্বয়ং বিষয়ে লিপ্ত হইয়া ভীত হয় ॥ ১৫ ॥

প্রভো! আপনার বিষয়ে লিপ্ত না হওয়ার কারণ এই, ষোড়শ সহস্র পত্নীগণ মন্দ মন্দ হাস্য ও

পত্ন্যস্তু ষোড়শসহস্রমনঙ্গবাণৈর্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং করণৈর্ন বিভ্ব্যঃ ॥ ১৬ ॥
বিভ্ব্যস্তবামৃতকথোদবহাস্ত্রিলোক্যাঃ পাদাবনেজসরিতঃ শমলানি হন্তুং।
আনুশ্রবং শ্রুতিভিরঙ্ঘ্রিজমঙ্গসঙ্গৈস্তীর্থদ্বয়ং শুচিসদস্ত উপস্পৃশন্তি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

কলাভিঃ ষোড়শসহস্রং পত্ন্যঃ যস্যেন্দ্রিয়ং মনঃ বিমথিতুং ন বিভ্ব্যো ন সমর্থাঃ স ভবান্ন লিপ্ত ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ১৬ ॥

তস্মাত্তব অমৃতরূপা যা কথা তদেব উদং উদকং বহন্তীতি তথা কীর্ত্তিনদ্যঃ তথা পাদাবনেজসরিতো গঙ্গাদাশ্চ ত্রিলোক্যাঃ শমলানি হন্তুং বিভ্ব্যঃ কেন প্রকারেণ আনুশ্রবং গুরোরুচ্চারণমনু শ্রূয়তে ইত্যনুশ্রবো বেদস্তত্র ভবং কীর্ত্তিরূপং তীর্থং শ্রুতিভিঃ শ্রবণেন্দ্রিয়ৈরঙ্ঘ্রিজমঙ্গসঙ্গৈরেবং শুচিসদঃ স্বাশ্রমধর্ম্মস্থিতা স্তব তীর্থদ্বয়মুপস্পৃশন্তি সেবন্তে ইতি ॥ ১৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যেন সোত্তমপ্রেমবতীতুল্যত্বেন মথিতুং। কিন্তু যাবাংস্তত্র প্রেমাংশস্তাবদেবেত্যর্থঃ। ইতি প্রথমস্কন্ধপদ্যবৎ। প্রেমবশ্য এব ত্বং নতু কামীত্যর্থঃ ॥ ১৬ ॥

তত্র কিং বক্তব্যং তব চরিতং কামময়মিতি যতস্তৎ কথাপি কামাদি শমলনপহন্তীত্যাহঃ বিভ্ব্য ইতি। অত্রোদবহা শব্দস্য নদ্যাং রূঢ়ির্জ্ঞেয়া। যৌগিকত্বেঽমৃতবং তিরস্কৃতং স্যাৎ। পাদাবনেজসরিত ইতি তু দৃষ্টান্তত্বেনোক্তং শমলং নিহন্তুং বিভ্ব্য ইত্যপি কিং বক্তব্যং। যতস্তীর্থদ্বয়ং সুখবিশেষপ্রাপ্ত্যর্থং। শুচিসদো নির্ম্মলচিত্তা অপি উপস্পৃশন্তি সদা সেবন্তে ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রাকৃত্যশ্চিন্ময্য এব তাভিরপ্যবশীকারদর্শনাদলিপ্ত এব ত্বং। কিঞ্চ। পারিজাতাদ্যাহরণজ্ঞাপিত বশীকারদর্শনাৎ তাশ্চ কদাচিত্তাসাং চিদ্বিশেষ প্রেমময্যোঽপি ভবতীত্যুজ্জ্বলনীলমণৌ প্রতিপাদিতং। ততশ্চ ত্বং প্রেমবশ্য এব নতু প্রাকৃতাপ্রাকৃতকামবশ্য ইতি ভাবঃ। যদ্বা। বিমথিতুং ব্রজসুন্দর্য্য ইব বিশেষেণ মথিতুং ন শেকুঃ। কিন্তু যাবাংস্তত্র প্রেমাংশস্তাবদেবেত্যর্থঃ ॥ ১৬ ॥

যদ্যপি ত্বমেবমলিপ্তস্তথাপি তব লীলামৃতং চরণামৃতঞ্চ সংসারবন্ধাল্লোকান্মোচয়তোবেত্যাহঃ। বিভ্ব্য ইতি তব অমৃতরূপা যাঃ কথাস্তা এব উদবহাঃ পুণ্যনদ্যঃ। পাদাবনেজসরিতো গঙ্গাশ্চ শমলান্যবিদ্যামালিন্যানি হন্তুং বিভ্ব্যঃ সমর্থাঃ। কেন প্রকারেণ আনুশ্রবং গুরোরুচ্চারণমনুশ্রূয়ত ইত্যনুশ্রবাঃ পুরাণাদ্যাস্তত্র ভবং লীলামৃতং তীর্থং শ্রুতিভিঃ শ্রবণেন্দ্রিয়ৈঃ। অঙ্ঘ্রিজং তীর্থঞ্চ অঙ্গসঙ্গৈঃ এবং শুচিসদঃ শুদ্ধচেষ্টা জনাঃ তীর্থদ্বয়ং উপস্পৃশন্তি অধিকং সেবন্তে ॥ ১৭ ॥

দীপিকাদীপনঃ।

তাদ্যা আবিংশতিঃ বিশেষেণ মথিতুং সোত্তমপ্রেমবতীতুল্যত্বেন ক্ষোভয়িতুং ন শেকুঃ কিন্তু যাসাং যাদৃশঃ প্রেমা তাস্তাদৃশমেব শেকুরিতি প্রেমবশ্য এব ত্বং নতু কামীত্যর্থঃ ॥ ১৬ ॥

তস্মাদলিপ্তত্বেনেশ্বরত্বাৎ। কেন প্রকারেণোত্তর নদীনাং শমলহন্তৃত্বং ॥ ১৭ ॥

অবলোকনেতে দর্শিত ভাব ও মনোহরণশীল ভ্রূমণ্ডল দ্বারা প্রেরিত সুরতমন্ত্রণা বিষয়ে প্রাগল্ভ্য বিশিষ্ট অনঙ্গবাণ স্বরূপ কামকলা সকলের দ্বারা যাঁহার মনের বিকার জন্মাইতে সমর্থ হয় নাই ॥ ১৬ ॥

অতএব আপনার অমৃত কথা রূপ স্রোতোবাহিনী কীর্ত্তি ও পাদাবনেজন জনিত সরিৎ এ উভয়ে ত্রৈলোক্যের পাপ নাশ করিতে সমর্থ হয়, তাহার মধ্যে বেদবিহিত কীর্ত্তি রূপ তীর্থ শ্রবণ দ্বারা ও অঙ্ঘ্রিজ তীর্থ অঙ্গসংস্পর্শ দ্বারা পবিত্র করে, আশ্রম ধর্ম্মস্থিত লোকেরা সে উভয় তীর্থেরই সেবা করেন ॥ ১৭ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যভিষ্টূয় বিবুধৈঃ শেষঃ শতধৃতির্হরিং। অভ্যভাষত গোবিন্দং প্রণম্যাম্বরমাশ্রিতঃ ॥

শ্রীব্রহ্মোবাচ ॥

ভূমের্ভারাবতারায় পুরা বিজ্ঞাপিতঃ প্রভো। ত্বমস্মাভিরশেষাত্মংস্তত্তথৈবোপপাদিতং ॥ ১৮ ॥

ধর্ম্মশ্চ স্থাপিতঃ সৎসু সত্যসন্ধেষু বৈ ত্বয়া। কীর্ত্তিশ্চ দিক্ষু বিক্ষিপ্তা সর্ব্বলোকমলাপহা ॥ ১৯ ॥

অবতীর্য্য যদোর্বংশে বিভ্রদ্রূপমনুত্তমং। কর্ম্মাণ্যুদ্দামবৃত্তানি হিতায় জগতোঽকৃথাঃ।

যানি তে চরিতানীশ মনুষ্যাঃ সাধবঃ কলৌ। শৃণ্বন্তঃ কীর্ত্তয়ন্তশ্চ তরিষ্যন্ত্যঞ্জসা তমঃ।

যদুবংশেঽবতীর্ণস্য ভবতঃ পুরুষোত্তম। শরচ্ছতং ব্যতীয়ায় পঞ্চবিংশাধিকং বিভো।

শ্রীধরস্বামী।

বিবুধৈঃ সহ ॥ ১৮ ॥

বিক্ষিপ্তা বিস্তারিতা ॥ ১৯ ॥

উদ্দামানি বৃত্তানি বিক্রমা যেষু তানি কর্ম্মাণি ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ভূমেরিতি যুগ্মকং। উপপাদিতং ত্বয়েত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৮ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু যুষ্মাভিঃ ক্ষীরোদশায়ৈব বিজ্ঞাপিতঃ নত্বহং তত্রাহ অশেষাত্মন্‌ হে সর্ব্বাবতারাবতারিস্বরূপ। তস্যাপি ত্বৎস্বরূপত্বাদিত্যর্থঃ বিক্ষিপ্তা বিস্তারিতা ॥ ১৮ ॥ ১৯ ॥

শরচ্ছতং বর্ষশতং ॥

দীপিকাদীপনং।

অম্বরমাশ্রিত ইতি নহি দেবাঃ ভুবং স্পৃশন্তি ইতি স্বমর্য্যাদাদর্শনায় ভগবতোঽপি মনুষ্যমর্য্যাদায়াং স্থেয়ত্বং দর্শয়তীতি ভাবঃ ॥১৮॥

ভূমেরিতি যুগ্মকং। অশেষাত্মন্নিতি সর্ব্বান্তর্যামিত্বেন ভূম্যাদীনাং দুঃখং জানাস্যেবেত্যর্থঃ। তদ্বিজ্ঞাপনং ত্বয়া তথৈবোপপাদিতং সত্যসন্ধেষু সত্যপ্রতিজ্ঞেষু ॥ ১৯ ॥

বিভ্রজ্জগতি দর্শয়ন্‌ ॥

যানীতি যচ্ছব্দস্যোত্তরবাক্যগতত্বেন তচ্ছব্দানপেক্ষত্বং সাধু চন্দ্রমসি পুষ্করৈঃ কৃতমিতিবৎ। অঞ্জসেতি শ্রবণকীর্ত্তনয়োঃ স্বতঃ পুরুষার্থত্বং তরণস্যানুষঙ্গিকত্বং চোক্তং ॥

বিবাক্ষতমাহ যদুবংশ ইতি ॥

শুকদেব কহিলেন, দেবগণ সহিত ব্রহ্মা এইরূপে হরির স্তব করিয়া পরে গগনমণ্ডল আশ্রয় পূর্ব্বক গোবিন্দকে প্রণাম করিয়া কহিতে লাগিলেন ॥

ব্রহ্মা কহিলেন, হে অশেষাত্মন্‌! হে প্রভো! পূর্ব্বকালে আমরা ভূমির ভারহরণের নিমিত্ত আপনার নিকট প্রার্থনা করিয়াছিলাম, এক্ষণে সেই সমুদায় সুসম্পন্ন হইয়াছে ॥ ১৮ ॥

সত্যপ্রতিজ্ঞ সাধু সকলের ধর্ম্ম সংস্থাপন এবং দিক্‌দিগন্তরে সর্ব্বলোক মলনাশিনী কীর্ত্তি বিস্তার রূপে সংস্থাপন করা হইয়াছে ॥ ১৯ ॥

হে প্রভো! যদুবংশে অবতীর্ণ হইয়া সর্ব্বোত্তম রূপ ধারণ পূর্ব্বক জগতের হিতের নিমিত্ত ত্রিবিক্রম যুক্ত কর্ম্ম সকল সম্পন্ন করিয়াছেন। হে ঈশ! আপনার এই আচরিত সকল সাধু মনুষ্যেরা কলিতে শ্রবণ ও কীর্ত্তন করিয়া সহসা পাপ হইতে উত্তীর্ণ হইবে। হে পুরুষোত্তম! হে বিভো! যদুবংশে অবতীর্ণ হইয়া আপনার পঞ্চবিংশাধিক শত বৎসর অতিবাহিত করা হইয়াছে।

নাধুনা তেঽখিলাধার দেবকার্য্যাবশেষিতং। কুলঞ্চ বিপ্রশাপেন নষ্টপ্রায়মভূদিদং।
ততঃ স্বধাম পরমং বিশস্ব যদি মন্যসে। সলোকান্ লোকপালান্নঃ পাহি বৈকুণ্ঠকিঙ্করান্॥ ২০॥
শ্রীভগবানুবাচ॥
অবধারিতমেতন্মে যদাত্থ বিবুধেশ্বর। কৃতং বঃ কার্য্যমখিলং ভূমের্ভারোঽবতারিতঃ।
তদিদং যাদবকুলং বীর্য্যশৌর্য্যশ্রিয়োদ্ধতং। লোকং জিঘৃক্ষদ্রুদ্ধং মে বেলয়েব মহার্ণবঃ॥ ২১॥

শ্রীধরস্বামী।

বীর্য্যশৌর্য্যযুক্তয়া শ্রিয়া॥ ২১॥

ক্রমসন্দর্ভঃ।

নষ্টপ্রায়মদর্শনগতভুল্যং॥

স্বধাম প্রাপঞ্চিকাপ্রকটীভূতং দ্বারকায়া এব প্রকাশং শ্রীকৃষ্ণরূপেণ প্রবিশ শ্রীবিষ্ণুরূপেণ তু সলোকাল্লোকপালান্নঃ পাহি। নানা-বৈকুণ্ঠনাথরূপৈশ্চ বৈকুণ্ঠকিঙ্করান্ পাহীতি সর্ব্বাংশমাদায়াবতীর্ণত্বাৎ॥ ২০॥

উদ্ধতমবধ্যং লোকং জগদেব জিঘৃক্ষৎ অনন্তত্বাৎ প্রাপ্তুমিচ্ছৎ॥ ২১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ন দেবকার্য্যাবশেষিতং দেবকার্য্যস্যাবশেষো নাস্ত্যধুনেত্যর্থঃ। নষ্টপ্রায়মন্তর্হিতপ্রায়ং। নশেরদর্শনার্থত্বাৎ॥

স্বধামপ্রপঞ্চাগোচরীভূতং দ্বারকায়াঃ প্রকাশবিশেষং কৃষ্ণস্বরূপেণ প্রবিশ বৈকুণ্ঠ শ্বেতদ্বীপাদিকন্তু নারায়ণাদিস্বরূপেণ সর্ব্বাংশ-মাদায়াবতীর্ণত্বাৎ॥ ২০॥

বীর্য্যং বলিষ্ঠত্বং শৌর্য্যং যুদ্ধোৎসাহস্তয়োঃ শ্রিয়া সম্পত্ত্যা উদ্ধতং হতাৎ হননাদুদ্গতং অবধ্যমিত্যর্থঃ। লোকং জিঘৃক্ষৎ অনন্তত্বা-দ্ব্যাপ্তুমিচ্ছৎ ময়া অচিন্ত্যশক্তিনা দ্বারকায়ামেব রুদ্ধমন্যথা সর্ব্বভূর্লোকেঽপি মাতুমপর্য্যাপ্তমিতি ভাবঃ॥ ২১॥

দীপিকাদীপনং।

নষ্টপ্রায়মদর্শনপ্রাপ্তপ্রায়ং॥

ততো হেতোঃ স্বধাম। প্রাপঞ্চিকাপ্রকটীভূতং দ্বারকায়া এবাপ্রকটপ্রকাশং স্বয়ং ভগবৎ কৃষ্ণরূপেণ প্রবিশ স্বাংশ বিষ্ণুরূপেণ তু সলোকাল্লোকপালান্নঃ পাহি নানা বৈকুণ্ঠনাথৈঃ স্ববিলাসৈশ্চ বৈকুণ্ঠকিঙ্করান্ পাহীতি সর্ব্বাংশমাদায়াবতীর্ণত্বাৎ॥ ২০॥

অবধারিতং শ্রুতং অখিলং দৈত্যসংহারাদি॥

বীর্য্যোত্যৈত্রেকবদ্ভাবে ক্লীবত্বং তাদৃতো বীর্য্যশৌর্য্যযুক্তয়েতি ব্যাখ্যাতং উদ্ধতমবধ্যং লোকং জগদেব জিঘৃক্ষৎ অনন্তত্বেন প্রাপ্তু-মিচ্ছৎ॥ ২১॥

হে অখিলাধার! এক্ষণে আপনার দেবকার্য্য সম্পন্ন করিতে অবশেষ নাই, আর এই যদুকুলও ব্রাহ্মণশাপে নষ্ট প্রায় হইয়াছে অতএব যদি ইচ্ছা হয় তবে এক্ষণে স্বীয় পরমধাম বৈকুণ্ঠে আগমন করুন এবং লোক ও লোকপাল সহিত বৈকুণ্ঠকিঙ্কর আমাদিগকে রক্ষা করুন॥ ২০॥

ভগবান্ কহিলেন, হে বিবুধেশ্বর! তুমি যাহা কহিলে আমি তাহা পূর্ব্বেই অবধারিত করিয়াছি, আমি তোমাদের অখিল কার্য্য সম্পন্ন করিয়াছি এবং ভূমির ভার অবতারিত করিয়াছি। বীর্য্য শৌর্য্য যুক্ত সম্পদ্ দ্বারা উদ্ধত (অবধ্য) ও সর্ব্বলোকজয়েচ্ছু এই যাদবকুলকে আমি বেলা দ্বারা মহাসাগরের ন্যায় রুদ্ধ করিয়া রাখিয়াছি॥ ২১॥

যদ্যসংহৃত্য দৃপ্তানাং যদূনাং বিপুলং কুলং। গন্তাস্ম্যনেন লোকোঽয়মুদ্বেলেন বিনঙ্ক্ষ্যতি ॥২২॥
ইদানীং নাশ আরব্ধঃ কুলস্য দ্বিজশাপজঃ। যাস্যামি ভবনং ব্রহ্মন্নেতদন্তে তবানঘ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যুক্তো লোকনাথেন স্বয়ম্ভূঃ প্রণিপত্য তং। সহ দেবগণৈ র্দেবঃ স্বধাম সমপদ্যত।
অথ তস্যাং মহোৎপাতান্ দ্বারবত্যাং সমুত্থিতান্। বিলোক্য ভগবানাহ যদুবৃদ্ধান্ সমাগতান্ ॥

শ্রীধরস্বামী।

উদ্বেলেন লঙ্ঘিতমর্য্যাদেন ॥ ২২ ॥
বৈকুণ্ঠং যান্ তব ভবনং যাস্যামি ॥ ২৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

নম্বেতেষাং ব্রহ্মণ্যানাং বদান্যানাং নিত্যং বৃদ্ধোপসেবিনাং ব্যাপ্ত্যা সর্ব্বত্র ভদ্রমেব ভবেৎ তত্রাহ যদীতি। উদ্বেলেন মদিরোগা-দুন্মত্তচেষ্টেন ॥ ২২ ॥

নাশঃ অদর্শনং নিগূঢ়ায়াং দ্বারকায়াং প্রবেশনমিত্যর্থঃ। এতস্য প্রবেশনস্যান্তে তব ভবনং বিকুণ্ঠাসুতরূপেণ যাস্যামি তদুপরিগং তদ্বৈকুণ্ঠং যান্নিত্যর্থঃ ॥

অথ তস্যাং মহোৎপাতানিতি তদিচ্ছয়ৈব। মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনমিতি তদসংভবাৎ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃপ্তানাং মামকত্বেন ধৃতাহঙ্কারাণাং উদ্বেলেন অতিক্রান্তমর্য্যাদসমুদ্রোপমেনেত্যর্থঃ। লোকো ভূর্লোকঃ যদ্যপি মৎপরিজনানা-মেষাং পরমধার্ম্মিকাণাং যদূনাং ভারং পৃথিবীভারং ন মন্যতে তদপি তস্যাঃ স্বামিনা ময়াঽয়ং ভারোঽবতারণীয় এব। সুকুমার্য্যা বনি-তায়া অতিবহুতরভূষণভারো যথা তৎ কান্তেনাবতার্য্যতে তথা। যদ্যপি স্পৃহণীয়স্য বস্তুনো ভারঃ সুসহ এব তদপ্যতিভারস্তু ন সুসহো যথাঽকস্মাৎ প্রাপ্তোঽপি কনকরাশিভারো গৃহ্ণনাপি বণিজা দুর্ব্বহ এব। ধৃতরথচরণোঽভ্যয়াচ্চলদ্গু রিতি ব্যাসবর্ণনাৎ তদ্ভারোঽপি পৃথিব্যা দুঃসহ এব দৃষ্ট ইতি ॥ ২২ ॥

নাশোঽদর্শনং নিগূঢ়ায়াং দ্বারকায়াং প্রবেশমিত্যর্থঃ। এতস্য প্রবেশনস্যান্তে তব ভবনং বিকুণ্ঠাসুতরূপেণ যাস্যামি তদুপরিগং বৈকুণ্ঠং যাস্যন্নিতি সন্দর্ভঃ ॥

মহোৎপাতান্ ভগবদিচ্ছয়ৈবাবির্ভূতান্ মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টদর্শনমিত্যুক্তেস্তত্র তদসম্ভাবাৎ ॥ ২৩ ॥

দীপিকাদীপনং।

লঙ্ঘিতমর্য্যাদেনেতি মদিরোগাদুন্মত্তচেষ্টত্বেন কর্ত্তব্যাকর্ত্তব্যবিচারলোপাৎ ॥ ২২ ॥
নাশোঽদর্শনং অপ্রকটদ্বারকায়াং প্রবেশনমিত্যর্থঃ। এতস্য প্রবেশনস্যান্তে বিকুণ্ঠাসুতরূপেণ বৈকুণ্ঠং যান্ ॥
লোকনাথেনেতি লোকসংগ্রহার্থং ব্রাহ্মণশাপিবর্ণনমুচিতমিতি ভাবঃ ॥
অথ ব্রহ্মণো বিসর্জ্জনানন্তরং মহোৎপাতান্নিতি তু তদিচ্ছয়ৈব অন্যথা মুনিবাসনিবাসে কিং ঘটেতারিষ্টমিতি তদসম্ভবাৎ ॥

যদি আমি এই বলদৃপ্ত বিপুল যদুকুলকে সংহার না করিয়া গমন করি, তাহা হইলে ইহারা ব্যব-হার সীমা লঙ্ঘন পূর্ব্বক সমুদায় লোক বিনষ্ট করিবে ॥ ২২ ॥

হে অনঘ! হে ব্রহ্মন্! এক্ষণে বিপ্রশাপ দ্বারা এই কুল নষ্ট হইবার উপক্রম হইয়াছে, অতএব এতদন্তে আমি তোমার ভবন হইয়া বৈকুণ্ঠে গমন করিব ॥

শুকদেব কহিলেন, স্বয়ম্ভু ব্রহ্মা লোকনাথ কর্ত্তৃক এইরূপ অনুজ্ঞাত হইয়া তাঁহাকে প্রণাম পূর্ব্বক দেবগণের সহিত স্বস্থানে গমন করিলেন ॥

অনন্তর দ্বারকাপুরীতে মহা মহা উৎপাত সকল উপস্থিত হইতে লাগিল, তদবলোকনে ভগবান্

শ্রীভগবানুবাচ ॥

এতে বৈ সুমহোৎপাতাহ্যুত্তিষ্ঠন্তীহ সর্ব্বতঃ। শাপশ্চ নঃ কুলস্যাসীদ্ব্রাহ্মণেভ্যো দুরত্যয়ঃ ॥২৩॥

ন বস্তব্যমিহাস্মাভি র্জিজীবিষুভিরার্য্যকাঃ। প্রভাসং সুমহৎ পুণ্যং যাস্যামোহদ্যৈব মাচিরং ॥ ২৪ ॥

যত্র স্নাত্বা দক্ষশাপাদ্গৃহীতো যক্ষ্মণোড়ুরাট্। বিমুক্তঃ কিল্বিষাৎ সদ্যো ভেজে ভূয়ঃ কলোদয়ং॥২৫

বয়ঞ্চ তস্মিন্নাপ্লুত্য তর্পয়িত্বা পিতৄন্ সুরান্। ভোজয়িত্বোশিজো বিপ্রান্ নানাগুণবতান্ধসা ॥২৬॥

শ্রীধরস্বামী।

প্রভাসং যাস্যাম ইতি বদতোঽয়মভিপ্রায়ঃ এতে দেবাংশাঃ স্বাধিকারানেবার্হন্তি নতু সদ্যো মোক্ষং দ্বারবত্যান্তু মৃতা মুচ্যেরন্ তস্মাদত্ত্যুদয়ফলং প্রভাসং নেষ্যামীতি ॥ ২৪ ॥

দক্ষশাপাৎ যক্ষ্মণা গৃহীতশ্চন্দ্রো যত্র স্নানমাত্রং কৃত্বা কিল্বিষাৎ তস্মাৎ রোগাৎ দুঃখাৎ সদ্যোঃ বিমুক্তঃ সন্ কলাবৃদ্ধিং ভেজে প্রাপ্তবান্ ॥ ২৫ ॥

উশিজঃ কমনীয়ান্ অন্ধসা অন্নেন ॥ ২৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অস্মাভিরিতি তেষাং স্বসাম্যমেব নির্দ্দিষ্টং। তত্র জিজীবিষুভিরিত্যাস্থবদেব তেষামুৎপাত নিরসনমভিপ্রেতং। তত্র যাস্যামাত্রং প্রভাসমিত্যাদি। মঙ্গলরূপায়াং স্বপুর্য্যামমঙ্গলানুকরণমপি মাভূদিত্যভিপ্রায়কঞ্চ অনুকরণমাত্রঞ্চ জিজীবিষুভিরিত্যনেনৈব ব্যঞ্জিতং। অন্যথা শ্রীভগবদ্দ্বারকাত্যাগঃ স্যাৎ ॥ ২৪ ॥

তত্র চ তীর্থে ব্রহ্মশাপস্যাপি শমনযোগ্যতাং দর্শয়তি যত্রেতি। অন্যথা শ্রীভগবতো যুক্তিভঙ্গঃ স্যাৎ ॥ ২৫ ॥

সনৌকা দৃষ্টান্তেন সাধনেন তদেব প্রচয়তি বয়মিতি যুগ্মকেন। এতদ্ব্যাখ্যানিদানবিবরণং শ্রীকৃষ্ণসন্দর্ভে সপ্তদশোত্তর শততম বাক্যচুর্ণিকামারভ্য চতুস্ত্রিংশদুত্তর তৎ পর্য্যন্ত গ্রন্থে দৃষ্টং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রভাসমিতি মন্নিত্যপরিকরৈর্বিশিষ্টৈব দ্বারকা সদা বিরাজতু। তেষু প্রবিষ্টান্ দেবানেব যাদবরূপান্ অলক্ষিতং তেভ্যঃ সকাশাৎ যোগবলেন নিষ্কাশ্য প্রভাসং নীত্বা তত্রৈব তান্ মায়য়া মৌষলসংগ্রামং প্রাপয্য স্বর্গং প্রস্থাপ্য বিকুণ্ঠাসুতাদিস্বরূপোঽহমপি বৈকুণ্ঠাদি-ধামানি যাস্যামি পূর্ণস্বরূপেণ তু সপরিকরোঽহং দ্বারকায়াং সদৈবাস্মোবেতি ভগবন্মনোগতং জ্ঞেয়ং ॥ ২৪ ॥

যক্ষ্মণা রোগেণ গৃহীতোঽপি যত্র স্নানমাত্রং কৃত্বা তস্মাৎ দুঃখাৎ বিমুক্তঃ কলাবৃদ্ধিং ভেজে ॥ ২৫ ॥

উশিজঃ কমনীয়ান্ অন্ধসা অন্নেন ॥ ২৬ ॥

দীপিকাদীপনং।

সর্ব্বতো দিব্য ভৌম দৈহিকভেদেন। নচ প্রতিকারঃ কর্ত্তুং শক্য ইত্যাহ শাপশ্চেতি ॥ ২৩ ॥

অস্মাভিরিতি যদূনাং স্বসাম্যমেবাভিপ্রেতং জিজীবিষুভিরিতি স্বাস্থবদেব তেষামপ্যুৎপাত নিরসনমভিপ্রেতং। এতে যাদবে-ষাবিষ্টাঃ দ্বারবত্যাং মৃতা মুচ্যেরন্নিতি উপলক্ষণং মঙ্গলরূপায়াং তস্যামমঙ্গলানুকরণমপি মাভূদিত্যপি ॥ ২৪ ॥

তীর্থস্য ব্রহ্মশাপ-শমনযোগ্যতামাহ যত্রেতি ॥ ২৫ ॥

বয়মিতি যুগ্মকং তস্মিন্ প্রভাসে ॥ ২৬ ॥

শ্রীকৃষ্ণ যদুবৃদ্ধগণকে আহ্বান করিয়া কহিলেন, হে আর্য্যগণ! চতুর্দ্দিকে এই সুমহৎ উৎপাত উপস্থিত হইতেছে এবং আমাদিগের কুলে দুরত্যয় ব্রহ্মশাপও প্রবেশ করিয়াছে ॥ ২৩ ॥

অতএব যদি জীবনধারণ করিতে ইচ্ছা হয়, তবে আমাদিগের আর এখানে বাস করা উপযুক্ত হয় না, অদ্যই মহৎ পুণ্যজনক প্রভাসতীর্থে গমন করিব আর অপেক্ষা করিব না ॥ ২৪ ॥

দক্ষশাপে যক্ষ্মরোগগ্রস্ত চন্দ্র যে তীর্থে স্নান করিয়া পাপ হইতে মুক্তি লাভ পূর্ব্বক সদ্যঃ কলা-বৃদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৫ ॥

আমরাও সেই তীর্থে অবগাহন পূর্ব্বক পিতৃদেবতার তর্পণ করিয়া পূজ্যতম বিপ্রগণকে নানাগুণ-শালি অন্নভোজন করাইব ॥ ২৬ ॥

তেষু দানানি পাত্রেষু শ্রদ্ধয়োপ্ত্বা মহান্তি বৈ। বৃজিনানি তরিষ্যামো দানৈর্নৌভিরিবার্ণবং ॥

শ্রীশুক উবাচ ॥

এবং ভগবতাদিষ্টা যাদবাঃ কুরুনন্দন। গন্তুং কৃতধিয়স্তীর্থং স্যন্দনান্ সমযূযুজন্।

তন্নিরীক্ষ্যোদ্ধবো রাজন্ শ্রুত্বা ভগবতোদিতং। দৃষ্ট্বারিষ্টানি ঘোরাণি নিত্যং কৃষ্ণমনুব্রতঃ।

বিবিক্ত উপসংগম্য জগতামীশ্বরেশ্বরং। প্রণম্য শিরসা পাদৌ প্রাঞ্জলিস্তমভাষত ॥ ২৭ ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

দেবদেবেশ যোগেশ পুণ্যশ্রবণকীর্ত্তন। সংহৃত্যৈতৎকুলং নূনং লোকং সংত্যক্ষ্যতে ভবান্ ॥২৮॥

শ্রীধরস্বামী।

উপ্ত্বেতি যথা সুক্ষেত্রে বীজমুপ্তং বহুফলং ভবতি তথা দানং সৎপাত্র ইতি দ্যোতয়তি ॥ ২৭ ॥

লোকং মর্ত্যলোকং ॥ ২৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

তন্নিরীক্ষ্যেতি প্রথমং যাদবানাং প্রভাসযাত্রোদ্যমদর্শনং পশ্চাদেব শ্রীভগবতস্তেভ্য স্তাদৃগুপদেশশ্রবণমিতি। তস্মাৎ পরোক্ষী-কৃত্য তেভ্যস্তেন তদুপদিষ্টং পরম্পরয়ৈব তচ্ছ্রবণমিতি লভ্যতে। তাদৃশ তৎ প্রতিজ্ঞায়ামপি দৃষ্ট্বারিষ্টানীতি বস্তুত উৎপাতাভাবেঽপি বহির্দৃষ্ট্যা তদাভাসঃ স্যাদেবেতি নির্ণীতমিতি গম্যতে ॥ ২৭ ॥

দেবদেবেতি সার্দ্ধকং। অতএব নূনমিতি বিতর্কোক্তিঃ। সংহৃত্য সংহারমুদ্রয়া স্বসঙ্গেন নীত্বেত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উপ্ত্বেতি যথা সুক্ষেত্রে বীজমুপ্তং বহুফলং ভবতি তথা দানং সৎপাত্রে ইতি দ্যোতয়তি ॥ ২৭ ॥

দেবানামপি দেবা ব্রহ্মাদয়স্তেষামীশেতি দেবকার্য্যং ব্রহ্মপ্রার্থিতক ত্বয়া সর্ব্বং সম্পাদিতমিতি ভাবঃ। ন কেবলমেতদর্থমেবাবতীর্ণ-স্ত্বমতুঃ কিন্তু দুর্ব্বিতর্ক্য বিচিত্র রসময় রূপগুণচরিত্রপ্রকাশনয়া ভক্তজনানন্দনার্থমপীত্যাহ হে যোগেশেতি। যদুক্তং। যন্মর্ত্যলীলো-পয়িকং স্বযোগমায়াবলং দর্শয়তা গৃহীতমিতি জনিষ্যমাণ জনতা নিস্তারার্থমপীত্যাহ পুণ্যেতি অত এতৎ ত্বদীয় সর্ব্ববিধিৎসিতস্য নিষ্পন্নত্বাদিদানীমিমং লোকং সন্ত্যক্ষ্যতে। নূনমিতি বিতর্কে ভবানন্তর্ধাস্যতীতি তর্কয়ামি। কিঞ্চ শাপনিবর্ত্তকং প্রভাসস্থানমুপ-দিশসি কিন্ত্বদ্দর্শনাদপি প্রভাসস্থানমধিকং ভবেৎ। বিপ্রশাপ এবাং মা ফলত্বিতি তব মনোগতে সত্যপি কিং শাপঃ প্রভবিতুং শক্নু-য়াৎ। তস্মাত্তবাত্রান্তর্দ্ধিৎসৈব দৃশ্যতে যৎ যতঃ সমর্থোপি ভবান্ বিপ্রশাপং ন প্রত্যহন্ ন প্রতিহতবান্ ॥ ২৮ ॥

দীপিকাদীপনং।

ভগবতেতি তদাজ্ঞাং কোঽন্যথা কুর্য্যাদিতি ভাবঃ ব্যাজমন্ত্রবাক্যশ্রুত্যা বিস্মিতং রাজানং সান্ত্বয়তি কুরুনন্দনেতি ॥

তন্নিরীক্ষ্যেত্যেব পাঠো নতু তানিতি তৎ প্রভাসযাত্রোদ্যমনং দৃষ্ট্বা। পশ্চাজ্জনপরম্পরয়ৈব যদুক্তো ভগবতোদিতং এতে বৈ ইত্যাদি পদ্যপঞ্চকং শ্রুত্বা তস্মাদ্ যুক্তত্বেব তেভ্যস্তেনোপদেশাৎ। ঘোরাণ্যদৃষ্টানীতি যদ্যপি তত্র সম্ভবতি তথাপি বহির্দৃষ্ট্যা তদা-ভাসানেব দৃষ্ট্বা বিবিক্তে রহসি ॥ ২৭ ॥

দেবদেবেতি সার্দ্ধকং সংহৃত্য সংহারানুকরণেন স্বসঙ্গেনীত্বেত্যর্থঃ অতএব নূনমিতি বিতর্কে বদত্যাৎ ॥ ২৮ ॥

এবং সেই সকল সৎপাত্রে শ্রদ্ধা পূর্ব্বক ধন দান করিয়া নৌকা দ্বারা মহার্ণব উত্তরণের ন্যায় মহৎ পাপরাশি হইতে উত্তীর্ণ হইব ॥

শুকদেব কহিলেন, হে কুরুনন্দন! ভগবান্ কর্ত্তৃক এইরূপ আদিষ্ট হইয়া যাদবগণ প্রভাসতীর্থে গমন করিবার নিমিত্ত রথসজ্জা করিতে আরম্ভ করিলেন। হে রাজন্! নিত্য অনুরক্ত উদ্ধব ইহা নিরীক্ষণ করিয়াও ভগবদুক্তবিষয় শ্রবণ করিয়া এবং ঘোরতর উৎপাত দর্শন করিয়া নির্জনপ্রদেশে গমন পূর্ব্বক জগদীশ্বর শ্রীকৃষ্ণকে প্রণাম ও পদদ্বয় ধারণ করত কহিতে লাগিলেন ॥ ২৭ ॥

উদ্ধব কহিলেন, হে দেবদেবেশ! হে যোগেশ! হে পুণ্যশ্রবণকীর্ত্তন! নিশ্চয় বোধ হইতেছে আপনি এই কুল সংহার পূর্ব্বক মর্ত্যলোক পরিত্যাগ করিবেন ॥ ২৮ ॥

বিপ্রশাপং সমর্থোঽপি প্রত্যহন্ন যদীশ্বরঃ। নাহং তবাঙ্ঘ্রিকমলং ক্ষণার্দ্ধমপি কেশব।
ত্যক্তুং সমুৎসহে নাথ স্বধাম নয়মামপি। তব বিক্রীড়িতং কৃষ্ণ নৃণাং পরমমঙ্গলং।
কর্ণপীযূষমাসাদ্য ত্যজন্ত্যন্যস্পৃহাং জনাঃ ॥ ২৯ ॥
শয্যাসনাটনস্থানস্নানক্রীড়াশনাদিষু। কথং ত্বাং প্রিয়মাত্মানং বয়ং ভক্তাস্ত্যজেমহি ॥ ৩০ ॥
ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েমহি ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

ন প্রত্যহন্ ন প্রতিহতবান্ ॥ ২৯ ॥

শয্যাদিষু ত্বাং ভক্তা নিত্যং সেবিতবন্তো বয়ং কথং ত্যজেম ॥ ৩০ ॥

ত্যক্তুমশক্নুবন্ প্রার্থয়ে ন মায়াভয়াদিত্যাহ ত্বয়েতি। চর্চ্চিতা অলঙ্কৃতাঃ হি নিশ্চিতং জয়েম ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অতঃ স্বস্মিংস্তদ্গোপনগমনয়নং দৃষ্ট্বা প্রার্থয়তে নাহমিতি। যথা যাদবাংস্তথৈব তথা মামপি নয়েত্যপিশব্দার্থঃ ॥

স্বকর্তৃকত্যাগাশক্যত্বং কৈমুত্যেন দর্শয়তি তবেতি ॥ ২৯ ॥

তদেবাহ শয্যেতি ॥ ৩০ ॥

ত্যক্তুমশক্নুবন্নেব প্রার্থয়ে ন মায়াভয়াৎ। যতঃ সাধকভক্তানামপি তত্তরণমারোপিতত্বৎসম্বন্ধেনাপি সুখসাধ্যমিতি দর্শয়ন্ সজাতীয়বাসনত্বেন তেষ্বপি স্বাভেদমঙ্গীকুর্ব্বন্নস্মৎ প্রয়োগেণৈব তেষাং তদাহ ত্বয়োপযুক্তেতি পরোক্ষপূজাদাবপীতি ভাবঃ। জয়েম জেতুং শক্নুমঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বীশ্বরোঽহং যথেচ্ছামি তথা করোমি তেন তব কিমিতি চেত্তত্রাহ নাহমিতি ॥

অন্যস্পৃহাং পুত্রকলত্রাদিমোক্ষান্তস্পৃহাং ত্যজন্তি নতু বিক্রীড়িতং ত্যক্তুং শক্নুবন্তি। অহন্তু ত্বামপি ত্যক্তুং কথং শক্নুয়ামিতি ভাবঃ ॥ ২৯ ॥

কিঞ্চ শয্যাদিষু ত্বাং ভক্তাঃ পাদসম্বাহনাদ্যৈর্নিত্যং সেবিতবন্তো বয়ং কথং ত্যজেম ॥ ৩০ ॥

ত্যক্তুমশক্নুবন্নেব প্রার্থয়ে নতু মায়াভয়াদিত্যাহ। ত্বয়েতি। মায়াং জয়েমেতি সা যদ্যস্মান্ প্রতি বিক্রামন্তী আয়াতি তর্হ্যেতৈ-রেবাস্ত্রৈঃ প্রবলীভূয় তাং জয়েম নতু জ্ঞানাদিভিরিত্যর্থঃ ॥ ৩১ ॥

দীপিকাদীপনং।

অতএব স্বং বঞ্চিতং মত্বা প্রার্থয়তে নাহমিতি যথা যাদবান্নেষ্যতি তথা মামপি নয়েত্যপেরর্থঃ ॥

স্বকর্তৃক ত্যাগাশক্যত্বং কৈমুত্যেন দর্শয়তি তবেতি বিক্রীড়িতমিতি ভাবে নিষ্ঠা লীলাশ্রবণেঽপি তদেকনিষ্ঠত্বং স্যাৎ কিং পুনঃ সাক্ষাদ্দর্শনাদাবিতি ভাবঃ ॥ ২৯ ॥

তদেবাহ শয্যেতি ॥ ৩০ ॥

পরোক্ষপূজাদাবপি সাধকভক্তানামপি উপভুক্ত স্রগাদিনা তজ্জয়ঃ সুপ্রসিদ্ধ এব কিং পুনঃ সাক্ষাত্বমিতি ভাবঃ ॥ ৩১ ॥

যে হেতু আপনি সমর্থ হইয়াও বিপ্রশাপের প্রতিবিধান করিতেছেন না, হে কেশব! সেই জন্য ক্ষণার্দ্ধও আপনার পাদপদ্ম পরিত্যাগ করিতে আমার ইচ্ছা হইতেছে না, অতএব আমাকে আপনার ধামে লইয়া চলুন। হে কৃষ্ণ! কর্ণের অমৃত স্বরূপ ও পরমমঙ্গলজনক আপনার ক্রীড়াবিষয় আস্বাদন করিয়া লোক অন্য স্পৃহা পরিত্যাগ করে ॥ ২৯ ॥

আপনি আমাদিগের প্রিয়, আমরা আপনকার ভক্ত অতএব আমরা শয়ন, আসন, গমন, উপ-বেশন, স্নান, ক্রীড়া ও ভোজনকালে কি প্রকারে আপনাকে বিস্মরণ হইব ॥ ৩০ ॥

আপনার উপভুক্ত মাল্য, গন্ধ, বস্ত্র, অলঙ্কারে অলঙ্কৃত ও আপনার উচ্ছিষ্ট-ভোজী দাস আমরা, অতএব আপনার মায়া জয় করিতে সমর্থ হইব ॥ ৩১ ॥

বাতবসনা ঋষয়ঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সংন্যাসিনোঽমলাঃ ॥ ৩২ ॥
বয়ন্ত্বিহ মহাযোগিন্ ভ্রমন্তঃ কর্ম্মবর্ত্মসু। ত্বদ্বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ ॥ ৩৩ ॥
স্মরন্তঃ কীর্ত্তয়ন্তস্তে কৃতানি গদিতানি চ। গত্যুৎস্মিতেক্ষিতক্ষ্বেলির্যন্নৃলোকবিড়ম্বনং ॥ ৩৪ ॥
শ্রীশুক উবাচ ॥
এবং বিজ্ঞাপিতো রাজন্ ভগবান্ দেবকীসুতঃ। একান্তিনং প্রিয়ং ভৃত্যমুদ্ধবং প্রত্যভাষত ॥৩৫॥

শ্রীধরস্বামী।

সন্ন্যাসিনো হি ব্রহ্মচর্য্যাদিক্লেশৈঃ কথঞ্চিত্তরন্তি বয়ন্ত্বনায়াসেনৈব তরিষ্যাম ইত্যাহ বাতবসনা ইতি ঊর্দ্ধমন্থিনঃ ঊর্দ্ধরেতসঃ ॥ ৩২ ॥
তাবকৈর্ভক্তৈঃ সহ ত্বদ্বার্ত্তয়া ॥ ৩৩ ॥
ক্ষ্বেলী পরিহাসঃ যন্নৃবৎকৃতং ॥ ৩৪ ॥
একান্তিনমিত্যাদি স্বাভিপ্রায়াবকনে হেতুঃ ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

বয়মিতি যুগ্মকং। তরিষ্যামস্তর্ত্তুং শক্নুমেত্যর্থঃ ॥ ৩৩—৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাতবসনাদ্যাস্তৈস্তৈর্জ্ঞানবৈরাগ্যাদিভিঃ সাধনৈ র্ব্রহ্মাখ্যং তব ধাম তৎপরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। মমৈব তৎ ঘনং তেজো জ্ঞাতুমর্হসি ভারতেত্যর্জ্জুনং প্রতি ত্বদুক্তেস্তবৈব তেজোবিশেষং তে যান্তি। সত্যং তে যান্তু বয়ন্তু ন তৎ যিযাসামঃ। কিন্তু ত্বন্মুখচন্দ্রমধুরস্মিতসুধাপানমত্তা এব তিষ্ঠাসাম ইতি ভাবঃ ॥ ৩২ ॥
কিঞ্চ ত্বদেকান্তিনো মহাভক্তা মায়াতরণং ভক্তেঃ ফলত্বেন নৈবানুসন্দধতে। বয়ন্তু ন তাদৃশা ইতি তাদৃশীং প্রৌঢ়িং কথং কুর্ম্ম ইতি দৈন্যেনৈবাত্মনি মায়াতিতীর্ষামারোপ্যাহ বয়ন্ত্বিতি তুর্ভিন্নোপক্রমে। বয়ন্তু দাসা অপি সখ্যরসালম্বিনস্ত্বদাজ্ঞয়াপি জ্ঞানাভ্যাগমচিকীর্ষব এবেতি ভাবঃ। হে মহাযোগিন্নিতি তব যোগমায়াং মায়াঞ্চ নৈব বিবিদিষাম ইতি ভাবঃ। তাবকৈস্ত্বদ্ভক্তজনৈঃ সহেতি তে খল্বস্মত্তুল্যস্বভাবা এবেতি। তৈরেবাস্মাকং সাহিত্যমুপপদ্যতে ন বাতবসনাদ্যৈরিতি ভাবঃ। তত্তরণে বঃ কঃ প্রকার ইত্যত আহ স্মরন্ত ইতি। ত্বদীয় চরিত্র স্মরণকীর্ত্তনাদি সুদর্শনাস্ত্রতেজসৈবাস্মাকং তত্তমস্তরণং সুগমমেবেতি ভাবঃ। ক্ষ্বেলিঃ প্রেয়স্যা সহ গৌরত পরিহাসঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥
একান্তিনমিত্যাদিকং স্বাভিপ্রায়াবকনে হেতুঃ ॥ ৩৫ ॥

দীপিকাদীপনং।

বাতরসনেতি রসনাশব্দেন বস্ত্রং লক্ষ্যতে হিরণ্যরসন ইত্যত্র চতুর্থে তৈরেব তথা ব্যাখ্যাতত্বাৎ তে তব ধাম স্বরূপং ॥ ৩২ ॥
বয়ন্ত্বিতি যুগ্মকং। বয়মিতি সাধকভক্তেষু স্বাভেদমঙ্গীকৃত্য বহুবচনং তরিষ্যাম স্তর্ত্তুং শক্নুমেত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥
সম্যক্ নিষ্কৈতব তয়াঽভাষত ॥ ৩৫ ॥

পরমার্থবিষয়ে শ্রমশীল ঊর্দ্ধরেতা, বসনহীন, সন্ন্যাসিগণ শান্ত ও অমলচিত্ত হইয়া আমার ব্রহ্মাখ্য ধামে গমন করিয়া থাকেন ॥ ৩২ ॥

হে মহাযোগিন্ এই সংসারে কর্ম্মপথে ভ্রমণ করিয়াও আপনার ভক্ত হইয়া আপনার লীলা কীর্ত্তন দ্বারা দুস্তর তমঃ (সংসার) হইতে উত্তীর্ণ হইব ॥ ৩৩ ॥

আমরা আপনার গতি, হাস্য, দর্শন ও ক্রীড়া প্রভৃতি নৃলোক বিড়ম্বিত ক্রিয়া সকল ও অমৃতায়মান বাক্য সকল স্মরণ ও কীর্ত্তন করিতেছি ॥ ৩৪ ॥

শুকদেব কহিলেন, হে রাজন্! দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্ধব-কর্ত্তৃক এইরূপে বিজ্ঞাপিত হইয়া একান্ত প্রিয় সেই উদ্ধবের প্রতি কহিতে লাগিলেন ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামেকাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

যদাত্থ মাং মহাভাগ তচ্চিকীর্ষিতমেব মে। ব্রহ্মা ভবো লোকপালাঃ স্বর্ব্বাসং মেঽভিকাঙ্ক্ষিণঃ।
ময়া নিষ্পাদিতং হ্যত্র দেবকার্য্যমশেষতঃ। যদর্থমবতীর্ণোঽহমংশেন ব্রহ্মণার্থিতঃ ॥ ১ ॥
কুলং বৈ শাপনির্দ্দগ্ধং নঙ্ক্ষ্যত্যন্যোন্যবিগ্রহাৎ। সমুদ্রঃ সপ্তমেহ্যেনাং পুরীঞ্চ প্লাবয়িষ্যতি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যেকাদশে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমেতূদ্ধবস্যাত্মজ্ঞানসিদ্ধ্যৈ হরিঃ স্বয়ং। অবধূতেতিহাসোক্তগুরুষষ্টাববর্ণয়ৎ ॥ ০ ॥
যদাত্থ ত্বং সংহৃত্যৈতৎ কুলমিতি স্বর্ব্বাসং বৈকুণ্ঠবাসং প্রতি ॥ ১ ॥
ত্বঞ্চ সর্ব্বত্যাগেনাত্মনিষ্ঠো ভবেতি বক্তুমাহ কুলমিতি ত্রয়েণ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥

যৎ যদুকুলসংহারাদিকং স্বধাম্নি তব নয়নং চাত্থ ॥
অংশেন বলদেবেন সহ ॥ ১ ॥
শাপনির্দ্দগ্ধমিত্যনুকরণাভিপ্রায়ং। বস্তুতস্তু শাপেঽপি নির্গতং দগ্ধং দাহো যস্মাৎ তথা ভূতং সৎ নঙ্ক্ষ্যতি অদর্শনমেব প্রাপ্স্যতীত্যর্থঃ। প্লাবয়িষ্যতি চতুর্দ্দিক্ষ্বাবরিষ্যতি নতু মধ্যেঽপি। বর্জ্জয়িত্বা মহারাজ শ্রীমদ্ভগবদালয়মিতি বক্ষ্যমাণাৎ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশস্য ষষ্ঠোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে জ্ঞানবৈরাগ্যে নিধিৎসুঃ কৃষ্ণ উদ্ধবে। অবধূতোক্তগুরুষু প্রোবাচাষ্টৌ ধরাদিকান্ ॥ ০ ॥
স্বর্ব্বাসং বৈকুণ্ঠবাসং প্রতি ॥
অংশেন বলদেবেন সহ ॥ ১—৩ ॥

দীপিকাদীপনং।

॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥

যৎকুলসংহারাদিকং স্বধাম্নি তব নয়নং চাত্থ ॥
অংশেন বলদেবেন সহ ॥ ১ ॥
শাপনির্দ্দগ্ধমিত্যানুকরণাভিপ্রায়েণ বস্তুতস্তু শাপেঽপি নির্গতং দগ্ধং দাহো যস্মাত্তাদৃশং সৎ নঙ্ক্ষ্যতি প্রাকৃতলোকানামদর্শনমেব

॥ * ॥ ইতি একাদশে ষষ্ঠ ॥ * ॥

সপ্তমাধ্যায়ে আত্মজ্ঞান সিদ্ধির নিমিত্ত স্বয়ং হরিকর্ত্তৃক অবধূত-ইতিহাসোক্ত অষ্ট গুরুর বিষয় বর্ণন ॥ ০ ॥

ভগবান্ কহিলেন, হে মহাভাগ! তুমি যাহা অনুমান করিয়াছ তাহা সত্য, আমি তাহাই সম্পন্ন করিতে ইচ্ছা করিয়াছি, আর ব্রহ্মা, শিব ও লোকপাল সকলে আমার স্বর্গাভিগমন ইচ্ছা করিতেছেন ॥

পৃথিবীতে আমি অশেষ প্রকার দেবকার্য্য নিষ্পন্ন করিয়াছি, যাহার নিমিত্ত ব্রহ্মা কর্ত্তৃক প্রার্থিত হইয়া স্বীয় অংশ বলদেবের সহিত অবতীর্ণ হইয়াছিলাম ॥ ১ ॥

আর সপ্তম দিবসের পর এই যদুকুল পরস্পর বিগ্রহ করিয়া ব্রহ্মশাপ রূপ অগ্নিতে দগ্ধ হইয়া যাইবে, এবং সমুদ্রও দ্বারকা পুরীকে প্লাবিত করিবে ॥ ২ ॥

যর্হ্যেবায়ং ময়া ত্যক্তো লোকোঽয়ং নষ্টমঙ্গলঃ। ভবিষ্যত্যচিরাৎ সাধো কলিনাপি নিরাকৃতঃ॥৩
ন বস্তব্যং ত্বয়ৈবেহ ময়া ত্যক্তে মহীতলে। জনোঽভদ্ররুচির্ভদ্র ভবিষ্যতি কলৌ যুগে।
ত্বন্তু সর্ব্বং পরিত্যজ্য স্নেহং স্বজনবন্ধুষু। ময্যাবেশ্য মনঃ সম্যক্ সমদৃগ্বিচরস্ব গাং॥ ৪॥

শ্রীধরস্বামী।

তদৈবায়ং নষ্টমঙ্গলো ভবিষ্যতি॥ ৩॥
ন বস্তব্যমেব ত্বয়া॥ ৪॥

ক্রমসন্দর্ভঃ।

তব স্বধাম নয়নন্তু কিঞ্চিদ্বিলম্বেনৈব করিষ্যামি। যতো মুনিষু মদুপদেশগ্রহণায় সম্প্রতি ত্বাং স্থাপয়িষ্যামীত্যভিপ্রেত্য তথোপদেষ্টুমুপক্রমতে। যর্হ্যেবেতি। নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ। অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠত্বিতি। তৃতীয়স্কন্ধোক্তেঃ॥ ৩॥
অতস্তমুপলক্ষ্য তদুপদেশ্যান্ প্রত্যেবাহ ত্বন্ত্বিতি যদি সর্ব্বনিজোপদেশেন তত্র জ্ঞানযোগ্যান্ প্রত্যেবাহ ত্বং ত্বিতি সপ্তভিঃ॥
জাগরে মায়াপ্রধানং স্বপ্নে মনঃপ্রধানং বিদ্ধি। অতএব নশ্বরঞ্চ বিজ্ঞীত্যর্থঃ॥ ৪॥ ৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্রান্তরে মনসি ভগবান্ কিঞ্চিৎ পরামমর্শ। রুক্মিণ্যাদি বিবাহ বাণাদ্যসুরবধপ্রসঙ্গতস্তত্র তত্র বন্ধুমিলনপ্রসঙ্গতশ্চেন্দ্রপ্রস্থমিথিলাদিষু চ যাতায়াতৈর্ম্মাং দিদৃক্ষূণাং ভূতলস্থভক্তানাং মনোরথো ময়া প্রায়ঃ সম্পাদিত এব। পৃথিব্যা অধঃস্থিতানাং বলি-রবিনন্দনাদীনামপি ষড়্গর্ভানয়ন গুরুপুত্রানয়নপ্রসঙ্গেন ঊর্দ্ধস্থানামদিতিকশ্যপাদীনামপি পারিজাতাদ্যাহরণপ্রসঙ্গেন মহাবৈকুণ্ঠস্থানামাদিপুরুষভূমাদীনামপি বিপ্রবালকানয়নপ্রসঙ্গেন বাঞ্ছিতং মদ্দর্শনং নিষ্পাদিতমেব। কিন্তু বদরিকাশ্রমবাসিনাং নরনারায়ণাদি পরমহংস মহামুনীন্দ্রাণামেব মদ্দর্শনোৎসুক্যং ন সফলীভূতং বভূব। সম্প্রতি তু সপাদ শতবর্ষপর্য্যন্তমৎপ্রাকট্যমর্য্যাদাচ বৃত্তেত্যতস্তত্র প্রস্থাপয়িতুময়মুদ্ধব এব নিরূপয়িতব্যঃ। অয়ং হি মত্তুল্যত্বাম্মৎপ্রতিমূর্ত্তিরেব। তেভ্য উপায়নত্বেন দেয়ং মদীয় ভগশব্দবাচ্যয়ো র্জ্ঞানবৈরাগ্যয়োরেকমেকং কণং মদ্ভক্তিযোগং চ মহানর্ঘং রত্নমিবাদায় যাস্যংস্তেষাং মনোঽভীষ্টং স্পষ্টমেব পূরয়িষ্যতি। যদ্যপ্যস্য মৎপ্রেমপরিপূর্ণস্য তদুত্থে জ্ঞানবৈরাগ্যে বর্ত্তেতে এবং সম্প্রতি ময়োপদেষ্টব্যয়োঃ পৃথক্ জ্ঞানবৈরাগ্যয়োর্নাস্ত্যেবাস্য জিঘৃক্ষা তদপি মদিচ্ছায়াং সত্যাং তত্রাপ্যস্য জিঘৃক্ষা খল্বধুনৈবোৎপৎস্যতে। তথৈব যদ্যপ্যস্য মদ্বিচ্যুতৌ সদ্য এব প্রাণহানিস্তদপি মদিচ্ছাশক্তিরেব বলবতী প্রাণানস্য পালয়িত্বা তাবদ্দূরমপ্যেনং যাপয়িষ্যতি প্রাপঞ্চিকলোকালক্ষিতং মদস্তিকেঽপি স্থাপয়িষ্যতীতি পরামৃশ্য চ শ্রীমদুদ্ধবচেতসি জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্তিযোগস্য চ জিঘৃক্ষাং সঞ্চার্য্যাহ ত্বন্ত্বিতি স্বজনবন্ধুষু যাদবাদিষু স্নেহং পরিত্যজেতি তেষু তৎ স্নেহো দ্বিবিধঃ। মৎ পরিচয়াৎ প্রথমস্ত এব স্বদেহসম্বন্ধেনৈকঃ। মৎসম্বন্ধোত্থো দ্বিতীয়ঃ। তত্র পূর্ব্ব এব ত্বয়া ত্যক্তুং শক্যঃ। স এব ময়া ত্যাগে বিধীয়তে ন তূত্তরঃ। তদশক্যত্বাদবিগীতত্বাচ্চেতি ভগবদাশয় উদ্ধবেন জ্ঞাযত এব॥ ৪॥

দীপিকাদীপনং।

প্রাপ্স্যতীত্যর্থঃ প্লাবয়িষ্যতি সমুদ্রঃ স্বদত্তভূমৌ চতুর্দ্দিক্ষ্বাবরিষ্যতি নতু মধ্যেঽপি বর্জ্জয়িত্বা মহারাজ শ্রীমদ্ভগবদালয়মিতি বক্ষ্যমাণত্বাৎ॥ ২॥
যর্হ্যেব ত্যক্তস্তদৈবেত্যন্বয়ঃ॥ ৩॥
নবস্তব্যমেবেতি একত্র স্থানং বদ্ধা নস্থেয়মিত্যর্থঃ সমদৃগ্বিচরস্ব গামিত্যুক্তেঃ॥ ৪॥

হে সাধো! যখন আমি এই লোক পরিত্যাগ করিব তখন ইহার আর মঙ্গল থাকিবে না এবং অচিরাৎ কলি ইহাকে পরাজয় করিবে॥ ৩॥

অতএব হে ভদ্র! আমি এই মর্ত্যলোক পরিত্যাগ করিলে তুমি আর এখানে বাস করিও না, কলিযুগের লোকেরা অত্যন্ত অভদ্ররুচি হইবে। তৎকালে তুমি স্বজন-বন্ধু-সকলে স্নেহ শূন্য হইয়া সমুদায় পরিত্যাগ পূর্ব্বক সম্যক্ প্রকারে আমাতে মনোনিবেশ করিয়া সমদৃষ্টি হইয়া পৃথিবী বিচরণ করিবে॥ ৪॥

যদিদং মনসা বাচা চক্ষুর্ভ্যাং শ্রবণাদিভিঃ। নশ্বরং গৃহ্যমাণঞ্চ বিদ্ধি মায়ামনোময়ং ॥ ৫ ॥
পুংসোঽযুক্তস্য নানার্থো ভ্রমঃ স গুণদোষভাক্। কর্ম্মাকর্ম্মবিকর্ম্মেতি গুণদোষধিয়ো ভিদা ॥ ৬॥
তস্মাদ্যুক্তেন্দ্রিয়গ্রামো যুক্তচিত্ত ইদং জগৎ। আত্মনীক্ষস্ব বিততমাত্মানং ময্যধীশ্বরে ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ননু গুণদোষাভ্যাং বিষমে লোকে কুতঃ সমদৃষ্টিঃ স্যামিত্যত আহ যদিদমিতি মন আদিভি র্গৃহ্যমাণং মনোময়ত্বান্মায়েতি বিদ্ধি তদপি ন স্থিরং কিন্তু নশ্বরঞ্চ বিদ্ধি ॥ ৫ ॥

মনোময়ত্বে হেতুঃ পুংস ইতি। অযুক্তস্য বিক্ষিপ্তমনসঃ নানার্থো ভেদবিষয়ো ভ্রমঃ স ভ্রম এব গুণদোষভাক্। ননু বেদেনৈব বিধিনিষেধাভ্যাং ভেদস্য সত্যতোক্তা ন ভ্রমবিজৃম্ভিতগুণদোষবুদ্ধেঃ পুংসঃ কর্ম্ম বিহিতং অকর্ম্ম তল্লোপঃ বিকর্ম্ম নিষিদ্ধমিতি ভিদা ভেদঃ অবিদ্যাবদ্বিষয় এব ভেদ ইত্যর্থঃ ॥ ৬ ॥

কথমাত্মনি পরিচ্ছিন্নে বিততং জগদীক্ষণীয়ং তত্রাহ আত্মানমিতি। ময়ি ব্রহ্মণি মদ্রূপেণেক্ষস্ব ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

অযুক্তস্য অসমাহিতচিত্তস্য ভ্রমএব তাবন্নানার্থঃ বহুবিধোঽর্থো যত্র তথাবিধঃ স এষ চ গুণদোষভাক্। গুণদোষবুদ্ধিহেতুরিত্যর্থঃ। অতঃ কর্ম্মাকর্ম্মেতি ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু কীদৃশং সমদৃক্ত্বং তত্রাহ। যদিদমিতি। মন আদিভির্গৃহ্যমাণং যদিদং পৃথিব্যাদিকং বর্ত্ততে। তৎসর্ব্বং জাগরে মায়াময়ং মায়াকল্পিতত্বাংশেন তুল্যমেব। স্বপ্নে মনোময়ং মনঃ কল্পিতত্বাংশেন সর্ব্বং তুল্যমেব ॥ ৫ ॥

উক্তমেবার্থং প্রপঞ্চয়তি পুংস ইতি নানার্থো নানাবিধোঽর্থো যো গুণদোষভাক্ অয়মর্থো গুণং ভজত ইত্যুৎকৃষ্টঃ অয়মর্থো দোষং ভজত ইতি নিকৃষ্টঃ। পুংসোঽযুক্তস্যাজ্ঞানিনো ভ্রমঃ ভ্রমপ্রতীত ইত্যর্থঃ। গুণপ্রবাহপতিতানাং কোবার্থ উৎকৃষ্টঃ কোবানিকৃষ্টস্তেষাং বা ক উৎকর্ষঃ কোনিকর্ষঃ। যদুক্তং চিত্রকেতুনা গুণপ্রবাহ এতস্মিন্ কঃ শাপঃ কোন্বনুগ্রহঃ। কঃ স্বর্গো নরকঃ কোবা কিং সুখং দুঃখমেবেতি। ননু বেদেনৈব বিধিনিষেধাভ্যাং গুণদোষাবুক্তৌ সত্যং বেদোপ্যবিদ্যাবদ্বিষয় এবেত্যাহ কর্ম্ম বিহিতং অকর্ম্মতল্লোপঃ বিকর্ম্ম নিষিদ্ধমিতি ভিদা ভেদো গুণদোষধিয়ো গুণদোষয়োরেব ধীর্যস্য তস্যাজ্ঞানিন এবোক্তেত্যর্থঃ ॥ ৬ ॥

তস্মাৎ যুক্তেন্দ্রিয়গ্রামঃ নিরুদ্ধেন্দ্রিয়বৃন্দঃ। নিরুদ্ধচিত্তঃ সন্ ইদং সুখদুঃখময়ং জগৎ। আত্মনি ভোক্তরি জীবে ভোগ্যত্বেন স্থিতং পশ্য। তঞ্চ ভোক্তারমাত্মানং ময্যধীশ্বরে পরমাত্মনি নিয়ন্তরি নিয়ম্যত্বেন স্থিতং ঈক্ষস্ব ॥ ৭ ॥

দীপিকাদীপনং।

যদ্যপি নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্গুণৈর্নার্দ্দিত ইতি ভগবদুক্তে কৃষ্ণবস্য সিদ্ধত্বেনোপদেশ্যত্বং ন সম্ভবতি তথাপি তস্মাত্তাদরণায় তমুপদিশ্য জ্ঞানযোগ্যান্ প্রত্যাহ স্বস্তিতি সপ্তভিঃ সমং ব্রহ্মৈব পশ্যতীতি তথাভূতঃ সন্ ॥

মনোমাত্রবিলসিতত্বান্ মায়েতি মিথ্যোক্তি বিদ্ধি। তদপি মিথ্যাভূতমপি ॥ ৫ ॥

অযুক্তস্য পুংসঃ নানাভেদো বিষয়ো যস্য তথাভূতো ভ্রমো ভবতি স ভ্রম এব গুণদোষভাক্ গুণদোষবুদ্ধিহেতুর্ভবতীত্যন্বয়ঃ। নেতি সমাধানং ভ্রমেতি ভ্রমেণ বিজৃম্ভিতা প্রকাশিতা গুণদোষবুদ্ধির্যস্য তস্যৈব অবিদ্যাঽনাত্মনি আত্মবুদ্ধিস্তদ্বতোঽজ্ঞা বিষয়া অধিকারিণে যস্য তথাভূত এব বিধিনিষেধলক্ষণো বেদঃ নতু স্বরূপজ্ঞবিষয়ঃ ত্রৈগুণ্যবিষয়া বেদাঃ নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতি শ্রীভগবদুক্তেঃ ॥ ৬ ॥

যস্মাদযুক্তস্যৈব ভ্রমস্তস্মাৎ। আত্মনি ত্বং পদবাচ্যাধিষ্ঠানে। তদ্রূপেণ ব্রহ্মরূপেণ জহদজহল্লক্ষণয়েতি শেষঃ। ৭ ॥

মন বাক্য চক্ষু এবং শ্রবণাদি দ্বারা এই জগতের যাহা কিছু গ্রহণ করা যায় সমুদায়ই মনোময় ও মায়ারূপে গ্রহণ করিয়া নশ্বর বলিয়া জান ॥ ৫ ॥

গুণদোষবুদ্ধি বিশিষ্ট বিক্ষিপ্ত চিত্ত পুরুষের কর্ম্ম অকর্ম্ম ও বিকর্ম্ম এই ভেদ জ্ঞানের বিষয় যে ভ্রম তাহাও গুণ দোষ ভাক্ ॥ ৬ ॥

অতএব সমাহিত চিত্ত ও যুক্তেন্দ্রিয় হইয়া এই জগৎকে আত্মাতে অর্পিত এবং সেই আত্মাকে আমাতে বিস্তৃত দেখিবে ॥ ৭ ॥

জ্ঞানবিজ্ঞানসংযুক্ত আত্মভূতঃ শরীরিণাং। আত্মানুভব তুষ্টাত্মা নান্তরায়ৈর্বিহন্যতে ॥ ৮ ॥
দোষবুদ্ধ্যোভয়াতীতো নিষেধান্ন নিবর্ত্ততে। গুণবুদ্ধ্যা চ বিহিতং ন করোতি যথার্ভকঃ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

নন্বেবং যুক্তচিত্তস্যৈন কর্ম্মাকরণে দেবাদয়ো বিঘ্নান্ করিষ্যন্তি তত্রাহ জ্ঞানেতি জ্ঞানং বেদতাৎপর্য্যনিশ্চয়ঃ। বিজ্ঞানং তদর্থানুভবঃ তাভ্যাং সম্যগ্‌যুক্তঃ ততশ্চাত্মানুভবেনৈব তুষ্টচিত্তোঽতঃ শরীরিণাং দেবাদীনাং আত্মভূতঃ অন্তরায়ৈর্ন বিহন্যতে অয়ং ভাবঃ যাবদনুভবং যথা নিয়মং যথা সম্ভবং বর্ণাশ্রম কর্ম্মাণি কুর্য্যাদেব তদনন্তরং সর্ব্বেষামাত্মভূতত্বাৎ ন কোঽপি বিঘ্নমাচরতীতি তথাচ শ্রুতিঃ তস্য হ দেবা নাভূত্যা ঈশতে আত্মা হ্যেষাং স ভবতীতি ॥ ৮ ॥

নচোৎপন্নজ্ঞানস্যাপি যথেষ্টাচরণপ্রসঙ্গ ইত্যাহ দোষবুদ্ধ্যেতি। গুণদোষবুদ্ধ্যাতীতোঽপি প্রাক্তন সংস্কারান্নিষেধান্নিবর্ত্তত এব কিন্তু ন দোষবুদ্ধ্যা বিহিতঞ্চ প্রায়শঃ করোতি নতু গুণবুদ্ধ্যা। যথার্ভকঃ সংকল্পবিকল্পরহিতঃ কিঞ্চিৎ করোতি কুতশ্চিন্নিবর্ত্ততে তদ্বৎ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানেত্যত্রাত্মা ব্রহ্ম ॥ ৮—১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেবং যুক্তচিত্তস্যৈন কর্ম্মাকরণে দেবাদয়ো বিঘ্নান্ করিষ্যন্তি তত্রাহ। জ্ঞানেতি। জ্ঞানং বেদতাৎপর্য্যনিশ্চয়ঃ বিজ্ঞানং তদর্থানুভবস্তাভ্যাং সম্যক্ যুক্তঃ। ততশ্চাত্মানুভবেনৈব তুষ্টচিত্তঃ ততশ্চ শরীরিণাং দেবাদীনামপ্যাত্মভূতঃ প্রীতিপাত্রীভূতঃ স্যাৎ। তথাচ শ্রুতিঃ। আত্মাহ্যেষাং স ভবতীতি ততশ্চ নৈব তে বিঘ্নান্ কুর্য্যুরিতি ভাবঃ ॥ ৮ ॥

কিঞ্চোৎপন্নজ্ঞানোঽপি ন যথেষ্টাচরণো ভবতীত্যাহ দোষেতি। গুণদোষবুদ্ধ্যাতীতোঽপি জ্ঞানী প্রাক্তনসংস্কারতো নিষেধান্নিবর্ত্তত এব কিন্তু ন দোষবুদ্ধ্যা। বিহিতঞ্চ প্রায়শঃ করোতি নতু গুণবুদ্ধ্যা যথার্ভকঃ সঙ্কল্পবিকল্পরহিতঃ কিঞ্চিৎ করোতি কুতশ্চিন্নিবর্ত্ততে চ তদ্বদিতি ॥ ৯ ॥ ১০ ॥

দীপিকাদিপনং।

বেদতাৎপর্য্যনিশ্চয়ঃ তত্ত্বমসীত্যাদিবেদবাক্যার্থাঽবধারণং তদর্থানুভবঃ বেদার্থ সাক্ষাৎকারঃ তেনৈব আত্মানুভবেন ব্রহ্মানুভবেন। অতস্তুষ্টচিত্তত্বাৎ। আত্মভূতঃ ব্রহ্মত্বেন স্বরূপভূতঃ যাবদনুভবং অনুভবপর্য্যন্তং ব্রহ্মসাক্ষাৎকৃতেঃ পূর্ব্বমিত্যর্থঃ যথাসম্ভবং জ্ঞানাঽবিরোধেন। তদনন্তরং। অনুভবানন্তরং কর্ম্মাকরণেঽপি কোঽপি দেবাদিঃ। তথাচ ব্রহ্মানুভবিনো বিঘ্নাভাবে প্রমাণং শ্রুতিঃ। হন ইত্যব্যয়মপার্থে দেবা অপি তস্য ব্রহ্মানুভবিনঃ অভূত্যৈ ব্রহ্মধী প্রতিবন্ধায় নেশতে ন সমর্থা ভবন্তিহি যতঃ স জ্ঞানী এষাং দেবাদীনামাত্মা স্বরূপং ভবতি নহি স্বস্বরূপে কোঽপি বিঘ্নমাচরতি ॥ ৮ ॥

নিষেধাৎ সুরাপানাদেঃ। দোষবুদ্ধ্যা হেয়বুদ্ধ্যা ন। গুণবুদ্ধ্যা উপাদেয়বুদ্ধ্যা। উভয়াতীতঃ পুমান্ নিষেধান্নিবর্ত্ততে কিন্তু দোষবুদ্ধ্যা ন। বিহিতং চ করোতি কিন্তু গুণবুদ্ধ্যা নেত্যন্বয়ঃ ॥ ৯ ॥

সকল শরীরের আত্মভূত ও জ্ঞান বিজ্ঞান সংযুক্ত এবং আত্মানুভবে সন্তুষ্ট হইলে আর কোন প্রকার বিঘ্নে পতিত হইবে না ॥ ৮ ॥

গুণ দোষ বুদ্ধি হইতে অতীত মুক্তপুরুষ যে দুষ্যকর্ম্ম হইতে নিবৃত্তি হয়েন, তাহা দোষবুদ্ধিতে নহে এবং বিহিত কর্ম্মের যে অনুষ্ঠান করেন, তাহাও গুণবুদ্ধিতে নহে, কিন্তু বালকের ন্যায় প্রবৃত্তি অনুসারে কার্য্য করেন ॥ ৯ ॥

সর্ব্বভূত সুহৃচ্ছান্তো জ্ঞানবিজ্ঞাননিশ্চয়ঃ। পশ্যন্ মদাত্মকং বিশ্বং ন বিপদ্যেত বৈ পুনঃ ॥ ১০ ॥

শ্রীশুক উবাচ ॥

ইত্যাদিষ্টো ভগবতা মহাভাগবতো নৃপ। উদ্ধবঃ প্রণিপত্যাহ তত্ত্বং জিজ্ঞাসুরচ্যুতং ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

যোগেশ যোগবিন্ন্যাস যোগাত্মন্ যোগসম্ভব। নিঃশ্রেয়সায় মে প্রোক্তস্ত্যাগঃ সন্ন্যাসলক্ষণঃ।

শ্রীধরস্বামী।

এবংভূতস্ত ন পুনঃ সংসার ইত্যাহ সর্ব্বভূতেতি ন বিপদ্যেত ন পুনঃ সংসরেৎ ॥ ১০ ॥

যত্ত্ব সর্ব্বং পরিত্যজ্য ইত্যাদ্যুপদেশমাত্মনোঽযোগ্যং মন্বানঃ পৃচ্ছতি যোগেশেতি যোগফলদাযিন্ যোগবিদাং বিন্ন্যাস ন্যাসো নামাতিগোপ্যো নিঃক্ষেপবিশেষঃ। যদ্বা। যোগো বিন্যস্যতে ক্রিয়তে যস্মিন্ যোগে আত্মা প্রকটো ভবতি যস্ত যোগস্বরূপেতি বা যোগস্য সম্ভবো যস্মাৎ। চতুর্ভিরেতৈঃ সম্বোধনৈঃ ত্বমহিম্না কেবলং ত্বয়োপদিষ্টং নতু মদধিকারং পর্য্যালোচ্যেতি দ্যোতিতং তদাহ নিঃশ্রেয়সায়েতি। মচারোগ্যাদ্যর্থং সর্ব্বস্বদানাদিবদয়ং ত্যাগঃ কিন্তু সন্ন্যাসলক্ষণঃ অপ্রত্যাসত্তিরূপঃ ॥ ১১ ॥

ক্রমসন্দর্ভঃ।

শ্রীমানুদ্ধবোঽপি মহাভাগবতত্বাৎ। শ্রীভগবত্ত সুখোপদেশগৌরবেণ তত্ত্বং জিজ্ঞাসুরিব শ্রীভগবতা স্বত্যাগাৎ স্বাযোগ্যতাতিশয়মননেন তত্ত্রাপ্যতিনিকৃষ্ট ইব সদৈন্যমাহ ইত্যাদিভিঃ ॥

তথৈব তস্য বাক্যং দর্শয়তি যোগেশেতি ত্রিভিঃ ॥ ১১—১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে যোগেশ যোগানাং কর্ম্মযোগ-জ্ঞানযোগ-ভক্তিযোগানাং ঈশ্বর অতএব যোগবিন্যাস অনধিকারিণ্যপি ময়ি যোগং জ্ঞানং সম্প্রতি স্বপ্রভাবাদেব বিন্যস্যসীত্যর্থঃ যোগাত্মন্ যোগস্বরূপ যদি ত্বং ময়া প্রাপ্তস্তর্হি সর্ব্বে যোগাঃ প্রাপ্তা এবেতি ভাবঃ কিঞ্চ যোগাদ্ভক্তিযোগাদেব ত্বং সম্ভবসি ভক্তেষ্বাবির্ভবসীতি মহ্যং ভক্তিযোগো বিশেষতো দেয় ইতি ভাবঃ ॥

দীপিকাদীপনং।

এবংভূতস্ত জীবন্মুক্তস্য। জ্ঞানবিজ্ঞানাভ্যাং পরোক্ষাঽপরোক্ষানুভবাভ্যামাত্মবিষয়কো নিশ্চয়ো যস্য স তথা। ন সংসরেজ্জন্মাদিনানুভবেৎ ॥ ১০ ॥

মহাভাগবতত্বেন কৃষ্ণাখ্য পরমতত্ত্বস্য নিত্যপ্রাপ্তেস্তদুপদেশ গৌরবেণৈব তত্ত্বজিজ্ঞাসুরিবেত্যর্থঃ ॥

আত্মনো যোগ্যমিতি ভগবতা স্বত্যাগাৎ স্বাঽযোগ্যতাতিশয়মননাদিত্যর্থঃ। নিরুপমস্য ভগবতো নিক্ষেপবিশেষত্বেন বর্ণনমনুচিতমিবেত্যরুচৌ বদেতি। যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ। যোগে সংপ্রজ্ঞাতসমাধৌ আত্মা স্বরূপং প্রকটোজ্ঞাতো ভবতি যস্য তদুক্তং পাতঞ্জলিনা তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানমিতি অত্র প্রকটপদাধ্যাহারাৎ পক্ষান্তরং যোগস্বরূপেতি যোগোঽসম্প্রজ্ঞাত সমাধিঃ স্বরূপং নির্ব্বিকল্পকং যস্য স তথা তদুক্তং পাতঞ্জলে বিরাম প্রত্যয়াভ্যাসপূর্ব্বকঃ সংস্কারশেষোঽন্য ইতি বিরামপ্রত্যয়োনেতি নেতীত্যতদংশাপবাদস্তদভ্যাসপূর্ব্বঃ অন্যোঽসম্প্রজ্ঞাতসমাধিঃ সচ ব্রহ্মাত্মক এব অভাবস্যাধিকরণাত্মকত্বাদিত্যর্থঃ যোগস্য সম্ভবঃ সুগমতয়োৎপত্তির্যস্মাত্তাত্তদপ্যুক্তং তত্রৈব ঈশ্বরপ্রণিধানাদ্বেতি। নচারোগ্যাদ্যর্থমিতি কালপুরুষপ্রতিগ্রহী সর্ব্বস্বং ত্যক্ত্বা স্বপ্রাণান্ রক্ষতি পুনশ্চ দ্রব্যার্জ্জনং করোতি ইতি তদীয় সর্ব্বস্ব দানবদয়ং সন্ন্যাসরূপস্ত্যাগঃ পুনর্গ্রহণং প্রত্যাপত্তিঃ অপ্রত্যাপত্তিরূপঃ পুনরগ্রহণস্বরূপঃ ভিক্ষোরিন্দ্রিয়লোলত্বেতি পুনর্গ্রহণে বান্তাশিত্বেন নিন্দাশ্রবণাদিত্যর্থঃ ॥

সর্ব্ব ভূতের সুহৃৎ শান্ত ও জ্ঞান বিজ্ঞান নিশ্চয় হইয়া এই বিশ্বকে মদাত্মক রূপে দর্শন করিলে পুনর্ব্বার আর বিপদাপন্ন হইতে হয় না ॥ ১০ ॥

শুকদেব কহিলেন, হে নৃপ! মহাভাগবত উদ্ধব ভগবান্ কর্ত্তৃক এইরূপে আদিষ্ট হইয়া অচ্যুতকে প্রণাম পূর্ব্বক তত্ত্ব জিজ্ঞাসার্থ কহিতে আরম্ভ করিলেন ॥

উদ্ধব কহিলেন, হে যোগেশ! হে যোগবিন্যাস! হে যোগাত্মন্! হে যোগসম্ভব! আপনি

ত্যাগোঽয়ং দুষ্করো ভূমন্ কামানাং বিষয়াত্মভিঃ। সুতরাং ত্বয়ি সর্ব্বাত্মন্নভক্তৈরিতি মে মতিঃ ॥ ১১

সোঽহং মমাহমিতি মূঢ়মতির্বিগাঢ়স্ত্বন্মায়য়া বিরচিতাত্মনি সানুবন্ধে।
তত্ত্বঞ্জসা নিগদিতং ভবতা যথাহং সংসাধয়ামি ভগবন্নমুশাধি ভৃত্যং ॥ ১২ ॥
সত্যস্য তে সদৃশ আত্মন আত্মনোঽন্যং বক্তারমীশ বিবুধেষ্বপি নানুচক্ষে।
সর্ব্বে বিমোহিতধিয়স্তবমায়য়েমে ব্রহ্মাদয়স্তনুভৃতো বহিরর্থভাবাঃ ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

দ্বিবিধো মধুকৃৎ। মধু কৃন্তুতি পুষ্পাদ্যাচ্ছিদ্য গৃহ্লাতীতি মধুকৃদ্ভ্রমরঃ। মধু করোতি আহারত্বেন স্বরূপেণ চেতি মধুমক্ষিকা চ তত্র প্রথমাচ্ছিক্ষিতমুক্তং দ্বিতীয়াচ্ছিক্ষিতমাহ সায়ন্তনমিতি। সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্য ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্লীত। কিন্তু পাণিপাত্র স্তন্মাত্র গ্রাহী। যদ্বা। উদরমেবামত্রং পাত্রং যস্য সঃ একভিক্ষায়ামুদরপাত্রগ্রাহী ভবেৎ। সংগ্রহী তু মক্ষিকেব ন ভবতি ন জীবতীত্যর্থঃ ॥ ১১ ॥

এতদ্বিবৃণোতি পুনঃ সায়ন্তনমিতি ॥ ১২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অণুভ্যশ্চেতি। ত্রিবিধো মধুকৃৎ একো ভ্রমরজাতিঃ। অসংগ্রহিত্ব সংগ্রহিত্ব ভেদেন দ্বয়ীচ মক্ষিকাজাতিরিতি পদ্যত্রয়েণ ক্রমাদুদাহরণানি জ্ঞেয়ানি ॥ ১০—১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মধুকরাৎ সারগ্রাহিত্বমপি ধর্ম্মং শিক্ষেদিত্যাহ অণুভ্যশ্চেতি ॥ ১০ ॥

মধুকরোতীতি মধুকরশব্দেন মক্ষিকাপ্যুচ্যত ইতি। ততঃ শিক্ষিতমাহ সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্যে ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্লীতেতি কিং পুনর্হ্যস্তনং পৌর্ণমাসিকং পৌর্ব্বরাকং বেতি ভাবঃ। অত্র সায়ং শ্বোবা ভবিষ্যতি যদন্ন দৃষ্টমন্নাদি তস্য সংগ্রহো ন সম্ভবেদতঃ সায়ন্তনং শ্বস্তনং বা নিমন্ত্রণং সংগৃহ্লীয়াদিতি কেচিদাহুঃ। কেন পাত্রেণ গৃহে গৃহে ভিক্ষাং কুর্য্যাদিত্যত আহ পাণিপাত্র ইতি সর্ব্বতোভিক্ষিতগ্রাসানানীয় কুত্র স্থাপয়েদিত্যত আহ উদরামত্র ইতি উদরমেব অমত্রং ভিক্ষানিধানভাণ্ডং যস্য সচ সচ সঃ ॥ ১১ ॥

সংগ্রহে কৃতে সতি কিং ভবেদিত্যত আহ সায়ন্তনমিতি ॥ ১২ ॥

দীপিকাদীপনঃ।

কিঞ্চ তস্মাদেব মধুকরাৎ সারগ্রহণং শিক্ষিতমিত্যাহেত্যর্থঃ ॥ ১০ ॥

তত্র দ্বিবিধ মধুকৃতোর্মধ্যে প্রথমাদ্ভ্রমরাৎ। দ্বিতীয়ান্মক্ষিকাবিশেষাৎ যথা সংগ্রহকর্ত্রী মক্ষিকা ন জীবতি তদ্বন্নজীবতি কিন্তু ভবতীত্যধ্যাহারানিত্যর্থ ইত্যুক্তং ॥ ১১ ॥

এতৎ সংগ্রহবাক্যং বিবৃণোতি স্পষ্টয়তি তথাচ ন পৌনরুক্ত্যং বস্তুতস্তু সংগ্রহিত্বাসংগ্রহিত্বভেদেন মক্ষিকাজাতেরপি দ্বৈবিধ্যাৎ প্রথমপদ্যে যথা মক্ষিকাজাতিবিশেষ আহারমাত্রং করোতি সংগ্রহী তু ন ভবতি তথা যতিরপি সংগ্রহী ন স্যাদিত্যর্থঃ। দ্বিতীয়েতু সংগ্রহি মক্ষিকাজাত্যন্তরবদ্যদি সংগৃহ্লন্ ভবতি তদা তদ্বদেব নশ্যতীত্যর্থঃ ॥ ১২ ॥

যেমন ভ্রমর নানা পুষ্প হইতে মধু আহরণ করে, তদ্রূপ কুশল ব্যক্তি অল্প বা বৃহৎ সকল শাস্ত্র হইতে সার গ্রহণ করিবেন ॥ ১০ ॥

মধুকর দুই প্রকার এক ভ্রমরজাতি দ্বিতীয় মধুমক্ষিকা, তন্মধ্যে ভ্রমরের উল্লেখ করা হইয়াছে, এক্ষণে মধুমক্ষিকার নিকট শিক্ষা এই যে, মুনি ব্যক্তি ভিক্ষিত অন্নাদি পরাহ্ণ বা পর দিবসের নিমিত্ত সঞ্চয় করিবেন না, হস্ত মাত্র অথবা উদর মাত্র পাত্র করিয়া মক্ষিকার ন্যায় সঞ্চয়ী হইবেন না ॥ ১১ ॥

ভিক্ষুক ব্যক্তি ভিক্ষিত অন্নাদি পরাহ্ণ বা পর দিবসের নিমিত্ত সঞ্চয় করিবেন না, যদি করেন তবে মক্ষিকার ন্যায় আহারীয় দ্রব্যের সহিত বিনষ্ট হইবেন ॥ ১২ ॥

পদাপি যুবতীং ভিক্ষুর্নস্পৃশেদ্দারবীমপি। স্পৃশন্ করীব বধ্যেত করিণ্যা অঙ্গসঙ্গতঃ ॥ ১৩ ॥
নাধিগচ্ছেৎ স্ত্রিয়ং প্রাজ্ঞঃ কর্হিচিন্মৃত্যুমাত্মনঃ। বলাধিকৈঃ স হন্যেত গজৈরন্যৈর্গজো যথা ॥১৪॥
ন দেয়ং নোপভোগ্যঞ্চ লুব্ধৈর্যদ্দুঃখসঞ্চিতং। ভুঙ্ক্তে তদপি তচ্চান্যো মধুহেবার্থবিন্মধু ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ পদাপীতি। পাদেনাপি দারবীং দারুময়ীমপি। গজোহি করিণীং প্রদর্শ্য নিখাত-তৃণাদিপিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥
কঞ্চনাধিগচ্ছেদিতি নোপগচ্ছেৎ ॥ ১৪ ॥
ত্যাগভোগবিহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা গুরুরিত্যাহ ন দেয়মিতি। তদন্যো বলবান্ ভুঙ্ক্তে তদপান্যঃ। তচ্চান্যঃ। মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্ক্তে তদ্বৎ। নমু গুপ্তং ধনং কথমন্যো জানাতি হরিষ্যতি বেত্তি তত্রাহ অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদুপায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতং মধু বেত্তি হরতি চ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ দ্বাভ্যাং পদা পাদেনাপি দারবীং দারুময়ীমপি গজোহি করিণীং প্রদর্শ্য তৃণাদি-পিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥
ইয়ং মমৈব ভোগ্যেতি স্ত্রিয়ং নাধিগচ্ছেৎ ন বিশ্বস্তঃ স্যাৎ। যতস্তয়া আনীতৈর্বলাধিকৈর্জারৈঃ স কিল হন্যেত ॥ ১৪ ॥
ত্যাগভোগহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা মে গুরুরিত্যাহ ন দেয়মিতি তদন্যো বলী ভুঙ্ক্তে তেনাপি সঞ্চিতমন্যঃ মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্ক্তে তদ্বৎ। নমু সুগুপ্তং ধনং কথমন্যো জ্ঞাত্বা হরেদিত্যত আহ। অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদু-পায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতমপি মধু মক্ষিকানুগমনেন বেত্তি ॥ ১৫ ॥

দীপিকাদীপনং।

করিণীং দারুময়ীং ॥ ১৩ ॥
আত্মনঃ স্বস্য মৃত্যুং মৃত্যুহেতুং স কামুকঃ কর্ম্মভূতঃ বলাধিকৈঃ কামুকান্তরৈঃ কর্ত্তৃভিঃ ॥ ১৪ ॥
ন দেয়মিতি লুব্ধৈর্যন্নাদি ন দীয়তে নচ স্বয়ং ভুজ্যত ইত্যর্থঃ কিন্তু তৎ সঞ্চিতং অন্যো বলবান্ ভুঙ্ক্তে লিঙ্গৈস্তৎ স্থানমার্জ্জনোপ-বেশন মুহুরীক্ষণাদিচিহ্নৈঃ অর্থং ধনং তদুপায়ং তস্করণোপায়ং চ বেত্তীতি ॥ ১৫ ॥

স্পর্শ বিষয়ে আসক্তি বিনাশের হেতু, এই বিষয় গজের নিকট শিক্ষা করিয়াছি বলি শ্রবণ কর, ভিক্ষুক ব্যক্তি কাষ্ঠনির্ম্মিতা যুবতীকেও পদ দ্বারা স্পর্শ করিবেন না, যদি স্পর্শ করেন তবে করিণীর অঙ্গসঙ্গ নিমিত্ত গজের ন্যায় গর্ত্তে পড়িয়া বিনষ্ট হইবেন ॥ ১৩ ॥

প্রাজ্ঞ ব্যক্তি আপনার মৃত্যু স্বরূপ কখন কোন স্ত্রীতে আসক্ত হইবেন না, যদি হয়েন, তবে যেমন অন্য গজ কর্ত্তৃক অন্য গজ বিনষ্ট হয় তদ্রূপ বলবান্ পুরুষ কর্ত্তৃক নিহত হইবেন ॥ ১৪ ॥

হে রাজন্! যে ধন সঞ্চয়ে দান বা ভোগ নাই তাহা অন্যে লইবে এ বিষয়ে মধুহাকে অর্থাৎ মধু-মক্ষিকার মধুক্রম হইতে মধুগ্রহীতাকে গুরু করিয়াছি বলি শ্রবণ কর। যে লুব্ধ ব্যক্তি অতিদুঃখে অর্থ সঞ্চয় করে অথচ দান বা ভোগ করে না, তাহার সঞ্চিত ধন অন্য লোকে আসিয়া ভোগ করে, যেমন মক্ষিকারা মধু সঞ্চয় করে কিন্তু অন্য লোকে আসিয়া তাহা গ্রহণ করে তদ্রূপ ॥ ১৫ ॥

সুদুঃখোপার্জ্জিতৈর্বিত্তৈরাশাসানাং গৃহাশিষঃ। মধুহেবাগ্রতো ভুঙ্‌ক্তে যতির্বৈ গৃহমেধিনাং ॥১৬॥
গ্রাম্যগীতং ন শৃণুয়াদ্‌যতির্বনচরঃ ক্বচিৎ। শিক্ষেত হরিণাদ্বদ্ধান্মৃগয়োর্গীতমোহিতাৎ ॥ ১৭॥
নৃত্যবাদিত্রগীতানি জুষন্ গ্রাম্যাণি যোষিতাং। আসাং ক্রীড়নকো বশ্য ঋষ্যশৃঙ্গো মৃগীসুতঃ॥১৮॥
জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রসবিমোহিতঃ। মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

উদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবতীত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশাসানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পক্বান্নস্বামিনাবুভৌ। তয়োরন্নমদত্ত্বা তু ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেদিতি গৃহিণামাবশ্যকত্বেন দানবিধানাৎ ॥ ১৬ ॥
হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যেতি। ভগবদ্গীতন্তু শৃণুয়াদেব। মৃগয়োর্লুব্ধকস্য ॥ ১৭ ॥
হরিণশব্দাদেব হরিণীসুত ঋষ্যশৃঙ্গোঽপি গুরুর্জ্ঞাতব্য ইত্যাহ নৃত্যেতি। বশ্যো বভূবেতি শেষঃ ॥ ১৮ ॥
রসাসক্তির্নাশহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমিত্যাহ জিহ্বয়েতি। অতিপ্রমাথিন্যা অতিক্ষোভিকয়া দুর্জ্জয়য়া। ঋচ্ছতি প্রাপ্নোতি। বড়িশৈরামিষলিপ্তৈ র্লোহকণ্টকৈঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

সুদুঃখেতি। খশানিদেশগৃহস্থমধুমক্ষিকাসংগ্রহীতৃবিষয়কং বাক্যং। কাময়মানানাং গৃহমেধিনাং বিত্তৈর্হেতুভিঃ সিদ্ধা গৃহাশিষো-ঽন্নাদীনর্থান্ যতিরগ্রতো ভুঙ্‌ক্তে ॥ ১৬—১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবেদিত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশাসানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পক্বান্নস্বামিনাবুভৌ। তয়োরন্নমদত্ত্বাতু ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেদিতি ॥ ১৬ ॥
প্রাকৃতগানমাধুর্য্যাসক্তিরনর্থহেতুরিতি হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যগীতমিতি তেন ভগবদ্গীতং শৃণুয়াদেব ॥ ১৭ ॥
গ্রাম্যগীতাসক্তেরুদাহরণমাহ নৃত্যেতি ॥ ১৮ ॥
প্রাকৃতরসাসক্তিরনর্থহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমাহ জিহ্বয়েতি। বড়িশৈরামিষলিপ্তৈঃ ॥ ১৯ ॥

দীপিকাদীপনং।

স এব মধুহেব। আশাসানানাং কাময়মানানাং গৃহমেধিনাং গৃহস্থানাং সুদুঃখোপার্জ্জিতৈর্বিত্তৈর্হেতুভিঃ সিদ্ধাঃ গৃহাশিষঃ অন্নাদ্য-র্থান্ যতিরগ্রতো ভুঙ্‌ক্তে অতস্তদর্থং যতিনোদ্যমো ন কার্য্য ইত্যর্থঃ ॥ ১৬ ॥
বিষয়গ্রামং সেবন্তে ইতি গ্রাম্যা বিষয়িনস্তেষাং গীতং ন শৃণুয়াদিতি বিশেষণস্য ব্যাবর্ত্তকত্বাদ্ভগবদ্গীতং তু শৃণুয়াদেবেতি ব্যাখ্যাতং। তদুক্তং পাদ্মে। ব্রাহ্মণো বাসুদেবাখ্যাং গায়মানোঽনিশং পরং। হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকং ভবেদিতি ॥ ১৭ ॥
গ্রাম্যাণি ইন্দ্রিয়গ্রামার্হাণি ॥ ১৮ ॥
মৃত্যুং সংসারং। অসতী বহির্মুখা বুদ্ধির্যস্য স তথা ॥ ১৯ ॥

গৃহমেধি ও স্বীয়-কল্যাণেচ্ছুক গৃহিদিগের দুঃখোপার্জ্জিত বিত্ত মধুহা অর্থাৎ ভ্রমরের ন্যায় যতি ব্যক্তি অগ্রে ভোজন করিবেন ॥ ১৬ ॥

হরিণের নিকট শিক্ষা বলি শ্রবণ কর। বনচর যতি ব্যক্তি ভগবদ্গীত ভিন্ন কখন গ্রাম্যগীত শ্রবণ করিবেন না, ব্যাধের গীতশ্রবণে মোহিত ও বদ্ধহরিণের নিকট হইতে তদুপদেশ শিক্ষা করি-বেন ॥ ১৭ ॥

হরিণ শব্দে হরিণীনন্দন ঋষ্যশৃঙ্গকেও গুরুরূপে গ্রহণ করিতে হইবে, কারণ ঐ মৃগীসুত ঋষ্যশৃঙ্গ যোষিৎদিগের ক্রীড়ায় বিমুগ্ধ হইয়া বশীভূত হইয়াছিলেন ॥ ১৮ ॥

রস বিষয়ে আসক্তি বিনাশের হেতু, একারণ মীনের নিকট শিক্ষা বলি শ্রবণ কর। অসদ্বুদ্ধি লোকেরা অতিশয় ক্ষোভকারিণী দুর্জ্জয়া জিহ্বা দ্বারা রসবিষয়ে বিমুগ্ধ হইবে না, যদি মুগ্ধ হয়, তবে বড়িশবিদ্ধ মৎস্যের ন্যায় মৃত্যুগ্রাসে পতিত হইবে ॥ ১৯ ॥

ইন্দ্রিয়াণি জয়ন্ত্যাশু নিরাহারা মনীষিণঃ। বর্জয়িত্বা তু রসনং তন্নিরন্নস্য বর্দ্ধতে।
তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্রিয়ঃ পুমান্। ন জয়েদ্রসনং যাবজ্জিতং সর্ব্বং জিতে রসে॥২০
পিঙ্গলা নাম বেশ্যাসীদ্বিদেহনগরে পুরা। তস্যা মে শিক্ষিতং কিঞ্চিন্নিবোধ নৃপনন্দন ॥ ২১ ॥
সা স্বৈরিণ্যেকদা কান্তং সঙ্কেত উপনেষ্যতী। অভূৎ কালে বহির্দ্বারি বিভ্রতী রূপমুত্তমং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

দুর্জয়ত্বমুপপাদয়তি ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তর্হ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে যদি তু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যাং সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাৎ অতো রসাসক্তিং পরিত্যজ্য ঔষধবৎ ভুঞ্জীতেতি। প্রাগবৃত্তৈব সংতুষ্যে-দিত্যত্রোক্তমপি রসনস্যাতিদুর্জয়ত্বজ্ঞাপনায়োচ্যতে ইতি বিশেষঃ ॥ ২০ ॥

পিঙ্গলায়া বৈরাগ্যং শিক্ষিতমিতি বক্তুং তদাখ্যানমাহ পিঙ্গলেত্যাদিনা। মে ময়া শিক্ষিতং ॥ ২১ ॥

স্বৈরিণী কামচারিণী। সঙ্কেতে রতিস্থানে ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

রসে জিতে সতি সর্ব্বং জিতমিতি তাদৃশস্য তস্য যোগ্যত্বাদ্ভূতবন্নির্দ্দেশঃ ॥ ২০ ॥

জ্ঞানপ্রকরণেঽপ্যস্মিন্ প্রসঙ্গাৎ পরমভক্তিমপি দর্শয়তি পিঙ্গলা নামেতি ॥ ২১—২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং রূপগন্ধস্পর্শশব্দরসৈঃ পঞ্চভির্বিষয়ৈঃ পতঙ্গ-মধুকর-গজ-হরিণ-মীনাঃ পঞ্চ মোহিতা হতাঃ। তদুক্তং। কুরঙ্গ-মাতঙ্গ-পতঙ্গ-ভৃঙ্গ-মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ ইতি। কিন্ত্বন্যেন্দ্রিয়াণাং বৃত্তিপ্রদং রসনেন্দ্রিয়-মেবানর্থকারীত্যতস্তস্য জয়ে প্রযত্নং কুর্ব্বীতেত্যাহ ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তর্হ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে। যদি তু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যা সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাত্তস্মাত্তথা রসনেন্দ্রিয়ং জেতব্যং যথা তদনুবর্ত্তীন্যন্যানীন্দ্রিয়াণি জিতানি স্যুস্তাদৃশোরসনেন্দ্রিয়স্য জয়স্তু রসনয়ৈব ভগবদুচ্ছিষ্টনামকীর্ত্তনরসাস্বাদাদ্ভবেৎ। যদুক্তং। রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্তত ইতি ॥ ২০ ॥

পিঙ্গলায়া নৈরাশ্যং শিক্ষিতমিতি তদুপাখ্যানমাহ পিঙ্গলেতি ॥ ২১ ॥ ২২ ॥

দীপিকাদীপনং।

আশ্বিতি উদ্যমং বিনৈবেত্যর্থঃ। রসনন্তু বর্জয়িত্বেত্যন্বয়ঃ। ননু রসনেন্দ্রিয়জয়ঃ কথং স্যাদিত্যপেক্ষায়াং পদ্যদ্বয়স্যায়ং ভাব ইতি ॥ ২০ ॥

রসে জিতে সতি সর্ব্বং জিতমিতি রসনেন্দ্রিয়জয়েন সর্ব্বেন্দ্রিয়জয়ে যোগ্যত্বাৎ ভূতবন্নির্দ্দেশঃ ॥ ২১ ॥

তদাখ্যানং পিঙ্গলাখ্যানং। জ্ঞানপ্রকরণেঽপ্যস্মিন্ প্রসঙ্গাৎ পরমভক্তিমপি দর্শয়তি পিঙ্গলেতি ॥ ২২ ॥

জিহ্বার দুর্জয়ত্ব এই যে, নিরাহার মনীষিগণ সহসা রসনা ব্যতীত সকল ইন্দ্রিয়কেই জয় করিতে পারেন, যে হেতু নিরাহার ব্যক্তির রসনাই প্রবৃদ্ধ হইতে থাকে, কিন্তু পুরুষ যত দিন রসনা জয় না করিয়া অন্য সকল ইন্দ্রিয়কেই জয় করেন, তথনও তিনি জিতেন্দ্রিয় হইতে পারেন না, পরে রসনা জিত হইলে সকল ইন্দ্রিয়ই পরাজিত হয় ॥ ২০ ॥

পিঙ্গলা বেশ্যার নিকট নৈরাশ্য শিক্ষা যথা—পূর্ব্বকালে বিদেহনগরে পিঙ্গলা নামে এক বেশ্যা বাস করিত, হে নৃপনন্দন। আমি তাহার নিকট হইতে যাহা কিছু শিক্ষা করিয়াছি বলি শ্রবণ কর॥২১

একদা সেই স্বৈরিণী পথিক কান্তকে স্বীয় রতিগৃহে লইয়া যাইবার নিমিত্ত উত্তম বেশ ভূষা ধারণ করত সায়ংকালে বহির্দ্বারে দণ্ডায়মান রহিয়াছে ॥ ২২ ॥

মার্গ আগচ্ছতো বীক্ষ্য পুরুষান্ পুরুষর্ষভ। তান্ শুল্কদান্ বিত্তবতঃ কান্তাম্মেনেঽর্থকামুকী ॥ ২৩ ॥
আগতেষ্বপযাতেষু সা সঙ্কেতোপজীবিনী। অপ্যন্যো বিত্তবান্ কোঽপি মামুপৈষ্যতি ভূরিদঃ ॥২৪
এবং দুরাশয়া ধ্বস্তনিদ্রা দ্বার্য্যবলম্বতী। নির্গচ্ছন্তী প্রবিশতী নিশীথং সমপদ্যত ॥ ২৫ ॥
তস্যা বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়া দীনচেতসঃ। নির্ব্বেদঃ পরমো জজ্ঞে চিন্তাহেতুঃ সুখাবহঃ ॥ ২৬ ॥
তস্যা নির্ব্বিণ্ণচিত্তায়া গীতং শৃণু যথা মম ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তান্ বিত্তবতঃ সধনান্ অতএব শুল্কদান্ মূল্যদান্ কান্তান্ সুরতার্হান্ ॥ ২৩ ॥
অপি সম্ভাবনায়াং। অন্যোঽপি মামুপৈষ্যতীত্যেবং দুরাশয়েত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৪ ॥
দ্বার্য্যবলম্বমানা পুনঃ প্রবিশতি পুনর্নির্গচ্ছতি এবং কুর্ব্বতী নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥
নির্ব্বেদঃ অলং বুদ্ধিঃ। বিত্তচিন্তৈব হেতুর্যস্য সঃ ॥ ২৬ ॥
যথা যথাবৎ মম মত্তঃ শৃণু ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সঙ্কেতে রতিস্থানে। উপনেষ্যতী স্বসমীপমানেষ্যন্তী আনেতুমিত্যর্থঃ ॥ ২৩ ॥
শুল্কদান্ মূল্যং দত্বা সুরতগ্রাহিণঃ ॥ ২৪ ॥
নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥
বিত্তচিন্তৈব হেতু র্যস্য সঃ ॥ ২৬ ॥
যথা মম যথাবন্মত্তঃ ॥ ২৭ ॥

দীপিকাদীপনং।

উত্তমং রূপং বিভ্রতী সতী কালে সন্ধ্যায়াং বহি র্দ্বারি স্থিতাভূৎ ॥ ২৩ ॥
হে পুরুষর্ষভেতি তস্যা দুরাশায়া আশ্চর্য্যফলত্বাভিপ্রায়েণ ॥ ২৪ ॥
আগতেম্বিতি যুগ্মকং। এবং কুর্ব্বতীতি ব্যাখ্যানান্নির্গচ্ছন্তী প্রবিশতীতি শত্রন্ত এব পাঠঃ ॥ ২৫ ॥
অলং বুদ্ধিঃ স্বাবজ্ঞয়া বিষয়েষু হেয়ত্ববুদ্ধিঃ। পরম ইতি লৌকিকনির্ব্বেদব্যাবৃত্তিঃ। তত্র হেতুঃ। সুখাবহ ইতি সুখং শ্রীকৃষ্ণবিষয়কানুরাগজানন্দং আবহতি প্রাপয়তীতি তথা। বিত্তচিন্তৈব হেতু র্যস্যেত্যাপাততোবোধার্থমেব তস্য পূর্ব্বসংস্কারহেতুকত্বাৎ ॥ ২৬ ॥
তস্যা ইত্যর্দ্ধকং তস্যা ইতি সম্বন্ধসামান্যবিবক্ষয়া ষষ্ঠী তয়েত্যর্থঃ ॥ ২৭ ॥

হে পুরুষর্ষভ! পরে সেই অর্থলুব্ধা স্বৈরিণী পথিমধ্যে পুরুষদিগকে আগমন করিতে দেখিয়া এক এক করিয়া সকলের প্রতিই "ইনি ধনবান্ ইনিই আমাকে ধন দিবেন" বার বার এইরূপ মনে করিতে লাগিল ॥ ২৩ ॥

সেই রতিস্থানোপজীবিনী বেশ্যা এইরূপ সকলকে গমনাগমন করিতে ও স্বীয় গৃহে না আসিতে দেখিয়া মনে করিল অন্য কোন ধনবান্ ব্যক্তি আসিয়া আমাকে বহু ধন দান পূর্ব্বক ভজনা করিবে॥২৪

পিঙ্গলা এইরূপ দুরাশা বশতঃ দ্বার অবলম্বন পূর্ব্বক নিদ্রাশূন্য হইয়া প্রবেশ ও নির্গম করিতে করিতেই অর্দ্ধরাত্র হইয়া উঠিল ॥ ২৫ ॥

পরে ধনাশায় শুষ্ক-বদনা ও দীনচিত্তা সেই পিঙ্গলার সুখাবহ চিন্তা হেতু বৈরাগ্য আসিয়া হৃদয়ে আবির্ভূত হইল ॥ ২৬ ॥

তৎকালে সেই পিঙ্গলা যাহা করিয়াছিল বলিতেছি, আমার নিকট শ্রবণ কর ॥ ২৭ ॥

নির্ব্বেদ আশাপাশানাং পুরুষস্য যথা হ্যসিঃ। ন হ্যঙ্গাজাতনির্ব্বেদো দেহবন্ধং জিহাসতি ॥ ২৮ ॥

পিঙ্গলোবাচ ॥

অহো মে মোহবিততিং পশ্যতাবিজিতাত্মনঃ। যা কান্তাদসতঃ কামং কাময়ে যেন বালিশা॥২৯॥

সন্তং সমীপে রমণং রতিপ্রদং বিত্তপ্রদং নিত্যমিমং বিহায়।

অকামদং দুঃখভয়াধিশোকমোহপ্রদং তুচ্ছমহং ভজেঽজ্ঞা ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

নমু কিং নির্ব্বিণ্ণায়া গীতশ্রবণেন তত্রাহ হি যস্মাৎ পুরুষস্য আশাপাশানাং নির্ব্বেদো অসি র্যথা তথা ছেত্তা। তত্র হেতু র্নহীতি। অঙ্গ হে রাজন্ ॥ ২৮ ॥

অবিজিতাত্মত্বে হেতুঃ। যাহং বালিশা বিবেকশূন্যা। তৎ কুতঃ। যেন কারণেন অসতস্তুচ্ছাৎ নরাৎ কামং কাময়ে ॥ ২৯ ॥

বালিশত্বং প্রপঞ্চয়তি সন্তমিতি চতুর্ভিঃ। সমীপে সন্তমন্তর্যামিত্বাৎ ইমমপরোক্ষমীশ্বরং ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নির্ব্বেদেন ঝটিতি পূর্ব্বোক্তসংস্কারোদয়াৎ শ্রীদত্তাত্রেয়কৃপাপ্রভাবেণ তাদৃশস্ফূর্ত্যৈব সন্তং সমীপে ইত্যাদি চোক্তং। রতিপ্রদং প্রীতিবিশেষস্য ক্রীড়াবিশেষস্য বা দাতারং সৈরিন্ধ্র্যাদিভ্য ইব। বিত্তপ্রদং সর্ব্বকামপ্রদঞ্চ ॥ ৩০—৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আশাএব সংসারবন্ধক পাশাঃ স্যুস্তাসাং ছেদনে নির্ব্বেদএব অসির্ভবেৎ। তস্যাবশ্যোপাদেয়ত্বমাহ নহীতি ॥ ২৮ ॥

কামং কন্দর্পং কাময়ে। যেন কামেন হেতুনা অহং বালিশা মূঢ়া ॥ ২৯ ॥

সমীপে মমান্তর্হৃদয়ে এব সন্তং। রমণমিতি। ইমমেব কথমহং ন রময়ামীতি ভাবঃ। রতিপ্রদমিতি অয়মেব কথং মাং ন রময়তু কিমন্যেন পাপিষ্ঠপুরুষেণেতি ভাবঃ। বিত্তপ্রদমিতি মদন্তরতিতুষ্টোঽয়ং বিত্তমপি প্রচুরং দাস্যত্যেবেতি ভাবঃ। অকামদং কামপূর্ত্তিং দাতুমসমর্থং। ভগবত্যেতাদৃশী মতিরস্যাস্তদা তস্যাং রজস্যাং তদক্ষণে যদৃচ্ছয়াগতশয়িতস্য শ্রীদত্তাত্রেয়স্য কৃপাতস্তদ্বাদভূদিতি প্রাহুঃ ॥ ৩০ ॥

দীপিকাদীপনং।

আশাপাশানামিতি অবিদ্যাঽস্মিতারাগদ্বেষাভিনিবেশা ইত্যত্র রাগশব্দোক্তা যা আশাস্তাএব পাশাঃ পাশবদ্বন্ধকাস্তেষাং নির্ব্বেদোঽসিরিতি ধর্ম্মলুপ্তা। তত্র হেতুস্ত্বে ॥ ২৮ ॥

যাহং বালিশা তস্যা অবিজিতাত্মনো মে মোহবিততিং যূয়ং পশ্যত যেন বালিশত্বেন হেতুনাঽসতঃ কান্তাদহং কামং কাময় ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

শ্রীদত্তাত্রেয়কৃপাদৃষ্টিপ্রভাবেণ ঝটিতি পূর্ব্বসংস্কারোদয়াদেতাদৃশং তত্বাক্যং সন্তমিত্যাদি। অন্তর্যামিত্বাৎ সমীপ এব সন্তং নতু দূরগং তত্রাপি পরমসুন্দরত্বেন রমণং প্রেষ্ঠং তত্রাপি রতিসুখদং সৈরিন্ধ্র্যাদিভ্য ইব ভূষণাদিবিত্তপ্রদঞ্চ তত্রাপি নিত্যমকালকলিতং তত্রাপি মম পরোক্ষং স্বয়ং প্রকাশত্বাত্তু পরোক্ষং তথাভূতমীশ্বরং বিহায় অকামদং যথার্থসুখাপ্রদং প্রত্যুত দুঃখাদিপ্রদং। তত্র হেতুস্তুচ্ছং তাদৃশমজ্ঞাহং ভজ ইতি বালিশত্বপ্রপঞ্চঃ ॥ ৩০ ॥

হে রাজন্! যে হেতু বৈরাগ্য পুরুষদিগের আশাপাশের ছেত্তা, অতএব অজাত-বৈরাগ্য ব্যক্তির আশাপাশ ছেদন হইবার আর উপায় নাই ॥ ২৮ ॥

পিঙ্গলা কহিল, হায়! আমি কি বিবেকশূন্য, আমার কি বিস্তৃত মোহ, আমি কি অজিতাত্মা, যে হেতু আমি মূর্খের ন্যায় অতিতুচ্ছ কান্তের নিকট হইতে কাম্যবিষয় কামনা করিতেছি ॥ ২৯ ॥

হায়! আমি অন্তরে রতিপ্রদ ও বিত্তপ্রদ এই নিত্য সৎপদার্থের উপাসনা পরিত্যাগ করিয়া অজ্ঞের ন্যায় অকামদ, দুঃখ, ভয়, শোক এবং পীড়াদায়ক ও অতিতুচ্ছ পুরুষকে ভজনা করিতেছিলাম ॥ ৩০ ॥

অহো ময়াত্মা পরিতাপিতো বৃথা সাঙ্কেত্যবৃত্ত্যাতিবিগর্হ্যবার্ত্তয়া।
স্ত্রৈণান্নরাদ্যার্থতৃষোঽনুশোচ্যাৎ ক্রীতেন বিত্তং রতিমাত্মনেচ্ছতী ॥ ৩১ ॥
যদস্থিভির্নির্ম্মিতবংশবংশ্যস্থূণং ত্বচা রোমনখৈঃ পিনদ্ধং।
ক্ষরন্নবদ্বারমগারমেতদ্বিণ্মূত্রপূর্ণং মদুপৈতি কান্যা ॥ ৩২ ॥
বিদেহানাং পুরে হ্যস্মিন্নহমেকৈব মূঢ়ধীঃ। যান্যমিচ্ছত্যসত্যস্মাদাত্মদাৎ কামমচ্যুতাৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অতিবিগর্হ্যা বিনিন্দ্যা যা বার্ত্তা জীবিকা তয়া। কুতঃ সাঙ্কেত্যেন যা বৃত্তিস্তয়া বহুব্রীহিণা বিশেষণং বা। পরিতাপং প্রপঞ্চয়তি স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটাৎ অথ চার্থতৃষোলুব্ধাৎ অতএবানুশোচ্যান্নরাৎ যাহং বিত্তং রতিঞ্চেচ্ছতী তয়া বৃথাত্মা পরিতাপিতঃ। কেন বিত্তমিচ্ছতী তেন নরেণ ক্রীতেন স্বয়ং বিক্রীতেনাত্মনা দেহেন ॥ ৩১ ॥

অহো ধিঙ্মাং যাহমতিবীভৎসিতং ন জানামীত্যাহ যদিতি। বংশো নাম স্থূণাসু নিহিতস্তির্য্যক্ বেণুঃ বংশ্যাস্তস্মিন্নুভয়তো নিহিতা বেণবঃ। অস্থিভিরেব নির্ম্মিতা বংশাদয়ো যস্মিন্ তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ পার্শ্বাস্থীনি বংশ্যানি স্থূণা হস্তপাদাস্থীনি। তথা ত্বচা রোমভির্নখৈশ্চ পিনদ্ধং ছাদিতং। তথাপি ক্ষরন্তি নব দ্বারাণি যস্মিন্ তৎ এবম্ভূতাগাররূপং নরশরীরমেতৎ মদন্যোঽন্যা কা বা কান্তবুদ্ধ্যা উপৈতি সেবতে ॥ ৩২ ॥

তৎসঙ্গতো সত্যামপ্যহো মম মোহ ইত্যাহ বিদেহানামিতি। যাহমসতী অচ্যুতাদন্যং কামং ভোগমিচ্ছতী সা ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যা অহং ক্রীতেন বিক্রীতেনাত্মনা স্বদেহেন স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটান্নরাৎ বিত্তং রতিঞ্চ ইচ্ছতী অভূবং। যথা। নরেণ ক্রীতো য আত্মা মদ্দেহস্তেন ॥ ৩১ ॥

অহো অতিবীভৎসং বিষ্ঠাগৃহমেবাহং শৃঙ্গাররসং স্বভোগ্যমবিদমিত্যাহ। যদগারং অস্থিভিরেব নির্ম্মিতো বংশো বংশ্যাঃ স্থূণাশ্চ যস্মিংস্তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ। পার্শ্বাস্থীনি বংশ্যানি হস্তপাদাস্থীনি স্থূণাঃ। মৎ মত্তোঽন্যা কা উপৈতি ॥ ৩২ ॥

যা অহমসতী অচ্যুতাদস্মাৎ ত্যক্ত্বা আত্মপ্রদাদপ্যন্যং পুরুষং কামং ভোগমিচ্ছন্তী যাচমানা ॥ ৩৩ ॥

দীপিকাদীপনং।

সাঙ্কেত্যেন সঙ্কেতীকৃতেন রতিসুখেন যা বৃত্তির্বর্ত্তনং তয়া হেতুনা যা বিনিন্দ্যা জীবিকা তয়েতি ব্যাখ্যানে তৃতীয়েতি। বহুব্রীহিণেতি অতিবিগর্হ্যা বার্ত্তা জীবিকা যস্যাস্তয়া। নরেতি সামানাধিকরণ্যাদুক্তেন নরেণ মূল্যং নীতেন স্বয়ং বিক্রীতেন মূল্যং বিত্তাদিকং গৃহীত্বা দত্তেন ॥ ৩১ ॥

অতিবীভৎসিতমতিকুৎসিতং। বধ কুৎসায়ামিত্যস্য রূপং। তত্র দেহপক্ষে স্বপার্শ্ববিনিঃসৃতপার্শ্বাস্থীনীতি ॥ ৩২ ॥

অস্মাদিতি অঙ্গুল্যা সাক্ষাদিব নির্দ্দেশঃ। অচ্যুতাৎ স্বভক্তমপি কালত্রয়েঽপি ত্যজনাৎ। তদুক্তং পাদ্মে। ন চ্যবন্তে হি যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে বিষ্ণুরেব ন সংশয় ইতি ॥ ৩৩ ॥

হায়! এত কাল আমি অতিবিগর্হিত বার্ত্তাযুক্ত অতিকদর্য্য সাঙ্কেত্য বৃত্তিদ্বারা বৃথা আত্মাকে পরিতাপিত করিয়াছি, যে হেতু আমি ক্রীতের ন্যায় হইয়া লম্পট অর্থলুব্ধ ও অনুশোচনীয় পুরুষ হইতে রতি ও বিত্ত প্রাপ্তির ইচ্ছা করিয়াছিলাম ॥ ৩১ ॥

বংশশঙ্কু সদৃশ অস্থি নির্ম্মিত ও ত্বক্ রোম নখাদি দ্বারা আবৃত এবং ক্লেদ ক্ষরিত নব দ্বার বিশিষ্ট অথচ বিষ্ঠা মূত্রে পরিপূর্ণ অতিহেয় এই কান্ত শরীরকে আমা ভিন্ন আর কে আদর করিয়া থাকে? ॥ ৩২

যে হেতু আমি আত্মপ্রদ অচ্যুত হইতে অন্যের নিকট কামভোগ ইচ্ছা করিয়াছি, সেই জন্য এই বিদেহ নগর মধ্যে কেবল একা আমিই মূঢ়বুদ্ধি ॥ ৩৩ ॥

সুহৃৎ প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাং। তং বিক্রীয়াত্মনৈবাহং রমেঽনেন যথা রমা ॥৩৪
কিয়ৎ প্রিয়ং তে ব্যভজন্ কামা যে কামদা নরাঃ। আদ্যন্তবন্তো ভার্য্যায়া দেবা বা কালবিদ্রুতাঃ॥৩৫
নূনং মে ভগবান্ প্রীতো বিষ্ণুঃ কেনাপি কর্ম্মণা। নির্ব্বেদোঽয়ং দুরাশায়া যন্মে জাতঃ সুখাবহঃ ॥৩৬॥
মৈবং স্যু র্মন্দভাগ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবঃ। যেনানুবন্ধং নির্হৃত্য পুরুষঃ শমমৃচ্ছতি ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

সা এবং নির্ব্বিণ্ণা সতী অতঃপরমেবং করিষ্যামীত্যাহ সুহৃদিতি। অয়মীশ্বর আত্মনৈব আত্মানমেব নিবেদ্য তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অনেনৈব সহ রমে রমা লক্ষ্মীর্যথা ॥ ৩৪ ॥

অন্যত্রাসেব্যত্বং দর্শয়তি কিয়দিতি। আদ্যন্তবন্তো যে কামা বিষয়াঃ কামদা নরা বা দেবা বা কালকলিতা ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং কৃতবন্তো ন কিঞ্চিৎ অতো নেহামুত্রচ তদ্ব্যতিরিক্তঃ কোঽপি সেব্যোঽস্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

এবং নিশ্চিন্ত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। দুষ্টা আশা যস্যাস্তস্যা মে ॥ ৩৬ ॥

নন্বু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথং বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। মন্দভাগ্যা চেদহং স্যাং তর্হ্যেবং নির্ব্বেদহেতবঃ ক্লেশা ন স্যুরিত্যর্থঃ যেন নির্ব্বেদেনানুবন্ধঃ গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনা মূল্যভূতেন বিশেষতঃ ক্রীত্বা ॥ ৩৪—৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কিমতঃ পরং চিকির্ষসীতি চেদেবং করোমীত্যাহ সুহৃদিতি। আত্মনা স্বদেহেনানেন দত্তেন তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অহং প্রাপ্তেন তেন প্রেষ্ঠতমেন সহ রমে ॥ ৩৪ ॥

যে কামা বিষয়াঃ যে কামদা বা নরাঃ দেবা বা তে সর্ব্বে আদ্যন্তবন্তঃ কালেনৈব বিদ্রুতাঃ অতো ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং ব্যভজন্ কৃতবন্তঃ। ন কিঞ্চিৎ। অত ইহামুত্র চ তদ্ব্যতিরিক্তঃ কোঽপি মম্না ন সেব্য ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

এবং নিশ্চিন্ত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। কেনাপি কর্ম্মণেতি। ভো বিরক্তবর্য্য কৃপয়া অদ্য মদঙ্গণমেব সফলীকুরু। অত্রৈব বাস শেষং কিঞ্চিদ্ভুঙ্ক্ষ্ব পিব চেতি যদৃচ্ছয়ৈবাগতং শ্রীদত্তাত্রেয়মুক্ত্বা তৎস্থানসংস্কারমার্জনলেপনাদিকং সায়ংকালে তয়া কৃতমিতি প্রাঞ্চঃ॥৩৬

নন্বু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথন্তে বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। যদি মে বিষ্ণু র্ন প্রীতস্তদা মে মন্দভাগ্যায়া বেশ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবো ন স্যুঃ। যেন নির্ব্বেদেন অনুবন্ধং গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য ॥ ৩৭ ॥

দীপিকাদীপনং।

আত্মনৈব মূল্যভূতেন তথা চাত্মানমেব নিবেদ্যেতি ব্যখ্যাতং। তমীশ্বরং বিক্রীয় বিশেষতঃ ক্রীত্বা মূল্যং নীত্বেত্যর্থঃ। অহং ভক্ত-পরাধীনঃ বশে কুর্ব্বন্তি মাং ভক্ত্যা ভক্তিবশঃ পুরুষ ইত্যাদি স্মৃতিশ্রুতেঃ ॥ ৩৪ ॥

অনেনৈবেত্যবধারণোক্তমন্যস্যাঽসেব্যত্বমভজনীয়ত্বং। অতো দেবাদীনাং কালগ্রস্তত্বেন প্রিয়ং কর্ত্তুমশক্যত্বাৎ ॥ ৩৫ ॥

এবং অন্যস্যাসেব্যত্বকথনেনেশ্বরস্যৈব সেব্যত্বং নিশ্চিত্য। কেনাপি সত্যাদলক্ষণেন। তত্র হেতুঃ যদস্মাৎ ॥ ৩৬ ॥

মন্দভাগ্যা চেদহং স্যামিত্যার্থিকার্থবাদিত্যর্থ ইত্যুক্তং শমং বুদ্ধের্ভগবন্নিষ্ঠাং ॥ ৩৭ ॥

শরীরিদিগের আত্মা রূপ প্রিয়তম সুহৃৎ ঈশ্বরের নিকট এই দেহ নিবেদন পূর্ব্বক তাঁহাকে ক্রয় করিয়া লক্ষ্মীর ন্যায় তৎসহ রমণ করিব ॥ ৩৪ ॥

কাম্য বিষয় সকল ও কামদাতা নর সকল এবং কালকবলিত দেবতাগণ সমুদায়ই অনিত্য অতএব ইহারা কি কামিনীদিগের প্রিয় সাধন করিতে পারে? অর্থাৎ কোন বিষয়েই সক্ষম নহে, কেবল মাত্র এক বিষ্ণু ইহলোক বা পরলোক সকল লোকেই সুখ বিধান করিতে পারেন ॥ ৩৫ ॥

নিশ্চয় বোধ হইতেছে আমার কোন অলক্ষিত কর্ম্ম দ্বারা ভগবান্ বিষ্ণু আমার প্রতি পরিতুষ্ট হইয়াছেন, যে হেতু এক্ষণে আমার এই সুখাবহ বৈরাগ্য আসিয়া উপস্থিত হইয়াছে ॥ ৩৬ ॥

ধন প্রাপ্ত্যাশায় ক্লিষ্ট হইয়াছি বলিয়াই যে ভগবান্ আমার প্রতি প্রসন্ন হইবেন না এমন কোন

তেনোপহৃতমাদায় শিরসা গ্রাম্যসঙ্গতাঃ। ত্যক্ত্বা দুরাশাঃ শরণং ব্রজামি তমধীশ্বরং ॥ ৩৮ ॥

সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্যথালাভেন জীবতী। বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ ॥ ৩৯ ॥

সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণং। গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ॥ ৪০ ॥

আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্ব্বিদ্যেত যদাখিলাৎ। অপ্রমত্ত ইদং পশ্যেৎ গ্রস্তং কালাহিনা জগৎ॥৪১

শ্রীধরস্বামী।

অতস্তেন শ্রীবিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারং নির্ব্বেদলক্ষণং গ্রাম্যেষু নরেষু বিষয়েষু বা সঙ্গতা ॥ ৩৮ ॥

কথং ব্রজসি তদাহ সন্তুষ্টেতি ॥ ৩৯ ॥

নহু ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়ং নিয়মস্তত্রাহ সংসারেতি। মুষিতেক্ষণং উপহৃতবিবেকং ॥ ৪০ ॥

তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসি স সর্ব্বতো নির্ব্বিদ্য ভগবদ্ভজনে প্রবৃত্তস্তাত্মন এব সমর্থত্বাদিত্যাহ আত্মৈবেতি। যদা এবং জগৎ পশ্যেৎ ততশ্চাপ্রমত্তঃ সন্ নিখিলাদিহামুত্রচ ভোগান্নির্ব্বিদ্যেত তদাহি আত্মৈব হ্যাত্মনো গোপ্তা ইত্যন্বয়ঃ। অতঃ কেবলং প্রেম্নৈব ভজামীতি ভাবঃ ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তমেব শরণং যামীত্যত্র হেতুঃ সংসারেতি ॥ ৪০—৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতস্তেন বিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারমিমং নির্ব্বেদলক্ষণং শিরসা গৃহীত্বা গ্রাম্যেষু বিষয়েষু সঙ্গত্যাগ্যহং ॥ ৩৮ ॥

শরণং গতা সতী কীদৃশী বুভূষসীত্যত আহ সন্তুষ্টেতি। এতৎ শ্রদ্দধতী বিশ্বসতী। এতদেব কিং তত্রাহ বিহরামীতি ॥ ৩৯ ॥

নহু ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়মাগ্রহস্তত্রাহ সংসারেতি ॥ ৪০ ॥

তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসীতি তত্র নৈবেত্যাহ আত্মৈবেতি। যদা হ্যাত্মা অখিলাদ্ভোগান্নির্ব্বিদ্যেত তত্র হেতুঃ ইদং

দীপিকাদীপনং।

অতো বিষ্ণোঃ প্রীতত্বাৎ। তং কৃতোপকারং ॥ ৩৮ ॥

এতদুপকরণং শ্রদ্দধতী বিশ্বসমানা আত্মনা পরমপ্রেষ্ঠেন। রমণেন কান্তেন ॥ ৩৯ ॥

কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ন কোঽপি তস্মাদ্ব্রহ্মাদীনাং ত্রাতুমনীশ্বরত্বাৎ পতিত্বং ন সংগচ্ছতে ইত্যমুনৈবেত্যুক্তং ॥ ৪০ ॥

তর্হীত্যাদি শঙ্কাসমাধানাত্তানঃ। তত্র আত্মত্রাণে। এবং কালাহিগ্রস্তং। ততশ্চ তাদৃশজ্ঞানানন্তরং অতঃ আত্মত্রাণানপেক্ষত্বাৎ ॥ ৪১ ॥

কারণ নাই, যদি আমি মন্দভাগ্যাই হইতাম, তাহা হইলে যে বৈরাগ্য বশত পুরুষ সকল গৃহ পুত্রাদি পরিত্যাগ করিয়া পরম শান্তি আশ্রয় করেন, সেই সুখ হেতু বৈরাগ্য আমার কখনই আসিয়া উপস্থিত হইত না ॥ ৩৭ ॥

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রদত্ত এই নির্ব্বেদ রূপ উপকার আমি মস্তকে গ্রহণ করত গ্রাম্যক্রিয়া অর্থাৎ বিষয় সঙ্গত এই দুরাশা পরিত্যাগ পূর্ব্বক সেই অধীশ্বরের শরণাপন্ন হইলাম ॥ ৩৮ ॥

আমি যথালাভে জীবিকা নির্ব্বাহ করত শ্রদ্ধা পূর্ব্বক সন্তুষ্টচিত্তে সেই রমণ স্বরূপ পরমাত্মার সহিত বিহার করিব ॥ ৩৯ ॥

ব্রহ্মাদি দেব পরিত্যাগ করিয়া কেবল যে ভগবান্ বিষ্ণুর শরণাপন্ন হইতেছি, ইহার কারণ এই যে, সংসারকূপে পতিত, বিষয়মোহে অন্ধ এবং কালসর্প কর্ত্তৃক দষ্ট এই আত্মাকে উদ্ধার করিতে তিনি ভিন্ন আর কে সমর্থ হইবে ? ॥ ৪০ ॥

যখন এই জগৎ কালসর্পগ্রস্তরূপে দৃষ্ট হইবে তখন জীব অপ্রমত্ত হইয়া নিখিল ভোগ হইতে বিরক্ত হইবে এবং আত্মা দ্বারাই আত্মাকে রক্ষা করিবে ॥ ৪১ ॥

শ্রীব্রাহ্মণ উবাচ ॥

এবং ব্যবসিতমতি দু্রাশাং কান্ততর্ষজাং। ছিত্ত্বোপশমমাস্থায় শয্যামুপবিবেশ সা ॥ ৪২ ॥

আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখং। যথা সংছিদ্য কান্তাশাং সুখং সুষ্বাপ পিঙ্গলা ॥৪৩

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে পিঙ্গলা-গীতমষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীধরস্বামী।

কান্তস্য তর্ষোঽভিলাষস্তস্মাজ্জাতাং ॥ ৪২ ॥

ফলিতমাহ আশা হীতি ॥ ৪৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশেঽষ্টমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা পরমাত্মা। আত্মনো জীবস্য। অখিলাৎ পরমাত্মব্যতিরিক্তাৎ নির্ব্বেদে হেতুঃ। অপ্রমত্ত ইতি ॥ ৪১ ॥ ৪২ ॥

সুষ্বাপ ভগবদেকাশ্রয়েণ নির্বৃতা বভূবেত্যর্থঃ ॥ ৪৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে অষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জগৎ কালাহিনা গ্রস্তং পশ্যেৎ তদা আত্মৈব আত্মনঃ স্বস্য গোপ্তা সংসারাদ্রক্ষিতা ভবেৎ যদাত্মা চ সংপ্রত্যেতাদৃশ এবাভূদতোঽহং অতএব নিস্তীর্ণসংসারা অভূবমেব। তেনান্তঃ পরং কেবলং প্রেষ্ঠৈব তং ভজিষ্যে ইতি ভাবঃ ॥ ৪১—৪৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশেঽষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দীপিকাদীপনং।

উপশমং বুদ্ধেঃ শ্রীকৃষ্ণকান্তৈকনিষ্ঠারূপং রাগং তথা চাত্রা রাগরূপা ভক্তির্নতু বৈধীতি সূচিতং। সাধনানুষ্ঠানমন্তরৈব রমেঽনেন যথা রমেতি প্রেমময়তৃষ্ণায়া এব দর্শিতত্বাৎ রাগরূপায়াশ্চেদং লক্ষণং। ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ। তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতেতি। ইষ্টে স্বানুকূলবিষয়ে স্বারসিকী স্বাভাবিকী যা পরমাবিষ্টতা তদ্ধেতুঃ প্রেমময়ী তৃষ্ণা সা রাগো ভবেৎ তন্ময়ী তদেকপ্রেরিতা যা শ্রবণমননাদিরূপা ভক্তিঃ সা রাগরূপেত্যুচ্যত ইত্যর্থঃ ॥ ৪২ ॥

সুষ্বাপ ভগবদেকাশ্রয়ণেন নির্বৃতা বভূবেত্যর্থঃ ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিশ্রীরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে অষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥

ব্রাহ্মণ কহিলেন, পিঙ্গলা এইরূপে বৈরাগ্য আশ্রয় পূর্ব্বক কান্ততৃষ্ণা-জনিত দুরাশা ছেদন করত উপশান্তি প্রাপ্ত হইয়া স্বীয় শয্যায় গিয়া উপবেশন করিল ॥ ৪২ ॥

হে রাজন্! আশাই পরম দুঃখের কারণ, নৈরাশ্যই পরম সুখ, যে হেতু পিঙ্গলা কান্তবিষয়ক আশা পরিত্যাগ করিয়াই সুখে নিদ্রিত অর্থাৎ একমাত্র ভগবান্‌কে আশ্রয় করিয়া সুস্থ হইয়াছিল ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি একাদশে অষ্টম অধ্যায় ॥ * ॥

শ্রীব্রাহ্মণ উবাচ॥

পরিগ্রহো হি দুঃখায় যদ্যৎ প্রিয়তমং নৃণাং। অনন্তসুখমাপ্নোতি তদ্বিদ্বান্ যস্ত্বকিঞ্চনঃ॥ ১॥

সামিষং কুররং জঘ্নুর্বলিনোঽন্যে নিরামিষাঃ। তদামিষং পরিত্যজ্য স সুখং সমবিন্দত॥ ২॥

ন মে মানাপমানৌ স্তো ন চিন্তা গৃহপুত্রিণাং। আত্মক্রীড় আত্মরতি র্বিচরামীহ বালবৎ॥ ৩॥

দ্বাবেবাচিন্তয়া মুক্তৌ পরমানন্দ আপ্লুতৌ। যো বিমুক্তো জড়ো বালো যো গুণেভ্যঃ পরং গতঃ॥৪

শ্রীধরস্বামী।

নবমে কুররাদিভ্যো দেহস্যোপশিক্ষিতং। শ্রুত্বা যদুঃ কৃতার্থোঽভূদিতি কৃষ্ণেন বর্ণিতং॥ ০॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহো হীতি। যদ্যৎ প্রিয়তমং তত্র তত্র পরিগ্রহঃ তদ্বিদ্বান্ পরিগ্রহো দুঃখায়েতি বিদ্বান্। যস্ত্বকিঞ্চনঃ ত্যক্তপরিগ্রহো নতু দরিদ্রঃ॥ ১॥

তদাহ সামিষমিতি॥ ২॥

অর্ভকাচ্ছিক্ষিতমাহ ন মে ইতি গেহপুত্রিণাং তদ্বতাং যা ভবতি সা চিন্তা চ মে নাস্তি। আত্মনৈব ক্রীড়া যস্য আত্মনি রতিঃ প্রীতির্যস্য সঃ॥ ৩॥

নষ্টজ্ঞসর্বজ্ঞয়োঃ কিং সাদৃশ্যং নৈশ্চিন্ত্যং পরমং সুখমিত্যাহ দ্বাবিতি। বিমুগ্ধোঽজ্ঞঃ জড়ঃ অনুদ্যমঃ এবম্ভূতো যো বালকঃ যশ্চ প্রকৃতেঃ পরঃ ঈশ্বরং প্রাপ্তঃ তৌ দ্বৌ॥ ৪॥

শ্রীবিশ্বনাথচক্রবর্তী।

নবমে সপ্ত গুরবঃ কুররাদ্যাঃ প্রকীর্তিতাঃ। দেহোঽষ্টমস্তদেবং স্যুর্গুরবঃ পঞ্চবিংশতিঃ॥ ০॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহ ইতি দ্বাভ্যাং। যৎ যৎ প্রিয়তমং বস্তু তস্য তস্য পরিগ্রহঃ। তস্মাৎ যস্ত্বকিঞ্চনো নিস্পৃহঃ স এব বিদ্বান্ ন তু অনন্তং সুখমাপ্নোতি॥ ১॥

তদাহ সামিষং মাংসগ্রাহিণং স কুররঃ॥ ২॥

বালকাচ্ছিক্ষিতমাহ নেতি॥ ৩॥ ৪॥

দীপিকাদীপনং।

প্রিয়তমং ধনবস্ত্রাদিকং তস্য তস্য সংগ্রহো দুঃখায় ভবতি॥ ১॥

তদাহ। সংগ্রহত্যাগয়োঃ দুঃখসুখহেতুত্বমাহ। বলিনো যদা জঘ্নুস্তদা স কুররঃ॥ ২॥

আত্মনৈব ক্রীড়াসাধনেন বাদশলক্ষণবিচারাত্মিকা ক্রীড়া যস্য স আত্মনি স্বস্বরূপে রতিস্তুষ্টির্যস্য স তথা। ইহ জগতি॥ ৩॥

গুণানাং প্রকৃতিরূপত্বাৎ প্রকৃতেরিতি ব্যাখ্যাতং॥ ৪॥

নবম অধ্যায়ে কুররাদি হইতে শিক্ষিত বিষয় শ্রবণ করিয়া যদুরাজ কৃতার্থ হইয়াছিলেন, ইহা শ্রীকৃষ্ণকর্তৃক বর্ণিত হয়॥ ০॥

ব্রাহ্মণ কহিলেন, হে রাজন্! কুরর পক্ষির নিকট শিক্ষা এই যে, মনুষ্যদিগের যে যে বস্তু অতিশয় প্রিয়, সেই সেই বস্তুর সহিত আসক্তিই দুঃখের কারণ, অতএব যে অকিঞ্চন (ত্যক্ত পরিগ্রহ) ব্যক্তি তাহা জানেন তিনিই অনন্ত সুখ প্রাপ্ত হয়েন॥ ১॥

নিরামিষ বলবান্ কুররপক্ষী সামিষ দুর্বল পক্ষিকে বধ করিয়া তাহার সেই আমিষ গ্রহণ করিতে ইচ্ছা করে, কিন্তু সে যদি তখন আমিষ পরিত্যাগ করে তাহা হইলে সুখী হয়॥ ২॥

বালকের নিকট শিক্ষা এই যে, আমার মান বা অপমান কিছুই নাই, অথবা গৃহবান্ ও পুত্রবান্ ব্যক্তিদিগের ন্যায় কোন চিন্তাও নাই। অতএব আমি আত্মক্রীড় ও আত্মরতি হইয়া ইহ লোকে বালকের ন্যায় বিচরণ করিয়া থাকি॥ ৩॥

অজ্ঞ উদ্যম রহিত বালক এবং অজ্ঞানাতীত পরম ঈশ্বর প্রাপ্ত জ্ঞানবান্ এই উভয় ব্যক্তিই চিন্তারহিত ও পরমানন্দে লীন থাকেন॥ ৪॥

কচিৎ কুমারী ত্বাত্মানং বৃণানান্ গৃহমাগতান্। স্বয়ং তানর্হয়ামাস ক্বাপি যাতেষু বন্ধুষু ॥ ৫ ॥
তেষামভ্যবহারার্থং শালীন্ রহসি পার্থিব। অবঘ্নন্ত্যাঃ প্রকোষ্ঠস্থাশ্চক্রুঃ শঙ্খাঃ স্বনং মহৎ ॥৬॥
সা তজ্জুগুপ্সিতং মত্বা মহতী ব্রীড়িতা ততঃ। বভঞ্জৈকৈকশঃ শঙ্খান্ দ্বৌ দ্বৌ পাণ্যোরশেষয়ৎ ॥৭॥
উভয়োরপ্যভূদ্‌ঘোষো হ্যবঘ্নন্ত্যাঃ স্বশঙ্খয়োঃ। তত্রাপ্যেকং নিরভিদদেকস্মান্নাভবদ্ধ্বনিঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

কুমার্য্যাঃ শিক্ষিতং বক্তুমাখ্যায়িকামাহ কচিদিত্যাদিনা। বৃণানান্ স্ববরণায়াগতান্। বন্ধুষু পিত্রাদিষু ॥ ৫ ॥
শঙ্খাঃ শঙ্খবলয়া মহদ্যথা ভবতি তথা স্বনং চক্রুঃ ॥ ৬ ॥
সা মহতী বুদ্ধিমতী তৎ স্বয়ং শাল্যবহননং জুগুপ্সিতং দরিদ্রতাদ্যোতকং। একৈকশঃ ক্রমেণৈকৈকং বভঞ্জ করাদপসারিতবতী ॥৭॥
নিরভিদৎ পৃথক্ কৃতবতী ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

সা তজ্জুগুপ্সিতমিতি পাদ্যার্পণাদৌ তদ্ধস্তস্থিতশঙ্খবলয়ানাং তৈর্দৃষ্টত্বাৎ। তচ্ছব্দং বিনা বিঘাতমাত্রশব্দস্যান্তকর্তৃকত্বেন সংভাব্যত্বাচ্চ ॥ ১—১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুমার্য্যাঃ শিক্ষিতমাহ তদাখ্যানেন কচিদিতি। অর্হয়ামাস আবৃতসর্ব্বাঙ্গৈব গেহান্নিষ্ক্রম্য দর্ভাসনজলাদিভিরাতিথ্যং চক্রে। বন্ধুষু পিতৃমাত্রাদিষু ॥ ৫ ॥
কদা মে আয়াস্যন্তি কদা তণ্ডুলান্ করিষ্যন্তীতি মনসি কুর্ব্বতাস্তদা শ্চেষ্টিতমাহ তেষামিতি। শঙ্খাঃ শঙ্খবলয়াঃ ॥ ৬ ॥
তৎ শাল্যবহননং দারিদ্র্যদ্যোতকত্বাৎ জুগুপ্সিতং। মহতী বুদ্ধিমতী ॥ ৭ ॥ ৮ ॥

দীপিকাদীপনং।

স্ববরণায় স্বস্য কন্যায়া বরণং কর্ত্তুং ॥ ৫ ॥
অর্হণমেবাহ তেষামিতি। সমগ্রশঙ্খানাং প্রকোষ্ঠস্থত্বাযোগাৎ। মুখ্যার্থবাধঃ কার্য্যকারণলক্ষণো যোগস্তথা রূঢ়িশ্চেতি শঙ্খশব্দস্য বলয়ে লক্ষণা। স্বনশব্দস্য পুংস্ত্বেন মহদিতি ন তদ্বিশেষণমতঃ ক্রিয়াবিশেষণতয়া ব্যাখ্যাতং ॥ ৬ ॥
মত্বেতি পাদ্যার্ঘ্যার্পণাদৌ তদ্ধস্তস্থবলয়ানাং তৈর্দৃষ্টত্বাৎ তচ্ছব্দং বিনা বিঘাতমাত্রশব্দস্যান্যকর্তৃকত্বেনাপি সম্ভাব্যত্বাচ্চৈকৈকশো বভঞ্জ। ভঞ্জনে সৌভাগ্যচ্যুতেঃ অপসারিতবতীতি ব্যাখ্যাতং ধাতূনামনেকার্থত্বাৎ ॥ ৭ ॥
তত্রাপি শঙ্খদ্বয়মধ্যেঽপি একস্মাচ্ছঙ্খবলয়াৎ ॥ ৮ ॥

অবিবাহিতা কন্যার নিকট শিক্ষা এই যে, কোন এক দিবস এক কুমারীর পিতা মাতা গৃহে উপস্থিত না থাকাতে তাহাকে বরণ করিবার নিমিত্ত তাহার গৃহে আগত পুরুষদিগকে সে যথোচিত পূজা করিয়াছিল ॥ ৫ ॥

হে মহারাজ! পরে তাহাদিগের ভোজনার্থ কতকগুলি ধান্য লইয়া নির্জ্জনে গিয়া উদূখল মুষল দ্বারা অবঘাত করিতে লাগিল, সেই অবঘাত জনিত চালনায় তাহার করস্থ শঙ্খবলয়ের সুমহৎ ধ্বনি হইতে লাগিল ॥ ৬ ॥

তখন কুমারী সেই অবঘাত কার্য্য অতি গোপনীয় বোধে, পাছে ঐ ধ্বনি দ্বারা স্বীয়কৃত অবঘাত প্রকাশ পায় এই আশঙ্কায় লজ্জায় এক এক হস্তে দুই দুই গাছি রাখিয়া আর অবশিষ্ট সমুদায় শঙ্খ হস্ত হইতে অবতারিত করিল ॥ ৭ ॥

তখনও অবঘাত আরম্ভ করাতে সেই দুই দুই গাছিরই ধ্বনি হইতে লাগিল, দেখিয়া পুনর্ব্বার এক এক গাছি অবতারিত করিল, তখন এক এক গাছি থাকাতে আর ধ্বনি হইল না ॥ ৮ ॥

অন্বশিক্ষমিমং তস্যা উপদেশমরিন্দম। লোকাননুচরন্নেতান্ লোকতত্ত্ববিবিৎসয়া ॥ ৯ ॥
বাসে বহূনাং কলহো ভবেদ্বার্ত্তা দ্বয়োরপি। এক এব বসেত্তস্মাৎ কুমার্য্যা ইব কঙ্কণঃ ॥ ১০ ॥
মন একত্র সংযুঞ্জ্যাজ্জিতশ্বাসো জিতাসনঃ। বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণমতন্দ্রিতঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নন্বু কুমার্য্যাস্তব কথং সঙ্গতিস্তত্রাহ লোকানিতি ॥ ৯ ॥

বাস ইতি। প্রথমান্তপাঠে কলহঃ কলহহেতুঃ। বার্ত্তা গোষ্ঠী হেতুর্ভবেদিত্যর্থঃ ॥ ১০ ॥

চিত্তৈকাগ্র্যং বৈতাষ্ক্লিলক্ষণসমাধিহেতুরিতি শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি। তত্রোপায়মাহ জিতেতি। আসনজয়ে শ্বাসজয়স্তস্য চ জয়ে শ্বাসাধীনং মনো নিশ্চলং ভবতি। নন্বু কথং নিশ্চলং সদপি মনো বিষয়বাসনয়া যদি বিক্ষিপ্যেত সুষুপ্তাবিব সর্ব্বথা লীয়েত বা তদা কিং তত্রাহ বৈরাগ্যেতি। বৈরাগ্যেণাবিক্ষিপ্যমাণং অভ্যাসযোগেন লয়ো ধ্রিয়মাণং স্থিরীক্রিয়মাণং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকাননুচরন্নিতি তদ্দিনে ময়া তত্রৈব স্থিতমিতি সর্ব্বেপোক্তে গুরবো ময়া স্বচক্ষুষৈব দৃষ্টা নতু সর্ব্বজ্ঞত্বাজ্জ্ঞাতা ইতি ভাবঃ ॥ ৯ ॥

বাসো বাসে ইতি চ দ্বৌ পাঠৌ। অত্র দরিদ্রকুমারী অপ্রাপ্তপতিকা ঝণৎকারাভাবার্থং যথা কঙ্কণান্ দূরীকরোতি। তথৈব জ্ঞানযোগঃ স্বাশ্রিতান্ মুনীন্ নিঃসঙ্গানেব করোতি। যথা চ রাজকুমারী পতিমতী পতিমভিসরন্তী ঝণৎকারসিদ্ধার্থং কঙ্কণান্ পরিধত্তে তথৈব শ্রীমতী ভক্তিদেবী স্বাশ্রিতান্ বৈষ্ণবান্ মধুমধুরতরনামকীর্ত্তনধ্বনিরসার্থং তান্ পরস্পরসঙ্গিন এব বিধত্তে নতু সঙ্গিন ইতি জ্ঞেয়ঃ ॥ ১০ ॥

চিত্তৈকাগ্র্যং শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি ত্রিভিঃ। রাগবশাদেব মন ইতস্ততশ্চলতীত্যত আহ বৈরাগ্যেতি ধ্রিয়মাণং ভগবত্যেব ॥ ১১ ॥

দীপিকাদীপনং।

ইমং যোগিভিরপ্যসঙ্কীর্ণত্বলক্ষণং উপদেশং কর্ত্তব্যার্থং। হে অরিন্দম ত্বমপি আত্মনিষ্ঠাধ্বংসকং জনসংমর্দ্দলক্ষণমরিং নাশয়েতি ভাবঃ লোকেষু জনেষু সঙ্কোপাদেয়বস্তুনস্তত্ত্বং স্বরূপং তস্য বিবিৎসয়া জিজ্ঞাসয়া। তত্ত্বং বাদ্যপ্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনীতি বিশ্বঃ ॥ ৯ ॥

ফলিতমাহ বাস ইতি। সপ্তম্যন্তপাঠে কলহস্য বার্ত্তায়াশ্চ মুখ্যার্থ এব। প্রথমান্ত পাঠে তু বাসস্য তদ্দ্বয়রূপত্বং নাস্তি কিন্তু তত্তদ্ধেতুত্বমিতি লাক্ষণিকার্থত্বাদিত্যর্থ ইত্যুক্তং। কঙ্কণঃ কঙ্কণমিতি পাঠদ্বয়ং। কৌমুদ্যাং দ্বয়োরপি সাধুত্বাৎ ॥ ১০ ॥

দ্বৈতস্য প্রপঞ্চস্যাষ্ক্লিরপরিজ্ঞানমেব লক্ষণং স্বরূপং যস্য এবম্ভূতো যঃ সমাধিস্তস্য হেতুশ্চিত্তৈকাগ্র্যতৈব। তত্র চিত্তৈকাগ্র্যতায়াং। তস্য শ্বাসস্য জয়ে ধ্রিয়মাণমিত্যস্যৈবাবিক্ষিপ্যমাণমিত্যপ্যর্থস্তত্র বৈরাগ্যেণ বিক্ষেপসম্ভাবনা নিরস্তা অভ্যাসযোগেন লয়োঽপি নিরস্তঃ ॥ ১১ ॥

হে শত্রুনাশন! যদি বল সেই কুমারীর সহিত আমার সঙ্গতি কি প্রকারে হইয়াছিল, তাহার কারণ এই, আমি লোকতত্ত্ব জানিবার নিমিত্ত এই লোকে বিচরণ করিতে করিতে সেই কন্যা হইতে এই উপদেশ শিক্ষা করিয়াছি, সর্ব্বজ্ঞ বলিয়া নহে, ইহা চাক্ষুষ প্রত্যক্ষ ॥ ৯ ॥

বহু লোকের একত্র বাস কেবল কলহের কারণ হয় এবং উভয় ব্যক্তির একত্র সহবাসও কথোপকথনের নিমিত্ত হয় অতএব সাধু ব্যক্তি কুমারীর কঙ্কণের ন্যায় সর্ব্বদা একাকীই বসতি করিবেন ॥ ১০ ॥

শরকারের অর্থাৎ লৌহকারের নিকট শিক্ষা যথা,—জিতশ্বাস ও জিতাসন হইয়া অতন্দ্রিত চিত্তে বৈরাগ্য অভ্যাস যোগ দ্বারা মনকে ধারণ করত এক বস্তুতেই সংযুক্ত করিবে ॥ ১১ ॥

যস্মিন্মনো লব্ধপদং যদেতচ্ছনৈঃ শনৈর্মুঞ্চতি কর্ম্মরেণূন্।
সত্ত্বেন বৃদ্ধেন রজস্তমশ্চ বিধূয় নির্ব্বাণমুপৈত্যনিন্ধনং॥ ১২॥
তদৈবমাত্মন্যবরুদ্ধচিত্তো ন বেদ কিঞ্চিদ্বহিরন্তরং বা।
যথেষুকারো নৃপতিং ব্রজন্তমিষৌ গতাত্মা ন বিবেদ পার্শ্বে॥ ১৩॥
একচার্য্যনিকেতঃ স্যাদপ্রমত্তো গুহাশয়ঃ। অলক্ষ্যমাণ আচারৈর্মুনিরেকোঽল্পভাষণঃ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

একত্রেতি। কুত্র তদাহ যস্মিন্নিতি। যল্লয়বিক্ষেপাত্মকং মন এতদ্যস্মিন্ পরমানন্দরূপে ভগবতি লব্ধাস্পদং সৎ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি ত্যজতি তস্মিন্। নন্বু কর্ম্মবাসনাত্যাগেঽপি সুষুপ্তিবল্লয়ো দুর্ব্বারঃ ন সত্ত্বেনেতি। বৃদ্ধেন উপশমাত্মকেন রজস্তমসোরভাবে বিক্ষেপলয়াভাবাৎ নির্ব্বাণং অবৃত্তিকং ধ্যেয়াকারেণাবস্থানমুপৈতি। কুতোঽনিন্ধনং ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং। তদুক্তং যোগশাস্ত্রে। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যাঽসংপ্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়ত ইতি॥ ১২॥

ততশ্চ ন দ্বৈতস্ফূর্ত্তিরিত্যাহ তদেতি। বহির্দর্শনাদিনাঽন্তরং স্মৃত্যা ইষৌ গতাত্মা তস্য ঋজূকরণে দত্তচিত্তঃ ভেরীঘোষৈরন্তিকে ব্রজন্তং নৃপতিমপি ন বেদ তদ্বৎ॥ ১৩॥

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ। জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা অনাচ্ছন্দমান একাকী

ক্রমসন্দর্ভঃ।

অপ্রমত্তঃ সাবধানঃ আচারৈশ্চেষ্টাভিরলক্ষ্যমাণঃ কিং কর্ত্তুমিচ্ছতীতি॥ ১৪॥ ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্ নরস্মনো লব্ধপদং ভবতি তত্রস্থং এতন্মনঃ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি। ততশ্চ সত্ত্বেন বৃদ্ধেন সতা রজস্তমশ্চ বিধূয়েতি রজস্তমসোরভাবে বিক্ষেপলয়শূন্যং মনোবৃত্ত্যন্তরশূন্যং ভগবন্ময়ীভবৎ নির্ব্বাণং সত্ত্বস্যাপি ক্ষীণীভূতত্বাৎ নির্ব্বাণং পরমানন্দমুপৈতি। ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং॥ ১২॥

আত্মনি ভগবতি ইষৌ গতাত্মা তস্য ঋজূকরণার্থং তদেকাগ্রচিত্ততাতন্ময়ীভবন্মনাঃ ভেরীতাঙ্কারঘোষৈরন্তিকে ব্রজন্তমপি নৃপতিং ন বেদ॥ ১৩॥

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা অনাচ্ছন্দমান একাকী চরতি

দীপিকাদীপনং।

তল্লক্ষ্যমাহ। তৎকার্য্যঞ্চ রাগাদি। তদ্ধ্যেয়াকারেণাবস্থানং। বৃত্তিশূন্যস্য বিতর্কাদিচতুর্ভেদরহিতস্য মনসো ধ্যেয়ব্রহ্মাকারতয়া যা স্থিতিরেকাগ্রতাবস্থাঽসাবসম্প্রজ্ঞাতনামা সমাধিরুচ্যতে। যথাহ ভগবান্ পতঞ্জলিঃ। তস্যাপি নিরোধে সর্ব্ববৃত্তিনিরোধান্নির্বীজঃ সমাধিরিতি। অস্যার্থঃ। তস্য সম্প্রজ্ঞাতস্য প্রবিলয়ে সতি সর্ব্বচিত্তবৃত্তীনাং পরমাত্মনি বিলয়াৎ নির্বীজোঽসম্প্রজ্ঞাতসমাধিরিতি॥ ১২॥

ততশ্চ ধ্যেয়াকারেণাবস্থানানন্তরং। যদাঽসম্প্রজ্ঞাতসমাধির্ভবতি তদা আত্মনি পরমাত্মনি এবমেকাগ্রতয়াঽবরুদ্ধং নিরুদ্ধং চিত্তং যেন সঃ। বহির্দর্শনাদিনা ঘটাদি। অন্তরং স্মৃত্যা সুখাদি কিঞ্চিদপি ন বেদ॥ ১৩॥

সঙ্গত্যাগস্যৈনাভেদাৎ পৌনরুক্ত্যমাশঙ্ক্য বিশেষং ব্যাচষ্টে যোগীতি। গুহাশয় একান্তবাসী। গতিভিঃ সক্রোধদংশনাদিচেষ্টাভিঃ

যে পরমানন্দ রূপ ভগবানেতে গিয়া স্থান লাভ পূর্ব্বক এই লয় ও বিক্ষেপাত্মক মন কর্ম্ম বাসনা সকল পরিত্যাগ করে এবং প্রবৃদ্ধ সত্ত্ব গুণ দ্বারা রজস্তমোগুণ নিরাশ পূর্ব্বক গুণকার্য্য শূন্য নির্ব্বাণ প্রাপ্ত হয়, সেই এক বস্তুতেই মনকে সংযোগ করিবে॥ ১২॥

এবং তৎকালে আত্মাতে অবরুদ্ধচিত্ত হইয়া বাহিরে বা অন্তরে আর কিছুই জানিতে পারিবেন না। যেমন ইষুনির্ম্মাতা পুরুষ ইষুর ঋজুকরণে দত্তচিত্ত হইয়া স্বীয় পার্শ্বে ভেরীতাঙ্কার সহকারে গমনশীল রাজাকেও উপলব্ধি করিতে পারে না তাহার ন্যায়॥ ১৩॥

সর্পের নিকট শিক্ষা যথা—সর্প যেমন একা বিচরণ করে ও নিবাস স্থান রহিত, প্রমাদশূন্য,

গৃহারম্ভো হি দুঃখায় বিফলশ্চাধ্রুবাত্মনঃ। সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখমেধতে॥ ১৫॥
একো নারায়ণো দেবঃ পূর্ব্বসৃষ্টং স্বমায়য়া। সংহৃত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বরঃ॥
এক এবাদ্বিতীয়োঽভূদাত্মাধারোঽখিলাশ্রয়ঃ॥ ১৬॥

শ্রীধরস্বামী।

বিচরতি নিকেতরহিতঃ। সদা অপ্রমত্তশ্চ একান্তবাসী চ আচারৈর্গত্যাদিভিঃ সবিদো নির্ব্বিদো বেতি ন লক্ষ্যতে তথা অসহায়শ্চ মিতভাষী চ তদ্বন্মুনির্বর্ত্তেত ইত্যর্থঃ॥ ১৪॥

কিঞ্চ গৃহারম্ভ ইতি। অধ্রুবাত্মনো নশ্বরদেহস্য সুখং যথা ভবতি তথা বর্দ্ধতে॥ ১৫॥

কারকসামগ্রীনিরপেক্ষাৎ কেবলাদীশ্বরাদ্বিশ্বসৃষ্টিসংহারাবূর্ণনাভিদৃষ্টান্তেন ময়া সম্ভাবিতাবিতি বক্তুং প্রথমং সংহারপ্রকারমাহ এক ইতি সার্দ্ধ ত্রয়েণ। একঃ কারকনিরপেক্ষঃ পূর্ব্বসৃষ্টমিদং জগৎ কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবাদ্বিতীয়ঃ সজাতীয়-বিজাতীয়ভেদশূন্যোঽভূৎ॥ ১৬॥

ক্রমসন্দর্ভঃ।

এক ইতি সার্দ্ধকং। নারায়ণো মহৎস্রষ্ট্রাখ্যঃ সর্ব্বব্রহ্মাণ্ডান্তর্যামী পুরুষ একঃ স্বশক্তিব্যতিরিক্তকারকশূন্যঃ। কালোঽপি কলা যস্যাস্তয়া। যয়া স্বশক্তিরূপয়া কল্পাদৌ পূর্ব্বং সৃষ্টমিদং তথৈব কল্পান্তে সংহৃত্য অখিলানাং তেষামাশ্রয়ো লয়স্থানং সৎ অতএবৈকঃ সজাতীয়চিদ্রূপজীবভেদরহিতঃ। অদ্বিতীয়ো বিজাতীয়প্রধানাদেবরাহিত্যশ্চ সন্ আত্মাধারঃ স্বাংশরূপমহাবৈকুণ্ঠনাথানামাধারোঽভূৎ। তস্মিন্নেব প্রবিষ্ট আসীদিত্যর্থঃ॥ ১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিয়তনিকেতরহিতশ্চ সদা অপ্রমত্তশ্চ একান্তবাসী চ আচারৈর্গত্যাদিভিঃ সবিদো নির্ব্বিদো বেতি জনালক্ষ্যশ্চ অসহায়শ্চ মিতভাষী চ তদ্বন্মুনির্বর্ত্তেতেত্যর্থঃ॥ ১৪॥ ১৫॥

ঈশ্বরঃ কেন প্রকারেণ বিশ্বসৃষ্ট্যাদিকং করোতীত্যেতন্ময়া ঊর্ণনাভেঃ সকাশাজ্জ্ঞাতমিত্যাহ সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। একঃ স্বশক্তি-ব্যতিরিক্ত-কারকান্তরশূন্যঃ। নারায়ণঃ কারণার্ণবশায়ী কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবেতি ঈশ্বরান্তরাভাবাদেকঃ সদৈব। তদানীন্তু মহাসমষ্টিব্যষ্টীনাং নাশাদদ্বিতীয়োঽভূৎ। আত্মৈবাত্মাধারো যস্য সঃ। অখিলানাং শক্তীনাং আশ্রয়ঃ॥ ১৬॥

দীপিকাদীপনং।

একচারিত্বাদিবিশেষণানাং সর্পাসাধারণত্বাৎ ক্রমপ্রাপ্তত্বাচ্চ সর্পোঽত্র গুরুর্ব্যাখ্যাতঃ। মুনিপক্ষে আচারা জড়বদ্যোগচর্য্যারূপাস্তৈর্বিদ্বান-ঽবিদ্বান্ বেতি ন জ্ঞায়মানঃ॥ ১৪॥

বিফলঃ প্রত্যুতাতিদুঃখায়ৈব ভবতি। তর্হি কুত্র বসেদিত্যপেক্ষায়ামাহ সর্প ইতি॥ ১৫॥

এক ইতি সার্দ্ধকং। কারকনিরপেক্ষঃ স্বশক্তিব্যতিরিক্ত-কারকশূন্যঃ। নারায়ণঃ সর্ব্বব্রহ্মাণ্ডান্তর্যামী মহৎস্রষ্ট্রাখ্যঃ পুরুষঃ অখি-লানাং আশ্রয়ঃ লয়স্থানং সন্ একঃ সজাতীয়চিদ্রূপজীবভেদরহিতঃ অদ্বিতীয়ো বিজাতীয়প্রধানাদিভেদরহিতোঽভূৎ তৎসর্ব্বস্য তত্র লয়েন পৃথগ্ ব্যপদেশানর্হত্বাদিত্যর্থঃ॥ ১৬॥

একান্তবাসী, আচার দ্বারা অলক্ষ্যমাণ স্বরূপ, অসহায় ও মিতভাষী, মুনি ব্যক্তি তদ্রূপ হইবেন॥ ১৪॥

নশ্বর দেহধারী লোকদিগের গৃহ নির্ম্মাণ করাই দুঃখের কারণ ও বিফল হয়, যে হেতু সর্প পরকৃত গৃহে বাস করিয়াও সুখী হয়॥ ১৫॥

ঊর্ণনাভি অর্থাৎ মাকড়শার নিকট শিক্ষা যথা—এক নারায়ণদেব ঈশ্বর স্বীয় মায়া দ্বারা সৃষ্ট এই জগৎকে কল্পান্তে কালশক্তি দ্বারা সংহার করিয়া আত্মাধার ও অখিলাশ্রয়রূপে এক অদ্বিতীয় হইয়া থাকে॥ ১৬॥

কালেনাত্মানুভাবেন সাম্যং নীতাসু শক্তিষু। সত্ত্বাদিষ্বাদিপুরুষঃ প্রধানপুরুষেশ্বরঃ।
পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ ॥ ১৭ ॥
কেবলানুভবানন্দসন্দোহো নিরুপাধিকঃ ॥ ১৮ ॥
কেবলাত্মানুভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাং। সংক্ষোভয়ন্ সৃজত্যাদৌ তয়া সূত্রমরিন্দম ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কারণভূতাসু সত্ত্বাদিষু শক্তিষপি সাম্যং নীতাসু সতীষু। গুণসাম্যং প্রধানং তদুপাধিঃ পুরুষঃ তয়োরীশ্বরঃ। পরাবরাণাং পরে ব্রহ্মাদয়ঃ অবরেঽন্যে চ মুক্তা জীবাঃ তেষাং পরমঃ প্রাপ্য আস্তে কুতঃ কৈবল্যসঞ্জিতঃ মোক্ষশব্দাভিধেয়ঃ ॥ ১৭ ॥

তত্র হেতুঃ কেবলেতি। কেবলনির্বিষয়ঃ অনুভবঃ স্বপ্রকাশঃ আনন্দানাং সন্দোহঃ সমূহঃ পরমানন্দ ইত্যর্থঃ। কুতো নিরুপাধিকঃ ॥ ১৮ ॥

ততঃ কেবলাদেব সৃষ্টিং দর্শয়তি। কেবলেনাত্মানুভাবেন কালেন সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্ত্বং জীবসংসারহেতুভূতে সৃষ্টে সৃষ্টেঽপি ত্বং মা ভৈরিতি সংবোধয়ত্যরিন্দমেতি। অরীন্ রাগাদীন্ দময়িতুং সমর্থ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

কালেনেতি যুগ্মকং। আত্মানুভাবেন স্বপ্রভাবরূপয়া শক্ত্যা। আদিপুরুষঃ মহৎস্রষ্ট্রাখ্যঃ প্রথমঃ পুরুষঃ। প্রধানপুরুষেশ্বরঃ প্রকৃতের্জীবানাঞ্চ নিয়ন্তা। পরেষাং স্বীয়াংশানাং অবরেষাং বিভিন্নাংশানাঞ্চ পরমমাশ্রয়োঽসৌ কৈবল্যসঙ্গিতস্তদাখ্যয়াম্নাতঃ সন্নাস্তে। তদানীমাসীদিত্যর্থঃ। কেবল এব কৈবল্যঃ স্বার্থে ষ্যঞ্। চাতুর্ব্বর্ণ্যবৎ। তত্র কেবলত্বে ইতি স্বগতভেদং দর্শয়তি কেবলেতি। স্বরূপশক্তিবৈচিত্র্যাৎ কেবলানাং শুদ্ধানাং স্বরূপভূতানামনুভাবানাং যঃ সন্দোহস্তদ্রূপঃ। কেবলত্বং দর্শয়তি নিরুপাধিক ইতি। তদুক্তং তৃতীয়ে। সুপ্তশক্তিরসুপ্তদৃগিতি ॥ ১৭ ॥

স্বরূপশক্তিমেব স্থাপয়ন্ সৃষ্টিং যোজয়তি কেবলেতি। সৃষ্টিকালে মহাবৈকুণ্ঠনাথাদাবির্ভূয় সএব শুদ্ধস্বরূপপ্রভাবরূপয়া শক্ত্যা ত্রিগুণাত্মিকাং প্রধানৈকরূপাং স্বমায়াং সংক্ষোভয়ন্ সূত্রং সৃজতি ॥ ১৮—২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মানুভাবেন স্বপ্রভাবরূপেণ কালেন শক্তিষু সত্ত্বাদিষু সাম্যং নীতাসু সতীষু। প্রধানস্য মায়ায়াঃ পুরুষাণাং জীবানাঞ্চ নিয়ন্তা পরাবরেষাং মুক্তবদ্ধজীবানাং পরমারাধ্যঃ। কেবল এব কৈবল্যঃ স্বার্থে ষ্যঞ্। কৈবল্য সংজ্ঞা জাতা যস্য সঃ ॥ ১৭ ॥

জগৎপালনাদিব্যাপারাভাবাৎ কেবলশ্চানুভবানন্দসন্দোহরূপশ্চ সঃ। উপাধির্মায়া তস্যাস্তদানীং সুপ্তত্বান্নিরুপাধিকঃ। তদুক্তং তৃতীয়ে। সুপ্তশক্তিরসুপ্তদৃগিতি ॥ ১৮ ॥

সংহারং দর্শয়িত্বা সৃষ্টিং দর্শয়তি। কেবলেন আত্মানুভাবেন চিচ্ছক্তিপ্রভাবেন স্বমায়াং প্রধানং প্রবোধ্য স্বেক্ষণেন সংক্ষোভয়ন্ সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্ত্বং সৃজতি ॥ ১৯ ॥

দীপিকাদীপনং।

আত্মানুভাবেন স্বপ্রভাবরূপেণ কালেন প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়মিতি। কাপিলেয়োক্তেঃ সাম্যং প্রধানং আনন্দানাং সমূহ ইতি ব্যাখ্যানেন স্বরূপশক্তিবৈচিত্র্যাদপ্রাকৃতানন্তবিশেষশালিত্বমভিব্যঞ্জিতং ॥ ১৭ ॥

কেবলাৎ স্বজাতীয়বিজাতীয়ভেদশূন্যাৎ ॥ ১৮ ॥

কেবলেনাখণ্ডেন। ত্রিগুণাত্মিকাং প্রধানৈকরূপাং সংক্ষোভয়ন্ বিষমগুণাং কুর্ব্বন্ ॥ ১৯ ॥

প্রধান এবং তাহার উপাধি স্বরূপ পুরুষেরও আদিপুরুষ অর্থাৎ ঈশ্বর, আত্মানুভাবরূপ কাল দ্বারা সত্ত্বাদিগুণ সকল সমতা প্রাপ্ত হইলে ব্রহ্মাদিদেবগণ শ্রেষ্ঠ কৈবল্যরূপে অবস্থান করেন ॥ ১৭ ॥

যে হেতু তিনি নির্ব্বিষয়, স্বপ্রকাশ ও আনন্দসন্দোহ এবং নিরুপাধিক হয়েন ॥ ১৮ ॥

হে অরিন্দম ! কেবল আত্মানুভবরূপ কাল দ্বারা ত্রিগুণাত্মিকা স্বীয় মায়াকে ক্ষুব্ধ করিয়া সেই মায়া দ্বারা ক্রিয়াশক্তি প্রধান মহত্তত্ত্বকে প্রথমতঃ সৃষ্টি করেন ॥ ১৯ ॥

তামাহ ত্রিগুণব্যক্তিং সৃজতীং বিশ্বতোমুখং। যস্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্॥২০
যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সংতত্য বক্ত্রতঃ। তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং মহেশ্বরঃ॥ ২১॥
যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া। স্নেহাদ্দ্বেষাদ্ভয়াদ্বাপি যাতি তত্তৎস্বরূপতাং॥ ২২॥

শ্রীধরস্বামী।

সূত্রস্যৈব ব্যক্তিশব্দেনোচ্যমানস্য তামিতি স্ত্রীলিঙ্গেন পরামর্শঃ। ত্রিগুণব্যক্তিং গুণত্রয়স্য কার্য্যং অতএব বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বং অহঙ্কারদ্বারেণ সৃজতীং। ত্রিগুণকার্য্যস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ যস্মিন্নিতি। কারণভূতে সমষ্টিরূপে যস্মিন্নিদং বিশ্বং প্রোতং গ্রথিতং। বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি ভূতানি সংসৃষ্টানীত্যাদি শ্রুতেঃ। যেন চাধ্যাত্মপ্রাণরূপেণ জীবঃ সংসরতি॥ ২০॥

তদেবং শিক্ষিতমর্থমুক্ত্বা দৃষ্টান্তমাহ যথেতি। হৃদয়াদুদ্গতাং বক্ত্রতো বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা॥ ২১॥

ভগবদ্ধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি। পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জ্ঞাতমিত্যাহ যত্র যত্রেতি। সকলমেকাগ্রং॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

তদেতচ্চ যৎকিঞ্চিদংশেন কীটবিশেষং গুরুং মত্বা অবগতমিত্যাহ যথেতি। ঊর্ণনাভিরত্র দীর্ঘসূক্ষ্মঃ কীটবিশেষস্তস্যৈব বক্ত্রেণোদ্গিরণনিগরণদৃষ্টেঃ॥ ২১—২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তামিতি স্ত্রীলিঙ্গেন সূত্রস্যৈব পরামর্শঃ। তৎ সূত্রমেব ত্রিগুণব্যক্তিং গুণত্রয়কার্য্যমাহরিত্যর্থঃ। কীদৃশীং বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বমহঙ্কারেণ দ্বারেণ সৃজন্তীং। ত্রিগুণকার্য্যস্য মহত্তত্ত্বস্য তস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ। যস্মিন্ কারণভূতে সূত্রে সমষ্টিরূপ প্রাণে বিশ্বমিদং প্রোতং। তথাচ শ্রুতিঃ। বায়ুর্বৈ গৌতম তৎসূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি ভূতানি সংসৃষ্টানীতি। যেন চাধ্যাত্মরূপেণ প্রাণেন জীবঃ সংসরতি॥ ২০॥

ঊর্ণনাভির্মাকড়ীতি খ্যাতঃ কীটবিশেষঃ। হৃদয়াদুদ্গতাং বক্ত্রতঃ বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা॥ ২১॥

ভগবদ্ধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জ্ঞাতমিত্যাহ যত্রেতি দ্বাভ্যাং। সকলমিতি মনস একত্বা অপি বৃত্তের্বদাহস্তগামিত্বং ন স্যাত্তদৈব দেহী ধ্যেয়সারূপ্যং লভতে নান্যথেত্যর্থঃ॥ ২২॥

দীপিকাদীপনং।

তামিতি স্ত্রীলিঙ্গেন পরামর্শ ইতি। তচ্ছব্দেন কচিদ্বিধেয়পরামর্শকত্বস্যাপি সিদ্ধান্তিতত্বাৎ। নিত্যং যৎ কর্ম্ম স যমঃ। ইতিবৎ। অতএব গুণত্রয়স্যাদিকার্য্যত্বাদেব। হে গৌতম বায়ুঃ সমষ্টিপ্রাণঃ সূত্রং সূত্রশব্দবাচ্যঃ সংসৃষ্টানি সংগ্রথিতানি। বায়্বাত্মরূপেণ বায়োঃ স্বরূপভূতেন॥ ২০॥

ঊর্ণনাভিরত্র দীর্ঘসূক্ষ্মো কীটবিশেষঃ তস্যৈব বক্ত্রেণোদ্গিরণনিগরণদৃষ্টেঃ উদ্গতামুৎপন্নাং বক্ত্রেণ দ্বারেণ। তয়োর্ণয়া। দার্ষ্টান্তিকে অতিদেশেনানুবদতি এবমিতি॥ ২১॥

তৎসারূপ্যং ভগবৎসমানরূপতাং ভ্রমরবিশেষাৎ। ভৃঙ্গীতি খ্যাতাৎ। যত্র যত্রেতি স্নেহাদিনা ভরতাদৌ মৃগসারূপ্যাদের্দৃষ্টত্বাৎ। অন্তে যা মতিঃ সা গতিরিতি ন্যায়াচ্চেতি ভাবঃ॥ ২২॥

অহঙ্কার দ্বারা বিশ্বতোমুখ বিশ্বের সৃজনকারিণী অতএব ত্রিগুণাত্মিকা সেই মায়াকেই সূত্রাত্মা কহেন, যাহাতে এই বিশ্ব গ্রথিত রহিয়াছে এবং যাহার দ্বারা জীবের সংসার গতি প্রাপ্তি হয়॥ ২০॥

যেমন ঊর্ণনাভি হৃদয় হইতে ঊর্ণা বিস্তৃত করিয়া তাহাতে ক্রীড়া করত পুনর্ব্বার তাহা গ্রাস করে তদ্রূপ মহেশ্বর এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করেন॥ ২১॥

পেশস্কৃত অর্থাৎ কুমরিকা কীটের নিকট শিক্ষা যথা। দেহী ব্যক্তি স্নেহ দ্বারাই হউক বা দ্বেষবশতই হউক আর ভয় নিমিত্তই হউক, যে খানে যে খানে সর্ব্বতোভাবে বুদ্ধির সহিত একাগ্ররূপে মন ধারণ করেন, তাহার সেই সেই রূপই প্রাপ্ত হয়॥ ২২॥

কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যাং তেন প্রবেশিতঃ। যাতি তৎসাত্মতাং রাজন্ পূর্ব্বরূপমসংত্যজন্ ॥২৩॥
এবং গুরুভ্য এতেভ্য এষা মে শিক্ষিতা মতিঃ। স্বাত্মোপশিক্ষিতাং বুদ্ধিং শৃণু মে বদতঃ প্রভো ॥২৪
দেহো গুরু র্মম বিরক্তিবিবেকহেতুর্বিভ্রৎ স্ম সত্ত্বনিধনং সততার্ত্ত্যুদর্কং।

শ্রীধরস্বামী।

কুড্যাং প্রবেশিতো নিরুদ্ধঃ ভয়েন ধ্যায়ন্। সাত্মতাং সারূপ্যং। সাম্যতামিতি পাঠে স্বার্থতা। পূর্ব্বরূপমসংত্যজন্নিতি। অস্যায়মভিপ্রায়ঃ। যদা তেনৈব দেহেনান্যসারূপ্যং দৃশ্যতে তদা কিং বক্তব্যং দেহান্তরেণ সারূপ্যং ঘটত ইতি॥ ২৩॥

স্বদেহাদেব শিক্ষিতমাহ স্বাত্মেতি। স্বাত্মনো দেহাচ্ছিক্ষিতাং॥ ২৪॥

গুরুত্বে হেতুঃ বিরক্তিবিবেকহেতুঃ। বিরক্তিহেতুত্বমাহ সত্ত্বনিধনং উৎপত্তিবিনাশৌ বিভ্রৎ স্ম। কিঞ্চ। সততং সন্ততং অর্ত্ত্যুদর্কং দুঃখমোবোত্তরোত্তরফলং বিভ্রৎ। যদ্বা। সততার্ত্তিরেব উদর্ক উত্তরফলং যস্য তৎ সত্ত্বনিধনং বিভ্রৎ। বিবেকহেতুত্বমাহ তত্ত্বানীতি।

ক্রমসন্দর্ভঃ।

এষাং মতিরিতি জাতাবেকত্বং॥ ২৪॥

দেহো মানুষলক্ষণোঽয়ং। অনেনৈব দেহেনৈব বিমৃষামি। অস্তত্রৈতাদৃশবুদ্ধ্যাদ্যভাবাৎ॥ ২৫—৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীট ইতি। তেন পেশস্কৃতা। তৎসাত্মতাং তৎসমানরূপতাং। সাম্যতামিতি পাঠে আর্ষঃ। পূর্ব্বরূপং পূর্ব্বদেহং অসংত্যজন্নিতি ধ্যাতৃদেহ এব ধ্যেয়তুল্যাকারঃ স্যাৎ যথা ধ্রুবাদীনাং কচিত্তথা ধ্যাতৃণাং ভক্তানাং দৃশ্যমানো দেহত্যাগস্তু ভক্তিযোগস্য রহস্যত্ব-রক্ষার্থং মতান্তরোৎখাতাভাবার্থঞ্চ ভগবতৈব মায়য়া দর্শ্যতে যথা কচিৎ সচ্চিদানন্দময়স্বদেহত্যাগোঽপি। তদা চ তৎপ্রমাণবাক্যঞ্চ মুনিদ্বারা তথৈব মায়য়া প্রকাশ্যতে। যথা প্রারব্ধকর্ম্মনির্ব্বাণো হ্যপতৎ পাঞ্চভৌতিক ইতি দেহত্যাগঞ্চ তস্যৈবমিতি চ॥ ২৩॥

স্বদেহাদপি শিক্ষিতমাহ স্বাত্মেতি॥ ২৪॥

গুরুত্বে হেতুঃ। বিরক্তিবিবেকয়োর্হেতুঃ। তত্র বিরক্তিহেতুত্বমাহ সত্ত্বনিধনং উৎপত্তিবিনাশৌ বিভ্রৎ। তৎ কীদৃশং। সততার্ত্তিরেব উদর্ক উত্তরফলং যস্য তৎ। দেহৈকদেশঃ কুক্ষিরপি দিবারাত্রিবসীয়ভক্ষ্যমসংগৃহ্নন্ বিরক্ত ইবেতি তস্মাদপ্যসংগ্রহং শিক্ষেৎ। বিবেকহেতুত্বমাহ তত্ত্বানীতি। যথেতি। যথা তত্ত্বানি বিমৃশামি তথৈব শ্রোত্রাদীন্দ্রিয়বতা অনেনৈব শ্রীভগবৎপ্রাপকশ্রবণকীর্ত্তনাদিময়ং ভক্তিযোগমপি প্রাপ্নোমীত্যর্থঃ। যথা কশ্চিদ্রসিকো মহাভক্তঃ সর্ব্বরসাস্বাদ্যাপি রসালিপ্তঃ কিন্তু হরিরসাসক্তোঽনুরাগী স্যাৎ এবং জিহ্বাপি ঘৃতাদিসর্ব্বরসাস্বাদিন্যপি ন তত্তৎসম্পর্কবতী কিন্তু তাম্বূলরসসম্পর্কবত্যেব দৃষ্টা। যত ইয়মরুণা স্যাৎ। এবমত্রাপকারিণি

দীপিকাদীপনং।

জীবতোঽপি সারূপ্যে দৃষ্টান্তবিশেষমুদাহরতি কীট ইতি। তেন পেশস্কৃতা। সাম্যতামিতি পাঠে স্বার্থতেতি। সামান্যং সমত্বরূপত্বাৎ সমত্বেঽপি সমত্বসত্বেঽনবস্থাপাতাৎ॥ ২৩॥

এষা মতিরিতি জাতাবেকবচনং॥ ২৪॥

দেহো মানুষলক্ষণোঽয়ং পূর্ব্বার্থে বিভ্রদিত্যস্যাবৃত্তিগৌরবমতো যত্তেতি। অনেন দেহেনৈব। বিমৃশামি অস্তত্রৈতাদৃশবুদ্ধ্যাদ্যভাবাৎ। আস্থা বিশ্বাসঃ॥ ২৫॥

হে রাজন্! কোন কোন কীট অন্য বলবান্ কীট কর্ত্তৃক ধৃত ও কুড্যমধ্যে প্রবেশিত হইয়া ভয়ে তাহার রূপ ধ্যান করত পূর্ব্ব রূপ পরিত্যাগ না করিয়াই তাহার সারূপ্য প্রাপ্ত হয়॥ ২৩॥

হে রাজন্! এইরূপে এই সকল গুরু হইতে আমি এই সমস্ত বিষয় শিক্ষা করিয়াছি। আর আমি স্বীয় গুরু হইতে যাহা শিক্ষা করিয়াছি তাহা কহিতেছি শ্রবণ কর॥ ২৪॥

বিরক্তি ও বিবেকের হেতু এই শরীরও আমার গুরু হয়েন, যে হেতু এই শরীর উৎপত্তি বিনাশশালী ও নিরন্তর উত্তরোত্তর দুঃখ বিশিষ্ট। অতএব ইহাকে শৃগাল কুক্কুরাদির ভক্ষ্য বলিয়া নিশ্চয়

তত্ত্বান্যনেন বিমৃষামি যথা তথাপি পারক্যমিত্যবসিতো বিচরাম্যসঙ্গঃ ॥ ২৫ ॥
জায়াত্মজার্থপশুভৃত্যগৃহাপ্তবর্গান্ পুষ্ণাতি যৎ প্রিয়চিকীর্ষয়া বিতন্বন্।
স্বান্তে সকৃচ্ছ্রমবরুদ্ধধনঃ সদেহঃ সৃষ্ট্বাস্য বীজমবসীদতি বৃক্ষধর্ম্মঃ ॥ ২৬ ॥
জিহ্বৈকতোঽমুমপকর্ষতি কর্হি তর্ষা শিশ্নোঽন্যতস্ত্বগুদরং শ্রবণং কুতশ্চিৎ।
ঘ্রাণোঽন্যতশ্চপলদৃক্ ক্ব চ কর্ম্মশক্তির্বহ্ব্যঃ সপত্ন্য ইব গেহপতিং লুনন্তি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

যথা যথাবৎ এবমত্যুপকারিণ্যেঽপি দেহেঽনবাস্থা কর্ত্তব্যেত্যাহ তথাপীতি। পারক্যং শ্বশৃগালাদিভক্ষ্যমিতি নিশ্চিতবান্ ॥ ২৫ ॥

সন্ততাত্মাদর্কতাং প্রপঞ্চয়তি জায়েতি দ্বাভ্যাং। যস্য দেহস্য প্রিয়চিকীর্ষয়া ভোগসম্পাদনেচ্ছয়া জায়াদিবর্গান্ বিতন্বন্ পুষ্ণাতি পুরুষঃ। কথং ভূতঃ সকৃচ্ছ্রং যথা ভবতি তথাবরুদ্ধানি সঞ্চিতানি ধনানি যেন সঃ। দেহবিশেষণং বা। স দেহঃ স্বান্তে স্বায়ুষোঽন্তেঽবসীদতি নশ্যতি। কিঞ্চ দেহস্য নাশেঽপি ন দুঃখসমাপ্তিরিত্যাহ অস্য পুরুষস্য দেহান্তরবীজং কর্ম্ম সৃষ্ট্বেতি। বৃক্ষস্যেব ধর্ম্মো যস্য সঃ ॥ ২৬ ॥

কিঞ্চ জিহ্বেতি। অমুং দেহং তদভিমানিনং পুরুষং বা। একতঃ রসং প্রতি জিহ্বাপকর্ষতি আচ্ছিনত্তি। কর্হি কদাচিৎ তর্ষা পিপাসা জলং প্রতি। শিশ্নো ব্যবায়ং প্রতি। ত্বক্ স্পর্শং প্রতি। উদরমন্নং প্রতি। শ্রবণং শব্দং প্রতি। ঘ্রাণো গন্ধং প্রতি। চপলদৃক্ রূপং প্রতি। ক্ব চ কচিৎ স্বস্ববিষয়ং প্রতি কর্ম্মশক্তিঃ। অন্যদপি কর্ম্মেন্দ্রিয়ং লুনন্তি ত্রোটয়ন্তি বহ্ব্যঃ। একস্বামিকা যথা ওষধিবলেন বৈপরীত্যাৎ রোগিণং কুর্ব্বন্তি নিয়মেন বসত্যঃ সারং হরন্তি ইতি গেহপতিং গেহদেহয়োঃ পতিং নিরন্তারমপি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুরাবপ্যস্মিন্ দেহে স্বীয় ইতি স্থির ইতি বুদ্ধি র্ন কর্ত্তব্যেত্যাহ। পারক্যমদ্য শ্বো বা শ্বশৃগালাদিভক্ষ্যমিত্যবসিতং নিশ্চয়ো যস্মিন্ সঃ। পারক্যমিতি ক্লীবত্বমার্ষং। অতএবাসঙ্গঃ অত্রাসক্তিরহিতশ্চরামি ॥ ২৫ ॥

তখন সেই দেব হিরণ্যগর্ভ সেই প্রশ্ন পারে উত্তীর্ণ হইবার বাসনায় আমাকে চিন্তা করিলেন,

দৃষ্ট্বা মাং ত উপব্রজ্য কৃত্বা পাদাভিবন্দনং । ব্রহ্মাণমগ্রতঃ কৃত্বা পপ্রচ্ছুঃ কো ভবানিতি ॥ ১৯ ॥
ইত্যহং মুনিভিঃ পৃষ্টস্তত্ত্বজিজ্ঞাসুভিস্তদা । যদবোচমহং তেভ্যস্তদুদ্ধব নিবোধ মে ॥ ২০ ॥

শ্রীহংস উবাচ ॥

বস্তুনো যদ্যনানাত্ব আত্মনঃ প্রশ্ন ঈদৃশঃ । কথং ঘটেত বো বিপ্রা বক্তুর্বা মে ক আশ্রয়ঃ ॥২১॥

শ্রীধরস্বামী ।

গুণাংশ্চেতশ্চেতি দ্যোতয়িতুং হংসরূপেণ গতোঽস্মীতি ॥ ১৯ ॥

ইত্যহং মুনিভিঃ পৃষ্ট ইতি পৃথক্‌বাক্যং । যদবোচমিতি চ পৃথক্ অতোঽস্মচ্ছব্দাবৃত্তেরদোষঃ । তেভ্যো যদবোচং তন্মে বচনং নিবোধ ॥ ২০ ॥

দেহাদিবিবিক্তাত্মজ্ঞানে সতি তন্নিষ্ঠস্য রাগাদ্যসম্ভবাৎ স্বয়মেব বিষয়চেতসোর্বিশ্লেষো ভবতীতি বক্তুং প্রশ্নখণ্ডনমিষেণৈব তাবদাত্মানাত্মবিবেকমাহ বস্তুন ইতি ত্রিভিঃ । কিমাত্মনোঽয়ং প্রশ্নঃ তদুপাধের্ভূতসঙ্ঘস্য বা । যদ্যাত্মনস্তর্হি তস্য বস্তুনঃ পরমাত্মরূপস্য অনানাত্বে সতি হে বিপ্রা বো যুষ্মাভিঃ কৃত ঈদৃশঃ বহুষু নির্দ্ধারণরূপঃ কথং ঘটেত বক্তুরুত্তরদাতুর্বা মম ক আশ্রয়ঃ অবিশেষে আত্মনি কং জাতিগুণাদিবিশেষমাশ্রিত্য উত্তরং বক্ষ্যামীত্যর্থঃ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ ।

কৃতপাদাভিবন্দনত্বাৎ কো ভবানিতি প্রশ্নো নাজ্ঞানতঃ কিন্তু তেনৈব তদভিপ্রায়জ্ঞানার্থঃ । অতএবাহ তত্ত্বজিজ্ঞাসুভিরিতি ॥ ২০ ॥

কিং মাং জীবং জ্ঞাত্বায়ং কো ভবানিতি প্রশ্নঃ ক্রিয়তে ভৌতিকদেহং জ্ঞাত্বা বা কিং বেশ্বরং জ্ঞাত্বেতি বিকল্প্য জীবপক্ষং দূষয়তি । আত্মনো জীবরূপস্য বস্তুনো যদ্যনানাত্বং সর্ব্বস্যাপি তস্য চিদেকরূপতয়া বিশেষাংশনির্দ্দেশাযোগ্যত্বং । তর্হীদৃশঃ প্রশ্নঃ কথং ঘটেত যদীতি নিশ্চয়ে । তস্মাৎ হে বিপ্রাঃ বো যুষ্মাকং প্রষ্টৄণাং বক্তুর্বা মম ক আশ্রয়ঃ । যুষ্মাভিঃ কিং জাত্যাদিবিশেষমাশ্রিত্য ক ইতি প্রযুক্তং ময়া চোত্তরয়িতব্যমিত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

অহং তেভ্যঃ অহন্তা অভিমানস্তস্যা ইভ্যঃ স্বামী তন্নিয়ন্তা নতু তন্নিয়ম্যঃ । ইভ্য আঢ্যো ধনী স্বামীত্যমরঃ ॥ ২০ ॥

কিং মাং জীবং জ্ঞাত্বা কো ভবানিতি প্রশ্নঃ ক্রিয়তে ভৌতিকদেহং জ্ঞাত্বা বা পরমেশ্বরং জ্ঞাত্বা বেতি বিকল্প্য প্রথমজীবপক্ষং দূষয়তি । বস্তুনো বস্তুভূতস্য আত্মনো জীবস্য যদি প্রশ্নস্তদা সর্ব্বস্যাপি তস্য চিৎকণৈকরূপতয়া জাতিগুণাদিবিশেষাভাবেনচ বস্তুনঃ খলু নামাত্মকস্যাপ্যনানাত্বে সতি কো ভবানিতি বঃ প্রশ্নঃ কথং ঘটেত । বক্তুরুত্তরদাতুর্বা মে ক আশ্রয়ঃ । কং জাতিগুণাদিবিশেষমাশ্রিত্যামুকোঽহমিত্যুত্তরং দাস্যামীত্যর্থঃ ॥ ২১ ॥

দীপিকাদীপনং ।

কৃতপাদাভিবন্দনত্বান্নাজ্ঞানতোঽয়ং কো ভবানিতি প্রশ্নঃ কিন্তু প্রশ্নেনৈব হংসাভিপ্রায়জ্ঞানেন পূর্ব্বপ্রশ্নোত্তারণার্থঃ । অতএবাগ্রে তত্ত্বজিজ্ঞাসুভিরিত্যুক্তং ॥ ১৯ ॥

অতঃ পৃথগ্বাক্যত্বাৎ ॥ ২০ ॥

তদুপাধেঃ আত্মোপাধেঃ । ভূতসঙ্ঘস্য দেহাদেঃ । যদ্যাত্মনঃ আত্মসম্বন্ধী প্রশ্নঃ । অনানাত্বে একত্বে সতি ॥ ২১ ॥

আমিও সেই সময়ে হংসরূপ পরিগ্রহ পূর্ব্বক তাহাদিগের নিকটে উপস্থিত হইলাম ॥

তাঁহারা আমাকে দেখিয়া গাত্রোত্থান পূর্ব্বক পাদাভিবন্দন করত ব্রহ্মাকে অগ্রে করিয়া আমাকে জিজ্ঞাসা করিলেন যে, তুমি কে ? ॥ ১৯ ॥

হে উদ্ধব ! এইরূপে আমি তত্ত্বজিজ্ঞাসু মুনিগণ কর্ত্তৃক পৃষ্ট হইয়া যাহা বলিয়াছিলাম, তাহা কহিতেছি শ্রবণ কর ॥ ২০ ॥

হংস কহিলেন, হে বিপ্রগণ ! তোমরা যদি আত্মবিষয়ক প্রশ্ন করিয়া থাক, তবে তাহার অভিন্নত্ব প্রযুক্ত ঈদৃশ প্রশ্নই বা কি প্রকারে ঘটে এবং আমি কাহাকে আশ্রয় করিয়াই বা উত্তর করিব ॥ ২১ ॥

পঞ্চাত্মকেষু ভূতেষু সমানেষু চ বস্তুতঃ। কো ভবানিতি বঃ প্রশ্নো বাচারম্ভো হ্যনর্থকঃ॥ ২২॥
মনসা বচসা দৃষ্ট্যা গৃহ্যতেঽন্যৈরপীন্দ্রিয়ৈঃ। অহমেব ন মত্তোঽন্যদিতি বুধ্যধ্বমঞ্জসা॥ ২৩॥

শ্রীধরস্বামী।

ভূতসঙ্ঘবিষয়ত্বেঽপ্যয়ং বঃ প্রশ্নঃ বাচারম্ভঃ বাঙ্মাত্রেণারব্ধঃ যতোঽনর্থকঃ কুতো ভূতেষু দেবমনুষ্যাদিদেহেষু পঞ্চভূতাত্মকেষু অতঃ সমানেষভিন্নেষু পুনশ্চ বস্তুতঃ পরমকারণাত্মনাঽভিন্নেষু। বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যমিত্যাদিশ্রুতেঃ॥ ২২॥

তত্র পঞ্চাত্মকত্বং প্রত্যক্ষাদিসিদ্ধমেবেতি পরমকারণাভেদমেবোপপাদয়তি মনসেতি। মন আদিভির্যদ্ যদ্ গৃহ্যতে তত্তদহমেবেত্যর্থঃ অঞ্জসা তত্ত্ববিচারেণ। এতেনৈব সর্ব্বাত্মকোঽহমিত্যঞ্জসাপ্যুত্তরমুক্তং ভবতি॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

দেহপক্ষং দূষয়তি পঞ্চেতি। বস্তুতো বস্তুবিচারে সতি ভূতানাং পঞ্চাত্মকত্বাৎ কো ভবানিত্যেকত্বেন প্রশ্নোঽয়ং নার্থবান্। যদিচ দেহরূপাণাং তেষাং মিলিতত্বেনৈকত্বং মন্যধ্বে তথাপ্যাত্মবৎ সমানত্বাৎ প্রশ্নোঽয়ং নার্থবান্। ননু বিদুষামপি ব্যবহারোঽয়ং দৃশ্যতে। যতো ভবতাপি বিপ্রা ইতি ব ইতি চোক্তমিত্যাশঙ্ক্যাহ বাচারম্ভ ইতি। বাঙ্মাত্রেণারভ্যতে মদ্বিধেন তদপোহার্থমেব তদনুবাদঃ ক্রিয়তে। ভবন্তশ্চ মদ্বিধবদিতি চেৎ জ্ঞাতমেব তৎ কিং পৃচ্ছত ইতি ভাবঃ॥ ২২॥

ঈশ্বরপক্ষং দূষয়তি মনসেতি। মন আদিভির্যদ্গৃহ্যতে তৎসর্ব্বমহমেব কুতঃ। যতো ন মত্তোঽন্যৎ। পরমকারণং মাং বিনা তন্নাস্ত্যেবেত্যর্থঃ। তথাপি প্রশ্নোঽয়ং ন ঘটত ইতি ভাবঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দেহপক্ষং দূষয়তি পঞ্চেতি। বস্তুতো বস্তুবিচারে সতি দেহস্থানাং ভূতানাং পঞ্চাত্মকত্বাৎ কো ভবানিত্যেকত্বেন প্রশ্নো ন ঘটতে। তস্মাৎ কে যূয়ং পঞ্চেত্যুচ্যতামিতি ভাবঃ। ননু তেষাং পঞ্চানাং মিলিতত্বেনৈকত্বং মন্যামহে ইত্যত আহ। সমানেষু সর্ব্বত্রাপি মনুষ্যাদিদেহেষু তেষু পঞ্চসু সমানেষু সৎসু সমানত্বাদেব পূর্ব্বো জীববদৈক্যাৎ কো ভবানিতি পুনরপি প্রশ্নো ন ঘটতে। ননু চ বিদুষামপি প্রশ্নোত্তরেষ্বেবমেব ব্যবহারো দৃশ্যতে যতো ভবতাপি বো বিপ্রা ইতি চোক্তমিত্যাশঙ্ক্যাহ বাচারম্ভ ইতি। মম ত্বয়ং বাচারম্ভো হ্যনর্থক এব ময়া তু বাঙ্মাত্রেণারভ্যতে যুষ্মদ্বচনানুবাদরীত্যা যুষ্মৎপ্রশ্নবদঘটমানত্বাদনর্থকমেব প্রযুক্তমিত্যর্থঃ। অথৈবাস্মাভিরপীতি চেদ্ব্রূধ্বে তর্হি যূয়মজ্ঞানিনঃ এব কথং তত্ত্বং জিজ্ঞাসধ্বে কিমত্র ন লজ্জধ্বে ইতি ভাবঃ॥ ২২॥

পরমেশ্বরপক্ষং দূষয়তি মনসেতি। পরমেশ্বরান্তরাভাবান্মম সজাতীয়ভেদো নাস্ত্যেব যচ্চ মন আদিভি গৃহ্যতে তদহমেব নতু অন্যৎ মচ্ছক্তিকার্য্যত্বাদতি বিজাতীয়ভেদোঽপি নাস্ত্যতঃ কো ভবানিতি প্রশ্নো ন ঘটতে ইতি ভাবঃ॥ ২৩॥

দীপিকাদীপনং।

প্রশ্নস্ত ভূতসঙ্ঘাতবিষয়ত্বে দেহবিষয়ত্বে। অনর্থকঃ বিচারে সতি অভিধেয়শূন্যঃ। অতঃ পঞ্চভূতাত্মকত্বাৎ। কারণেনাভিন্নত্বে শ্রুতিপ্রমাণং বাচারম্ভণমিতি ব্যাখ্যাতং চ ভগবদ্ভাষ্যকৃদ্ভিঃ। যতো বাচারম্ভণং বিকারো নামধেয়ং বাচৈব কেবলমস্তীত্যারভ্যতে বিকারো ঘটঃ শরাব উদঞ্চনঞ্চেতি নতু বস্তুবৃত্তেন বিকারো নাম কশ্চিদস্তি নামধেয়মাত্রমেতদনৃতং মৃত্তিকেত্যেব সত্যমিতি এষ ব্রহ্মণো দৃষ্টান্ত আম্নাতঃ তত্র শ্রুতাদ্বাচারম্ভণশব্দাৎ দার্ষ্টান্তিকেঽপি ব্রহ্মব্যতিরেকেণ কার্য্যজাতস্যাভাব ইতি গম্যতে ইতি॥ ২২॥

তত্র পঞ্চাত্মকপরমকারণাঽভেদয়োর্মধ্যে। উপপাদয়তি যুক্ত্যা সাধয়তি যুক্তিশ্চার্থাপত্তিরূপা মন আদি গ্রাহ্যস্যাধিষ্ঠানাভেদমন্তরা প্রতীত্যনুপপত্ত্যা কল্পিতস্যাধিষ্ঠানাভেদঃ কল্প্যতে ইতি। যত্তচ্ছব্দয়োর্গম্যত্বাদত্যর্থ ইত্যুক্তং। এতেনৈব পরমকারণাঽভেদোপপাদনেনৈব। উত্তরমপ্যুক্তমিত্যপেরর্থঃ॥ ২৩॥

আর যদি ভূতসমূহ বিষয়ক প্রশ্ন হয়, তবে মনুষ্যাদি দেহেতে পঞ্চভূত সমান থাকাতে বস্তুত "কে তুমি" এই যে প্রশ্ন ইহা কেবল অনর্থক বাচারম্ভণ মাত্র॥ ২২॥

মন, বাক্য, চক্ষু ও অন্য ইন্দ্রিয় দ্বারা যাহা গ্রহণ করা যায় সকলই আমি, আমা হইতে ভিন্ন কিছুই নাই, তত্ত্ববিচার দ্বারা সহসা সর্ব্বাত্মক রূপে আমাকে অবগত হও॥ ২৩॥

গুণেষ্বাবিশতে চেতো গুণাশ্চেতসি চ প্রজাঃ। জীবস্য দেহ উভয়ং গুণাশ্চেতো মদাত্মনঃ॥ ২৪॥
গুণেষু চাবিশচ্চিত্তমভীক্ষ্ণং গুণসেবয়া। গুণাশ্চ চিত্তপ্রভবা মদ্রূপ উভয়ং ত্যজেৎ॥ ২৫॥

শ্রীধরস্বামী।

এবং প্রশ্নখণ্ডনমিষেণৈবাত্মস্বরূপং সামান্যতো নিরূপ্য ব্রহ্মণোঽপি দুষ্পরিহরং যৎ পৃষ্টং তত্রোত্তরমাহ গুণেষ্বিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। অয়মভিপ্রায়ঃ যদি কর্তৃত্বভোক্তৃত্বাদিরূপতয়া বিষয়ৈঃ সংগ্রথিতং চিত্তং বুদ্ধ্যাদিশব্দবাচ্যমেব জীবস্য স্বরূপং ভবেৎ। তত্ত্বদ্বিয়োগো ন ঘটেত তস্য তু স্বরূপমহং ব্রহ্মৈব চিত্তাধ্যাসেন তু তত্তৎস্বভাবতয়া বিষয়ৈঃ সংগ্রথনং স্যাৎ অতঃ স্বস্য ব্রহ্মত্বভাবনয়া বিষয়াণাঞ্চ মিথ্যাত্বানুসন্ধানেন সর্বতোঽনির্বেদ্য ভগবন্তং ভজতো ভবত্যেব পরিপূর্ণস্বরূপাবস্থানমিতি। হে প্রজাঃ পুত্রকাঃ সত্যং গুণেষু চেত আবিশতি গুণাশ্চেতসি এবং গুণাশ্চেতশ্চোভয়ং গ্রথিতং মদাত্মনো ব্রহ্মস্বরূপস্য জীবস্য দেহঃ অধ্যাস্ত উপাধির্নতু স্বরূপং॥ ২৪॥

তস্মাদভীক্ষ্ণং পুনঃ পুনর্গুণসেবয়া তৎসংস্কারেণ গুণেষ্বাবিশচ্চিত্তং পুনর্বাসনারূপেণ চিত্তে প্রকর্ষেণ ভবন্তীতি তথা তে গুণাশ্চ। এবং যদুভয়ং তৎ মৎস্বরূপঃ সন্ ত্যজেৎ॥ ২৫॥

ক্রমসন্দর্ভঃ।

নম্বেবং সতি গুণাশ্চেতশ্চ মিথঃ প্রসজ্যৈব স্থিতানি ভবন্ত্যপি প্রসজ্জন্তি। কিমুত জীবে ইত্যস্মাকং দ্বিগুণীভূয়ৈব প্রশ্নো জাত ইত্যাশঙ্ক্য জীবে তেষামস্বাভাবিক সম্বন্ধং কথয়ন্ স্বস্মিংস্তৎ কৈমুত্যং দর্শয়তি গুণেষ্বিতি। গুণেষ্বিত্যাদিকং সত্যমেব কিন্তু জীবস্য তদুভয়মপি দেহ উপাধিমাত্রেণৈব জীবে সম্বদ্ধমিত্যর্থঃ। যতো মদাত্মনঃ অহমেবাত্মা পরমাংশিরূপো যস্য তস্য মদংশস্য। ততো ময়ি তু তৎসম্বন্ধঃ সুতরামেব নাস্তীত্যর্থঃ। অয়ং ভাবঃ। যথা সূর্য্যাংশানাং রশ্মীনাং সূর্য্যকার্য্যভূতেন মেঘেন স্বাভাবিকসম্বন্ধো নাস্তি। সূর্য্যস্য তু দূরত এব তদ্বার্ত্তা। তথা জীবানাং মমচ সম্বন্ধ ইতি॥ ২৪॥

তদেবমপি জীবস্তু স্বশক্ত্যা তান্ বিযোজয়িতুং ন শক্নোতি কিন্তু মদভেদোপাসনাদিলব্ধমচ্ছক্ত্যংশেনৈবেত্যাহ গুণেষু চেতি। মদ্রূপো মদভেদভাবনাবিষ্ট ইতি জ্ঞানানুসারেণোক্তং। ভক্তিরূপোপাসনা চেৎ মম রূপং যত্র স ধ্যাতেতি জ্ঞেয়ং॥ ২৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বেবঞ্চেৎ সত্যমজ্ঞানিন এব বয়ং স্ম কিন্তু ভবানেব চেৎ সর্ব্বঃ তর্হি চেতশ্চ গুণাশ্চ তমেবাতশ্চেতোবৃত্তিষু বিষয়াঃ প্রবিষ্টাঃ বিষয়েষ্বপি চেতোবৃত্তয়ঃ প্রবৃষ্টা ইত্যুভয়েষামেষামন্যোন্যসন্ত্যাগং ভবানেবাস্মাভিঃ প্রষ্টব্যোঽভূৎ বদতঃ কৃপয়োত্তরং দেহীত্যত আহ গুণেষ্বিতি। হে প্রজাঃ হে পুত্রকাঃ সত্যং গুণেষু চেত আবিশতি গুণাশ্চ চেতসি এবং গুণাশ্চেতশ্চোভয়ং মদাত্মনশ্চিন্ময়ত্বেন ব্রহ্মস্বরূপস্য জীবস্য দেহঃ অধ্যস্ত উপাধিরেব নতু স্বরূপং। এবঞ্চ চেতসো গুণানাঞ্চ পরস্পরসন্ত্যাগার্থং কথং যতধ্বে উভয়মেব তদনর্থকারি দূরতস্ত্যক্ত্বা কথং ন নির্দ্বন্দ্বীভবতেতি ধ্বনিঃ॥ ২৪॥

তদুভয়পরস্পরসন্ত্যাগশ্চ দুর্ঘট এবেত্যাহ গুণেষ্বিতি। অনাদিত এবাভীক্ষ্ণং গুণসেবয়া দৃঢ়তরেণ তৎসংস্কারেণ গুণেষ্বাবিশদেব চিত্তং বর্ত্ততে কথং তাংস্ত্যক্তুং প্রভবত্বিতি ভাবঃ। গুণাশ্চ পুনঃ পুনর্ব্বাসনারূপেণ চিত্তে প্রকর্ষেণ ভবন্তি সদা তত্র বর্ত্তন্ত ইতি তে গুণাশ্চ কথং বা তত্ত্যক্তুং প্রভবন্ত্বিতি ভাবঃ। কিঞ্চ। জ্ঞানিনাং কষ্টেন পরস্পরতদুভয়ত্যাজনা চ নিষ্প্রয়োজনৈব তৈরুভয়ৈরপি প্রায়ঃ

দীপিকাদীপনং।

দুষ্পরিহরমশক্যোত্তরং গুণবিত্তয়োরন্যোন্যত্যাগঃ কথমিতি যৎ পৃষ্টং তত্র প্রশ্নে। বুদ্ধ্যাদিশব্দবাচ্যং লিঙ্গশরীরমেব। ততঃ চিত্তাদ্যুপাধের্জীবস্বরূপত্বে। তদ্বিয়োগো বিষয়বিয়োগঃ। তস্য জীবস্য। চিত্তাধ্যাসেন চিত্তমেবাহমিত্যভিমানেন। তৎ স্বভাবতয়া চিত্তস্বভাবত্বাৎ। চিত্তস্য সংগ্রথিতত্বে জীবস্বরূপমপি সংগ্রথিতমিবেত্যর্থঃ। অতঃ জীবস্য ব্রহ্মস্বরূপত্বাৎ॥ ২৪॥

তস্মাৎ অধ্যস্তোপাধিত্বাৎ। এবমন্যোন্যসংগ্রথিতং যদুভয়ং তৎপাদসংযুক্তান্যোন্যগ্রথিততন্তুদ্বয়বৎ পরিত্যজেদিত্যর্থঃ॥ ২৫॥

হে পুত্রগণ! অন্তঃকরণ বিষয়ে প্রবৃত্ত হয় এবং বিষয়সকলও অন্তঃকরণে প্রবিষ্ট হয় বটে, কিন্তু ইহা নিশ্চয় জানিবে যে, বিষয় ও অন্তঃকরণ এ উভয়ই মদাত্মক জীবের অধ্যস্ত দেহমাত্র॥ ২৪॥

অতএব পুনঃ পুনঃ বিষয়সেবা দ্বারা তৎসংস্কার বশতঃ বিষয়েতে আবিষ্টচিত্ত এবং বাসনারূপে চিত্ত হইতে সম্ভূত বিষয় সকল আমার স্বরূপ হইয়া এ উভয়কেই পরিত্যাগ করিবে॥ ২৫॥

জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তঞ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ। তাসাং বিলক্ষণো জীবঃ সাক্ষিত্বেন বিনিশ্চিতঃ ॥২৬॥
যর্হি সংসৃতিবন্ধোঽয়মাত্মনো গুণবৃত্তিদঃ। ময়ি তুর্য্যে স্থিতো জহ্যাত্ত্যাগস্তদ্গুণচেতসাং ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

নন্বু জাগ্রদাদ্যবস্থাবস্থাবতঃ কুতঃ কূটস্থতদ্রূপতা তত্রাহ জাগ্রজ্জাগরঃ স্বপ্নঃ সুষুপ্তঞ্চেতি বুদ্ধেরেতা বৃত্তয়ঃ তাশ্চ ন স্বাভাবিক্যঃ। কিন্তু সত্ত্বাজ্জাগরণং বিদ্যাদ্রজসা স্বপ্নমাদিশেৎ। প্রস্বাপং তমসা জন্তোস্তুরীয়ং ত্রিষু সন্ততমিতি বক্ষ্যমাণক্রমেণ গুণত এব। জীবস্তু বিলক্ষণঃ তদবস্থারহিত এব বিনিশ্চিতঃ। কুতস্তাসাং সাক্ষিত্বেন ॥ ২৬ ॥

নন্বু তর্হি কথং অহং জাগর্মীত্যাদি প্রতীতিঃ তত্রাহ। যর্হি যস্মাৎ। সম্যক্ সৃতিঃ সরণমনয়েতি সংসৃতিঃ বুদ্ধিঃ তয়া বন্ধোঽয়-মাত্মনো গুণবৃত্তীর্দদাতি তস্মান্ময়ি তুর্য্যে স্থিতঃ সন্ ইমং সংসৃতিবন্ধং জহ্যাৎ। তত্তদা গুণচেতসাং গুণানাং চেতসশ্চান্যোন্যং ত্যাগো ভবতি ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

জীবস্য তৈঃ স্বাভাবিকসম্বন্ধাভাবং দর্শয়তি জাগ্রদিতি তৈঃ ॥ ২৬ ॥

জীবস্য স্বতোঽশক্তিং দর্শয়ংস্তদেব দ্রঢ়য়তি যর্হীতি। ময়ি তুর্য্য ইতি। বিরাট্ হিরণ্যগর্ভশ্চ কারণং চেত্যুপাধয়ঃ। ঈশস্য ব-ত্রিভির্হীনং তুরীয়ং তৎপদং বিদুরিতি ন্যায়েন। এতদেব মূলপ্রশ্নোত্তরমিত্যাহ ত্যাগ ইতি। ততঃ স্বত এবাচেতনানাং তেষাং মিথ-স্ত্যাগো ভবতীতি ভাবঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রয়োজনং তেষাং নাস্তীত্যাহ। মদ্রূপমদভেদভাবনাবেশান্মন্ময়ঃ সন্ জ্ঞানী উভয়ং ত্যজেৎ। ভক্তানাস্তু মৎসেবামেব পরমপুরুষার্থত্বেন নিশ্চিতবতাং মদ্রূপগুণলীলারসনিমগ্নাচ্চেতসঃ সকাশাৎ স্বতএব গুণা অপযান্তীতি ন তেষাং চেতোগুণয়োঃ পরস্পরসংত্যাগো দুর্ঘটঃ মন্ময়ীভাবস্তু তেষাং নেষ্ট ইতি জ্ঞেয়ং ॥ ২৫ ॥

বস্তুতস্তু নির্লেপস্য জীবস্য গুণৈশ্চিত্তাদিভিশ্চ সম্বন্ধ এব নাস্তি মিথ্যাধ্যাস ত্যাগ এব তত্ত্যাগ উচ্যত ইত্যাহ জাগ্রদিতি। জাগ্রৎ জাগরঃ। সত্ত্বাজ্জাগরণং বিদ্যাদ্রজসা স্বপ্নমাদিশেৎ। প্রস্বাপং তমসা জন্তো স্তুরীয়ং ত্রিষু সন্ততমিতি বক্ষ্যমাণগুণত এব হেতোর্বুদ্ধে-র্বৃত্তয়ঃ। জীবস্তু বিলক্ষণস্তুতদবস্থারহিত এব। কুতঃ। তাসাং সাক্ষিত্বেনৈব বিনিশ্চিতঃ ॥ ২৬ ॥

কিঞ্চ। যদ্যপি গুণাঃ সর্ব্বথৈব জীবস্য ন ভবন্তি তদপি দেহাধ্যাসপ্রসাদাদ্গুণবৃত্তীঃ স প্রাপ্নোতি। ততশ্চ দেহাধ্যাসভঙ্গে সত্যেব তাঃ স ত্যজতীত্যাহ। যর্হি আত্মনো জীবস্যায়ং দেহাধ্যাসরূপঃ সংসারবন্ধোঽভূত্তর্হ্যেব সগুণবৃত্তিদঃ জীবায় তস্মৈ গুণবৃত্তি-প্রদোঽভূৎ। যর্হি চ ময়ি তুর্য্যে স্থিতঃ সন্ জহ্যাৎ ইমং সংসৃতিবন্ধং ত্যজেৎ তদা গুণচেতসাং গুণানাং চেতসশ্চান্যোন্যং স্বত এব ত্যাগো ভবতি ॥ ২৭ ॥

দীপিকাদীপনং।

বুদ্ধের্বৃত্তয়োঽবস্থাবিশেষাঃ। তাসাং বুদ্ধিবৃত্তীনাং সাক্ষিত্বেন সাক্ষাদ্দ্রষ্টৃত্বাৎ যো যদ্দ্রষ্টা স তদ্ভিন্ন ইতি ব্যাপ্তের্যথা তরুদ্রষ্টা তরো-র্ভিন্ন ইত্যর্থঃ ॥ ২৬ ॥

তয়া বুদ্ধ্যাধ্যস্তয়া অয়মধ্যাসনিবন্ধনো বন্ধ আত্মনো জীবস্য গুণবৃত্তীর্জাগ্রদাদ্যবস্থাঃ আত্মন্যসতীরপি দদাতি প্রত্যায়য়তি তদা স্বরূপানুসন্ধানেনাধ্যাসপরিত্যাগকালে স্বতএবাচেতনানাং তেষাং মিথস্ত্যাগো ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি বুদ্ধির বৃত্তি বটে, কিন্তু স্বাভাবিক বৃত্তি নহে, ইহারা সত্ত্ব রজঃ ও তমো-গুণের কার্য্য মাত্র, আর জীব তাহাদিগের সাক্ষিরূপে বর্ত্তমান, সুতরাং সে সকল হইতে ভিন্ন ॥ ২৬ ॥

যখন এই জীব বুদ্ধির গুণে তুরীয় চৈতন্যরূপ যে আমি আমাতে স্থিত হইয়া সংসৃতি বন্ধন পরি-ত্যাগ করিবেন, তাহাতেই গুণ ও চিত্তের ত্যাগ সিদ্ধ হইবে ॥ ২৭ ॥

অহঙ্কারকৃতং বন্ধমাত্মনোঽর্থবিপর্য্যয়ং। বিদ্বান্নির্ব্বিদ্য সংসারচিন্তাং তুর্য্যে স্থিতস্ত্যজেৎ ॥ ২৮ ॥
যাবন্নানাত্মধীঃ পুংসো ন নিবর্ত্তেত যুক্তিভিঃ। জাগর্ত্ত্যপি স্বপন্নজ্ঞঃ স্বপ্নে জাগরণং যথা ॥ ২৯ ॥
অসত্ত্বাদাত্মনোঽন্যেষাং ভাবানাং তৎকৃতা ভিদা। গতয়ো হেতবশ্চাস্য মৃষা স্বপ্নদৃশো যথা ॥৩০॥

শ্রীধরস্বামী।

কথং সংসৃত্যা বন্ধঃ কথঞ্চ তং জহ্যাৎ তদাহ। অহঙ্কারেণ কৃতং বন্ধং আত্মনোঽর্থবিপর্য্যয়ং আনন্দাদ্যাবরণেনানর্থহেতুং বিদ্বান্ জানন্ সন্ নির্ব্বিদ্য দুঃখমেতদিতি জ্ঞাত্বা তুর্য্যে স্থিতো ভূত্বা সংসারচিন্তাং সংসারো বুদ্ধিস্তস্মিন্ চিন্তামভিমানং তৎকৃতাং ভোগচিন্তাঞ্চ ত্যজেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

যাবদেবং ন ত্যজেৎ তাবত্তস্য কর্ম্মজ্ঞানাদি সর্ব্বং ব্যর্থমিত্যাহ যাবদিতি। যদ্যপি জাগর্ত্তি কর্ম্মাদিষু তথাপি স্বপন্ স্বপ্নান্ পশ্যন্নিব ভবতি। যতোঽজ্ঞোঽসম্যগ্ দর্শী। অজ্ঞজাগরস্য স্বপ্নত্বে দৃষ্টান্তঃ স্বপ্ন ইতি ॥ ২৯ ॥

নন্বু কথং বেদপ্রমিতবর্ণাশ্রমকর্ম্মাদিভির্নানাধী নির্নিবর্ত্তেত তত্রাহ অসত্ত্বাদিতি। ভাবানাং দেহাদীনাং তৎকৃতা ভিদা বর্ণাশ্রমাদিরূপা গতয়ঃ স্বর্গাদিফলানি হেতবঃ কর্ম্মাণি চাস্যাত্মনো মৃষা অবিদ্যাবদ্বিষয়ো বেদ ইতি ভাবঃ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুনর্ব্বিশেষ্য তত্ত্যাগমেব শিক্ষয়তি অহমিতি। তুর্য্যো মযোবেতি জ্ঞেয়ং ॥ ২৮—৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উক্তমেবার্থং স্পষ্টয়ন্নাশ্বাসয়তি অহঙ্কারেণ দেহেঽহংবুদ্ধ্যৈব কৃতং বন্ধং বিদ্বান্ জানন্। কীদৃশং আত্মনোঽর্থবিপর্য্যয়ং আনন্দাদ্যাবরণেনানর্থহেতুং নির্ব্বিদ্য তং ত্যক্ত্বা তুর্য্যে ময্যানন্দরূপে স্থিতঃ সন্ সংসারভয়ভাবনাং ত্যজেৎ ॥ ২৮ ॥

কিঞ্চ। যাবন্নানাত্মধীঃ নানাবিষয়গ্রহণং ন সমেয়মিত্যাকারকযুক্তিভির্ন নিবর্ত্ততে। তাবৎ জাগর্ত্ত্যপি সংসারবন্ধান্মুক্তোঽপি স্বপন্ সংসারবদ্ধ এব অজ্ঞঃ স অজ্ঞাত্বেবোচ্যতে। স্বপ্নমধ্যে এব স্বপ্নাদ্যথা জাগরণং তথৈব তস্য অজ্ঞানমধ্য এব জ্ঞানমিত্যর্থঃ ॥ ২৯ ॥

নন্বু কথং বেদপ্রমিতবর্ণাশ্রমকর্ম্মাদিনানাধীজ্ঞানিনো নিবর্ত্তেত তত্রাহ অসত্ত্বাদিতি অন্যেষাং ভাবানাং দেহাদ্যভিমানানাং

দীপিকাদীপনং।

তং বন্ধং। সংসারে বুদ্ধৌ চিন্তামধ্যাসমভিমানং। শ্লেষেণ বুদ্ধ্যাঽধ্যাস্তয়া চিন্তাং ভোগচিন্তাং তথাচ তৎকৃতাং ভোগচিন্তামিতি ব্যাখ্যাতং ॥ ২৮ ॥

এবং নির্ব্বেদপ্রকারেণ যাবদভিমানকৃতনানাত্বং ন ত্যজেৎ যুক্তিভির্যোজাগর ইত্যত্র বক্ষ্যমাণাভিঃ ॥ ২৯ ॥

শঙ্কতে নন্বিতি। বেদপ্রমিতা বেদপ্রমাণজ্ঞাপিতা বর্ণাশ্রমকর্ম্মাদিরূপা নানাধীর্ভেদবুদ্ধিঃ কথং নিবর্ত্তেত আদিনা ফলগ্রহঃ আত্মনোঽন্যেষাং আত্মব্যতিরিক্তানাং ভাবানাং দেহাদীনামসত্ত্বান্মিথ্যাত্বাৎ তৎকৃতা দেহাদিকৃতা ভিদা বর্ণাশ্রমাদিরূপো ভেদঃ এবং গতয়ঃ স্বর্গাদিফলানি। হেতবস্তৎসাধনানি কর্ম্মাণি চ অস্যাত্মনঃ সম্বন্ধে মৃষৈব স্বপ্ন দ্রষ্টুঃ স্বপ্নে দৃশ্যমানরাজাদিভেদবৎ। নন্বষ্টবর্ষং ব্রাহ্মণমুপনয়ীত স্বারাজ্যকামো রাজা রাজসূয়েন যজেতেত্যাদিভেদ প্রতিপাদকবেদস্য কা গতিরিতি চেত্তত্রাহাবিদ্যাবদ্বিষয় ইতি অবিদ্যা

আনন্দাদির আবরণ দ্বারা অনর্থ হেতু সংসার বন্ধনকে অহঙ্কার জনিত জানিয়াও তাহার দুঃখ স্বভাব বিবেচনা করত তুরীয় চৈতন্যে অবস্থিতি পূর্ব্বক সংসার চিন্তা অর্থাৎ অহঙ্কার ও অভিমান অথবা ঐ অহঙ্কারাদি জনিত ভোগ চিন্তাকে পরিত্যাগ করিবে ॥ ২৮ ॥

যত দিন পুরুষের আত্ম-নানাত্ব জ্ঞান যুক্তি দ্বারা নিবৃত্ত না হয়, তত দিন অজ্ঞান প্রযুক্ত জাগ্রৎ থাকিলেও স্বপ্নাবস্থের ন্যায় হইয়া থাকেন, যেমন জাগ্রদবস্থা স্বপ্নে দেখা যায়, তাহার ন্যায় ॥ ২৯ ॥

আত্মা ভিন্ন অন্য বস্তুর অসত্ত্ব হেতু দেহাদির বর্ণাশ্রমাদি রূপ যে ভেদ ও স্বর্গাদি ফল এবং কর্ম্ম, এই সমুদায়ই আত্মার সম্বন্ধে স্বপ্ন দর্শনের ন্যায় মিথ্যা জানিবে ॥ ৩০ ॥

যো জাগরে বহিরনুক্ষণধর্ম্মিণোঽর্থান্ ভুঙ্‌ক্তে সমস্তকরণৈ র্হৃদি তৎসদৃক্ষান্।
স্বপ্নে সুষুপ্ত উপসংহরতে স একঃ স্মৃত্যন্বয়াত্রিগুণবৃত্তিদৃগিন্দ্রিয়েশঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

যুক্তিভিরিত্যুক্তং তা এব যুক্তীরাহ য ইতি। অর্থান্ স্থূলান্ দেহাদীন্ সমস্তকরণৈশ্চক্ষুরাদিভি র্ভুঙ্‌ক্তে। কথম্ভূতান্। অনুক্ষণধর্ম্মিণঃ ক্ষণিকবাল্যতারুণ্যাদিধর্ম্মবতো যশ্চ স্বপ্নে হৃদি জাগর-দৃষ্ট-সদৃশান্ বাসনাময়ান্ ভুঙ্‌ক্তে। যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বান্ উপসংহরতি। স একঃ কুতঃ ত্রিগুণবৃত্তিদৃক্ অবস্থাত্রয়দ্রষ্টা। ননু জাগ্রদবস্থায়াং সর্ব্বেন্দ্রিয়াণি পশ্যন্তি স্বপ্নমনঃসুষুপ্তঞ্চ তৎসংস্কারবশাৎ বুদ্ধিঃ কথমাত্মা তদ্দ্রষ্টা তত্রাহ ইন্দ্রিয়েশঃ। ননু ইন্দ্রিয়েশা অপি বিশ্বতৈজসপ্রাজ্ঞাভিন্নান্ কুতঃ স্মৃত্যা প্রতিসন্ধানেন সর্ব্বাবস্থাসু অন্বয়াৎ যঃ স্বপ্নানদ্রাক্ষং যশ্চানস্বরং ন কিঞ্চিদবেদিষং স এব এতর্হি জাগর্মীতি উপাধিভেদেন বিশ্বাদি ব্যবহার ইতি ভাবঃ। এতেন বালযুবাদ্যবস্থাস্বপি প্রতিসন্ধানেনাত্মৈক্যং দ্রষ্টব্যং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসত্ত্বান্মিথ্যাত্বাৎ তৎকৃতা দেহাদ্যভিমানকৃতা বর্ণাশ্রমাদিরূপা ভিদা গতয়ঃ স্বর্গাদিফলানি চ। হেতবঃ কর্ম্মাণি চ। অস্য জীবাত্মনো মৃষা মিথ্যৈবেত্যর্থঃ। দেহাদীনাং তদভিমানানাং স্বর্গাদীনাং ফলানাং তৎসাধনানাঞ্চ প্রাধানিকত্বেন সত্যত্বেঽপি জীবস্য তৎসম্বন্ধাভাবাৎ তে মিথ্যৈব। শৃঙ্গস্য সত্যত্বেঽপি শশস্য শৃঙ্গসম্বন্ধাভাবাৎ শশশৃঙ্গং মিথ্যৈবেত্যর্থঃ। স্বপ্নদৃশঃ স্বপ্নদ্রষ্টুর্জীবস্য স্বাপ্নিকবস্তূনাং মিথ্যাত্বং পুনশ্চ স্বপ্নজন্তো স্বপ্নে পরমান্নভোজনস্য তৎসাধনস্য দুগ্ধতণ্ডুলাদ্যাহরণস্য চ মিথ্যাত্বং যথা ॥ ৩০ ॥

যুক্তিভিরিত্যুক্তং তা এব যুক্তীরাহ। যঃ অর্থান্ দেহাদীন্ সমস্তকরণৈশ্চক্ষুরাদিভির্ভুঙ্‌ক্তে কথম্ভূতান্। অনুক্ষণধর্ম্মিণঃ ক্ষণিকবাল্যতারুণ্যাদিধর্ম্মবতঃ। যশ্চ স্বপ্নে হৃদি জাগরদৃষ্টসদৃশান্ বাসনাময়ান্ ভুঙ্‌ক্তে যশ্চ সুষুপ্তে তান্ সর্ব্বানুপসংহরতি স একঃ। কুতঃ। ত্রিগুণবৃত্তিদৃক্ অবস্থাত্রয়দ্রষ্টা। ননু জাগ্রদবস্থায়াং সর্ব্বেন্দ্রিয়াণি পশ্যন্তি স্বপ্নং মনঃসুষুপ্তিতৎসংস্কারশেষা বুদ্ধিঃ কথমাত্মা তদ্দ্রষ্টা তত্রাহ। ইন্দ্রিয়েশঃ। ননু ইন্দ্রিয়েশা অপি বিশ্বতৈজসপ্রাজ্ঞাভিন্না এব ন স্মৃত্যা প্রতিসন্ধানেন সর্ব্বাবস্থাস্বন্বয়াৎ যোঽহং স্বপ্নানদ্রাক্ষং পশ্চান্ন কিঞ্চিদবেদিষং। স এবৈতর্হি জাগর্ম্মীত্যত উপাধিভেদেনৈব বিশ্বাদিব্যবহার ইতি ভাবঃ। এতৎক্রমেণৈব দেহাদাত্মনঃ পার্থক্যং দ্রষ্টব্যং ॥ ৩১ ॥

দীপিকাদীপনং।

স্বরূপাঽজ্ঞানং তদ্বস্তু এব বিষয়া অধিকারিণো যস্য তাদৃশো বেদঃ। তথাচ। ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুনেতিবদাত্মানুভবিনো ন তত্রাধিকার ইত্যর্থঃ ॥ ৩০ ॥

দেহাদীনিত্যাদিনা গেহপুত্রাদিপরিগ্রহঃ বাসনাময়ান্ সূক্ষ্মান্। তান্ সর্ব্বান্ স্থূলান্ সূক্ষ্মাংশ্চ সর্ব্বান্ বিষয়ানুপসংহরতে অজ্ঞানে লীনান্ করোতি ন পশ্যতীত্যর্থঃ। তৎসংস্কারশেষা তত্তাবস্থাদ্বয়স্য সংস্কারঃ শেষো যস্যাঃ সা তথা। ইন্দ্রিয়েশঃ বহিরিন্দ্রিয়াণামন্তরিন্দ্রিয়য়ো র্মনোবুদ্ধ্যোশ্চেশঃ। স্মৃত্যন্বয়ঃ দর্শয়তি যশ্চেতি। অনুস্মৃত্যনুভূত্যোরূপমানাধিকরণ্যাৎ যোঽহং স্বপ্নসুষুপ্ত্যোর্দ্রষ্টাঽভবং স এবাহমিদানীং জাগর্ম্মীত্যেকস্যৈব স্মৃত্যা সর্ব্বাবস্থান্বয়ান্ন বিশ্বাদয়ো ভিন্নাঃ কিন্তু বিশেষণভেদেন বিশ্বাদিব্যবহার ঔপাধিক এব ন বাস্তব ইত্যর্থঃ। এতেন জাগ্রদাদ্যবস্থাসু স্মৃত্যাত্মন ঐক্যেন। বালযুবাদ্যবস্থাস্বিতি। যোঽহং বাল্যে ক্রীড়াসক্তো যশ্চ তারুণ্যে তরুণীসক্তঃ স এবাহমিদানীং বৃদ্ধোঽস্মীতি স্মৃত্যাত্মৈক্যং দ্রষ্টব্যমিত্যর্থঃ ॥ ৩১ ॥

যিনি জাগ্রৎকালে বাহিরে ক্ষণিকধর্ম্মবিশিষ্ট অর্থ সমুদায় সমস্ত ইন্দ্রিয় দ্বারা উপভোগ করেন এবং স্বপ্ন কালে হৃদয়েতে জাগ্রৎ দৃষ্ট বাসনাময় পদার্থ সকল ভোগ করেন, তিনিই স্মৃতিদ্বারা সর্ব্বাবস্থায় অনুসন্ধান করেন এবংএই জন্যই ত্রিগুণবৃত্তির দ্রষ্টা অর্থাৎ এক মাত্র ইন্দ্রিয়ের অধীশ্বর ॥ ৩১ ॥

এবং বিমৃশ্য গুণতো মনসস্ত্র্যবস্থা মন্মায়য়া ময়ি কৃতাইতি নিশ্চিতার্থাঃ।
সংছিদ্য হার্দ্দমনুমানসদুক্তিতীক্ষ্ণজ্ঞানাসিনা ভজতমাখিলসংশয়াধিং ॥ ৩২ ॥
ঈক্ষেত বিভ্রমমিদং মনসো বিলাসং দৃষ্টং বিনষ্টমতিলোলমলাতচক্রং।
বিজ্ঞানমেকমুরুধেব বিভাতি মায়া স্বপ্নস্ত্রিধা গুণবিসর্গকৃতো বিকল্পঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ এবমিতি। গুণতো যা এতা মনসস্তিস্রোঽবস্থাস্তা মদবিদ্যয়া ময়ি কৃতা ন তত্ত্বতঃ সন্তীতি নিশ্চিতঃ আত্মরূপোঽর্থো যৈস্তে যূয়ং অখিলসংশয়ানামাধিং আধীয়স্তেঽস্মিন্নিত্যাধিরহঙ্কারস্তং সংছিদ্য হার্দ্দং হৃদি স্থিতং মা মাং ভজত কেন ছিত্ত্বা তদাহ অনুমানৈঃ সদুক্তিভিঃ সতামুপদেশৈঃ শ্রুতিভিশ্চ তীক্ষ্ণেন জ্ঞানখড়্গেন ॥ ৩২ ॥

অনুমানাদি দর্শয়তি ঈক্ষেতেতি। ইদং জগদ্বিভ্রমমীক্ষেত। তত্র হেতবঃ মনো বিজৃম্ভিতত্বাৎ দৃষ্টত্বাৎ বিনাশিত্বাচ্চ স্বপ্নবৎ অতি-চঞ্চলত্বাচ্চ অলাতচক্রবৎ। ননু ভ্রমোঽপি নির্ব্বিষয়ঃ কথং স্যাত্তত্রাহ বিজ্ঞানমিতি। নিগমনং তস্মাত্ত্রিবিধো যো গুণপরিণামকৃতো-বিকল্পো ভেদঃ স মায়েতি ॥ ৩৩ ॥

ক্রমসন্দর্ভঃ।

পূর্ব্বং তস্মাত্ত্বমুদ্ধবোৎসৃজ্যেত্যাদিনা যদুক্তং তদেব খলু এবং গুরূপাসনয়েত্যাদিনা স্থাপিতং তদেব পুনঃ শ্রীহংসবাক্যেন দ্রঢ়য়তি এবং বিমৃশ্যেতি। এবং বিমৃশ্য মননং কৃত্বা ভজত ধ্যায়ত যূয়ং ॥ ৩২ ॥

ততশ্চ জ্ঞানোৎপত্তিপ্রকারমাহ ঈক্ষেতেতি। ইদং জগৎ বিভ্রমং বিশেষেণ ভ্রমো যত্র তদ্রূপমীক্ষেত যতো মনো বিলাসময়ং। তথা দৃষ্টং যদ্ঘটাদি তদ্বদ্বিনষ্টং নশ্বরমপি সর্ব্বমীক্ষেত। অলাতচক্রবদিতি লোলং সন্ততভ্রমণাকুলং চেক্ষেত। যস্মাদ্বিজ্ঞানং পরমাত্মচৈতন্যং।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততঃ কিমত আহ এবমিতি। গুণতো যা এতা মনসো বুদ্ধেস্ত্র্যবস্থাস্তা মদবিদ্যয়া ময়ি কৃতা ন তত্ত্বতঃ সন্তীতি নিশ্চিত আত্মরূপো-ঽর্থো যৈস্তে যূয়ং অনুমানৈঃ সদুক্তিভিঃ সতামুপদেশৈঃ শ্রুতিভিশ্চ তীক্ষ্ণেন জ্ঞানখড়্গেন হার্দ্দং হৃদ্গতমবস্থাত্রয়ং সংছিদ্য মা মাং অখিল-সংশয়ানামাধিং পীড়কং নাশকং ভজত ॥ ৩২ ॥

এবমবস্থাত্রয়াস্মিঃসম্বন্ধস্যাত্মনঃ পার্থক্যমনুভূয় পূর্ব্বং যদহন্তাস্পদং মমতাস্পদীভূতং বভূবাসীত্তদিদং জগৎ বিভ্রমং বিশিষ্টো ভ্রমো যত্র তথাভূতং ঈক্ষেত কোটিকোটিজন্মসু তত্র ভ্রমাদেবাহন্তা-মমতয়োরারোপিতচরত্বাৎ মনসো বিলাসং কৌতুকাস্পদং মনসো বিশিষ্টো লাসো নৃত্যং যত্র তদিতি বা। বিনষ্টমনিত্যং তত্রাপ্যলাতচক্রবদতিলোলং। ননু তর্হি বস্তুতোঽদ্বৈতদর্শনান্নির্ভেদব্রহ্মানুভবো-

দীপিকাদীপনং।

ততঃ সর্ব্বাবস্থাস্বাত্মন ঐক্যজ্ঞানানন্তরং এবং বিমৃশ্য মননং কৃত্বা। মদবিদ্যয়া মম স্বরূপবিষয়কাজ্ঞানেন। কৃতাঃ কল্পিতাঃ। তদাহ তত্র ছেদনসাধনমাহেত্যর্থঃ ॥ ৩২ ॥

অনুমানানি জ্ঞানোৎপত্তৌ সহকারীণি। তত্র বিভ্রমত্বে। নির্বিষয়ঃ নিরাশ্রয়ঃ। নিগমনমিতি। অয়ং ভাবঃ। পরার্থানুমানে হি পঞ্চাবয়ববাক্যং তত্র জগদ্বিভ্রমমীক্ষেতেতি প্রতিজ্ঞা ১। দৃষ্টত্বাদিহেতুঃ ২। যদ্যদদৃষ্টত্বাদ্যবচ্ছিন্নং তত্তদ্ভ্রমমাত্রং, যথা স্বপ্নাদি, ইত্যুদা-হরণং ৩। যথা ভ্রমত্বব্যাপ্যদৃষ্টত্বাদিমান্ স্বপ্নাদিস্তথাচেদং জগদিত্যুপনয়ঃ ৪। তস্মাৎ ত্রিধা যোঽয়ং গুণপরিণামকৃতো বিকল্পঃ স মায়া-মিথ্যেতি সাধ্যোপসংহারলক্ষণং নিগমনমিতি ৫ ॥ ৩৩ ॥

এইরূপ বিবেচনা দ্বারা গুণাধীন মনের যে তিন অবস্থা তাহা আমার মায়া দ্বারা আমাতেই কল্পিত, স্বরূপত নহে, এই প্রকারে অর্থ নিশ্চয় করত অনুমান ও সাধুর উপদেশ দ্বারা তীক্ষ্ণীকৃত জ্ঞানরূপ খড়্গ দ্বারা হৃদয় গত অখিল সংশয় রূপ আধি ছেদন করিয়া আমাকেই ভজনা কর ॥ ৩২ ॥

মনোবিলসিত, দৃষ্ট, বিনাশশালী, অলাত চক্র সদৃশ অতি চঞ্চল এই জগৎকে স্বপ্নের ন্যায় ভ্রম-মাত্র জ্ঞান করিবে, আর জ্ঞানকে এক মাত্র জানিবে। তিন প্রকার যে গুণ পরিণাম কৃত বিকল্প, তাহাই মায়া, তাহাই বহু প্রকারের ন্যায় প্রকাশিত হয় ॥ ৩৩ ॥

দৃষ্টিং ততঃ প্রতিনিবর্ত্ত্য নিবৃত্ততৃষ্ণস্তূষ্ণীং ভবেন্নিজসুখানুভবো নিরীহঃ।
সংদৃশ্যতে ক্বচ যদীদমবস্তুবুদ্ধ্যা ত্যক্তং ভ্রমায় ন ভবেৎ স্মৃতিরানিপাতাৎ ॥ ৩৪ ॥
দেহঞ্চ নশ্বরমবস্থিতমুত্থিতম্বা সিদ্ধো ন পশ্যতি যতোঽধ্যগমৎ স্বরূপং।
দৈবাদপেতমথ দৈববশাদুপেতং বাসো যথা পরিকৃতং মদিরামদান্ধঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বা ।

তস্মাত্ততো দৃশ্যাদ্দৃষ্টিং প্রতিনিবর্ত্ত্য নিজসুখানুভবো ভবেৎ। তত্রৈশ্চল্যার্থং কিম্‌ নিবৃত্ততৃষ্ণঃ তূষ্ণীং নিরীহশ্চ ভবেৎ। মনোবাক্‌কায়-ব্যাপার রহিত ইত্যর্থঃ। নন্বু দেহবতঃ সর্ব্বথা দ্বৈতদৃষ্টিপ্রতিনিবর্ত্তনাযোগাৎ পুনঃ সংসারঃ স্যাদেব তত্রাহ সংদৃশ্যত ইতি। ক্বচি-দাবশ্যকাহারাদিষু যদ্যপীদং সংদৃশ্যতে তথাপি পূর্ব্বমবস্তুবুদ্ধ্যা যৎ ত্যক্তং তৎ পুনর্মোহায় ন ভবেদেব। কিঞ্চ। দেহপাতপর্য্যন্তং স্মৃতি রিব স্মৃতিঃ সংস্কারমাত্রেণাবভাসো ভবেদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

এতদেবোপপাদয়তি দেহমিতি। আসনাদুত্থিতং উত্থায় তত্রৈব স্থিতং তচ্চ ক্বচিদপেতং নির্গতং পুনস্তত্রৈব উপেতং বা দেহমপি নানুসন্ধত্তে কুতোঽন্যৎ যতো যেন দেহেন স্বরূপমধ্যগমৎ জ্ঞাতবান্‌ তং দেহং যতঃ কারণাদিতি বা পরিকৃতং পরিহিতং বাসো গতং স্থিতম্বা যথা ন বেত্তি তদ্বৎ ॥ ৩৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বত্রৈকমেব। মায়ৈবতু উরুধেব ভাতি। ইব শব্দস্তস্যাঃ স্বাতন্ত্র্যং বারয়তি। পরমাত্মসান্নিধ্যমাত্রবলত্বাৎ। তস্মাৎ গুণবিসর্গ-কৃতো বিকল্পঃ। স্বপ্ন ইব মায়ামাত্রলব্ধ স্ফূর্ত্তিরিত্যর্থঃ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

জীবন্মুক্তমাহ দেহঞ্চেতি দ্বাভ্যাং ॥ ৩৫ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নোপপদ্যেত তত্রাহ। বিজ্ঞানমেকং যদ্ব্রহ্ম তদেব উরুধেব বিভাতি নতু পরমার্থত উরুধা। যতো মায়া মায়ৈব ত্রিধা গুণবিসর্গ কৃতো বিকল্পঃ স্বপ্নঃ স্বপ্নবদচিরস্থায়ী ॥ ৩৩ ॥

যস্মাদেবং তস্মাত্ততো দৃশ্যাৎ দৃষ্টিং প্রতিনিবর্ত্ত্য তস্মিন্‌ নিবৃত্ততৃষ্ণস্তূষ্ণীঞ্চ ভবেৎ। মনোবাগ্ব্যাপাররহিত ইত্যর্থঃ। তত্র সামর্থ্যমাহ নিজসুখানুভব ইতি। অতো নিরীহঃ কায়িকব্যাপাররহিতশ্চ নন্বু দেহবতঃ সর্ব্বথাদ্বৈতদৃষ্টিপ্রতিনর্ত্তনাযোগাৎ পুনঃ সংসারঃ স্যাদেব তত্রাহ সংদৃশ্যতে ইতি। ক্বচিদাবশ্যকাহারাদিষু যদ্যপীদং সংদৃশ্যতে তথাপি পূর্ব্বমবস্তুবুদ্ধ্যা যত্ত্যক্তং তৎ পুনর্মোহায় ন ভবেদেব। কিন্তু দেহপাতপর্য্যন্তং স্মৃতিরিব স্মৃতিঃ সংসারমাত্রেণাবভাসো ভবেদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

জ্ঞানসিদ্ধস্য জীবন্মুক্তস্য দশামাহ দেহমিতি দ্বাভ্যাং আসনাদুত্থিতং উত্থায় পুনস্তত্রৈব স্থিতং ন পশ্যতি নানুসন্ধত্তে। যতঃ স্বরূপং ব্রহ্মানুভবং অধ্যগমৎ প্রাপ্তঃ। অত্র দৃষ্টান্তঃ। দৈবাদপেতং কেনচিন্নিষ্কাসনাদপগতং কেনচিৎ পরিধাপনাদুপেতং বা বাসঃ পরিকৃতং পরিহিতং মদিরামদান্ধোনানুসন্ধত্তে ॥ ৩৫ ॥

দীপিকাদীপনং।

তত্রৈশ্চল্যার্থং সুখানুভবস্য স্থিরত্বার্থং নিবৃত্ততৃষ্ণ ইত্যাদি পদত্রয়স্য যথা সঙ্খ্যং মনো বাক্‌ কায়ব্যাপাররহিত ইত্যর্থঃ। সংস্কারেতি প্রারব্ধস্য সংস্কারমাত্রেণ জীবন্মুক্তস্য দগ্ধপটবৎ দ্বিদলাদিবদবভাসো বাধিতানুবৃত্তিমাত্রং ভবেদিত্যর্থঃ ॥ ৩৪ ॥

এতদেব সংস্কারমাত্রেণাবভাসনমেব। তত্র আসন এব ॥ ৩৫ ॥

অতএব তৃষ্ণা রহিত, নিরীহ ও তুষ্ণীভূত হইয়া এই জগৎ হইতে দৃষ্টিকে নিবৃত্ত করত নিজ সুখানুভবে নিমগ্ন হইবে কিন্তু যদিও কখন আবশ্যক আহারাদি কার্য্য বশতঃ ইহাকে দর্শনও করেন, তথাপি অবস্তু জ্ঞানে যাহা পরিত্যক্ত হইয়াছে তাহা আর ভ্রমের নিমিত্ত হইবে না, অপিচ দেহপাত পর্য্যন্ত সংসার মাত্রে তাহার স্মরণ থাকিবে ॥ ৩৪ ॥

সিদ্ধ ব্যক্তি উপবিষ্ট হউন বা উত্থিতই হউন, দৈবাৎ নির্গতই হউন বা দৈববশতঃ আগতই হউন, মদিরা মদান্ধ ব্যক্তির পরিধেয় বস্ত্রের ন্যায় স্বরূপের অধিগম হেতু নশ্বর এই দেহকে আর দেখিতে পারেন না ॥ ৩৫ ॥

দেহোঽপি দৈববশগঃ খলু কর্ম্ম যাবৎ স্বারম্ভকং প্রতি সমীক্ষত এব সাসুঃ।
তং সপ্রপঞ্চমধিরূঢ়সমাধিযোগঃ স্বাপ্নং পুন র্ন ভজতে প্রতিবুদ্ধবস্তুঃ॥ ৩৬॥
ময়ৈতদুক্তং বো বিপ্রা গুহ্যং যৎ সাংখ্যযোগয়োঃ। জানীত মাগতং যজ্ঞং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া॥৩৭॥
অহং যোগস্য সাংখ্যস্য সত্যস্যর্ত্তস্য তেজসঃ। পরায়ণং দ্বিজশ্রেষ্ঠাঃ শ্রিয়ঃ কীর্ত্তে র্দমস্য চ॥৩৮॥

শ্রীধরস্বামী।

নমু যঃ পরিপাল্যমানোঽপি মুমূর্ষতি তস্যৈব পশ্যতি তর্হি পতেদেব নেত্যাহ দেহোঽপীতি। দৈববশেন গচ্ছন্ স্বারম্ভকং কর্ম্ম যাবদস্তি তাবৎপর্য্যন্তং প্রতিসমীক্ষত এব জীবত্যেব সাসুঃ প্রাণেন্দ্রিয়সহিতঃ নমু তর্হি তস্মিন্ কদাচিদাসজ্জেতাপি নেত্যাহ তমিতি। স্বাপ্নং স্বপ্নতুল্যমধিরূঢ়ঃ প্রাপ্তঃ সমাধিপর্য্যন্তো যোগো যেন। অতএব প্রতিবুদ্ধং জ্ঞাতং পরমার্থবস্তু যেন সঃ। তথাচ শ্রুতিঃ। তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সংপৎস্যত ইতি॥ ৩৬॥

উক্তার্থে তেষাং বিশ্বাসার্থং স্বস্বরূপমাহ ময়েতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ যোগোঽষ্টাঙ্গঃ তয়ো গুহ্যং রহস্যং যজ্ঞং বিষ্ণুং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়া ইত্যনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং। অতএব যত্তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাখ মাধবেত্যনুবাদো ভবিষ্যতি॥ ৩৭॥

ঋতং প্রমীয়মাণো ধর্ম্মঃ সত্যং অনুষ্ঠীয়মানো ধর্ম্মঃ তেজঃ প্রভাব এতেষাং পরময়নং॥ ৩৮॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র নিজোক্তমাদরয়তি ময়েত্যর্দ্ধেন। আদরে কারণবিশেষত্বেন স্বপরিচয়বিশেষং করোতি জানীতেতি। যজ্ঞং বিষ্ণুং। নবীশ্বরত্বেন জ্ঞাপিতমপি শিবাদিরূপং যুষ্মদ্ধর্ম্মবিবক্ষয়েত্যনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং॥ ৩৭॥

স্বজ্ঞানস্যান্তর্ভূতসর্ব্বজ্ঞানত্বং দর্শয়ন্ সর্ব্বোৎকৃষ্টত্বং দর্শয়তি অহমিতি॥ ৩৮॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যাবৎ স্বারম্ভকং কর্ম্ম তাবৎ সাসুঃ সপ্রাণঃ সন্ প্রতি সমীক্ষতে। মুক্তস্যাপি তস্য কর্ম্মভোগপ্রতীক্ষাং কুর্ব্বন্ জীবেদিত্যর্থঃ। নমু তর্হি তস্মিন্ কদাচিদাসজ্জেদপি তত্র নেত্যাহ। তং দেহং সপ্রপঞ্চং ইন্দ্রিয়বিষয়ভোগাদিসহিতমপি ন ভজতে। যথা প্রতিবুদ্ধবস্তুঃ প্রাপ্তজাগরো জনঃ স্বাপ্নং দেহং পুন র্ন ভজতে॥ ৩৬॥

উক্তেঽর্থে তেষাং বিশ্বাসার্থং স্বস্বরূপমাহ ময়েতি। সাংখ্যমাত্মানাত্মবিবেকঃ যোগোঽষ্টাঙ্গঃ ধর্ম্মস্য বিবক্ষয়া অনেন ধর্ম্মা অপ্যুপদিষ্টা ইতি জ্ঞেয়ং। অতএব যৎ তেন হংসরূপেণ ব্রহ্মণেঽভ্যাখ মাধবেত্যনুবাদো ভবিষ্যতি॥ ৩৭॥

অহো অদ্ভুতং জ্ঞানমশ্রৌষ্মেত্যাতিচমৎকারবতস্তানালক্ষ্যাহ অহমিতি। ঋতঞ্চ সুনৃতা বাণী সত্যঞ্চ সমদর্শনমিত্যগ্রে বক্ষ্যতে। তেজঃ প্রভাবঃ এতেষাং পরায়ণং পরমাশ্রয়ঃ॥ ৩৮॥

দীপিকাদীপনং।

স্বারম্ভকং দেহজনকং কর্ম্ম প্রারব্ধলক্ষণং তস্মিন্ প্রারব্ধরক্ষিতদেহে। অতএব আরূঢ়সমাধিযোগত্বাদেব। তথাচ জীবন্মুক্তৌ প্রমাণং শ্রুতিঃ। তস্য জীবন্মুক্তস্য তাবদেব চিরং বিলম্বো যাবৎ প্রারব্ধদেহান্ন বিমোক্ষ্যেত অথ দেহপতনানন্তরং সম্পৎস্যে ব্রহ্মত্বং সম্পদ্যতে বিদেহমুক্তো ভবতীত্যর্থঃ॥ ৩৬॥

উক্তার্থে জ্ঞানভক্তিযোগে। অতএব ধর্ম্মাণামুপদিষ্টত্বাদেব॥ ৩৭॥

স্বজ্ঞানস্যান্তর্ভূতসর্ব্বজ্ঞানত্বং দর্শয়ন্ স্বস্য সর্ব্বোৎকৃষ্টত্বং দর্শয়তি অহমিতি॥ ৩৮॥

যত দিন প্রারব্ধ দেহ থাকিবে তত দিন দৈববশতাপন্ন হইয়া প্রাণ ধারণ করত দেহ প্রতীক্ষা করিবে, কিন্তু স্বপ্নপ্রবুদ্ধের ন্যায় সমাধি যোগে আরোহণ পূর্ব্বক বস্তু বোধ করিয়া পুনর্ব্বার এই সপ্রপঞ্চ সংসারকে আর ভজনা করিবেন না॥ ৩৬॥

হে বিপ্রগণ! সাংখ্যযোগ রহস্য বিষয় এই আমি তোমাদিগকে কহিলাম, তোমাদিগকে ধর্ম্মোপদেশ করিবার নিমিত্ত আমি এখানে আগমন করিয়াছি, আমাকে বিষ্ণু বলিয়া জানিবে॥ ৩৭॥

হে দ্বিজশ্রেষ্ঠগণ! আমি যোগ, সাংখ্য, ধর্ম্মপ্রমাণ, ধর্ম্মানুষ্ঠান, তেজ, শ্রী, কীর্ত্তি ও দম ইত্যাদি সকলের পরায়ণ অর্থাৎ শ্রেষ্ঠ আশ্রয়॥ ৩৮॥

মাং ভজন্ত্যগুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকং। সুহৃদং প্রিয়মাত্মানং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ ॥৩৯॥
ইতি মে ছিন্নসন্দেহা মুনয়ঃ সনকাদয়ঃ। সভাজয়িত্বা পরয়া ভক্ত্যাগৃণত সংস্তবৈঃ ॥ ৪০ ॥
তৈরহং পূজিতঃ সম্যক্ সংস্তুতঃ পরমর্ষিভিঃ। প্রত্যেয়ায় স্বকং ধাম পশ্যতঃ পরমেষ্ঠিনঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ। মামিতি। কথম্ভূতাঃ অগুণাঃ গুণপরিণামরূপা ন ভবন্তি কিন্তু নিত্যা ইত্যর্থঃ। ৩৯ ॥

মে ময়া অগৃণত মাং তুষ্টুবুঃ ॥ ৪০ ॥

প্রত্যেয়ায় প্রত্যাগতোঽস্মি ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্রৈব স্বজ্ঞানমুপদিশতি মামিতি। যে স্বগুণাঃ গুণপরিণামা ন ভবন্তি তে। প্রথমস্কন্ধে পৃথিব্যা সত্যং শৌচমিত্যাদিনা বহুধা বর্ণিতাঃ সাম্যা সঙ্গাদয়োঽনন্তগুণাঃ সর্ব্ব এব মাং ভজন্তি। তত্র হেতুঃ। আত্মানং সর্ব্বেষামাশ্রয়স্বরূপং অত এবোৎকৃষ্টস্বরূপান্তে সর্ব্বোৎকৃষ্টস্বরূপং মাং বিনা কথং চান্যং ভজন্ত্বিতি ভাবঃ। কিঞ্চ। তাদৃশাত্মত্বাদেব নির্গুণং। নতু জীববদবিদ্যয়া গুণসম্বন্ধং। নিরপেক্ষকং স্বেচ্ছয়াপি তদসংবন্ধং। অতশ্চাগুণপরিণামান্তে মাং বিনেত্যাদি পূর্ব্ববৎ। কিঞ্চ। তাদৃশাত্মত্বাদেব সুহৃদং নিরুপাধিসর্ব্বহিতকারিণং। প্রিয়ং নিরুপাধিসর্ব্বপ্রেমাস্পদং। অতো মমৈব তাদৃশগুণাবাসত্বং যুক্তমিতি ভাবঃ। অতঃ সর্ব্বোৎকৃষ্টে ময়ি প্রেমভক্তিরেব সাধ্যেতি পর্য্যবসানবাক্যার্থঃ ॥ ৩৯ ॥

ততশ্চ সন্দেহং ত্যক্তবন্তস্তাঞ্চ ভক্তিং ময়ি প্রাপ্তবন্ত ইত্যাহ ইতীতি। পরয়া ভক্ত্যা প্রেমলক্ষণয়া ॥ ৪০ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নন্বহং পরায়ণমিতি তদ্বাক্যাদেব ভবাস্মিন্ দেহেঽভিমানো দৃশ্যত ইত্যতঃ কথং জ্ঞানসম্মানশিক্ষণস্তবানিত্যাশঙ্ক্যেব চেৎ সত্যং নেদং মম শরীরং জীবস্যেব স্বস্মাদ্ভিন্নং ভৌতিকং। নাপ্যত্রাহঙ্কারাদিকমপি প্রাধানিকং কিন্তু মৎস্বরূপভূতং সচ্চিদানন্দময়মেবেত্যাহ। মাং নির্গুণং মায়িকগুণাতীতং সর্ব্বে গুণা ভজন্তি। নিরপেক্ষং মায়িকগুণাপেক্ষাশূন্যং কিন্তু সুহৃদং স্বভক্তজনানাং হিতকারিণং যতঃ প্রিয়ং তেষাং প্রেমবিষয়ীভূতং তেষু প্রীতিকর্ত্তারঞ্চ ইগুপধজ্ঞা প্রীকিরঃ ক ইতি কর্ত্তরি ক প্রত্যয়বিধেঃ। কে তে গুণাঃ সাম্যং সর্ব্বত্র প্রাকৃতবস্তুষৌদাসীন্যাৎ সমত্বঞ্চ অপ্রাকৃতেষু স্বভক্তেষু আসঙ্গ আসক্তিশ্চ তদাদ্যা আদিশব্দাৎ প্রথমস্কন্ধে পৃথিব্যুক্তাঃ সত্যশৌচাদয়শ্চানন্তাঃ কীদৃশাঃ অগুণাঃ গুণপরিণামরূপা ন ভবন্তি কিন্তু নিত্যা ইত্যর্থঃ। ইতি শ্রীস্বামিচরণাঃ। ইমে চান্যেচ ভগবন্নিত্যা যত্র মহাগুণা ইতি প্রথমে চ অতঃ স্বরূপভূতা এব গুণা আত্মানং স্বরূপমেব ভজন্তি। ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে। ইত্যাদৌ স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেতি শ্রুতেঃ ॥ ৩৯ ॥

অগৃণত অগৃণন্ত মাং তুষ্টুবুঃ ॥ ৪০ ॥

প্রত্যেয়ায় প্রত্যাগতোঽস্মি ॥ ৪১ ॥

দীপিকাদীপনং।

প্রিয়ং নিরুপাধিসর্ব্বপ্রেমাস্পদং। অতঃ সর্ব্বোৎকৃষ্টে ময়ি তাদৃশগুণানুভবেন প্রেমভক্তিরেব সাধ্যেতি পর্য্যবসানবাক্যার্থঃ ॥ ৩৯ ॥

পরয়া ভক্ত্যা প্রেমলক্ষণয়া ॥ ৪০ ॥

স্বকং ধাম বৈকুণ্ঠলোকং ॥ ৪১ ॥

আমি নির্গুণ, নিরপেক্ষ, সুহৃৎ, প্রিয়, আত্মা এবং সমুদায় নিত্য সাম্য অসঙ্গাদি গুণ সকল আমাকে ভজনা করে ॥ ৩৯ ॥

হে উদ্ধব! সনকাদি মুনিগণ এইরূপে হংসরূপী আমা কর্ত্তৃক ছিন্ন সন্দেহ হইয়া পরম ভক্তি দ্বারা আমাকে পূজা করিয়া দিব্যস্তোত্র দ্বারা আমাকে স্তব করিতে লাগিলেন ॥ ৪০ ॥

পরে আমি সেই পরম ঋষিগণ কর্ত্তৃক সম্যক্ পূজিত ও সংস্তুত হইয়া পরমেষ্ঠির সাক্ষাতে তথা হইতে স্বীয় ধামে প্রতি গমন করিলাম ॥ ৪১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধব-সম্বাদে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৩ ॥ * ॥

শ্রীউদ্ধব উবাচ ॥

বদন্তি কৃষ্ণ শ্রেয়াংসি বহূনি ব্রহ্মবাদিনঃ। তেষাং বিকল্পপ্রাধান্যমুতাহো একমুখ্যতা ॥ ১ ॥

ভবতোদাহৃতঃ স্বামিন্ ভক্তিযোগোঽনপেক্ষিতঃ। নিরস্য সর্ব্বতঃ সঙ্গং যেন ত্বয্যাবিশেন্মনঃ ॥২॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইত্যেকাদশে ত্রয়োদশঃ ॥ * ॥

চতুর্দ্দশে পরং শ্রেয়ো ভক্তিরেব ন চেতরৎ। ইত্যেতদ্বর্ণ্যতে ধ্যানযোগশ্চ সহ সাধনৈঃ ॥ ০ ॥

এবং তাবদ্ ভগবতা ভক্ত্যা মোক্ষ ইত্যুক্তং। অন্যে ত্বন্যানি সাধনানি বদন্তি তত্র বিশেষনির্দ্ধারণায় পৃচ্ছতি। শ্রেয়াংসি শ্রেয়ঃসাধনানি কিং বিকল্পেন প্রাধান্যং উতাহো কিম্বা একস্যৈব মুখ্যতা ॥ ১ ॥

একমুখ্যতাপক্ষোত্থানে কারণং ভবতেতি। ন অপেক্ষিতং অপেক্ষা যস্মিন্ সঃ অহৈতুকঃ। অয়মর্থঃ। ভবতা যো ভক্তিযোগ উক্তঃ

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥

পূর্ব্বং যৎ তস্মাত্ত্বমুদ্ধবোৎস্বজ্যেত্যাদিভির্ভক্তিযোগস্য নৈরপেক্ষ্যমভাণ্যং তদেব মতান্তরনিরাসেন দ্রঢ়য়িতুং পৃচ্ছতি বদন্তীতি ॥ ১ ॥

নিরস্যেতি ফলান্তরসাপেক্ষত্বমপি নিরস্তং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশে সঙ্গতঃ সৎসঙ্গতোঽভূত্ত্রয়োদশঃ ॥ * ॥

ভক্তেঃ কৃষ্ণবশীকারসর্ব্বোৎকর্ষশ্চতুর্দ্দশে। তদ্বতাঞ্চ মুমুক্ষোঃ সম্মতং ধ্যানঞ্চ বর্ণিতং ॥ ০ ॥

শ্রুতানাং শ্রোতব্যানাঞ্চ শ্রেয়ঃসাধনানাং তারতম্যাদিকং পৃচ্ছতি বদন্তীতি। শ্রেয়াংসি শ্রেয়ঃসাধনানি। কিং বিকল্পেন প্রাধান্যং। ইদং প্রধানমিদম্বা প্রধানমিতি। উতাহো একস্যৈব মুখ্যতা ইদমেব প্রধানমিতি ॥ ১ ॥

ত্বন্মতে তু ভক্তিযোগ এব মুখ্য ইত্যাহ ভবতেতি। অনপেক্ষিতঃ নিষ্কামো ভক্তিযোগ এব ভবতা উদাহৃতঃ উৎকর্ষেণ আহৃতঃ আনীতঃ যেন মনস্ত্বদাবিষ্টং স্যাৎ স কিং সর্ব্বেষামপি শ্রৈষ্ঠ্যে সম্মতঃ উত তবৈবেতি নির্দ্ধার্য্যোচ্যতামিতি ভাবঃ ॥ ২ ॥

দীপিকাদীপনং।

॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিশ্রীরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥ * ॥

পরমুত্তমং শ্রেয়ঃসাধনং ভক্তিরেব ইতরদ্ধর্ম্মযশ আদিকন্ত পরং শ্রেয়ো ন ভবতি ইত্যেতচ্চতুর্দশেঽধ্যায়ে শ্রীকৃষ্ণেন বর্ণ্যতে। অন্যেতু মীমাংসকাদয়ঃ। অন্যানি ধর্ম্মাদীনি। তত্র তেষু সাধনেষু মধ্যে। বিশেষনির্দ্ধারণায় গৌণমুখ্যনির্ণয়ায়। বিবিধঃ কল্পো বিকল্পঃ এবং বা এবং বেতি যাবৎ তেন প্রাধান্যং ॥ ১ ॥

নন্বু নিরপেক্ষো ভক্তিযোগো ময়োক্তশ্চেদলমন্যসাধনপ্রশ্নেনেতি চেত্তত্রোচ্যতে। অয়মর্থ ইতি। তেষাং ধর্ম্মাদিসাধনানাং। সাক্ষাৎ ফলসাধনত্বেন অব্যবহিতমুক্তিফলোপধায়কত্বেন। উত কিম্বা। অঙ্গাঙ্গিত্বং যথা দর্শপৌর্ণমাসাদীনাং পরমাপূর্ব্বং প্রত্যঙ্গত্বেঽপি.

॥ * ॥ ইতি একাদশস্কন্ধে ত্রয়োদশ ॥ * ॥

চতুর্দ্দশ অধ্যায়ে ভক্তিই পরম শ্রেয়ঃসাধন অন্য কিছুতেই শ্রেয়ো লাভ হইতে পারে না, একারণ সাধনের সহিত ধ্যান যোগ বর্ণন ॥ ০ ॥

উদ্ধব কহিলেন, হে কৃষ্ণ! ব্রহ্মবাদি ঋষিগণ শ্রেয়ঃসাধন নানা প্রকার বলিয়াছেন, তাহার মধ্যে একটি প্রধান, কি সকলেই স্ব স্ব প্রধান, ইহা বলিতে আজ্ঞা হয় ॥ ১ ॥

হে স্বামিন্! আপনা কর্তৃক কথিত নিরপেক্ষ স্বয়ং প্রধান যে ভক্তিযোগ, যাহার দ্বারা সর্ব্বসঙ্গ নিরাস পূর্ব্বক আপনাতেই মন প্রবেশ করে, তাহাই প্রধান কি না? ॥ ২ ॥

শ্রীভগবানুবাচ ॥

কালেন নষ্টা প্রলয়ে বাণীয়ং বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তা ধর্ম্মো যস্যাং মদাত্মকঃ ॥৩

তেন প্রোক্তা স্বপুত্রায় মনবে পূর্ব্বজায় সা। ততো ভৃগ্বাদয়োঽগৃহ্নন্ সপ্ত ব্রহ্মমহর্ষয়ঃ ॥

তেভ্যঃ পিতৃভ্যস্তৎপুত্রা দেবদানবগুহ্যকাঃ। মনুষ্যাঃ সিদ্ধগন্ধর্ব্বাঃ সবিদ্যাধরচারণাঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

অন্তে চ যানে শ্রেয়ঃসাধনানি বদন্তি তেষাং কিং সাক্ষাৎফলসাধনত্বেন প্রাধান্যমেব সর্ব্বেষাং উতান্যান্যত্বং প্রাধান্যেঽপি কিং বিকল্পেন সর্ব্বেষাং তুল্যফলত্বং। যদ্বা। কশ্চিদস্তি বিশেষ ইতি ॥ ২ ॥

তত্র ভক্তিরেব মহাফলত্বেন মুখ্যা অন্যানি তু স্বস্বপ্রকৃত্যনুসারেণ পুষ্পস্থানীয়স্বর্গাদিফলবুদ্ধিভিঃ প্রাণিভিঃ প্রাধান্যেন পরিকল্পিতানি ক্ষুদ্রফলানীতি বিবেক্তুং প্রকৃত্যনুসারেণ বহুধা বেদার্থপ্রতিপত্তিমাহ কালেনেতি সপ্তভিঃ। মদাত্মকঃ মযেব আত্মা চিত্তং যেন সঃ ॥৩॥

ভৃগুশ্চ মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুরিত্যেতে সপ্ত ব্রহ্মাণঃ প্রজাপতয়স্তে চ মহর্ষয়শ্চ ॥ ৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

কালেনেতি সার্দ্ধকং। কালেন নষ্টা তত্রাপি প্রলয়ে কল্পান্তে বহুনষ্টেত্যর্থঃ। ইয়মিতি ভবতেত্যাদিনা যথা ভবতানুদ্যতে তথা নিরূপিকেত্যর্থঃ। এতেন জ্ঞানাদিকং জ্ঞানাদিমিশ্রত্বং মদাবেশাংশফলত্বঞ্চ ন মম্মতমিতি বোধিতং। আদৌ ব্রাহ্ম্যকল্পাদৌ মদাত্মকো মৎস্বরূপভূতো হ্লাদিনী সাররূপত্বাৎ ॥ ৩ ॥

তত ইতি যুগ্মকং তেভ্যস্তৎপুত্রাস্তৎপরম্পরায়ামেবাঙ্গেভ্যশ্চ পিতৃভ্যোঽগৃহ্ন ইত্যর্থঃ ॥ ৪ । ৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হে উদ্ধব সর্ব্বমতানি বেদাদেবোত্থিতানি তস্য তস্য বেদস্য তু মদ্ভক্তিযোগ এব তাৎপর্য্যমিত্যাহ কালেনেতি। মদাত্মকঃ মৎস্বরূপভূতঃ। ভক্তিযোগস্য হ্লাদিনী সারভূতত্বাৎ। যদ্বা। ময্যেব আত্মা চিত্তং যতশ্চিত্তস্য মদাবিষ্টতা মদ্ভক্ত্যৈব ভবেৎ। ভক্ত্যাহমেকয়া গ্রাহ্য ইতি মদ্বচনাদ্ভক্ত্যৈবাহমিন্দ্রিয়ৈর্গ্রহীতুং শক্যো নান্যথেতি তত্রার্থো দ্রষ্টব্যঃ। ব্রহ্মবাদিভিরুক্তানাং মদ্ভক্তিযোগাদন্যেষাং শ্রেয়সাং মৎপ্রাপকত্বাভাবাৎ শ্রেয়স্ত্বমেবং বস্তুতো নাস্তীত্যতস্তেষাং বিকল্পতঃ প্রাধান্যেন একস্য মুখ্যত্বেন বা জিজ্ঞাস্যেন তব কিং প্রয়োজনমিতি ভাবঃ ॥ ৩ ॥

কথং ততো নানামতান্যভূবানি তত্রাহ তেনেতি সার্দ্ধৈরষ্টভিঃ। ভৃগ্বাদয়ঃ। ভৃগুশ্চ মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুরিত্যেতে চ সপ্ত ব্রহ্মাণঃ প্রজাপতয়স্তেচ মহর্ষয়শ্চ ॥ ৪ ॥

দীপিকাদীপনং।

প্রসাজ্যাদাপেক্ষয়ান্যত্বং তথা কেষামন্যত্বং কেষাং চাঙ্গত্বমিত্যর্থঃ। কশ্চিদস্তি বিশেষ ইতি প্রাধান্যেঽপি। ক্লেশোঽধিকতরস্তেষাং কৃচ্ছ্রো মহানিব ভবার্ণবমপ্লবেশমিত্যাদি ন্যায়েন ক্লেশাঽক্লেশলক্ষণো বিশেষঃ কশ্চিদস্তি বেত্যর্থঃ ॥ ২ ॥

তত্র তেষু সাধনেষু মধ্যে। অন্যানি ধর্ম্মাদীনি ক্ষুদ্রকফলানি তুচ্ছফলানি। কালেনেতি সার্দ্ধকং। আদৌ ব্রাহ্মকল্পাদৌ ॥ ৩ ॥

তত ইতি যুগ্মকং। ততো মনুং প্রতি কথনানন্তরং ব্রহ্মাণশ্চ তে মহর্ষয়শ্চেতি বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ তত্র প্রজাপতয়ঃ প্রজাস্রষ্টারঃ মহর্ষয়ো বেদজ্ঞাঃ ॥ ৪ ॥

ভগবান্ কহিলেন, উদ্ধব! একা ভক্তিই সর্ব্বশ্রেষ্ঠ সাধন, অন্য সকল পুষ্পস্থানীয়, স্বর্গাদি ফলবুদ্ধি প্রাণিগণকর্ত্তৃক স্ব স্ব প্রকৃত্যনুসারে প্রাধান্যরূপে নিরূপিত হইয়াছে, সে সমুদায় তুচ্ছ ফল, ইহারই বিবেক নিমিত্ত স্ব স্ব প্রকৃতি অনুসারে বহুপ্রকারে বেদার্থের প্রতিপত্তি বলি শ্রবণ কর। যাহাতে আমার ধর্ম্ম উক্ত হইয়াছে, সেই বেদ-বাক্য সকল কালসহকারে প্রলয়ে নষ্ট হইয়াছিল, পরে সৃষ্টির পূর্ব্বে তাহা আমি ব্রহ্মাকে বলিয়াছিলাম ॥ ৩ ॥

তৎপরে ব্রহ্মা আপনার অগ্রজ পুত্র মনুকে কহেন, তাঁহা হইতে ভৃগু, মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ ও ক্রতু, এই সাত জন ব্রহ্মর্ষিরা তাহা গ্রহণ করিলেন ॥

সেই প্রজাপতি ভৃগু প্রভৃতি পিতৃগণ হইতে তাঁহাদিগের সন্তান দেবতা, দানব, গুহ্যক, মনুষ্য, সিদ্ধ, গন্ধর্ব্ব, বিদ্যাধর ও চারণেরা তাহা প্রাপ্ত হইলেন ॥ ৪ ॥

কিংদেবাঃ কিন্নরা নাগা রক্ষঃ কিংপুরুষাদয়ঃ। বহ্ব্যস্তেষাং প্রকৃতয়ো রজঃসত্ত্বতমোভুবঃ ॥ ৫ ॥
যাভির্ভূতানি ভিদ্যন্তে ভূতানাং পতয়স্তথা। যথাপ্রকৃতি সর্ব্বেষাং চিত্রা বাচঃ স্রবন্তি হি ॥ ৬ ॥
এবং প্রকৃতিবৈচিত্র্যাদ্ভিদ্যন্তে মতয়ো নৃণাং। পারম্পর্য্যেণ কেষাঞ্চিৎ পাষণ্ডমতয়োঽপরে ॥ ৭ ॥
মন্মায়ামোহিতধিয়ঃ পুরুষাঃ পুরুষর্ষভ। শ্রেয়ো বদন্ত্যনেকান্তং যথাকর্ম্ম যথারুচি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

কিংদেবাঃ ক্লমস্বেদদৌর্গন্ধ্যাদিরহিতত্বেন কিংদেবা মনুষ্যা বেতি সন্দেহাস্পদং দ্বীপান্তরমনুষ্যাঃ এবং কিন্নরাঃ কিঞ্চিন্নরা ইব মুখতঃ শরীরতো বা কিংপুরুষাঃ কিঞ্চিৎ পুরুষা ইব বানরাদয়ঃ। প্রকৃতয়ো বাসনাঃ বহ্ব্যঃ কুতো রজঃসত্ত্বতমাংসি ভুবঃ জন্মস্থানানি যাসাং তাঃ ॥ ৫ ॥
ভূতানি দেবাসুরমনুষ্যাদীনি চিত্রা বাচঃ বেদার্থব্যাখ্যানবিষয়াঃ ॥ ৬ ॥
প্রসক্তোপসংহারঃ কেষাঞ্চিদ্বেদাধ্যয়নশূন্যানামপ্যুপদেশপারম্পর্য্যেণ অপরে পাষণ্ডমতয়ঃ বেদবিরুদ্ধার্থমতয়ঃ ॥ ৭ ॥
তৎপ্রকৃতীনাং মায়াগুণমূলত্বাৎ মন্মায়ামোহিতধিয়ঃ। অনেকান্তং নানাবিধং ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথেতার্দ্ধকং ॥ ৬—৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকৃতয়ো বাসনা বহ্ব্যঃ কুতঃ রজঃসত্ত্বতমাংসি ভুবো জন্মস্থানানি যাসাং তাঃ। ভূতানি দেবাসুরমনুষ্যাদীনি ॥ ৫ ॥
চিত্রা বাচঃ বেদার্থব্যাখ্যানরূপাঃ ॥ ৬ ॥
পারম্পর্য্যেণ গুরূপদেশপরম্পরয়া। পাষণ্ডমতয়ঃ অতিতমঃপ্রকৃতিত্বাৎ বেদবিরুদ্ধার্থমতয়ঃ তেন ভাগীরথ্যা জলং শুদ্ধং মধুরমপি তত্তটবর্ত্তোরণ্ড-নিম্ব-চিঞ্চা-কপিত্থ-বিম্ববৃক্ষাদিভিঃ স্বস্বমূলদ্বারা গৃহীতং বিরসং বিরুদ্ধরসং চ যথা ভবেত্তথৈব তেষাং তেষাং ব্যাখ্যাতৃণাং মুখং প্রাপ্য বেদার্থো বিরসো বিরুদ্ধফলপ্রদশ্চ ভবেদিতি ভাবঃ ॥ ৭ ॥
অনেকান্তং নানাবিধং ॥ ৮ ॥

দীপিকাদীপনং।

কিংদেব-কিন্নরয়োর্দেবত্বনরত্বাংশপ্রাধান্যেন বিশেষো ন ॥ ৫ ॥
যাভির্বাসনাভিঃ ॥
যথেতার্দ্ধকং। যথাপ্রকৃতি বাসনানুসারেণ চিত্রাঃ ব্যাখ্যানে বিবিধপ্রকারাবচ্ছিন্নাঃ স্রবন্তি নিঃসরন্তি ॥ ৬ ॥
অধ্যয়নাদিশূন্যানামপীত্যত্র যদ্যপি মতিভেদনে তেষাং শক্ত্যভাবস্তথাপি উপদেশপারম্পর্য্যেণেত্যপেরর্থঃ ॥ ৭ ॥
তৎপ্রকৃতীনাং তদ্বাসনানাং। মায়াগুণমূলত্বাৎ সত্ত্বাদিহেতুকত্বাৎ। শ্রেয়ঃ শ্রেয়ঃসাধনং ॥ ৮ ॥

পরে দেবতুল্য দ্বীপান্তরীয় মনুষ্য, নাগ, যক্ষ, কিংপুরুষেরা প্রাপ্ত হয়েন, ইঁহারা সকলেই সত্ত্ব, রজঃ ও তমোগুণ সম্ভূত এবং বিভিন্ন স্বভাবসম্পন্ন ॥ ৫ ॥

যে বেদ বাক্য দ্বারা ভূত সকল ও ভূতপতি সকল পৃথক্ কৃত হইয়াছেন, তদ্বিষয়ে তাঁহাদিগের সকলেরই স্বভাবানুসারে ব্যাখ্যান বিষয়ক বাক্য সকল নানা প্রকারে পরিগণিত হয় ॥ ৬ ॥

এইরূপ প্রকৃতির বৈচিত্র্য অনুসারে মনুষ্যদিগের মত ভিন্ন ২ হইয়াছে। তদ্ভিন্ন কাহার বা উপদেশ পরম্পরা দ্বারা মতভেদ হইয়াছে, কেহ বা বেদবিরুদ্ধার্থ পাষণ্ডমত প্রতিপন্ন করিতেছে ॥ ৭ ॥

হে পুরুষশ্রেষ্ঠ! আমার মায়া দ্বারা মোহিতবুদ্ধি পুরুষেরা কর্ম্ম ও অভিরুচি অনুসারে নানা প্রকারে শ্রেয়ঃসাধন ব্যাখ্যা করিয়া থাকেন ॥ ৮ ॥

ধর্ম্মমেকে যশশ্চান্যে কামং সত্যং দমং শমং। অন্যে বদন্তি স্বার্থং বৈ ঐশ্বর্য্যং ত্যাগভোজনং।
কেচিদ্যজ্ঞং তপো দানং ব্রতানি নিয়মান্ যমান্ ॥ ৯ ॥
আদ্যন্তবন্ত এবৈষাং লোকাঃ কর্ম্মবিনির্ম্মিতাঃ। দুঃখোদর্কাস্তমোনিষ্ঠাঃ ক্ষুদ্রা মন্দাঃ শুচার্পিতাঃ॥১০

শ্রীধরস্বামী।

তদেবাহ ধর্ম্মমিতি সার্দ্ধেন। ধর্ম্মং কর্ম্মমীমাংসকাঃ। তদুক্তং। মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যে নৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়া ইত্যাদি। যশঃ কাব্যালঙ্কারকৃতঃ। যথাহুঃ। যাবৎ কীর্ত্তির্মনুষ্যাণাং পুণ্যা লোকেষু গীয়তে। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে। কামং বাৎস্যায়নাদয়ঃ। সত্যং দমং শমঞ্চ যোগশাস্ত্রকৃতঃ। অন্যে দৃষ্টার্থবাদিনো দণ্ডনীতিকৃতঃ। বৈ প্রসিদ্ধং। ঐশ্বর্য্যমেব স্বার্থং পুরুষার্থং বদন্তি অতঃ সামাদ্যুপায়া এব শ্রেয়ঃসাধনমিতি তেষাং মতং। তথৈব ত্যাগং ভোজনঞ্চ লোকায়তিকাঃ যজ্ঞং তপো দানং যজ্ঞো দেবতানাং পূজনং তপো দানঞ্চ ॥ ৯ ॥

তেষাং তুচ্ছফলত্বমাহ আদ্যন্তবন্ত ইতি। এষাং লোকা এতৈঃ সাধ্যানি। ফলানি তমো নিষ্ঠা মোহাবসানাঃ ভোগকালেঽপ্যসূয়াদিভিঃ শুচার্পিতাঃ ব্যাপ্তাঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

ধর্ম্মমিতি সার্দ্ধকং। ঈশ্বরামননাজ্জৈমিন্যাদীনামপি তত্তৎপ্রবর্ত্তকত্বমেবেতি ভাবঃ। ধর্ম্মং স্বধর্ম্মং নিত্যনৈমিত্তিকং। একে নিবৃত্তকর্ম্মনিষ্ঠাঃ সত্যাদিত্রয়মদ্বৈতা যোগিনশ্চ। কেচিৎ কর্ম্মনিষ্ঠাঃ। স্বার্থমিতি স্থানভেদেন সাধনং সাধ্যং চোচ্যতে। উভয়োরপি স্বেনার্থ্যমানত্বাৎ। তত্র কামৈশ্বর্য্যত্যাগভোজনানি সাধ্যানি অন্যানি তু সাধনানি ॥ ৯ ॥

এষাং মধ্যে যে বা কর্ম্মণা বেদবিধিনা বিনির্ম্মিতা লোকাঃ সুখদফলানি ভবন্তি তেঽপ্যাদ্যন্তবদাদিরূপা এব। বেদবিমুখস্থে তু নারকা এবেতি ভাবঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবাহ ধর্ম্মমিতি সার্দ্ধেন। ধর্ম্মং কর্ম্মমীমাংসকাঃ। তদুক্তং। মোক্ষার্থী ন প্রবর্ত্তেত তত্র কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যনৈমিত্তিকে কুর্য্যাৎ প্রত্যবায়জিহাসয়েত্যাদি। যশঃ কাব্যালঙ্কারকৃতঃ। যথাহুঃ। যাবৎ কীর্ত্তির্মনুষ্যাণাং পুণ্যলোকেষু গীয়তে। তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ইতি। কামং বাৎস্যায়নাদয়ঃ। সত্যং দমং শমমিতি শান্তিশাস্ত্রকৃতঃ। অন্যে দৃষ্টার্থবাদিনঃ দণ্ডনীতিকৃতঃ। বৈ প্রসিদ্ধং। ঐশ্বর্য্যমেব স্বার্থং বদন্তি। অতঃ সামাদ্যুপায়া এব শ্রেয়ঃসাধনমিতি তেষাং মতং তথৈব ত্যাগং ভোজনঞ্চ লোকায়তিকাঃ। যজ্ঞাদিকং বৈদিকাঃ। নিয়মান্ যমান্ তপোব্রতাদিনিষ্ঠাঃ ॥ ৯ ॥

এতেষাং লোকাঃ এতৈঃ সাধ্যানি ফলানি। তমোনিষ্ঠা মোহাবসানাঃ ॥ ১০ ॥

দীপিকাদীপনং।

তদেব নানাবিধমতবদনমেব। কর্ম্ম নিত্যনৈমিত্তিকলক্ষণং। তত্র চতুর্বিধকর্ম্মসু মধ্যে। কাম্যমগ্নিহোত্রাদি, নিষিদ্ধং কলঞ্জভক্ষণাদি, নিত্যং সন্ধ্যাবন্দনাদি, নৈমিত্তিকং জাতেষ্ট্যাদি। প্রত্যবায়স্তদকরণে নিষিদ্ধকরণে চ যো দোষস্তস্য জিহাসয়া পরিহারেচ্ছয়া। কাব্যালঙ্কারকৃতঃ ভরত দণ্ডি মম্মটাদি প্রভৃতয়ঃ। সত্যং যথার্থভাষণং। দমং বহিরিন্দ্রিয়নিয়মনং। শমমন্তরিন্দ্রিয়নিয়মনং চ শ্রেয়ো বদন্তি কেচিৎ কর্ম্মনিষ্ঠাঃ ॥ ৯ ॥

তেষাং ধর্ম্মাদীনাং লোকা লোক্যন্তে প্রাপ্ত্যর্থং চিন্ত্যন্তে ইতি তথাচ ফলানীতি ব্যাখ্যাতং ॥ ১০ ॥

কর্ম্ম মীমাংসকেরা ধর্ম্মকে, কাব্যালঙ্কার কর্ত্তারা যশকে, বাৎস্যায়ন প্রভৃতিরা কামকে, যোগশাস্ত্রকর্ত্তারা সত্য, শম ও দমকে, অন্য দৃষ্টার্থবাদী দণ্ডনীতি কর্ত্তারা ঐশ্বর্য্যকে, লোকায়তিকেরা দান, ভোজনাদিকে, কেহ যজ্ঞ, তপস্যা ও দানকে এবং কেহ ব্রত, নিয়ম, যমকে পুরুষার্থ বলিয়া বর্ণন করেন ॥৯॥

এই সমুদায় পুরুষার্থের প্রাপ্য ফল স্বরূপ লোক সকল অনিত্য, কর্ম্মজনিত, দুঃখ মিশ্রিত, মোহময়, ক্ষুদ্র, মন্দ এবং শোক পরিব্যাপ্ত ॥ ১০ ॥

মষ্যর্পিতাত্মনঃ সভ্য নিরপেক্ষস্য সর্ব্বতঃ। ময়াত্মনা সুখং যত্তৎ কুতঃ স্যাদ্বিষয়াত্মনাং ॥ ১১ ॥
অকিঞ্চনস্য দান্তস্য শান্তস্য সমচেতসঃ। ময়া সন্তুষ্টমনসঃ সর্ব্বাঃ সুখময়া দিশঃ ॥ ১২ ॥
ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং।

শ্রীধরস্বামী।

ভক্তের্মুখ্যত্বমাহ ময়ীতি যাবদধ্যায়সমাপ্তি। হে সভ্য ময়া পরমানন্দরূপেণ আত্মনা স্বরূপত্বেন স্ফুরতা ॥ ১১ ॥
কিঞ্চান্যেষাং তত্তল্লোকাদিপরিচ্ছিন্নং সুখং। ভক্তস্য তু পরিপূর্ণমিত্যাহ অকিঞ্চনস্যেতি ॥ ১২ ॥
পরিপূর্ণতামেবাহ ন পারমেষ্ঠ্যমিতি। রসাধিপত্যং পাতালাদিস্বাম্যং। অপুনর্ভবং মোক্ষমপি মদ্বিনা মাং হিত্বা অনাপেচ্ছন্তি অহ-

ক্রমসন্দর্ভঃ।

আত্মনা পূর্ণসচ্চিদানন্দলক্ষণপরমাত্মতয়া পরমপ্রেষ্ঠরূপেণ। তত্রাপি ময়া সর্ব্বাশ্চর্য্যরূপগুণাদিবিশিষ্টশ্রীচন্দ্ররূপেণ স্ফুরতেত্যর্থঃ। বিষয়াত্মনামিতি। মদতিরিক্তপুরুষার্থিনঃ সর্ব্ব এব বিষয়াত্মন ইতি ভাবঃ ॥ ১১ ॥
স্বানুভবসুখমাহাত্ম্যমেব দর্শয়তি অকিঞ্চনস্যেতি দ্বাভ্যাং ॥ ১২ ॥
সার্ব্বভৌমং শ্রীপ্রিয়ব্রতাদীনামিব মহারাজ্যং। অপ্যর্থে বা শব্দঃ। ইতি মোক্ষসুখস্যাপ্যপরিপূর্ণত্বং দর্শিতং। পরমেষ্ঠ্যাদিচতুষ্টয়-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তস্মাদ্ভক্তাবেব বেদস্য তাৎপর্য্যং সৈব সর্ব্বশ্রেষ্ঠেতি নির্দ্ধার্য্য তয়ৈব মাং প্রাপ্নোতীত্যাহ ময়ীত্যাদিনা উদ্ধবপ্রশ্নপর্য্যন্তেন গ্রন্থেন। ময়া রূপগুণসমুদ্রেণ আত্মনা প্রেমাস্পদেন হেতুনা বিষয়েষু মায়িকবস্তুষু শমদমজ্ঞানাদিষ্বপি মনো যেষাং তেষাং জ্ঞানাদীনামপি সাত্ত্বিকত্বেন মায়িকত্বাৎ নচ তৎ প্রাপ্যং ব্রহ্মৈবেত্যপি বাচ্যং। কিম্বা। যোগেন সাংখ্যেন ত্যাগস্বাধ্যায়য়োরপি। কিম্বা শ্রেয়োভিরন্যৈশ্চ ন যত্রাত্মপ্রদো হরিরিতি নারদোক্তেঃ ॥ ১১ ॥
ভক্তস্য সুখং সুখস্যানুভাবং চ বিবৃণোতি অকিঞ্চনস্যেতি দ্বাভ্যাং। ময়া ধ্যানপ্রাপ্তেনৈবালৌকিকশব্দস্পর্শরূপরসগন্ধলীলা-কৃপাদিমহামাধুর্য্যবতা সন্তুষ্টানি মনঃপ্রভৃতিসর্ব্বেন্দ্রিয়াণি যস্য তস্য। সর্ব্বা ইতি সচ যা দিশো যাতি তা এব সুখময্যঃ। যথা গ্রন্থি-নিবদ্ধানশ্বরমহাধনো মানুষোঽয়ং দেশং যাতি তত্রৈব তস্য ভোগৈশ্বর্য্যসুখানীত্যর্থঃ। অতএবাকিঞ্চনস্য মল্লক্ষণসম্পূর্ণানশ্বরমহাধন-প্রাপ্তৈত্যব। কিঞ্চনশব্দবাচ্যপরিমিতনশ্বরপ্রাকৃতধনজনাদিগ্রহণবিমুখস্য বাহ্যাভ্যন্তরবিষয়েষ্বিন্দ্রিয়াণাং স্বয়মরোচকত্বেনৈব নিবৃত্তেঃ দান্তস্য শান্তস্য শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিত্যগ্রিমোক্তের্মদেকনিষ্ঠবুদ্ধেঃ। অতএব সমচেতসঃ স্বর্গাপবর্গনরকেষ্বপি তুল্যার্থদর্শিনঃ ॥ ১২ ॥
তস্য কিঞ্চনশব্দবাচ্যপদার্থেষু স্পৃহারাহিত্যমাহ নেতি। পারমেষ্ঠ্যং ব্রহ্মপদং। অপুনর্ভবং সাযুজ্যসুখঞ্চ। মষ্যর্পিতাত্মেতি। যে যথা

দীপিকাদীপনঃ।

স্বরূপত্বেন রশ্মীনাং রবিবিম্বমূলরূপত্বেন স্ফুরতা বিষয়াত্মনামিতি মদ্ব্যতিরিক্ত পুরুষার্থিনঃ সর্ব্ব এব বিষয়াত্মান ইতি ভাবঃ ॥ ১১ ॥
অন্যেষাং ধর্ম্মাদ্যনুষ্ঠাতৄণাং। তত্তল্লোকাদি ইন্দ্রবরুণলোকাদি। আদিনা পশুপুত্রাদিপরিগ্রহঃ। পরিচ্ছিন্নং পরিমিতমনিত্যঞ্চ। পরি-পূর্ণং দেশকালাপরিচ্ছিন্নং। অকিঞ্চনস্য ভগবদ্ব্যতিরেকেণ ত্যক্তসর্ব্বপরিগ্রহস্য। শান্তস্য ভগবন্নিষ্ঠবুদ্ধিবিশিষ্টস্য। শমো মন্নিষ্ঠতা বুদ্ধে-রিত্যুক্তেঃ। সমচেতসঃ স্বর্গাপবর্গাদৌ তুল্যদৃষ্টেঃ। সুখময়াঃ ভগবদনুভবময়সুখৈকব্যাপ্তাঃ সর্ব্বত্র তৎস্ফূর্ত্তেঃ সর্ব্বভূতেষু যঃ পশ্যে-ভগবদ্ভাবমাত্মন ইত্যাদেঃ ॥ ১২ ॥
পরিপূর্ণতাং ভক্তসুখস্যাহপরিচ্ছিন্নত্বং সার্ব্বভৌমং শ্রীপ্রিয়ব্রতাদীনামিব মহারাজ্যং অপ্যর্থে বা শব্দ ইতি মোক্ষসুখস্যাপ্যপরিপূর্ণত্বং

হে সভ্য! ভক্তির মুখ্যত্ব এই যে, যাঁহারা আমাতে আত্ম সমর্পণ পূর্ব্বক নিরপেক্ষ হইয়াছেন, আমার প্রাপ্তি দ্বারা তাঁহাদিগের সর্ব্বপ্রকার সুখ হয়, বিষয় বাসনা দ্বারা বশীভূত লোকদিগের সে সুখ কোথায়? ॥ ১১ ॥

আমার দ্বারা সন্তুষ্টমানস, অকিঞ্চন, শান্ত ও সমচেতা ব্যক্তির সকল দিকই সুখময় রূপে প্রতীত হইয়া থাকে ॥ ১২ ॥

আমাতে অর্পিতাত্মা ভক্তপুরুষ আমা ব্যতীত অন্য ব্রহ্মলোক অথবা ইন্দ্রলোক কিম্বা সার্ব্বভৌমপদ

ন যোগসিদ্ধীরপুনর্ভবং বা ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥ ১৩ ॥

ন তথা মে প্রিয়তম আত্মযোনি র্ন শঙ্করঃ। নচ সঙ্কর্ষণো ন শ্রীর্নৈবাত্মা চ যথা ভবান্ ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

মেব তস্য শ্রেষ্ঠ ইত্যর্থঃ ॥ ১৩ ॥

মমাপি স এব শ্রেষ্ঠ ইত্যাহ ন তথেতি দ্বাভ্যাং। আত্মযোনির্ব্রহ্মা পুত্রোঽপি শঙ্করঃ মৎস্বরূপভূতোঽপি সঙ্কর্ষণঃ ভ্রাতাপি শ্রীর্ভার্য্যাপি আত্মা মূর্ত্তিরপি যথা ভক্ত ইতি বক্তব্যেঽতিহর্ষেণাহ ভবানিতি ॥ ১৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

সাম্যক্রমশ্চাধোঽধো বিবক্ষয়া ন্যূনত্ববিবক্ষয়াচ ততশ্চোত্তরোত্তরং কৈমুত্যমপি। যোগসিদ্ধ্যাদিদ্বয়ং তু সার্ব্বত্রিকমিতি পশ্চান্নিষ্টস্তং। অপুনর্ভবস্তু ত্বরশ্রেষ্ঠ্যাং ॥ ১৩ ॥

অত্রাত্মযোনিত্বেন পুত্রত্বং। শঙ্করত্বেন সুখকরত্বসূচনয়া সাহচর্য্যং। সঙ্কর্ষণত্বেন গর্ভসঙ্কর্ষণসূচনয়া ভ্রাতৃত্বং। শ্রীত্বেনাশ্রয়বিশেষসূচনয়া ভার্য্যাত্বং ব্যজ্যতে আত্মা শ্রীমূর্ত্তিরপি। ততশ্চ পুত্রত্বাদিনা ন তে প্রিয়তমাঃ কিন্তু ভক্ত্যৈব। অতো ভক্ত্যাধিক্যাৎ যথা ভবান্ প্রিয়তমঃ তথা ন তে ইত্যর্থঃ। ইতি ভক্তানাং প্রিয়তমত্বে নিদর্শনং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি মৎকৃতনিয়মাদহমপি তস্মিন্নর্পিতাত্মা ভবামীত্যত এব মদ্বিনেতি অহমেব তস্য সর্ব্বেন্দ্রিয়গ্রাহ্যতয়া সদৈব বর্ত্ত এব। নহি নিরন্তরদিব্যামৃতরসাস্বাদিনে জনায় মৃত্তিকা রোচত ইতি ভাবঃ ॥ ১৩ ॥

সচ ভক্তস্তব কীদৃক্ প্রিয় ইত্যত আহ ন তথেতি আত্মযোনির্ব্রহ্মা পুত্রোঽপি শঙ্করো মৎস্বরূপভূতোঽপি সঙ্কর্ষণো ভ্রাতাপি শ্রীর্ভার্য্যাপি আত্মা মূর্ত্তিরপি যথা ভক্ত ইতি বক্তব্যেঽতিহর্ষেণাহ ভবানিতি শ্রীস্বামিচরণাঃ। অত্র ব্রহ্মাদীনাং ভক্তত্বেঽপি তেষু ভক্তত্বাংশাদপি পুত্রত্বাদ্যংশা অধিকা বর্ত্তন্তে অতঃ প্রাধান্যেন ব্যপদেশা ভবন্তীতি ন্যায়েন তে পুত্রাদিত্বেনৈব ব্যপদিশ্যন্তে নতু ভক্তত্বেন। নন্দযশোদাদিষু তু মহাপ্রেমবত্ত্বাৎ পিতৃত্বাদ্যংশেভ্যোঽপি ভক্তত্বলক্ষণোঽংশোঽধিকতর ইতি তেষু ভক্তত্বমেবেতি তে কৃষ্ণস্যাতিপ্রিয়তমা এব। যদুক্তং। দর্শয়ংস্তদ্বিদাং লোকে আত্মনো ভক্তবশ্যতামিতি তেষাং ভক্তশব্দবাচ্যত্বং স্বাতিবশীকারকত্বঞ্চ। নেমং বিরিঞ্চো ন ভবো ন শ্রীরপ্যঙ্গসংশ্রয়া। প্রসাদং লেভিরে গোপীতি সর্ব্বোৎকর্ষশ্চ। যদ্বা। তাদৃশভক্তেষ্বপি মধ্যে ভবান্ যথা মে প্রিয়তমস্তথা মন্মুখাদেব শৃণ্বিত্যাহ ন তথেতি। তেন সর্ব্বভক্তেষু মধ্যে উদ্ধবঃ শ্রেষ্ঠস্তস্মাদপি গোপ্যঃ শ্রেষ্ঠাস্তেনাপি তাসাং চরণধূলিপ্রার্থনাদিতি বৈষ্ণবসিদ্ধান্তঃ ॥ ১৪ ॥

দীপিকাদীপনং।

ব্যক্তিতং। অত্র পারমেষ্ঠ্যাদিচতুষ্টয়স্যোত্তরোত্তরন্যূনক্রমঃ। এবঞ্চ যদি পারমেষ্ঠ্যং নেচ্ছতি তদা কুতো মহেন্দ্রধিষ্ণ্যমিত্যাদ্যুত্তরোত্তর কৈমুত্যমপি জ্ঞেয়ং যোগসিদ্ধ্যাদিদ্বয়স্য তু পূর্ব্ব ন্যূনত্বমিতি ॥ ১৩ ॥

স এব শুদ্ধভক্ত এব অত্র পুত্রোঽপীত্যাদি ব্যাখ্যয়াত্মযোন্যাদীনাং পরমভক্তত্বেঽপি পুত্রত্বাদিনৈবাঽপ্রিয়তম-স্বোক্তিরিতি ভক্তত্বাংশেনৈব প্রিয়তমত্বমভ্যুপেতং ॥ ১৪ ॥

অথবা পাতালের আধিপত্য কিম্বা যোগসিদ্ধি বা নির্ব্বাণ মুক্তি কিছুই ইচ্ছা করেন না ॥ ১৩ ॥

হে উদ্ধব! তুমি যেমন আমার প্রিয়তম, তদ্রূপ ব্রহ্মা আমার পুত্র হইলেও শঙ্কর আমার স্বরূপভূত হইলেও, সঙ্কর্ষণ আমার ভ্রাতা হইলেও, লক্ষ্মী আমার ভার্য্যা হইলেও অথবা আমার এই নিজ মূর্ত্তিও আমার তদ্রূপ প্রিয় নহে ॥ ১৪ ॥

নিরপেক্ষং মুনিং শান্তং নির্ব্বৈরং সমদর্শনং। অনুব্রজাম্যহং নিত্যং পূয়েয়েত্যঙ্ঘ্রিরেণুভিঃ ॥১৫॥
নিষ্কিঞ্চনা ময্যনুরক্তচেতসঃ শান্তা মহান্তোঽখিলজীববৎসলাঃ।
কামৈরনালব্ধধিয়ো জুষন্তি তে যন্নৈরপেক্ষ্যং ন বিদুঃ সুখং মম ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

পূয়েয়েতি মদন্তর্বর্ত্তিব্রহ্মাণ্ডানি পবিত্রীকুর্য্যামিতি ভাবেনেত্যর্থঃ॥ ১৫ ॥

কিঞ্চ। মদ্ভক্তানাং সুখং এতাবদেবম্ভূতমিতি বা কো বক্তুং সমর্থঃ যতঃ স্বসংবেদ্যং নিরুপমমিত্যাহ নিষ্কিঞ্চনা ইতি। মহান্তো নিরভিমানাঃ। অনালব্ধধিয়ঃ অস্পৃষ্টচিত্তাঃ নিষ্কিঞ্চনত্বাদীনাং যথেষ্টং হেতুহেতুমদ্ভাবঃ। এবম্ভূতা মম মদীয়াঃ যৎ সুখং জুষন্তি সেবন্তে তৎ সুখং ত এব বিদুর্নান্যে। কুতো নৈরপেক্ষ্যং নাস্তি অপেক্ষণীয়ং যেষাং তে নিরপেক্ষাস্তেষামেব লভ্যং নতু মোক্ষাপেক্ষৈরপীত্যর্থঃ। যদ্বা। এবম্ভূতাঃ সন্তো যে মম মামিত্যর্থঃ। জুষন্তি প্রীণয়ন্তি ত এব যন্নৈরপেক্ষ্যং সুখং তদ্বিদুর্নান্যে ইত্যন্বয়ঃ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবং প্রেমবিশেষপাত্রত্বেন তাদৃশং ভক্তং স্তুত্বা গৌরববিশেষপাত্রত্বেন ভক্তবিশেষং স্তৌতি নিরপেক্ষং নিষ্কামভক্তং। অতো ভোগরহিতং মাৎসর্য্যাদিরহিতং অন্যত্র হেয়োপাদেয়ভাবনারহিতঞ্চ মুনিং শ্রীনারদাদিমনুব্রজামি যতস্তাদৃশনিষ্কপটভক্তিময়সাধুত্বাদর্শনেন মমাপি ভক্তিবিশেষো জায়তে। কথং গোপনীয় ইত্যাহ পূয়েয়েতি। তদ্ভক্ত্যনিষ্কৃতিদোষাৎ পবিত্রিতঃ স্যামিতি ভাবেনেত্যর্থঃ॥ ১৫ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

